- অসম্পূর্ণ - রূপান্তর: ডিম→ নিম্ন→ পূর্ণাঙ্গ প্রাণী।
উদাহরণ: ঘাসফড়িং ও তেলাপোকার রূপান্তর অসম্পূর্ণ।
- সম্পূর্ণ - রূপান্তর: ডিম→ লার্ভা→ পিউপা→ ইমাগো (পূর্ণাঙ্গ)।
উদাহরণ: মৌমাছি ও প্রজাপতির রূপান্তর সম্পূর্ণ।

Ans : B & D.

৬. স্টেম কোষ কোথায় থাকে?

- A. অস্থি B. অস্থিমজ্জা C. পেশী D. পেশী টিস্যু

ব্যাখ্যা: মানবদেহে স্টেম কোষ থাকে অস্থিমজ্জায়। মানবদেহে স্টেম কোষগুলো বিভিন্ন জায়গায় পাওয়া যায় কিন্তু সবচেয়ে বেশি পাওয়া যায় অস্থিমজ্জায়। অস্থিমজ্জা হলো হাড়ের ভেতরে থাকা নরম টিস্যু। এটি লোহিত রক্তকণিকা, শ্বেতরক্তকণিকা এবং প্রেইটলেট তৈরি করে।

Ans : B.

৭. মেন্ডেলের দ্বিতীয় সূত্র অনুযায়ী F₂ জনুতে হোমোজাইগাস জেনোটাইপের সংখ্যা সাধারণত কয়টি?

- A. 5 B. 4 C. 3 D. 2

ব্যাখ্যা: হোমোজাইগাস কালোবর্ণ ও ছোটলোম (BBSS) এবং হোমোজাইগাস বাদামী বর্ণ ও লম্বালোম (bbss) ফিনোটাইপ ধারী গিনিপিগের মধ্যে ক্রস ঘটালে দ্বিতীয় সংকর পুরুষে-

জিনোটাইপ: ১টি BBSS (হোমোজাইগাস কালোবর্ণ - ছোট লোম - ১টি)

২টি BBSc }
২টি BbSS } (হেটেরোজাইগাস কালোবর্ণ - ছোটলোম - ৮টি)
৪টি BbSc }

১টি BBss }
২টি Bbss } (হেটেরোজাইগাস কালোবর্ণ - লম্বালোম - ৩টি)

১টি bbss }
২টি bbSs } (হেটেরোজাইগাস বাদামী - ছোটলোম - ৩টি)

১টি BBSS (হোমোজাইগাস বাদামী বর্ণ-লম্বালোম - ১টি)

অতএব, মেন্ডেলের ২য় সূত্রানুযায়ী F₂ জনুতে হোমোজাইগাস জিনোটাইপের সংখ্যা - ২টি

Ans : D.

৮. সঠিক মিল খুঁজে বের কর।

- A. Annelida - Pseudocoelomate
B. Rotifera - Eucoelomate
C. Cnidaria - Pseudocoelomate
D. Ctenophora - Acoelomate

ব্যাখ্যা: • অ্যাসিলোমেট (Acoelomate) বা সিলোমবিহীন প্রাণী- Porifera, Cnidaria, Ctenophora, Platyhelminthes প্রভৃতি পর্বভুক্ত প্রাণীরা অ্যাসিলোমেট।

• স্যুডোসিলোমেট (Pseudocoelomate) বা অপ্রকৃত সিলোমেট বা স্রাস্ত সিলোমবিশিষ্ট প্রাণী- Nematoda, Rotifera, Kinorhyncha প্রভৃতি প্রাণীরা স্যুডোসিলোমেট।

• ইউসিলোমেট (Eucoelomate) বা প্রকৃত সিলোমবিশিষ্ট প্রাণী- Mollusca, Annelida, Arthropoda, Echinodermata, Hemichordata, Chordata প্রভৃতি পর্বভুক্ত প্রাণীরা ইউসিলোমেট।

Ans : D.

৯. হৃদপিণ্ড চার প্রকোষ্ঠী নয়-

- A. কুমির B. বাদুড়
C. মানুষ D. ব্যাঙ

ব্যাখ্যা: Aonphibia - শ্রেণির বৈশিষ্ট্য:

- একোথার্মিক (ectothermic), দেহের তাপমাত্রা পরিবেশের তাপমাত্রার সাথে উঠানামা করে), গ্রহীয় ত্বকবিশিষ্ট চতুষ্পদী মেরুদণ্ডী প্রাণী।
- লার্ভা অবস্থায় জলচর কিন্তু পূর্ণাঙ্গ প্রাণী জলচর বা স্থলচর।
- ত্বক মসৃণ, অর্ধে গ্রহীয়, শ্বসনেও সাহায্য করে।
- অগ্রপদে চারটি ও পশ্চাপদে পাঁচটি করে নখরবিহীন আঙ্গুল থাকে।
- লার্ভা দশায়া ফুলকা ও পরিণত অবস্থায় ফুলকুস, ত্বক, ও মুখবিবরীয় মিউকাস ঝিল্লির মাধ্যমে শ্বসন ঘটে।

উদাহরণ: কুনোব্যঙ (*Duttaphrynus melanostictus*), লাল স্যালামান্ডার (*Pseudotriton ruber*), সোনা ব্যাঙ (*Hoplobatrachus tigerinus*) আসমতি ব্যাঙ (*Fejervarya asmati*).

Remember-

- Reptilia-শ্রেণির প্রাণীদের হৃদপিণ্ডের নিম্ন অসম্পূর্ণভাবে দ্বিধাবিভক্ত থাকায় হৃদপিণ্ড অসম্পূর্ণভাবে চার প্রকোষ্ঠবিশিষ্ট। (ব্যতিক্রম - কুমিরের হৃদপিণ্ড সম্পূর্ণভাবে চার প্রকোষ্ঠ বিশিষ্ট)
- ম্যামালিয়া বা স্তন্যপায়ী প্রাণীদের হৃদপিণ্ড সম্পূর্ণ চার প্রকোষ্ঠী। যেমন- বাদুড়, মানুষ, ক্যানারু ইত্যাদি।
- অ্যাভিসদের (Bird) হৃদপিণ্ড সম্পূর্ণ চার প্রকোষ্ঠী।

Ans : D.

১০. নিম্নোক্ত কোন পাচক রসে এনজাইম থাকে না?

- A. আক্ৰিক রস B. অগ্ন্যাশয়
C. পিত্তরস D. কোনটিই নয়

ব্যাখ্যা: • যকৃত কোষ থেকে নিঃসৃত পিত্তরস হলদে- সবুজ, আঠালো, তিক্ত স্বাদবিশিষ্ট ক্ষারীয় তরল (pH 8 - 8.6) পদার্থ।

• পিত্তরসের উপদান-

- পানি (97% - 98%)
- অজৈব লবণ (Na, K এবং CaCl₂, CO₃²⁻, PO₄³⁻ - 0.8%)
- পিত্তলবণ (সোডিয়াম টারোকলেট ও সোডিয়াম গ্রাইকোকলেট - 0.8%)
- পিত্তরঞ্জক (বিলিরুবিন ও বিলিভার্ডিন - 0.2%)
- কোলেস্টেরল (0.38%)
- ফ্যাট (0.8%)

Ans : C.

১১. ফুসফুসের প্রদাহ -

- A. ব্রঙ্কাইটিস B. এমফাইসেমা
C. ওটিসিস D. সাইনোসাইটিস

ব্যাখ্যা: • শ্বাসনালীর ভেতরে আবৃত ঝিল্লির প্রদাহজনিত রোগকে ব্রঙ্কাইটিস বলে।

• সিগারেটের ধোঁয়ায় অ্যালভিওলাসের প্রাচীরে ক্ষতির ফলে অ্যালভিওলাসের আয়তন বেড়ে যায় এবং কোনো কোনো স্থানে ফেটে গিয়ে ফুসফুসে ফাঁকা জায়গার সৃষ্টি করে। এ অবস্থাকে এমফাইসেমা বলে।

• তমাকুর নিকোটিনের প্রভাবে ফুসফুসীয় ঝিল্লির প্রদাহকে প্রিউরিস বলে।

• ফুসফুসের বায়ুখলি গুলোর প্রাচীর স্বাভাবিক অবস্থায় পাতলা থাকে। ধূমপানের ফলে প্রিউর পুরু হয়ে যাওয়ায় শ্বাস প্রশ্বাসে ব্যাঘাত ঘটে। এর নাম ফাইব্রোসিস।

Ans : A.

পান্থোডি

CU: 2023 - 2024 (13)

১২. কর্ণাছি কোনটি?

- A. রেডিয়াস B. স্টার্নাম C. স্টেপিস D. অ্যাপুলা

ব্যাখ্যা : • মানবদেহের মধ্যকর্ণের কর্ণাছিগুলোর সম্ভ্রাক্রম-

ম্যালিয়াস → ইনকাস → স্টেপিস।

• প্রতি কানে ৩টি করে দুই কানে মোট কর্ণাছি সংখ্যা ৬টি।

• ম্যালিয়াস → হাতুড়ির মতো দেখতে।

• ইনকাস → নেহাই (anvi)- এর মতো দেখতে।

• স্টেপিস → অস্থিটি ঘোড়ার জিনের পাদানির মত দেখতে।

Remember: স্টেপিস মানবদেহের ক্ষুদ্রতম অস্থি এবং ফিমার মানবদেহের বৃহত্তম অস্থি।

Ans : C.


১৩. কোনটি সংবেদী স্নায়ু নয়?

- A. অপটিক B. অলফ্যাক্টরী C. অকুলোমোটর D. কোনোটিই নয়

ব্যাখ্যা

• সেনসরি (Sensory) বা সংবেদী স্নায়ু :

মনে রাখার সংখ্যা- 128



• মোটর (Motor) বা চেষ্টীয় স্নায়ু :

মনে রাখার সংখ্যা- 346 এবং 1112



• মিশ্র (Mixed) স্নায়ু :

মনে রাখার সংখ্যা- 57 এবং 910



করোটিক স্নায়ুর উৎস-

- অগ্রমস্তিষ্কের অক্সীয়দেশ- 1, 2 (12)
- মধ্যমস্তিষ্কের অক্সীয়দেশ- 3
- মধ্যমস্তিষ্কের পৃষ্ঠ-পার্শ্বদেশ- 4
- মেডুলা-অবলংগাটার অগ্র-পার্শ্বদেশ- 5
- মেডুলা-অবলংগাটার অক্সীয়দেশ- 6
- মেডুলা-অবলংগাটার পার্শ্বদেশ- (7- 12)

Ans : C.

১৪. অ্যাড্রেনাল মেডুলা নিঃসৃত হরমোন কোনটি?

- A. অ্যাড্রোজেন B. এপিনেফ্রিন
C. ক্যাডসিটোনিন D. কোনোটিই নয়

ব্যাখ্যা : • মানবদেহের অ্যাড্রেনাল কর্টেক্স থেকে নিঃসৃত হরমোন থ্রোকোর্টিকয়েড মিনারেলোকর্টিকয়েড এবং গ্লোকাডোকর্টিকয়েড।

• অ্যাড্রেনাল মেডুলা থেকে নিঃসৃত হরমোন অ্যাড্রেনালিন বা এপিনেফ্রিন হরমোন এবং নর-অ্যাড্রেনালিন বা নর-এপিনেফ্রিন হরমোন।

Ans : B.

১৫. নিউক্লিওসাইডের উপাদান হলো-

- i) নাইট্রোজেনযুক্ত ক্ষার ii) পেটোজ সূণ্য iii) ফসফেট
A. i ও ii B. ii ও iii
C. i ও iii D. i, ii ও iii

ব্যাখ্যা: এক অণু নাইট্রোজেন যুক্ত ক্ষারক ও এক অণু পেটোজ অণুর যুক্ত হয়ে গঠিত গ্রাইকোসাইড যৌগকে বলা হয় নিউক্লিওসাইড। ক্ষারক পাইরিমিডিন বলে তাকে বলা হয় পাইরিমিডিন নিউক্লিওসাইড, আর ক্ষারক পিউরিন বলে থাকে বলা হয় পিউরিন নিউক্লিওসাইড। পাইরিমিডিন নিউক্লিওসাইডে ক্ষারকের (T/C/U) ১নং নাইট্রোজেন, পেটোজ অণুর ১নং কার্বনের -OH গ্রুপের সাথে গ্রাইকোসাইডিক বন্ধনে যুক্ত থাকে। বিপরীত পিউরিন নিউক্লিওসাইডে ক্ষারকের (A/G) ১নং নাইট্রোজেন পেটোজ অণুর ১নং কার্বনের -OH গ্রুপের সাথে গ্রাইকোসাইডিক বন্ধনে যুক্ত থাকে।

Remember: • এক অণু নাইট্রোজেনযুক্ত ক্ষারক, এক অণু পেটোজ অণুর এবং এক অণু ফসফেট যুক্ত যৌগ হলো- নিউক্লিওসাইড।

• নিউক্লিওটাইড হলো- নিউক্লিওসাইডের ফসফেট এস্টার।

• নিউক্লিওটাইড নিউক্লিক অ্যাসিডের গাঠনিক একক।

Ans : A.

১৬. DNA থেকে mRNA তৈরির প্রক্রিয়াকে বলে-

- A. Transcription B. Translation
C. DNA replication D. Reverse transcription

ব্যাখ্যা: DNA রিপ্লিকেশন (Replication) : DNA → DNA

ট্রান্সক্রিপশন (Transcription) : DNA → mRNA

রিভার্স ট্রান্সক্রিপশন (Reverse transcription) : RNA → DNA

ট্রান্সলেশন (Translation) : RNA → Protein.

Ans : A.

১৭. হাণ্ড্রোজ জীবে কোথায় মিয়োসিস কোষ বিভাজন হয়?

- A. জনন-মাতৃকোষে B. জাইগোটে
C. দেহকোষে D. মাইক্রোস্পোর-এ

ব্যাখ্যা: মায়োসিস সর্বদা জনন মাতৃকোষ (meiocyte) সম্পন্ন হয়। কখনো দৈহিক কোষে হয় না এবং সর্বদাই 2n সংখ্যক ক্রোমোজোমবিশিষ্ট কোষ হয়। নিম্ন শ্রেণির জীবে (হাণ্ড্রোজ) মায়োসিস হয় নিষেকের পর জাইগোটে, আর উচ্চ শ্রেণির জীবে (ডিপ্লোজ) মায়োসিস হয় নিষেকের পূর্বে জনন মাতৃকোষ হতে গ্যামিট সৃষ্টিকালে।

Ans : B.

১৮. কোন ভাইরাসের নিউক্লিক এসিড DNA?

- A. TMV B. ডেঙ্গু ভাইরাস
C. T₂ ভাইরাস D. নভেল করোনা ভাইরাস

ব্যাখ্যা :

RNA ভাইরাস	DNA ভাইরাস
এরা সাধারণত দণ্ডাকার বা সূত্রাকার	এরা সাধারণত গোলাকার, ব্যাসার্টি আকার-ও পাউরুটি আকৃতি
নিউক্লিক অ্যাসিড কোর RNA	নিউক্লিক অ্যাসিড কোর DNA
অধিকাংশ উদ্ভিদ ভাইরাস ও সারোনোকোফাগুলো RNA ভাইরাস।	অধিকাংশ প্রাণী ভাইরাস ও ব্যাকটেরিওফাগুলো DNA ভাইরাস।
অধিকাংশ ভাইরাসের RNA একসূত্রক, খানের বামন রোগ ও রিওভাইরাসের RNA দ্বিসূত্রক।	অধিকাংশ ভাইরাসের DNA দ্বিসূত্রক, ϕX_{174} ও M_{13} কলিফা ভাইরাসের DNA এক সূত্রক
উদাহরণ: TMV, পট্টো X ভাইরাস, ভ্যাকসিন মোজাইক, টারনিপ মোজাইক, আলফা-আলফা টারনিপ মোজাইক, রেবিস, মানুষের পোলিও, ডেঙ্গু, পীত জ্বর, ম্যাম্পস, মিজলস, ইনফ্লুয়েঞ্জা-B, এন সেকালারটিস COVID-19 ইত্যাদি ভাইরাসে RNA ভাইরাস।	উদাহরণ: T ₂ ভাইরাস, ভ্যাকসিনিয়া, ভ্যারিওলা, এডিনোভার্পিস সিমপ্লেক্স, TIV (Tipula Iridescent Virus) ইত্যাদি ভাইরাস DNA ভাইরাস।

Ans : C.

পানকোড়ি

CU: 2023 - 2024 (14)

১৯. কোন বিভাগের নম্বীজী উদ্ভিদ আবৃতবীজী উদ্ভিদের সাথে অধিক ঘনিষ্ঠ?
- A. Cycadophyta B. Coniferophyta
C. Ginkophyta D. Gnetophyta

ব্যাখ্যা: • বর্তমানে জীবত নম্বীজী উদ্ভিদ প্রজাতি সমূহ চারটি বিভাগের অন্তর্ভুক্ত। বিভাগ চারটি হল- Ginkgophyta, Cycadophyta, Gnetophyta এবং Coniferophyta.

- *Ginkgo biloba* একটি জীবন্ত ফসিল। এটি Ginkgophyta বিভাগের অন্তর্ভুক্ত।
- শীতপ্রধান উত্তর গোলাধীর বনাঞ্চলগুলো কনিফার প্রজাতি দিয়ে গঠিত। একটি Coniferophyta বিভাগের অন্তর্ভুক্ত।
- পৃথিবীর সবচেয়ে উচ্চ বৃক্ষ *Sequoia sempervirens* (S. gigantea) একটি কনিফার জাতীয় উদ্ভিদ। উচ্চতা ± 400 ফুট।
- বিশ্বের সবচেয়ে প্রাচীন বৃক্ষ (বয়স 5000 বছর) হলো আমেরিকার নাভাভা ও ক্যালিফোর্নিয়ার বিদ্যমান-ব্রিসল কোন পাইন।
- পৃথিবীর সবচেয়ে বৃহৎ কনিফার বনাঞ্চল সাইবেরিয়া অঞ্চলে অবস্থিত। এটি বিশ্বের সর্ববৃহৎ বায়োম।
- আবৃতবীজী উদ্ভিদের সাথে অধিকতর ঘনিষ্ঠ নম্বীজী উদ্ভিদ হলো Gnetophyta বিভাগের উদ্ভিদ।
- আবৃতবীজী উদ্ভিদের মতো Gnetophyte দের শুক্রাণু ফ্ল্যাগেলাবিহীন। এদের কান্ডের টিস্যুতে ভেসেল আছে।
- *Ephedra* উদ্ভিদে দ্বিনিবেক দেখা যায়। *Ephedra* থেকে শ্বাসকষ্টের ওষুধ ইফেড্রিন পওয়া যায়।

Ans : D.

২০. নিচের কোনটি ক্ষরণকারী টিস্যু?

- A. তরুক্ষীর টিস্যু B. জাইলেম
C. ফ্লোয়েম D. প্যারেনকাইমা

ব্যাখ্যা: • যে টিস্যু হতে নানা প্রকার তরল পদার্থ (উৎসেচক, বর্জ্য পদার্থ = রেজিন, গদ, উছারী তেল, আঠা ইত্যাদি) নিঃসৃত হয়ে থাকে, তাকে ক্ষরণকারী বা নিঃস্রাবী টিস্যু বলে।

- ক্ষরণকারী টিস্যু দুইপ্রকার যথা: 1) তরুক্ষীর টিস্যু 2) গ্রহি টিস্যু।
- 1. তরুক্ষীর টিস্যু: উদ্ভিদ কর্তৃক নিঃসৃত তরল পদার্থকে বলা হয় তরুক্ষীর (latex)। রাবার গাছের আঠা, কাঠাল গাছের আঠা ইত্যাদি হল তরুক্ষীর। যে টিস্যু হতে তরুক্ষীর নিঃসৃত হয়ে থাকে তাকে তরুক্ষীর টিস্যু বলে।
- তরুক্ষীর টিস্যু দুই প্রকার-
i. তরুক্ষীর নালী: শিয়ালকাঠ, কলা, রাবার, আফিম, প্রভৃতি গাছে তরুক্ষীর নালী বর্তমান।
ii. তরুক্ষীর কোষ: আকন্দ, ছত্টিম প্রভৃতি গাছে তরুক্ষীর কোষে বিদ্যমান।
- 2) গ্রহি টিস্যু: যে টিস্যু অঙ্গুষ্ঠভাবে মধু, উৎসেচক ইত্যাদি নিঃসরণ করে থাকে তাকে গ্রহি টিস্যু বলে। উৎসেচক, মধু, আঠা, রজন, তেল প্রভৃতি পদার্থ গ্রহি টিস্যুতে জমা থাকে।

Ans : A.

২১. সালোকসংশ্লেষণের আলোক নির্ভর অধ্যায়ে তৈরি হয়-

- A. ATP ও NADP B. ATP ও NADPH + H^+
C. ATP + Glucose D. NADP + Glucose

ব্যাখ্যা: 1905 সালে ইংরেজ শারীরতত্ত্ববিদ ব্র্যাকম্যান সালোকসংশ্লেষণের প্রক্রিয়াকে দুটি অধ্যায়ে ভাগ করেন, যথা-

- ক) আলোকনির্ভর অধ্যায় - ATP ও NADPH + H^+ তৈরী হয়।
খ) আলোকনিরপেক্ষ অধ্যায় - কার্বোহাইড্রেট তৈরী হয়।

Ans : B.

২২. রক্ষীকোষে পটাশিয়াম আয়নের (K^+) ঘনত্ব বৃদ্ধি পেলে কি ঘটে?

- i) রক্ষীকোষের অভিস্রবনিক চাপ বৃদ্ধি পায়
ii) রক্ষীকোষের ক্ষীতিচাপ হ্রাস পায়
iii) রক্ষীকোষে পানি প্রবেশ করে

AdmissionStuffs

কোনটি সঠিক?

- A. i ও ii B. i ও iii C. ii ও iii D. i, ii ও iii

ব্যাখ্যা: • পত্ররক্ত খোলা ও বন্ধ হওয়ার জন্য K^+ আয়ন দায়ী।

- পত্ররক্ত খোলা (আলোতে): আলোক বর্ণালীর নীল অংশ (Blue Light) রক্ষীকোষের রিসেপ্টর (সেন্সর) গুলোকে উদ্দীপ্ত করে, যার ফলে সক্রিয়ভাবে K^+ আয়ন রক্ষীকোষে প্রবেশ করে অর্থাৎ রক্ষীকোষে K^+ আয়নের ঘনত্ব বৃদ্ধি পায়। K^+ প্রবেশের কারণে কোষদ্বরণে দ্রবের ঘনত্ব বৃদ্ধি পায় এবং পার্শ্ববর্তী কোষ হতে অভিস্রবণ প্রক্রিয়ায় পানি রক্ষীকোষে প্রবেশ করে। রক্ষীকোষে পানি প্রবেশের ফলে রক্ষীকোষ ক্ষীত হয় এবং পত্ররক্ত খুলে যায়।
- কোষে CO_2 এর পরিমাণ কমে গেলে রক্ষীকোষে K^+ প্রবেশ বৃদ্ধি পায় ফলে পার্শ্ববর্তী কোষ থেকে পানি রক্ষীকোষে প্রবেশ করে এবং রক্ষীকোষ ক্ষীত হয়ে পত্ররক্ত খুলে যায়।
- রক্ষীকোষ থেকে সক্রিয়ভাবে H^+ বের হয়ে গেলেও পত্ররক্ত খুলে যায়।

Ans : B.

২৩. একটি সম্পূর্ণ বিকশিত উদ্ভিদ কোষের কোষ প্রাচীরে কয়টি স্তর রয়েছে?

- A. 1 B. 2 C. 3 D. 4

ব্যাখ্যা: • 1665 সালে রবার্ট হুক অণুবীক্ষন যন্ত্রে কোষ প্রাচীর পর্যবেক্ষণ করেছিলেন।

- উদ্ভিদ কোষের অনন্য বৈশিষ্ট্য - কোষ প্রাচীর
- একটি সম্পূর্ণ বিকশিত উদ্ভিদ কোষের কোষ প্রাচীর প্রধানত তিনটি ভিন্ন স্তরে বিভক্ত।
i. প্রথম স্তরটি মধ্যপর্দা
ii. দ্বিতীয় স্তরটি হলো প্রাথমিক প্রাচীর।
iii. তৃতীয় স্তরটি হলো সেকেন্ডারী প্রাচীর।

Ans : C.

২৪. ধান এর পুষ্পমঞ্জুরী কোন ধরনের?

- A. রেসিম B. ক্যাপিচলাম C. সলিটারি D. স্পাইকলেট

ব্যাখ্যা: • রেসিম - মঞ্জুরীদন্ত লম্বা ও অনিয়মিতভাবে বর্ধনশীল। যেমন: সরিষা।

- স্পাইক - প্রলম্বিত ও অনিয়মিতভাবে বর্ধিত মঞ্জুরীদন্তে অব্যক্ত পুষ্প উৎপন্ন হয়। যেমন: রজনীগন্ধা।
- স্পাইকলেট - মঞ্জুরীদন্ত সংক্ষিপ্ত হয় এবং গোড়ার দিকে দুটি বর্ষাকার অপুষ্পক গ্রুম, উপরে একটি সপুষ্পক গ্রুম বা লেমা থাকে। এর উপরে বিপরীত দিকে অবস্থান করে একটি প্যালিরা। যেমন: ধান, গম, ঘাস ইত্যাদি।
- করিম - মঞ্জুরীদন্ত কিছুটা সংক্ষিপ্ত এবং ততটা দ্রুত বর্ধনশীল নয়। যেমন: কালকাসুন্দা।
- আন্সেল - মঞ্জুরীদন্ত সংক্ষিপ্ত ও সংকুচিত থাকে। যেমন: গাজর, ধনিয়া, ইত্যাদি।
- ক্যাটকিন - মঞ্জুরীদন্ত সর ও নরম। যেমন: মুক্তাবুরি।
- ক্যাপিচলাম - মঞ্জুরীদন্ত প্রলম্বিত না হয়ে স্থূল, ক্ষীত ও প্রশস্ত হয়ে উত্তল পুষ্পাধারে পরিণত হয়। যেমন: গাদা, সূর্যমুখী ইত্যাদি।

Ans : D

২৫. কোন উপাদানটি উদ্ভিদ মাটি হতে শোষণ করে?

- A. অক্সিজেন B. নাইট্রোজেন C. কার্বন D. হাইড্রোজেন

ব্যাখ্যা: • উদ্ভিদের জন্য অত্যাবশ্যকীয় পুষ্টি উপাদান - ১৭টি।

- ১৭টি উপাদানগুলো - H_2 , C, O_2 , N_2 , K, Ca, Mg, P, S, Cl_2 , B, Fe, Mn, Zn, Cu, Na, Mo।
- পুষ্টি উপাদানগুলোর মধ্যে কার্বন (C), হাইড্রোজেন (H_2) ও অক্সিজেন (O_2) উদ্ভিদ বায়ুমণ্ডল থেকে গ্রহণ করে। অন্যসব উপাদান মাটি হতে আয়ন হিসেবে মূলের সাহায্যে শোষণ করে।

Ans : B.

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

শিক্ষাবর্ষ: ২০২২-২৩; A-Unit (Shift-A)

বাংলা

১. ও রকম বিনয়ের চেয়ে অহংকারের _____ অনেক অনেক ভালো।

‘আমার পথ’ শীর্ষক রচনার এই বাক্যের শূন্যস্থানে বসবে-

- A. স্বীকারোক্তি B. পৌরুষ
C. দাসত্ব D. অভিষাপ

ব্যাখ্যা: ‘আমার পথ’ রচনার উদ্ধৃতি-

“অনেক সময় খুব বেশি বিনয় দেখাতে গিয়ে নিজের সত্যকে অস্বীকার করে ফেলা হয়। ওতে মানুষকে ক্রমেই ছোট করে ফেলে, মাথা নিচু করে আনে, ওরকম বিনয়ের চেয়ে অহংকারের পৌরুষ অনেক-অনেক ভালো।”

Ans : B.

২. “মন্দ নয় হে! ঝটি সোনা বটে।” - ‘অপরিচিতা’ গল্পে এই উক্তি করেছে -

- A. বিনুদা B. কথকের মামা
C. হরিশ D. শঙ্কুনাথ বাবু

ব্যাখ্যা: ‘অপরিচিতা’ গল্পে উদ্ধৃতি-

‘কন্যাকে আশীর্বাদ করিবার জন্য যাহাকে পাঠানো হইল সে আমাদের বিনুদাদা, আমার পিসতুতো ভাই। তাহার মতো রুচি এবং দক্ষতার’ পরে আমি ঘোলা আনা নির্ভর করিতে পারি। বিনুদা ফিরিয়া আসিয়া বলিলেন, “মন্দ নয় হে! ঝটি সোনা বটে।”

Ans : A.

৩. ‘সুধী’ শব্দের ‘সু’ অংশের নাম-

- A. প্রত্যয় B. বিভক্তি
C. অনুসর্গ D. উপসর্গ

ব্যাখ্যা: উপসর্গ হলো এক প্রকারের অব্যয়সূচক শব্দাংশ, যা শব্দের আগে বসে নতুন শব্দ গঠন করে।

যেমন: সু + ধী = সুধী।

বি + জয় = বিজয়।

অভি + ধান = অভিধান।

Ans : D.

৪. ‘সিরাজউদ্দৌলা’ নাটকে চতুর্থ অঙ্কের দ্বিতীয় দৃশ্য অনুষ্ঠিত হয়েছে-

- A. ২৩ শে জুন ১৯৫৬ B. ১৯ শে জুন ১৯৫৬
C. ২৯ শে জুন ১৯৫৭ D. ২রা জুলাই ১৯৫৭

ব্যাখ্যা: ‘সিরাজউদ্দৌলা’ নাটকের অঙ্ক ও দৃশ্যবিন্যাস-

অঙ্ক	দৃশ্য	সময়	স্থান
প্রথম	১ম	১৯ জুন, ১৯৫৬	কোর্ট উইলিয়াম দুর্গ
	২য়	৩রা জুলাই, ১৯৫৬	কোর্ট উইলিয়াম জাহাজ
	৩য়	১০ অক্টোবর, ১৯৫৬	ঘসেটি বেগমের বাড়ি
দ্বিতীয়	১ম	১০ মার্চ, ১৯৫৭	নবাবের দরবার
	২য়	১৯ মে, ১৯৫৭	মিরজাফরের আবাস
	৩য়	৯ জুন, ১৯৫৭	মিরনের আবাস
তৃতীয়	১ম	২১ জুন, ১৯৫৭	লুৎফুলিসার কক্ষ
	২য়	২২ জুন, ১৯৫৭	পলাশিতে সিরাজের শিবির
	৩য়	২৩ জুন, ১৯৫৭	পলাশির যুদ্ধক্ষেত্র
	৪র্থ	২৫ জুন, ১৯৫৭	মুর্শিদাবাদ নবাব দরবার
চতুর্থ	১ম	২৯ জুন, ১৯৫৭	মিরজাফরের দরবার
	২য়	২ জুলাই, ১৯৫৭	জাফরাগঞ্জের কয়েদখানা

Ans : D.

৫. “জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়।” - কোন রচনার অংশ?

- A. আমার পথ B. বিলাসী
C. বায়ান্নর দিনগুলো D. রেইনকোট

ব্যাখ্যা: ‘বায়ান্নর দিনগুলো’ রচনার উদ্ধৃতি-

“জনমত সৃষ্টি হয়েছে, জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়। শাসকরা যখন শোষক হয় অথবা শোষকদের সাহায্য করতে আরম্ভ করে তখন দেশের ও জনগণের মঙ্গল হওয়ার চেয়ে অমঙ্গলই বেশি হয়।”

Ans : C.

৬. “পাথর এবার হঠাৎ নড়ে।” - ‘লালসালু’ উপন্যাসের এই বাক্যে পাথর বলতে বোঝানো হয়েছে-

- A. খালেক ব্যাপারীকে B. মজিদকে
C. মতলুব খাঁকে D. জমিলাকে

ব্যাখ্যা: ‘লালসালু’ উপন্যাসের উদ্ধৃতি-

“রহিমা হঠাৎ বলে,

-এক পির সাহেব আইছেন না হেই পেরামে, তানি নাকি মরা মাইনমেরে জিন্দা কইরা দেন?

পাথর এবার হঠাৎ নড়ে। আবছা অন্ধকারে মজিদের চোখ জ্বলে ওঠে।”

Ans : B.

৭. কোনটি ভুল?

- A. ক্ষি + অ = ক্ষয় B. তৎ + রূপ = তদ্রূপ
C. বট্ + যন্ত = বড়যন্ত্র D. কারা + গার = কারাগার

ব্যাখ্যা: ধরসন্ধির নিয়মানুসারে ‘অ/আ + অ/আ = আ’ হয়।

যেমন: কারা + আগার = কারাগার।

বিদ্যা + আলয় = বিদ্যালয়।

Ans : D.

৮. ‘আঠারো বছর বয়স’ কবিতার ‘আঠারো’ শব্দটি ব্যবহৃত হয়েছে-

- A. নববার B. সাতবার
C. পাঁচবার D. দশবার

ব্যাখ্যা: ‘আঠারো বছর বয়স’ কবিতায় ‘আঠারো’ শব্দটি ব্যবহৃত হয়েছে নয়বার। তবে, নামসং ব্যবহৃত হয়েছে দশবার।

Ans : A.

৯. “যত চাও তত লও তরী পেরে।” - ‘সোনার তরী’ কবিতায় এর পরের পঙ্ক্তি-

- A. দেখে যেন মনে হয় চিনি উহারে
B. আর আছে - আর নাই দিয়েছি ভরে
C. এখন আমারে লহো করুণা করে
D. গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে?

ব্যাখ্যা: ‘সোনার তরী’ কবিতার চরণ-

“যত চাও তত লও তরী-পেরে
আর আছে-আর নাই, দিয়েছি ভরে।
এতকাল নন্দিত্বংশ
যাহা লয়ে ছিনু ভুলে
সকলি দিলাম তুলে
থরে বিথরে-
এখন আমারে লহো করুণা করে।”

Ans : B.

১০. ‘ফেব্রুয়ারি ১৯৬৯’ কবিতায় শামসুর রাহমান বর্ণমালাকে কীসের প্রতীক হিসেবে তুলনা করেছেন?

- A. চন্দ্র B. সূর্য
C. সৌরজগৎ D. নক্ষত্র

ব্যাখ্যা: ‘ফেব্রুয়ারি ১৯৬৯’ কবিতার উদ্ধৃতি-

“দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মতো
বারে অবিরত অবিনাশী বর্ণমালা।

Ans : D.

English

1. While strolling in the park, I chanced to meet _____ European lady.

A. one B. the C. an D. a

ব্যাখ্যা: শব্দের প্রথমে consonant sound আসলে a এবং vowel sound আসলে an বসে। তবে শব্দের প্রথমে vowel বা vowels থাকলেও উচ্চারণ 'ইউ' এর মতো হলে a বসে। প্রদত্ত বাক্যে 'European' শব্দের উচ্চারণ 'ইউ' এর মতো হওয়ায় এর পূর্বে a বসে। এ ধরনের আরো কিছু শব্দ হলো-

Union	University	Uniform
Useful	Eulogy	Euphemism
Universal	Unanimous	Unique
Ewe	Usurer	Eunuch

Ans : D.

2. Ball-point pens require _____ than fountain pens do.

A. the thicker the ink B. an ink and thicker
C. the ink is thicker D. a thicker ink

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যটি একটি Comparative degree। এখানে অপশন A, B ও C কোনোটিই শুদ্ধ নয় কারণ এদের কোনোটিই উক্ত বাক্যের ক্ষেত্রে অর্থবোধক নয়। এক্ষেত্রে অপশন D হবে উত্তর, কারণ এতে ink(n) এর পূর্বে Thicker (thick এর Comparative degree) সঠিকভাবে ব্যবহৃত হয়েছে এবং 'a thicker ink' phrase টি শুদ্ধ। সুতরাং উক্ত বাক্যটি সম্পূর্ণ করলে হয়- Ball-point pens require a thicker ink than fountain pens do (বল-পয়েন্ট কলমের জন্য ফাউন্টেন পেনের চেয়ে ঘন কালি প্রয়োজন)।

Ans : D.

3. One of the most damaging plant parasites is the stem eelworm. Here, the underlined word is closest in meaning to-

A. harmful B. elegant
C. versatile D. prevalent

ব্যাখ্যা: Damaging - ক্ষতিকর।

Harmful - ক্ষতিকর/ঝারাপ। Elegant - মার্জিত/সুসজ্জিত।

Versatile - বহুমুখী। Prevalent - ব্যাপক/প্রভাবশালী।

Damaging এর আরো কিছু গুরুত্বপূর্ণ Synonyms & Antonyms-

Synonyms: Detrimental, Injurious, Evil, Ruinous, Deleterious.

Antonyms: Beneficial, Helpful, Favourable, Advantageous, Convenient.

Ans : A.

4. If you get it off your chest, you will feel better. Here "get it off your chest" means-

A. talk about it B. through it out
C. hope for it D. forget it

ব্যাখ্যা: "Get something off someone's chest" idiom টির অর্থ- এমন কিছু স্বীকার করা বা প্রকাশ করা যা কাউকে বিরক্ত বা জ্বালাতন করছে (to confess or reveal something that has been bothering or troubling someone)। সুতরাং প্রদত্ত idiom টির সমার্থক হলো- "talk about it" অর্থাৎ উক্ত বাক্যে "Get something off someone's chest" এর স্থলে "talk about it" বসালেও বাক্যটি অর্থবোধক হয়। যেমন - If you talk about it, you will feel better (যদি তুমি এটা নিয়ে কথা বলো তোমার ভালো লাগবে)।

Ans : A.

5. Quite a few measures _____ to encourage people to wear face masks.

A. has been taken B. have taken
C. have been taken D. has been adopted

ব্যাখ্যা: প্রশ্নে 'Quite a few measures' subটি plural হওয়াতে 'have(aux.v)' ব্যবহৃত হবে। উল্লেখ্য, পদক্ষেপ (measure) নিজে থেকে গৃহীত হতে পারে না বিধায় বাক্যটি passive voice এ হবে। তাই অপশন C উত্তর হবে। সুতরাং সম্পূর্ণ বাক্যটি হবে- Quite a few measures have been taken to encourage people to wear face masks (মানুষকে মুখোশ পরতে উৎসাহিত করার জন্য বেশ কয়েকটি ব্যবস্থা নেওয়া হয়েছে)। অপশন A ও D সঠিক নয় কারণ plural subject এর সাথে has বসে না বরং have বসে। অপশন B তে প্রদত্ত 'have taken' দ্বারাও বাক্যটি সঠিক অর্থবোধক হয় না।

Ans : C.

6. If I take a public bus, I'll get late, _____?

A. isn't it B. is it
C. won't I D. will I

ব্যাখ্যা : Complex sentence এ clause marker (that, if, unless ইত্যাদি) থাকলে main clause এর subject ও verb অনুসারে Tag question হয়। কিন্তু clause marker না থাকলে subordinate clause অনুসারে Tag question হয়। যেমন- If he comes, I can go, can't I? কিন্তু, I think you are in love with me, aren't you?

সুতরাং প্রদত্ত বাক্যের সঠিক Tag question হবে- অপশন C (won't I)। উল্লেখ্য, বাক্যটি affirmative হলে tag question টি negative এবং বাক্যটি negative হলে tag question টি affirmative হবে। এক্ষেত্রে 'will' এর negative tag হবে won't।

Ans : C.

7. If he told the truth, they _____ him.

A. were forgiving B. would forgive
C. had forgiven D. forgive

ব্যাখ্যা : এক নজরে Second Conditional sentence এর সকল নিয়ম-

Rule-01: If + past indefinite, sub + would/could/might + v₁ +

Ex- If he told the truth, they would forgive him.

অথবা, sub + would/could/might + v₁ + + if + past indefinite.

Ex- He could pass the exam if he worked hard.

Rule-02: If + subject + were +, Sub + would/could/might + v₁ +

Ex: If I were you, I would serve the poor by giving money.

অথবা, Sub + would/could/might + v₁ + + if + subject + were +

Ex: She could do that if she were you.

উল্লেখ্য, এক্ষেত্রে If clause এ সর্বদাই were হবে এবং বাক্যে if না থাকলে condition part টি were দ্বারা শুরু হবে। যেমন- Were I a bird, I could fly in the sky (আমি যদি পাখি হতাম, আকাশে উড়তে পারতাম), Were I a king, I would serve my kingdom with justice (আমি যদি রাজা হতাম, ন্যায়পরায়ণতার সাথে আমার রাজ্যের সেবা করতাম)।

Ans : B.

8. **Hardly** ____ I arrived at the airport ____ the plane took off.

- A. have/when B. had/than
C. had/then D. had/when

ব্যাখ্যা: দুটি clause যুক্ত বাক্যে ১ম clause এর পূর্বে No sooner/scarcely/hardly ইত্যাদি থাকলে সর্বদাই ১ম clause টির verb 'past perfect tense' এবং ২য় clause টির verb এর simple past tense হয়। এক্ষেত্রে ১ম clause এর subject এর পূর্বে auxiliary verb (had) বসে এবং ২য় clause এর পূর্বে No sooner এর জন্য 'than' এবং scarcely/hardly এর জন্য 'when' বসে। যেমন:

1. No sooner had we reached home than the rain started (আমরা বাড়ি পৌঁছতে না পৌঁছতে বৃষ্টি শুরু হয়ে গেল)।
2. Hardly had I arrived at the airport when the plane took off (আমি বিমানবন্দরে পৌঁছতে না পৌঁছতে বিমান উড়ে গেল)।
3. Scarcely had she reached the school when the bell rang (সে বিদ্যালয়ে পৌঁছতে না পৌঁছতে ঘণ্টা বেজে উঠল)।

Ans : D.

9. No, I don't mind waiting at all, ____ it doesn't take you more than one hour.

- A. in spite of B. as long as
C. even if D. until

ব্যাখ্যা: • As long as: একটি নির্দিষ্ট শর্তের অধীনে কিছু ঘটবে বা কোনো কাজ চলমান থাকবে এমন অর্থে as long as ব্যবহৃত হয়। এর পরে affirmative ও negative উভয় sentence ব্যবহৃত হতে পারে।

Ex: প্রদত্ত বাক্যে বক্তা (speaker) শর্তসাপেক্ষে অপেক্ষা করবে বুঝিয়ে বিধায় as long as হবে উত্তর। সুতরাং সম্পূর্ণ বাক্যটি হবে- 'No, I don't mind waiting at all, as long as it doesn't take you more than one hour (না, আমি অপেক্ষা করতে মোটেই আপত্তি করি না, যদি তোমার এক ঘণ্টার বেশি সময় না লাগে)। অর্থাৎ বক্তা ১ ঘণ্টা পর্যন্ত অপেক্ষা করতে রাজি; তার বেশি নয়।

• In spite of/despite: কোনো কিছু সত্ত্বেও অর্থে in spite of/despite ব্যবহৃত হয়। এরা অবশ্যই noun বা noun phrase এর পূর্বে বসে। Despite এর পরে কখনোই of বসে না।

Ex: In spite of/despite all his attempt to solve the problem, he failed (সমস্যা সমাধানের জন্য তার সমস্ত প্রচেষ্টা সত্ত্বেও, তিনি ব্যর্থ হন)।

• Even if: Hypothetical statement বা অনুমান নির্ভর বিবৃতির পূর্বে 'যদিও/তবুও' অর্থে Even if ব্যবহৃত হয়।

Ex: Hospitable people like speaking to foreigners even if they have not been introduced (অতিথিপরায়ণ লোকেরা বিদেশীদের সাথে কথা বলতে পছন্দ করে যদিও তারা পরিচিত হয়নি)।

• Until: Until অর্থ 'যতক্ষণ না পর্যন্ত'। এর পরে শুধু affirmative sentence হয়।

Ex: We worked until we became tired (আমরা ক্লান্ত না হওয়া পর্যন্ত কাজ করেছি)।

Ans : B.

10. The changes in the city have occurred ____.

- A. fastly B. swiftly
C. rapidly D. hurriedly

ব্যাখ্যা: ইংরেজিতে Fastly নামে কোনো শব্দ নেই কারণ Fast শব্দটি নিজেই একটি Adverb, তাই এর সাথে -ly যুক্ত হয় না। 'swiftly' শব্দটির অর্থ- দ্রুতবেগে (without necessarily indicating haste or urgency) এবং Hurriedly শব্দটির অর্থ- তড়িৎগতি করে (a sense of haste, urgency, or rush)।

প্রদত্ত বাক্যে শূন্যস্থানে 'rapidly' হবে কারণ 'rapidly' শব্দের অর্থ- দ্রুতগতিতে কোন কিছুর সংঘটন বা অগ্রগতি। সুতরাং উক্ত বাক্যের সম্পূর্ণ রূপ হবে- The changes in the city have occurred rapidly (শহরটির পরিবর্তন দ্রুত ঘটেছে)। তাই সঠিক উত্তর হবে অপশন C।

Ans : C.

11. I'll meet you again ____ the weekend.

- A. by B. on C. at D. for

ব্যাখ্যা: Weekend শব্দের অর্থ- সপ্তাহান্তিক কাল/অবকাশ। Weekend এর পূর্বে at/on উভয়ই বসে। যেমন:

British English	At the weekend/at weekends
American English	On the weekend/on weekends

Ans : B & C.

12. ____ if you see her this evening?

- A. Do you ask Nina to come to my party
B. Will you ask Nina to come to my party
C. Does Nina come to my party
D. Ask Nina to come to my party

ব্যাখ্যা: অপশন A সঠিক নয় কারণ বাক্যে নিনাকে পার্টিতে নিমন্ত্রণ করার কাজটি এখনো সংঘটিত হয় নি বরং সামনে সংঘটিত হবে এমনটা বুঝায় বিধায় Present tense হিসেবে Do ব্যবহৃত হবে না। এক্ষেত্রে শুণ্যস্থানে অপশন C বসালেও উক্ত বাক্যের সাথে অর্থসঙ্গতিপূর্ণ হয় না। অপশন D একটি Imperative sentence হওয়াতে এটি প্রশ্ন sentence (Interrogative sentence) এর জন্য প্রযোজ্য হবে না। তাই অপশন B হবে উত্তর।

Ans : B.

13. We had better ____ trees in order to combat global warming.

- A. planted B. planting C. plant D. to plant

ব্যাখ্যা: বরং ভালো/উচিত অর্থে had better ব্যবহৃত হয় এবং had better এর পরে verb এর base form বসে। কাজকে উপদেশ/হুমকি দিতে had better ব্যবহৃত হয়। যেমন: We had better plant trees in order to combat global warming (বৈশ্বিক উষ্ণতা মোকাবিলা করার জন্য আমাদের গাছ লাগানো উচিত)। You had better leave the place (তোমার বরং স্থানটি ত্যাগ করা উচিত)।

Ans : C.

14. With a view to ____ a Smart Bangladesh, we must ____ all stakeholders.

- A. build/empower B. building/power
C. build up/empower D. building/empower

ব্যাখ্যা:

With a view to, look forward to, be/get used to, be/get accustomed to, addicted to, confess to, adhere to, adverse to, close to, with an eye to, be given to ইত্যাদি পরে (v + ing) ব্যবহৃত হয়।

প্রদত্ত বাক্যটি সম্পূর্ণ করলে হয়- "With a view to building a smart Bangladesh, we must empower all stakeholders (একটি স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে আমাদের অবশ্যই সকল অংশীদারদের ক্ষমতায়ন করতে হবে)। এখানে লক্ষ্যে অর্থে With a view to এবং ক্ষমতায়ন অর্থে empower ব্যবহৃত হবে। উল্লেখ্য, জরুরি/অবশ্যই কোনো কিছু করা অর্থে must + v₁ ব্যবহৃত হয়।

Ans : D.

15. Having _____ lunch, I took a nap.

- A. had B. eating
C. ate D. taking

ব্যাখ্যা : অতীতে সংঘটিত দুটি কাজের মধ্যে যেটি দীর্ঘ সময় ধরে চলেছিল, তা বোঝাতে perfect participle ব্যবহৃত হয়। এর গঠনটি হলো-

Having + v_3 +, past indefinite tense

প্রদত্ত বাক্যে অপশন A হবে সঠিক, কারণ একমাত্র এই অপশনে had (have এর past participle) বিদ্যমান। সুতরাং সম্পূর্ণ বাক্যটির অর্থ হবে- "Having had my lunch, I took a nap (আমার দুপুরের খাবার খেয়ে আমি একটা ঘুম দিলাম)।

Ans : A.

পদার্থবিদ্যা

১. $\vec{A} = 2\hat{i} + 3\hat{j}$ এবং $\vec{B} = a\hat{i} - 2\hat{j}$ দুটি ভেক্টর। 'a' এর মান কত হলে ভেক্টরদ্বয় পরস্পরের উপর লম্ব হবে?

- A. 7 B. 8 C. 3 D. 12

ব্যাখ্যা: $\vec{A} \cdot \vec{B} = 0 \Rightarrow 2a - 6 = 0 \Rightarrow a = 3$

Ans : C.

২. সরল দোলন গতি সম্পন্ন বস্তুকণার স্থিতিশক্তির সমীকরণ-

- A. $P.E = \frac{1}{2} m^2 \omega^2 x^2$ B. $P.E = \frac{1}{2} m \omega^2 x^2$
C. $P.E = \frac{1}{2} m \omega^2 x$ D. $P.E = \frac{1}{2} m \omega x^2$

ব্যাখ্যা : সরল ছন্দিত গতি সম্পন্ন বস্তুকণার বেগ, $v = \omega x$

\therefore স্থিতিশক্তি, $P.E. = \frac{1}{2} mv^2 = \frac{1}{2} m \omega^2 x^2$

Ans : B.

৩. 1 kg ভর সম্পন্ন একটি বুলেটকে 400 ms^{-1} বেগে বন্দুক থেকে ছোঁড়া হলে এর গতিশক্তি কত?

- A. $4 \times 10^4 \text{ J}$ B. $8 \times 10^3 \text{ J}$
C. $4 \times 10^3 \text{ J}$ D. $8 \times 10^4 \text{ J}$

ব্যাখ্যা: গতিশক্তি, $E_k = \frac{1}{2} mv^2 = \frac{1}{2} \times 1 \times (400)^2 = 8 \times 10^4 \text{ J}$

Ans : D.

৪. একটি তারের ব্যাসার্ধ বৃদ্ধি করা হলে তারটির উপাদানের ইয়ং-এর গুণাঙ্ক-

- A. বৃদ্ধি পাবে B. হ্রাস পাবে
C. অপরিবর্তিত থাকবে D. কোনোটিই নয়

ব্যাখ্যা : ইয়ং এর গুণাঙ্ক, $Y = \frac{FL}{A\ell} = \frac{mgL}{\pi r^2 \ell}$

$\Rightarrow Y \propto \frac{1}{r^2} [m, L \text{ এবং } \ell \text{ ধ্রুব হলে}]$

সুতরাং, একটি তারের ব্যাসার্ধ বৃদ্ধি করা হলে তারটির উপাদানের ইয়ং-এর গুণাঙ্ক হ্রাস পাবে।

Ans : B.

৫. সরল দোলন গতিসম্পন্ন কোন বস্তুকণার গতির সমীকরণ $x = 20 \sin$

$\left(31t - \frac{\pi}{6}\right)$ হলে সর্বাধিক বেগ কত ms^{-1} হবে?

- A. 520 B. 640
C. 580 D. 620

ব্যাখ্যা: প্রদত্ত সমীকরণকে $x = A \sin(\omega t + \delta)$ এর সাথে তুলনা করে পাই-

$A = 20 \text{ m}$ এবং $\omega = 31 \text{ rad/s}$.

\therefore সর্বাধিক বেগ, $v_{\max} = \omega A = 31 \times 20 = 620 \text{ m/s}$.

Ans : D.

৬. 1 kg ভরের দুটি বস্তু 1 m দূরে স্থাপন করলে এদের মধ্যবর্তী আকর্ষণ বলের মান-

- A. $6.673 \times 10^{-10} \text{ N}$ B. $6.673 \times 10^{-11} \text{ N}$
C. $6.673 \times 10^{12} \text{ N}$ D. $6.673 \times 10^{-13} \text{ N}$

ব্যাখ্যা: $F = G \frac{m_1 m_2}{d^2} = 6.673 \times 10^{-11} \times \frac{1 \times 1}{1^2} = 6.673 \times 10^{-11} \text{ N}$

Ans : B.

৭. পয়সন অনুপাতের সর্বোচ্চ মান হলো-

- A. $\frac{1}{2}$ B. $-\frac{1}{2}$
C. 1 D. -1

ব্যাখ্যা: পয়সনের অনুপাতের মান -1 থেকে +0.5 পর্যন্ত হয়।

অর্থাৎ $-1 < \sigma < 0.5$ । খাতব পদার্থের ক্ষেত্রে এই মান $0 < \sigma < 0.5$ ।

Ans : A.

৮. নিচের কোন সমীকরণটি তরঙ্গদৈর্ঘ্য ও দশা (phase)-এর মধ্যে সম্পর্ক প্রকাশ করে?

- A. $\delta = \frac{\pi}{x} \lambda$ B. $\delta = \frac{2\pi}{x} \lambda$
C. $\delta = \frac{2\pi}{\lambda} x$ D. $\frac{\pi}{\lambda} x$

ব্যাখ্যা: দশা পার্থক্য ও তরঙ্গদৈর্ঘ্য - এর মধ্যে সম্পর্ক- $\delta = \frac{2\pi}{\lambda} x$

Ans : C.

৯. নিচের কোনটি ডি-ব্রগলী তরঙ্গদৈর্ঘ্যের সমীকরণ?

- A. $\lambda = \frac{h}{p}$ B. $\lambda = \frac{h}{v}$
C. $\lambda = \frac{h}{c}$ D. $\lambda = \frac{p}{h}$

ব্যাখ্যা: ডি-ব্রগলীর তরঙ্গ তত্ত্ব:

- 1924 খ্রিস্টাব্দে ফরাসি বিজ্ঞানী লুইস ডি ব্রাগলি এই তরঙ্গ তত্ত্ব প্রদান করেন।
- প্রত্যেক চলমান পদার্থ কণার সাথে একটি তরঙ্গ যুক্ত থাকে।

• ডি-ব্রগলী তরঙ্গদৈর্ঘ্য, $\lambda = \frac{c}{v} = \frac{h}{p} = \frac{h}{mv}$

Ans : A.

১০. যে যন্ত্রের সাহায্যে রোধ, বিভব পার্থক্য ও তড়িৎ প্রবাহ পরিমাপ করা যায় তা হলো-

- A. অ্যামিটার B. ভোল্টমিটার
C. ওহমিটার D. মাল্টিমিটার

ব্যাখ্যা: • অ্যামিটার: কোনো বৈদ্যুতিক বর্তনীর বিদ্যুৎ প্রবাহমাত্রা সরাসরি (অ্যাম্পিয়ারে) পরিমাপ করা হয়।

• ভোল্টমিটার: কোনো বর্তনীর দুই প্রান্তের বা যেকোনো অংশের মধ্যে বিভব পার্থক্য সরাসরি (ভোল্টে) পরিমাপ করা হয়।

• মাল্টিমিটার: কোনো বর্তনীতে বিদ্যুৎ প্রবাহমাত্রা, বর্তনীর দুই প্রান্তের বিভব পার্থক্য এবং পরিবাহীর রোধ মাপা যায়।

Ans : D.

পানকোডি

CU: 2022 - 2023 (19)

১১. পানি ও কাঁচের পরম প্রতিসরাঙ্ক যথাক্রমে $\frac{4}{3}$ ও $\frac{3}{2}$ হলে পানির সাপেক্ষে কাঁচের আপেক্ষিক প্রতিসরাঙ্ক কত?

A. $\frac{2}{3}$ B. $\frac{5}{7}$ C. $\frac{9}{8}$ D. 1

$$\text{ব্যাখ্যা: } {}_w\mu_g = \frac{\mu_g}{\mu_w} = \frac{1.5}{1.33} = \frac{9}{8}$$

Ans : C.

১২. 4 kg ভরের একটি বস্তু সম্পূর্ণরূপে শক্তিতে রূপান্তরিত হলে শক্তির পরিমাণ হবে-

A. 3.6×10^{15} J B. 3.6×10^{16} J
C. 3.6×10^{17} J D. 3.6×10^{18} J

$$\text{ব্যাখ্যা: } E = mc^2 = 4 \times (3 \times 10^8)^2 = 3.6 \times 10^{17} \text{ J}$$

Ans : C.

১৩. বৃত্তাকার পথে আবর্তনরত বস্তুর কেন্দ্রমুখী ত্বরণ-

A. ωr B. ωr^2 C. $\omega^2 r^2$ D. $\omega^2 r$

ব্যাখ্যা: কেন্দ্রমুখী ত্বরণ: কেন্দ্রমুখী বলের জন্য বৃত্তের ব্যাসার্ধ বরাবর কেন্দ্রের দিকে বস্তুর যে ত্বরণ হয়, তাকে কেন্দ্রমুখী ত্বরণ বলে।

$$\text{কেন্দ্রমুখী ত্বরণ, } a = \frac{v^2}{r} = \omega^2 r$$

Ans : D.

১৪. কোনটি ঘূর্ণায়মান বস্তুর গতিশক্তির সমীকরণ?

A. $KE = \left(\frac{1}{2}\right) I \omega$ B. $KE = \left(\frac{1}{2}\right) I \omega^2$
C. $KE = I \omega$ D. $KE = \left(\frac{1}{2}\right) I^2 \omega$

$$\text{ব্যাখ্যা: কোনো বস্তুর গতিশক্তি, } K.E = \frac{1}{2} m v^2$$

কিন্তু ঘূর্ণায়মান বস্তুর ক্ষেত্রে, রৈখিক বেগ (v) = কৌণিক বেগ (ω) \times ব্যাসার্ধ (r)

$$\therefore \text{ঘূর্ণায়মান বস্তুর গতিশক্তি} = \frac{1}{2} m v^2 = \frac{1}{2} m \omega^2 r^2 = \frac{1}{2} I \omega^2$$

Ans : B.

১৫. বস্তুর ত্বরণ এবং ভরের মধ্যে সম্পর্ক-

A. $a \propto \frac{1}{m}$ B. $a \propto m$ C. $a \propto \frac{1}{m^2}$ D. $a \propto m^2$

ব্যাখ্যা: বস্তুর উপর প্রযুক্ত বল (F) ধ্রুব হলে,

$$\text{বস্তুর ত্বরণ (a) } \times \text{ বস্তুর ভর (m) = ধ্রুবক} \Rightarrow a \propto \frac{1}{m}$$

Ans : A.

১৬. কোন ধর্মের কারণে পানির ফোঁটা গোলাকৃতি হয়?

A. স্থিতিস্থাপকতা B. সান্দ্রতা C. পৃষ্ঠটান D. কৌশিকতা

ব্যাখ্যা: পৃষ্ঠটানের বৈশিষ্ট্য:

- পৃষ্ঠটান তরল তরকে সংকুচিত করার চেষ্টা করে।
- তরল তরলের ক্ষেত্রফল বাড়ানোর চেষ্টা করলে পৃষ্ঠটান তা প্রতিরোধ করার চেষ্টা করে।
- পৃষ্ঠটানের জন্য তরল (বল্ল আয়তনের) পৃষ্ঠ সর্বদাই সংকুচিত হয়ে সর্বনিম্ন ক্ষেত্রফলে (গোলাকার আকৃতি) আসতে চায়। এ জন্যই বৃষ্টির ফোঁটা, শিশির বিন্দু, পারদ বিন্দু ইত্যাদির আকৃতি গোলাকার কেননা, নির্দিষ্ট আয়তনের তরলের মুক্ত তরলের ক্ষেত্রফল গোলক আকৃতিতে সর্বনিম্ন হয়।

Ans : C.

১৭. একটি সেকেন্ড দোলকের কার্যকরী দৈর্ঘ্য-

A. 1.5 m B. 2 m
C. 1 m D. 3 m

ব্যাখ্যা: সেকেন্ড দোলক: যে সরল দোলকের দোলনকাল দুই সেকেন্ড অর্থাৎ যে দোলকের একপ্রান্ত থেকে অপর প্রান্তে যেতে এক সেকেন্ড সময় লাগে তাকে সেকেন্ড দোলক বলে।

$$\text{কার্যকরী দৈর্ঘ্য, } L = \frac{T^2 g}{4\pi^2} = \frac{4g}{4\pi^2} \approx 1m$$

Ans : C.

১৮. একটি দণ্ড চুম্বকের চৌম্বক দৈর্ঘ্য ও জ্যামিতিক দৈর্ঘ্যের অনুপাত কত?

A. 0.70 B. 0.75
C. 0.80 D. 0.85

ব্যাখ্যা: • চৌম্বক দৈর্ঘ্য: চৌম্বক অক্ষ বরাবর কোনো একটি চুম্বকের দুই মেরুর মধ্যবর্তী দূরত্বকে চৌম্বক দৈর্ঘ্য বলে। এর দিক চুম্বকের অক্ষ বরাবর দক্ষিণ হতে উত্তর মেরুর দিকে।

• জ্যামিতিক দৈর্ঘ্য: কোনো একটি চুম্বকের দুই প্রান্তের মধ্যবর্তী দূরত্বকে জ্যামিতিক দৈর্ঘ্য বলে।

চৌম্বক দৈর্ঘ্য
• জ্যামিতিক দৈর্ঘ্য = 0.85

Ans : D.

১৯. একটি অবতল দর্পনের বক্রতার ব্যাসার্ধ 48 cm। দর্পণটি হতে 24 cm দূরে একটি বস্তু রাখা হলে, বিম্ব কোথায় গঠিত হবে?

A. 10 cm পিছনে B. 20 cm দূরে
C. অসীম দূরত্বে D. 5 cm পিছনে

$$\text{ব্যাখ্যা: ফোকাস দূরত্ব} = \frac{1}{2} \times \text{বক্রতার ব্যাসার্ধ} = 24 \text{ cm}$$

$$\therefore \frac{1}{f} = \frac{1}{u} + \frac{1}{v} \Rightarrow \frac{1}{v} = \frac{1}{f} - \frac{1}{u} = \frac{1}{24} - \frac{1}{24} = 0 \Rightarrow v = \infty$$

অর্থাৎ, বিম্ব অসীম দূরত্বে গঠিত হবে।

Ans : C.

২০. ফারেনহাইট স্কেলে পরম শূন্য তাপমাত্রার (Absolute temperature) অনুরূপ তাপমাত্রা-

A. -455°F B. -460°F
C. -465°F D. -470°F

$$\text{ব্যাখ্যা: } \frac{F-32}{9} = \frac{T-273}{5} \Rightarrow 5F-160 = -2457$$

$$\therefore F = \frac{-2457+160}{5} = -459.5^\circ \text{F}$$

Ans : B.

২১. p-টাইপ অর্ধপরিবাহী তৈরির জন্য বিস্তৃত জার্মেনিয়ামের সাথে অপদ্রব্য হিসাবে যোগ করা হয়-

A. Ar B. Ga
C. Si D. N

ব্যাখ্যা: • p- টাইপ অর্ধপরিবাহক: ড্রিযোজী অর্থাৎ পর্যায় সারণির তৃতীয় সারির মৌল অপদ্রব্য হিসেবে মিশানো হয়।

যেমন: বোরন (B), অ্যালুমিনিয়াম (Al), গ্যালিয়াম (Ga), ইন্ডিয়াম (In)

• n-টাইপ অর্ধপরিবাহক: পঞ্চযোজী বা পর্যায় সারণির পঞ্চম সারির মৌল অপদ্রব্য হিসেবে মিশানো হয়।

যেমন: ফসফরাস (P), আর্সেনিক (As), এন্টিমনি (Sb), বিসমাথ (Bi)

Ans : B.

২২. 2 kg ভরের একটি বস্তুর গতিবেগ $\frac{1}{3}c$ হলে গতিশীল অবস্থায় বস্তুর ভর-

- A. $\frac{\sqrt{3}}{2}$ kg B. $\frac{2}{3}$ kg
C. $\frac{\sqrt{2}}{3}$ kg D. $\frac{3}{\sqrt{2}}$ kg

$$\text{ব্যাখ্যা: } m = \frac{m_0}{\sqrt{1 - \left(\frac{v}{c}\right)^2}} = \frac{2}{\sqrt{1 - \left(\frac{1}{3}\right)^2}} = \frac{2}{\sqrt{\frac{8}{9}}} = \frac{2 \times 3}{\sqrt{8}} = \frac{3}{\sqrt{2}} \text{ kg}$$

Ans : D.

২৩. কোনটি এক্স-রে এর একক?

- A. নিউটন B. জুল
C. রনজেন D. ভোল্ট

ব্যাখ্যা: এক্স-রে -এর একক : এক্স-রে বিকিরণ পরিমাপ করার জন্য যে একক ব্যবহার করা হয় তাকে রনজেন বলা হয়। এক রনজেন বলতে বুঝি যা সাধারণ চাপ এবং তাপমাত্রায় $1 \times 10^{-3} \text{ m}$ বায়ুতে $3.33 \times 10^{-10} \text{ C}$ চার্জের সমান চার্জ উৎপন্ন করতে পারে।

Ans : C.

২৪. কোন রঙের আলোক তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে কম?

- A. লাল B. নীল
C. কমলা D. বেগুনী

ব্যাখ্যা: দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্য-

বর্ণ	তরঙ্গদৈর্ঘ্য (nm)	তরঙ্গদৈর্ঘ্য (Å)
বেগুনী (Violet)	400 - 450	4000 - 4500
নীল (Blue)	450 - 480	4500 - 4800
আসমানী (Indigo)	480 - 500	4800 - 5000
সবুজ (Green)	500 - 550	5000 - 5500
হলুদ (Yellow)	550 - 600	5500 - 6000
কমলা (Orange)	600 - 650	6000 - 6500
লাল (Red)	650 - 700	6500 - 7000

Ans : D.

২৫. 15° কোণে ছুঁড়া কোন নিষ্কিষ্ট বস্তুর পাল্লা (range) 50 m। যদি এটিকে একই দ্রুতিতে 45° কোণে ছুঁড়া হয়, তবে এর পাল্লা কত হবে?

- A. 25 m B. 37 m
C. 50 m D. 100 m

$$\text{ব্যাখ্যা: আনুভূমিক পাল্লা, } R = \frac{v_0^2 \sin 2\alpha}{g} \Rightarrow v_0^2 = \frac{Rg}{\sin 2\alpha}$$

$$\therefore \frac{R_1 g}{\sin 2\alpha_1} = \frac{R_2 g}{\sin 2\alpha_2}$$

$$\Rightarrow R_2 = \frac{R_1 \sin 2\alpha_2}{\sin 2\alpha_1} = \frac{50 \times \sin 90^\circ}{\sin 30^\circ} = 100 \text{ m}$$

Ans : D.

রসায়ন

১. আধুনিক পর্যায় সারণির মূল ভিত্তি কি?

- A. পারমাণবিক সংখ্যা B. পারমাণবিক ভর
C. আণবিক ভর D. ইলেকট্রন বিন্যাস

ব্যাখ্যা: • সর্বপ্রথম মেন্ডেলিফ ৬৩টি মৌলকে পারমাণবিক ভরের ক্রম বৃদ্ধি অনুসারে ১২টি পর্যায় ও ৮টি গ্রুপে ভাগ করে প্রথম পর্যায় সারণি তৈরি করে।

• বিজ্ঞানী বোর ইলেকট্রন বিন্যাসের ভিত্তিতে বিস্তৃত পর্যায় আকারে একটি পর্যায় সারণি তৈরি করে।


• আধুনিক পর্যায় সারণিতে মৌলের পর্যায়ভিত্তিক শ্রেণিবদ্ধকরণের মূল ভিত্তি ইলেকট্রন বিন্যাস।

Ans : D.

২. NaCl পানিতে দ্রবীভূত হলে উৎপন্ন হয়-

- A. NaOH + HCl B. $\text{Na}^+(\text{H}_2\text{O}) + \text{Cl}^-(\text{H}_2\text{O})$
C. NaOCl + H₂ D. HClO + Na

ব্যাখ্যা: NaCl পানিতে দ্রবীয় ও তড়িৎ বিশ্লেষণ পদার্থ। NaCl কে পানিতে দ্রবীভূত করলে এর পোলার অণুসমূহ ধনাত্মক Na^+ আয়ন ও ঋণাত্মক Cl^- আয়ন আকারে পানিতে দ্রবীভূত হয়।




Ans : B.

৩. প্রোটিনকে ক্ষার সহযোগে অর্ধ বিশ্লেষণ করলে কি উৎপন্ন হয়?

- A. ফুকোজ B. অ্যামাইনো এসিড
C. ক্যাক্টাইন D. পেকটিন

ব্যাখ্যা: প্রোটিন ক্ষার তথা সোডিয়াম হাইড্রোক্সাইডের সাথে অনুপক্ষে বিক্রিয়া করে সোডিয়াম লবণ উৎপন্ন করে।





• এসিড, ক্ষার ও প্রোটিনেজ এনজাইম দ্বারা প্রোটিন অর্ধবিশ্লেষিত হয়ে প্রোটিনের ক্ষুদ্রতম একক অ্যামাইনো এসিডে পরিণত হয়।

Ans : B.

৪. কোনটি অবস্থান্তর ধাতু?

- A. Ba B. Ti C. Rn D. Pb

ব্যাখ্যা: যে সব d-ব্লক মৌলের ইলেকট্রন বিন্যাসে d অরবিটাল আংশিকভাবে পূর্ণ ($d^1 - d^9$) থাকে তাদেরকে অবস্থান্তর ধাতু বলে।



Ti হলো d-ব্লক মৌল ও অবস্থান্তর মৌল উভয়ই কারণ এতে d অরবিটাল আংশিকভাবে পূর্ণ।

বিভিন্ন গ্রুপের অবস্থান্তর ধাতু:

Group-2 : Be, Mg, Ca, Sr, Ba, Ra

Group-3 : C, Si, Ge, Sn, Pb

Group-18 : He, Ne, Ar, Kr, Xe, Rn

Ans : B.

৫. কোনটি আদর্শ গ্যাস?

- A. O₂ B. CO₂
C. N₂ D. He

ব্যাখ্যা: যে সব গ্যাস সব তাপমাত্রায় ও চাপে বয়েলের সূত্র, চার্লসের সূত্র ও অ্যাভোগেড্রো সূত্র পুরোপুরিভাবে মেনে চলে তাদেরকে আদর্শ গ্যাস বলে।

• কোনো গ্যাসই আদর্শ গ্যাস নয়, সবই বাস্তব গ্যাস।

• উচ্চ তাপমাত্রা ও নিম্নচাপে বাস্তব গ্যাসকে আদর্শ গ্যাসে পরিণত করা যায়।

Ans : D.

পান্থোডি

CU: 2022 - 2023 (21)

৬. অ্যালকেনের সাধারণ সংকেত হল-

- A. C_nH_{2n} B. C_nH_{2n-1}
C. C_nH_{2n+1} D. C_nH_{2n+2}

ব্যাখ্যা: বিভিন্ন জৈব যৌগের সাধারণ সংকেত:

শ্রেণি	সাধারণ সংকেত	উদাহরণ
অ্যালকেন	C_nH_{2n+2}	CH_4 , CH_3-CH_3
অ্যালকিন	C_nH_{2n}	$CH_2=CH_2$, $CH_3-CH=CH_2$
অ্যালকাইন	C_nH_{2n-2}	$CH\equiv CH$
অ্যালকোহল	$C_nH_{2n+1}OH$	CH_3-OH , CH_3-CH_2OH
অ্যালডিহাইড	$C_nH_{2n+1}CHO$	CH_3-CHO
ফ্যাটি এসিড	$C_nH_{2n+1}COOH$	CH_3-COOH
অ্যামিন	$C_nH_{2n+1}NH_2$	CH_3-NH_2 , $CH_3-CH_2-NH_2$
সাইক্লো অ্যালকেন	C_nH_{2n}	CH_2-CH_2 \diagup CH_2

Ans : D.

৭. কোন এসিডটি লেবুতে পাওয়া যায়?

- A. মিথানয়িক এসিড B. ইথানয়িক এসিড
C. সাইট্রিক এসিড D. টারটারিক এসিড

ব্যাখ্যা: বিভিন্ন জৈব এসিডের উৎস-

উৎস	এসিড
পাম তৈল	পামিটিক এসিড $CH_3(CH_2)_{14}COOH$
পিপড়া	ফরমিক এসিড ($HCOOH$)
ভিনেগার	অ্যাসিটিক এসিড CH_3COOH
বাটার	বিউটারিক এসিড
লেবু	সাইট্রিক এসিড ($C_6H_8O_7$)
চর্বি	স্টিয়ারিক এসিড $CH_3(CH_2)_6COOH$
তেঁতুল	টারটারিক এসিড

Ans : C.

৮. এলডিহাইড-এর কার্বকরী মূলক হচ্ছে-

- A. $-OH$ B. $=CO$ C. $-O-$ D. $-CHO$

ব্যাখ্যা: বিভিন্ন জৈব যৌগের কার্বকরী মূলক-

জৈব যৌগ	কার্বকরী মূলক
অ্যালডিহাইড	$-CHO$
কিটোন	$-C=O$
কার্বক্সিলিক এসিড	$-COOH$
অ্যালকোহল	$-OH$
অ্যামাইড	$-CONH_2$
এসিড হ্যালাইড	$-COX$
এস্টার	$-COOR$

Ans : D.

৯. নিম্নের কোন যৌগে আয়নিক বন্ধন আছে?

- A. CH_4 B. $CaCl_2$ C. HI D. H_2

ব্যাখ্যা: আয়নিক বন্ধন: ধাতু ও অধাতুর মধ্যে ইলেকট্রন গ্রহণ ও ত্যাগের মাধ্যমে আয়নিক বন্ধন গঠিত হয়।

$CaCl_2$ যৌগে ক্যালসিয়াম তার সর্ববহিঃস্থ শক্তিস্তরের ২টি ইলেকট্রন ক্লোরিনকে প্রদান করে। এভাবে ইলেকট্রন গ্রহণ ও বর্জনের মাধ্যমে $CaCl_2$ নামক আয়নিক যৌগ গঠিত হয়।

Ans : B.

১০. একটি পরমাণুর ৩য় অরবিটে কয়টি ইলেকট্রন থাকতে পারে?

- A. 8 B. 18 C. 32 D. 24

ব্যাখ্যা: যেকোনো প্রধান শক্তিস্তরের সর্বোচ্চ ইলেকট্রন ধারণ ক্ষমতা $= 2n^2$
 $n = 3$ হলে ৩য় শক্তিস্তর বা অরবিটে সর্বোচ্চ ইলেকট্রন ধারণ ক্ষমতা
 $= 2 \times (3)^2 = 18$ টি ইলেকট্রন।

Ans : B.

১১. নিম্নের কোনটি প্রাথমিক প্রমাণ দ্রব্য?

- A. $HOOC-(CH_2)_2-COOH$ B. $KMnO_4$
C. $NaOH$ D. $Na_2S_2O_3$

ব্যাখ্যা: • প্রাইমারী স্ট্যান্ডার্ড পদার্থ-

 (i) অনর্দ্র সোডিয়াম কার্বনেট (Na_2CO_3) দ্রব

 (ii) অক্সালিক এসিড $\begin{pmatrix} CH_2-COOH \\ | \\ CH_2-COOH \end{pmatrix}$

 (iii) পটাসিয়াম ডাইক্রোমেট ($K_2Cr_2O_7$)

 (iv) $Na_2C_2O_4 \cdot 2H_2O$

• সেকেন্ডারী স্ট্যান্ডার্ড পদার্থ-

 (i) $NaOH$ (iii) $KMnO_4$ (ii) H_2SO_4 (iv) $Na_2S_2O_3 \cdot 5H_2O$

Ans : A.

 ১২. $KMnO_4$ -এ Mn এর জারণ সংখ্যা হচ্ছে-

- A. +6 B. +7 C. +12 D. +14

 ব্যাখ্যা: ধরি, $KMnO_4$ এ Mn এর জারণ সংখ্যা x

$$(+1) + x + (-2) \times 4 = 0$$

$$\Rightarrow 1 + x - 8 = 0 \Rightarrow x - 7 = 0 \Rightarrow x = +7$$

Ans : B.

১৩. প্রোটিন চেইন গঠনে ব্যবহৃত এমাইনো এসিডের সংখ্যা হচ্ছে-

- A. 20 B. 25 C. 30 D. 15

ব্যাখ্যা: • প্রোটিন হলো প্রাকৃতিক সরল শিকল পলিঅ্যামাইড এবং এদের একক হলো বিশ প্রকারের অ্যামাইনো এসিড।

• একটি প্রোটিন চেইনে অ্যামাইনো এসিডের ৫০টি বা ততোধিক অনু পেপটাইড বন্ধনে আবদ্ধ থাকে।

Ans : A.

১৪. অ্যামোনিয়াক্যাল সিলভার নাইট্রেট দ্রবণকে বলা হয়-

- A. Fehling reagent B. Lucas reagent
C. Tollen's reagent D. Grignard reagent

 ব্যাখ্যা: • অ্যালডিহাইড অ্যামোনিয়া মিশ্রিত ১০% সিলভার নাইট্রেট দ্রবণ বা টলেন বিকারক $[Ag(NH_3)_2OH]$ বিজারিত করে সিলভার দর্পন তৈরি করে।

 • অ্যালডিহাইড ফেহলিং দ্রবণকে (৫% কপার সালফেট এবং ৫% $NaOH$ মিশ্রিত সোডিয়াম পটাসিয়াম টারটারেট বা রোচিলি লবণ এর সমআয়তন দ্রবণের মিশ্রণ) বিজারিত করে কপার অক্সাইড (Cu_2O)-এর লালচে বর্ণের অধক্ষেপ সৃষ্টি করে।






• কিটোন টলেন বিকারক ও ফেহলিং দ্রবণের সাথে বিক্রিয়া করে না।

Ans : C.

১৫. নিম্নের কোনটি তাপহারী বিক্রিয়া-

- A. $C + O_2 = CO_2$ B. $N_2 + O_2 = 2NO$
C. $2H_2 + O_2 = 2H_2O$ D. $CH_4 + 2O_2 = CO_2 + 2H_2O$

ব্যাখ্যা: কিছু গুরুত্বপূর্ণ তাপহারী বিক্রিয়া-



Ans : B.

পানক্লোডি

CU: 2022 - 2023 (22)

১৬. আইসোটোন বলতে বুঝায় পরমাণুর একই-

- A. ভর সংখ্যা B. পারমাণবিক সংখ্যা
C. নিউট্রন সংখ্যা D. আনবিক ভর সংখ্যা

ব্যাখ্যা: • আইসোটোপ: যে সব পরমাণুর প্রোটন সংখ্যা একই কিন্তু ভর সংখ্যা ভিন্ন।

যেমন: প্রোটিয়াম (${}^1_1\text{H}$), ডিউটেরিয়াম (${}^2_1\text{H}$), ট্রিটিয়াম (${}^3_1\text{H}$)

• আইসোবার: যে সব পরমাণুর ভর সংখ্যা সমান কিন্তু প্রোটন সংখ্যা ভিন্ন।

যেমন: ${}^{64}_{29}\text{Cu}$, ${}^{64}_{30}\text{Zn}$

• আইসোটোন: যে সব পরমাণুর নিউট্রন সংখ্যা সমান কিন্তু প্রোটন ও ভরসংখ্যা ভিন্ন।

যেমন: ${}^{30}_{14}\text{Si}$, ${}^{31}_{15}\text{P}$, ${}^{32}_{16}\text{S}$ পরস্পরের আইসোটোন।

Ans : C.

১৭. লাকিং গ্যাসের সংকেত হল-

- A. NO B. NO₂
C. N₂O₃ D. N₂O

ব্যাখ্যা: নাইট্রাস অক্সাইড (N₂O) সাধারণ ভাবে লাকিং গ্যাস, নাইট্রাস বা নাইট্রো নামে পরিচিত। এটি নাইট্রোজেনের একটি অক্সাইড। কক্ষ তাপমাত্রায় এটি বর্ণহীন, অদাহ্য ও দ্রবণ মিষ্টি গন্ধযুক্ত হয়।

বিভিন্ন গ্যাসের নাম ও সংকেত:

- N₂ - বাহক গ্যাস • CHCl₃ - চেতনানাশক গ্যাস
• COCl₂ - ফসজিন গ্যাস • [CO + H₂] - ওয়াটার গ্যাস

Ans : D.

১৮. সবচেয়ে শক্তিশালী অজৈব এসিড হল-

- A. HCl B. HNO₃
C. H₂SO₄ D. HClO₄

ব্যাখ্যা: অক্সি এসিডসমূহের কেন্দ্রীয় পরমাণুর ধনাত্মক জারণ সংখ্যা যত বেশি তার তীব্রতাও তত বেশি।

$\text{HClO}_4 > \text{H}_2\text{SO}_4 > \text{HClO}_3 > \text{H}_2\text{SO}_3 > \text{HNO}_2 > \text{HCl}$
জারণ সংখ্যা সমান হলে কেন্দ্রীয় পরমাণুর ইলেকট্রনের চার্জের ঘনত্বের উপর তীব্রতা নির্ভর করে। কেন্দ্রীয় পরমাণুর আকার ছোট হলে চার্জ ঘনত্ব বেশি হবে।

$\text{HNO}_3 > \text{HClO}_3$

Ans : D.

১৯. এসিড বৃষ্টিতে কোন এসিডটি থাকেনা?

- A. নাইট্রিক এসিড B. সালফিউরিক এসিড
C. হাইড্রোক্লোরিক এসিড D. সাকসিনিক এসিড

ব্যাখ্যা: • এসিড বৃষ্টি: বায়ুমন্ডলে অধঃক্ষেপণ বৃষ্টিতে pH এর মান 5.6 এর কম হলেই ঐ অধঃক্ষেপণকে এসিড বৃষ্টি বলে।

• কলকারখানা অঞ্চলের এসিড বৃষ্টির pH এর মান 5.6 থেকে 3.5 এর মধ্যে থাকে।

• এসিড বৃষ্টি সৃষ্টিতে ৩টি এসিডের (H₂SO₃, H₂SO₄, HNO₃) এর ভূমিকা রয়েছে, যা প্রাইমারী বায়ুদূষক SO₂ গ্যাস ও নাইট্রোজেনের অক্সাইডসমূহ (NO₂) হতে উৎপন্ন হয়।

• বিউটেন 1,4-ডাইওরিক এসিড বা সাকসিনিক এসিড মূলত একটি প্রাকৃতিক এসিড, যা Flavouring agent হিসাবে খাদ্যে এবং ভেবোরেজ সমূহে ব্যবহৃত হয়। সংকেত: C₄H₆O₄

Ans : C&D.

২০. নিচের কোন আয়নটি রঙিন যৌগ গঠন করে?

- A. Sc³⁺ B. Mg²⁺
C. Zn²⁺ D. Ni²⁺

ব্যাখ্যা: অবস্থান্তর মৌলসমূহের বৈশিষ্ট্য-

- (i) অবস্থান্তর মৌলসমূহের পরিবর্তনশীল যোজ্যতা থাকে।
(ii) রঙিন যৌগ গঠন করে। (iii) জটিল যৌগ গঠন করে।
(iv) প্রভাবকরূপে ক্রিয়া করে। (v) তারা প্যারাম্যাগনেটিক ধর্ম প্রদর্শন করে।
 $\text{Ni}^{2+} \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^8$
 Ni^{2+} d ব্লক ও অবস্থান্তর মৌল যার d অরবিটাল আংশিকভাবে পূর্ণ।
তাই, এটি রঙিন যৌগ গঠন করে।

Ans : D.

২১. STP তে কোনো গ্যাসের 1L এ কত মোল গ্যাস থাকে?

- A. 0.045 B. 0.224
C. 0.45 D. 2.24

ব্যাখ্যা: মোল সংখ্যা $n = \frac{W}{M} = \frac{X}{N_A} = \frac{V(t)}{22.4}$ (STP তে)

$$= \frac{V(t)}{24.789} \text{ (SATP তে)} = \frac{PV}{RT}$$

$$\therefore \text{মোল সংখ্যা, } n = \frac{V(t)}{22.4} = \frac{1}{22.4} = 0.045$$

Ans : A.

২২. বিচ্ছিন্ন অবস্থায় একটি পরমাণুর শক্তি-

- A. যুক্ত অবস্থার চাইতে কম B. যুক্ত অবস্থার চাইতে অধিক
C. যুক্ত অবস্থার সমান D. কোনোটিই সঠিক নয়

ব্যাখ্যা: পরমাণুর কেন্দ্র অক্ষরত শক্তির ভান্ডার। পরমাণুর ইলেকট্রন যত বেশি বাইরের শক্তিস্তরে থাকে এর গতিশক্তি তত বেশি হয়; তাই বিচ্ছিন্ন অবস্থায় একটি পরমাণুর এই শক্তি যুক্ত অবস্থার চাইতে অধিক হয়।

Ans : B.

২৩. 0.1M NaOH দ্রবণের pH কত?

- A. 1 B. 14
C. 13 D. 8

ব্যাখ্যা: $\text{NaOH} \rightleftharpoons \text{Na}^+ + \text{OH}^-$
0.1M 0.1M 0.1M

$$\therefore \text{pOH} = -\log[\text{OH}^-] = -\log[0.1] = 1$$

$$\Rightarrow 14 - \text{pH} = 1 \Rightarrow \text{pH} = 14 - 1 = 13$$

Ans : C.

২৪. কোনটি প্যারাম্যাগনেটিক মৌল?

- A. Zn B. Cu
C. Ca D. Mg

ব্যাখ্যা: d ব্লকের মৌলসমূহ প্যারাম্যাগনেটিক অর্থাৎ চুম্বকক্ষেত্র দ্বারা আকৃষ্ট হয়। কারণ- এদের d অরবিটালে বিজোড় ইলেকট্রন থাকে।

$\text{Cu} \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^1$ (d ব্লক)

$\text{Cu}^{2+} \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^9$ (অবস্থান্তর মৌল)

Cu d ব্লক ও অবস্থান্তর মৌল, তাই কপার প্যারাম্যাগনেটিক মৌল।

Ans : B.

২৫. নিচের কোনটি অর্থো-প্যারা নির্দেশক?

- A. -NH₂ B. -COOH
C. -SO₃H D. কোনোটিই সঠিক নয়

ব্যাখ্যা: • অর্থো প্যারা নির্দেশক মূলক-

NH_2 , OH , OR , R , Ar , X , CH_3

• মেটা নির্দেশক মূলক-

NO_2 , CN , SO_3H , CO , COOH , CHO

Ans : A.

পানকোডি

CU: 2022 - 2023 (23)

গণিত

 ১. যদি $x^2 = 5y^2 + \sin y$ হয়, তাহলে $\frac{dy}{dx}$ কত হবে?

- A. $\frac{2x}{\cos y + 10y}$ B. $\frac{2x}{\sin y + 10y}$
C. $\frac{10y}{\cos y + 2x}$ D. $\frac{5}{\sin y}$

 ব্যাখ্যা: $x^2 = 5y^2 + \sin y \Rightarrow 2x = 10y \frac{dy}{dx} + \cos y \frac{dy}{dx}$

$$\Rightarrow \frac{dy}{dx} = \frac{2x}{10y + \cos y}$$

Ans : A.

 ২. $\vec{b} = 6\hat{i} + 7\hat{j} - 6\hat{k}$ ভেক্টর বরাবর $\vec{a} = 2\hat{i} - 2\hat{j} + \hat{k}$ ভেক্টরের উপাংশ কত?

- A. $\frac{8}{121}\vec{b}$ B. $-\frac{8}{121}\vec{b}$
C. $\frac{8}{121}\vec{a}$ D. $-\frac{8}{121}\vec{a}$

 ব্যাখ্যা: \vec{b} বরাবর \vec{a} এর উপাংশ = $\frac{\vec{b} \cdot \vec{a}}{|\vec{b}|}$

$$= \frac{(6\hat{i} + 7\hat{j} - 6\hat{k}) \cdot (2\hat{i} - 2\hat{j} + \hat{k})}{\sqrt{6^2 + 7^2 + 6^2}} \hat{b}$$

$$= \frac{12 - 14 - 6}{\sqrt{121}} \hat{b} = -\frac{8}{11} \cdot \frac{\vec{b}}{11} = -\frac{8}{121} \vec{b}$$

Ans : B.

 ৩. বাস্তব সংখ্যায় $(x - 1)(x + 2) > 0$ অসমতাটির সমাধান-

- A. $-\frac{2}{3} \leq x \leq \frac{1}{3}$ B. $x > 1$ অথবা $x < -2$
C. $-1 \leq x \leq 3$ D. $-1 < x < 3$

 ব্যাখ্যা: $(x - 1)(x + 2) > 0$

$$\Rightarrow x < -2 \text{ অথবা } x > 1$$

Ans : B.

 ৪. $\lim_{x \rightarrow \infty} \frac{\sqrt{x^2 + 2x}}{-x}$ এর মান কত?

- A. 1 B. -1
C. -∞ D. ∞

 ব্যাখ্যা: $\lim_{x \rightarrow \infty} \frac{\sqrt{x^2 + 2x}}{-x}$

$$= \lim_{x \rightarrow \infty} \frac{\sqrt{\frac{x^2}{x^2} + \frac{2x}{x^2}}}{-\frac{x}{x}} = \lim_{x \rightarrow \infty} \frac{\sqrt{1 + \frac{2}{x}}}{-1} = \frac{\sqrt{1 + 0}}{-1} = -1$$

Ans : B.

 ৫. $1 + i$ কোনো দ্বিঘাত সমীকরণের একটি মূল হলে সমীকরণটি হবে-

- A. $x^2 - 2x + 2 = 0$ B. $x^2 - 3x + 3 = 0$
C. $x^2 + x = 0$ D. $x^2 - 4x + 4 = 0$

 ব্যাখ্যা: একটি মূল $1 + i$ হলে অপরটি হবে $1 - i$

∴ সমীকরণটি হবে,

$$x^2 - (1 + i + 1 - i)x + (1 + i)(1 - i) = 0$$

$$\Rightarrow x^2 - 2x + (1 - i^2) = 0 \Rightarrow x^2 - 2x + 2 = 0$$

Ans : A.

 ৬. $y = x^2 - 1$ ফাংশনটির Optimal value কোনটি?

- A. 1 B. 0
C. -1 D. কোনোটিই নয়

 ব্যাখ্যা: $y = x^2 - 1$
 $x^2 = 0$ মানের জন্য, $y_{\min} = 0 - 1 = -1$
 $x^2 > 0$ মানের জন্য, $y_{\max} =$ অনির্ণেয়।

Optimal value সর্বনিম্ন ও সর্বোচ্চ দু'ধরনের হয়।

 ∴ Optimal value (minimum value), $y_{\min} = -1$

Ans : C.

৭. 'Chattogram' শব্দে ব্যঞ্জনবর্ণ গুলো একটি নিয়ে সাজানো (সমাবেশ) সংখ্যা কত?

- A. 120690 B. 102690
C. 210690 D. 120960

ব্যাখ্যা: প্রথমে ভুল আছে। কারণ- সাজানো সংখ্যা দ্বারা বিন্যাসকে বুঝানো হয়েছে।

Ans : নাই।

 ৮. $\tan^2 x + \sec^2 x = 3$ হলে x -এর মান হবে-

- A. $n\pi \pm \frac{\pi}{4}$ B. $\frac{\pi}{4}$
C. $\frac{n\pi}{4}$ D. 0

 ব্যাখ্যা: $\tan^2 x + \sec^2 x = 3 \Rightarrow \tan^2 x + 1 + \tan^2 x = 3$

$$\Rightarrow 2\tan^2 x = 2 \Rightarrow \tan x = \pm 1 \Rightarrow \tan x = \pm \tan \frac{\pi}{4}$$

$$\therefore x = n\pi \pm \frac{\pi}{4}$$

Ans : A.

 ৯. সমপরিমাণ তিনটি বল পরস্পর 120° কোণে কোন বিন্দুতে ক্রিয়া করলে লব্ধি বল হবে-

- A. $3p$ B. ∞
C. 0 D. কোনোটিই নয়

 ব্যাখ্যা: যেহেতু সমপরিমাণ তিনটি বল পরস্পর 120° কোণে ক্রিয়াশীল; অর্থাৎ প্রত্যেকটি বল অপর বলদ্বয়ের অন্তর্গত কোণের \sin এর সমানুপাতিক, সুতরাং লামির বিপরীত উপপাদ্য অনুসারে, বলগুলো সাম্যাবস্থায় থাকবে।

∴ এদের লব্ধি = 0

Ans : C.

 ১০. $f: x \rightarrow x + 3$ এবং $g: x \rightarrow x^2 + 3x + 4$ হলে $go(f(0))$ এর মান কত?

- A. 22 B. 0
C. 3 D. 4

 ব্যাখ্যা: $go(f(0)) = g(0 + 3) = g(3) = 3^2 + 3 \cdot 3 + 4 = 22$

Ans : A.

পানকৌড়ি

CU: 2022-2023 (24)

 ১১. $x - y - 6 = 0$ এবং $3x - 8y + 3 = 0$ রেখার ছেদবিন্দুগামী যা মূলবিন্দু দিয়ে যায়, এরূপ রেখার সমীকরণ হল-

- A. $x - y$ B. $3x - 8y = 0$
C. $y = mx + c$ D. $7x - 17y = 0$

 ব্যাখ্যা: $x - y - 6 = 0$ (i)

 $3x - 8y + 3 = 0$ (ii)

যেহেতু, (i) ও (ii) নং রেখার ছেদবিন্দুগামী রেখাটি মূলবিন্দুগামী সেহেতু কোনো constant থাকবে না।

(ii) নং কে 2 দ্বারা গুণ করে এবং (i) নং যোগ করে পাই,

$$6x - 16y + 6 = 0$$

$$\frac{x - y - 6 = 0}{7x - 17y = 0}$$

Ans : D.

 ১২. $|z - 3| = 1$ দ্বারা প্রকাশিত বৃত্তের কেন্দ্র ও ব্যাসার্ধ কত?

- A. (5, 0), 3 একক B. (0, 0), 1 একক
C. (3, 0), 1 একক D. কোনোটিই নয়

 ব্যাখ্যা: $|z - 3| = 1 \Rightarrow |x + iy - 3| = 1$

$$\Rightarrow \sqrt{(x-3)^2 + y^2} = 1 \Rightarrow (x-3)^2 + y^2 = 1^2$$

 \therefore কেন্দ্র (3, 0) এবং ব্যাসার্ধ = 1 একক

Ans : C.

 ১৩. $\tan \theta = \frac{3}{4}$ হলে, $\frac{\sin \theta - \cos \theta}{\sin \theta + \cos \theta}$ এর মান কোনটি?


- A. 7 B. $\frac{1}{7}$ C. $-\frac{1}{7}$ D. -7

 ব্যাখ্যা: $\tan \theta = \frac{3}{4}$

$$\therefore \sin \theta = \frac{3}{5}, \cos \theta = \frac{4}{5}$$

$$\therefore \frac{\frac{3}{5} - \frac{4}{5}}{\frac{3}{5} + \frac{4}{5}} = -\frac{1}{7}$$

Ans : B.


 ১৪. $y = \frac{1}{\sqrt{4-x}}$ ফাংশনটির ডোমেন ও রেঞ্জ কোনটি?

- A. $-\infty < x \leq 4; 0 \leq y < \infty$
B. $-\infty < x < 4; 0 < y < \infty$
C. $-\infty < x < 4; 0 \leq y < \infty$
D. $-\infty < x \leq 4; 0 < y < \infty$

 ব্যাখ্যা: এখানে, $4 - x > 0 \Rightarrow x < 4$
- A. C₄ গতিপথ B. C₃ গতিপথ
C. CAM গতিপথ D. কোনোটিই নয়

ব্যাখ্যা : ● C₃-চক্র ঘটে - ধান, গম, বার্লি, আম, জাম, কাঁঠালসহ ৮৫% উদ্ভিদে।
● গিনিঘাস, ইক্ষু, ভূট্টা, মুখাঘাস ইত্যাদি উদ্ভিদে C₄ চক্র সংঘটিত হয়।
● পাথরকুচি গোত্র (Crassulaceae গোত্র) সংঘটিত হয় CAM প্রক্রিয়া।

Ans : A.

৮. মাতৃদুগ্ধ থেকে কোন এন্টিবডি পাওয়া যায়?

- A. IgG B. IgM C. IgE D. IgA

ব্যাখ্যা : ● গর্ভাবস্থায় অমরা অতিক্রম করে মায়ের অর্জিত প্রতিরক্ষাকে জগদেহে বাহিত করে - IgG অ্যান্টিবডি।

● মাতৃদুগ্ধ থেকে পাওয়া যায় - IgA অ্যান্টিবডি।

Ans : D.

৯. কোন মৌমাছি রয়েল জেলি তৈরি করে?

- A. রাণী B. ড্রোন
C. কর্মী D. ড্রোন এবং কর্মী মৌমাছি

ব্যাখ্যা : রাজকীয় জেলি বা রয়েল জেলি কর্মী মৌমাছির হাইপোফ্যারিজিয়াল ও ম্যাগ্নিভুলার গ্রন্থি থেকে ক্ষরিত সাদা বর্ণের পুষ্টিকর খাদ্য যা রাণী মৌমাছিকে লার্ভা ও পূর্ণঙ্গ দশায় খাওয়ানো হয়। এর রাসায়নিক উপাদান হলো: পানি ৬০%-৭০%, প্রোটিন ১২%-১৫%, লিপিড ৩%-৬%, চিনি ১০%-১৬%, ভিটামিন ২%-৩%, লবণ ও অ্যামিনো অ্যাসিড।

Ans : C.

১০. নিমোটোসিস্টের ভেতরে যে বিষাক্ত তরল তার নাম কি?

- A. হিমোসায়ানিন B. টক্সিন
C. হিমোজেনিন D. হিপনোটক্সিন

ব্যাখ্যা: হাইড্রার নেমোটোসিস্টে হিপনোটক্সিন নামক বিষাক্ত তরল পাওয়া যায়। হিপনোটক্সিন প্রোটিন ও ফেনলধর্মী।

Ans : D.

১১. মানব দেহের কোন অঙ্গ ফাইব্রিনোজেন তৈরি করে?

- A. অগ্ন্যাশয় B. ফুসফুস C. হৃদযন্ত্র D. যকৃত

ব্যাখ্যা : রক্ত জমাট বাধার ফ্যাক্টর প্রোথ্রমিন ও ফাইব্রিনোজেন অত্যন্ত প্রয়োজনীয় প্রাজমা প্রোটিন। যকৃত প্রোথ্রমিন ও ফাইব্রিনোজেন সৃষ্টি করে রক্ত তখন সহায়তা করে।

Ans : D.

পানভোড়ি

CU: 2022 - 2023 (65)

১২. মানবদেহে কত স্তরের প্রতিরক্ষা ব্যবস্থা আছে?

- A. 2 B. 3 C. 4 D. 5

ব্যাখ্যা : মানবদেহে ৩টি প্রতিরক্ষা স্তর বিদ্যমান-

- প্রথম প্রতিরক্ষা স্তর [নন স্পেসিফিক রাসায়নিক ও গাঠনিক বাহ্যিকতলীয় প্রতিরক্ষা]
- দ্বিতীয় প্রতিরক্ষা স্তর [নন-স্পেসিফিক অস্ত্র কোষীয় ও রাসায়নিক প্রতিরক্ষা]
- তৃতীয় প্রতিরক্ষা স্তর [ইমিউন সাদা]

Ans : B.

১৩. কোনটি যৌনবাহিত রোগ নয়?

- A. সিকিলিস B. গনোরিয়া C. এইডস D. যক্ষা

ব্যাখ্যা: যৌনবাহিত রোগ:

- সিকিলিস - *Treponema pallidum* ব্যাকটেরিয়া জীবাণু দ্বারা ঘটে।
- গনোরিয়া - *Neisseria gonorrhoeae* ব্যাকটেরিয়া জীবাণু দ্বারা ঘটে।
- AIDS (এইডস) - HIV ভাইরাস দ্বারা সংক্রমিত হয়।

Ans : D.

১৪. কোন অঙ্গটি মধ্যকর্ণের অংশ?

- A. ইলিয়াম B. ম্যালিয়াস C. ইন্ডিয়াম D. পিউবিস

ব্যাখ্যা : মধ্যকর্ণের অঙ্গ-৩টি।

যথা- ম্যালিয়াস, ইনকাস, স্টেপিস। মানবদেহের ক্রুদ্রতম অঙ্গ স্টেপিস।
মধ্যকর্ণের অঙ্গগুলোর সম্ভ্রান্তক্রম: ম্যালিয়াস → ইনকাস → স্টেপিস।

Ans : B.

১৫. মানবদেহে সারভাইকাল ভার্টিব্রা কয়টি?

- A. 4 টি B. 5 টি C. 7 টি D. 12 টি

ব্যাখ্যা : মানবদেহের কশেরুকার প্রকারভেদ:

- সারভাইকাল (গ্রীবাদেশীয়) কশেরুকা - ৭টি।
- থোরাসিক (বক্ষদেশীয়) কশেরুকা - ১২টি।
- লাম্বার (কটদেশীয়) কশেরুকা - ৫টি।
- স্যাক্রাল (শ্রোণীদেশীয়) কশেরুকা - ৫টি। (একীভূত)
- কক্সিজিয়াল (পৃষ্ঠদেশীয়) - ৪টি। (একীভূত)

Ans : C.

১৬. Swim bladder কোন ধরনের প্রাণীতে থাকে?

- A. ব্যাঙ B. সাপ C. পাখি D. মাছ

ব্যাখ্যা : • বায়ুথলি/সুত্তরথ থলি রুইমাছের একটি হাইড্রোস্ট্যাটিক অঙ্গ।

- বায়ুথলি একটি প্রবর্তা রক্তাকারী অঙ্গ।
- বায়ুথলি পানিতে উৎপন্ন শব্দের প্রতিধ্বনি সৃষ্টি করতে পারে যা ওয়েবেরিয়ান অসিকল দিয়ে অঙ্গকর্ণে যায়, ফলে মাছ শব্দ শুনতে পায়।

Ans : D.

১৭. সিলভার ফিশ কোন পর্বের প্রাণী?

- A. কর্ডাটা B. একাইনোডারমাটা C. আর্থ্রোপোডা D. মলাস্কা

ব্যাখ্যা: সিলভার ফিশ (Silver Fish) - আর্থ্রোপোডা পর্বের একটি পেস্ট। এটি Thysanura বর্গের একটি ইনসেক্ট। সিলভার ফিশ-এর বৈজ্ঞানিক নাম *Lepisma saccharinum*.

Ans : C.

১৮. সেন্ট্রাম কোন হাড়ের অংশ?

- A. করোটি B. কশেরুকা C. হাতের D. পায়ের

ব্যাখ্যা : একটি আদর্শ কশেরুকার অংশসমূহ-

- সেন্ট্রাম
- ডার্ট্রাল ফোরামেন
- কোস্টাল ফ্যাসেট
- পেডিকুল
- সুপিরিয়র আর্টিকুলার ফ্যাসেট
- ট্রান্সভার্স প্রসেস
- ল্যামিনা
- স্পাইনাস প্রসেস।

Ans : B.

১৯. রুই মাছের প্রতি পার্শ্বে কয়টি ফুলকা আর্চ (Gill Arches) থাকে?

- A. 2 B. 3 C. 4 D. 5

ব্যাখ্যা : রুইমাছের গলবিলের প্রতি পাশে পাঁচটি ব্রাঙ্কিয়াল আর্চ থাকে। আর প্রতিপাশে প্রথম চারটি ব্রাঙ্কিয়াল আর্চ একটি করে ফুলকা ধারণ করে। পঞ্চম ব্রাঙ্কিয়াল আর্চ কোনো ফুলকা ধারণ করে না।

Ans : D.

২০. কোন বিজ্ঞানীকে কোষবিদ্যার জনক বলা হয়?

- A. Carl P. Swanson B. Robert Hooke C. Theodor Schwann D. Redlof Virchow

ব্যাখ্যা : • কোষবিদ্যার জনক - Robert Hooke

- আধুনিক কোষবিদ্যার জনক - Carl P. Swanson.
- কোষ মতবাদ/কোষতত্ত্বের প্রবক্তা - থিওডোর সোয়ান।

Ans : B.

২১. কোনটি উদ্ভিদের শরীরতাত্ত্বিক প্রক্রিয়া নয়?

- A. পরাগায়ন B. খনিজ লবণ শোষণ C. প্রবেদন D. সবাত শ্বসন

Ans : A.

২২. যে শব্দ দিয়ে বায়োটেকনোলজির কৃষিক্ষেত্রে প্রয়োগ বর্ণনা করা হয়-

- A. ব্র-বায়োটেকনোলজী
- B. রেড এন্ড হোয়াইট বায়োটেকনোলজী
- C. গ্রিন বায়োটেকনোলজী
- D. কোনোটিই নয়

ব্যাখ্যা : • ব্র-বায়োটেকনোলজি - জলীয় ও সামুদ্রিক প্রয়োগ বর্ণনা করা হয়।

- গ্রিন বায়োটেকনোলজি - কৃষিক্ষেত্রে প্রয়োগ বর্ণনা করা হয়।
- রেড ও হোয়াইট বায়োটেকনোলজি - চিকিৎসাক্ষেত্রে প্রয়োগ বর্ণনা করা হয়।

Ans : C.

২৩. ট্রান্সজেনিক উদ্ভিদ উৎপাদনে বহুল ব্যবহৃত অণুজীব-

- A.
- Lactobacillus*
- B.
- Enterobacter sp.*
- C.
- Vibrio*
- D.
- E. coli*

ব্যাখ্যা : রিকম্বিনেন্ট DNA প্রযুক্তি ও ট্রান্সজেনিক উদ্ভিদ উৎপাদনে প্রক্রিয়া অণুজীবের উপর বিশেষভাবে নির্ভরশীল। জীবপ্রযুক্তিতে বহুল ব্যবহৃত ব্যাকটেরিয়া *E. coli*, *Agrobacterium tumefaciens*।

Ans : D.

২৪. সূর্যালোকের শক্তি যা উদ্ভিদের সবুজ অঙ্গে শোষিত হয়-

- A. ATP B. NADPH C. ফোটন D. কোনোটিই নয়

ব্যাখ্যা : • সূর্যালোকের শক্তি উদ্ভিদের সবুজ অঙ্গে শোষিত হয় - ফোটন কণা আকারে।

- পাতায় শোষিত সৌরশক্তির মোট পরিমাণের মাত্র ০.৫-৩.৫% ক্লোরোফিল ও অন্যান্য রঞ্জক পদার্থ কর্তৃক শোষিত হয়।

Ans : C.

২৫. ক্রোমোজোমের যে স্থানে জিন অবস্থান করে তাকে বলে-

- A. জেনেটিক কোড B. রেকন C. লোকাস D. রেপ্লিকন

ব্যাখ্যা : • ক্রোমোজোমের যে স্থানে জিন অবস্থান করে ঐ স্থানকে লোকাস বলে।

- রেকন: এটি জিন রিকম্বিনেশনের একক।
- মিউটন: একে জিন মিউটেশনের একক বলা হয়।
- রেপ্লিকন: DNA রেপ্লিকেশন এর একক।

Ans : C.

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

শিক্ষাবর্ষ: ২০২১-২২; A-Unit (Shift-A)

বাংলা

১. 'লাজুল' শব্দের অর্থ কী?

- A. লাঙল B. লেজ
C. লম্বা D. লকেট

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

Ans : B.

২. 'শত অঙ্গের সমাহার' - এটি কোন সমাসের ব্যাসবাক্য?

- A. বহুব্রীহি B. দ্বিগু
C. তৎপুরুষ D. কর্মধারয়

ব্যাখ্যা: সমাহার বা সমষ্টি বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্যপদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে।

যথা: শত অঙ্গের সমাহার = শতাব্দী।

চৌ রাত্তার সমাহার = চৌরাস্তা।

Ans : B.

৩. "কী সাংঘাতিক ব্যাপার।" - এটি কী ধরনের বাক্য?

- A. বিবৃতিমূলক B. আদেশসূচক
C. বিস্ময়সূচক D. প্রশ্নমূলক

ব্যাখ্যা: আনন্দ, দুঃখ, শোক, করুণা, কাতরতা, বিস্ময়, প্রশংসা ইত্যাদি মনোভাব প্রকাশের জন্য যে বাক্য ব্যবহৃত হয়, তাকে বিস্ময়সূচক বাক্য বলে। যথা: কী সাংঘাতিক ব্যাপার!

হুররে! আমরা খেলায় জিতেছি।

বাহ! চমৎকার লিখেছে।

Ans : C.

৪. নিম্নের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক?

- A. শেষের কবিতা B. সোনার তরী
C. রাজা D. গোরা

ব্যাখ্যা: প্রশ্নোক্ত রচনার ধরন ও রচয়িতা-

রচনা	ধরন	রচয়িতা
শেষের কবিতা	উপন্যাস	রবীন্দ্রনাথ ঠাকুর
সোনার তরী	কাব্যগ্রন্থ	
রাজা	নাটক	
গোরা	উপন্যাস	

Ans : C.

৫. 'উত্তরী' শব্দের অর্থ কী?

- A. কুয়াশা B. উত্তর দিক
C. চাদর D. সমুদ্র

ব্যাখ্যা: 'তাহারেই পড়ে মনে' কবিতার কতিপয় শব্দার্থ-

প্রদত্ত শব্দ	অর্থ
উত্তরী	চাদর, উত্তরীয়।
সমীর	বাতাস।
অলখ	অলক্ষ। দৃষ্টির অগোচরে।
পাথার	সমুদ্র।
কুহেলি	কোয়াশা।
বরিয়	বরণ করে।

Ans : C.

৬. 'আমি জানি হি ইজ এ ডেড হর্স' - উক্তিটি কার?

- A. হলওয়েল B. ক্লাইভ
C. উমিচাঁদ D. ক্রেটন

ব্যাখ্যা: 'আমি জানি হি ইজ এ ডেড হর্স' উক্তিটি লর্ড ক্লাইভের। নবাব সিরাজউদ্দৌলা সম্পর্কে মিরজাফরকে উদ্দেশ্য করে ক্লাইভ এ কথা বলেন।

Ans : B.

৭. সৈয়দ ওয়ালীউল্লাহ'র জন্ম কত সালে?

- A. ১৯২০ B. ১৯২১
C. ১৯২২ D. ১৯২৪

ব্যাখ্যা: সৈয়দ ওয়ালীউল্লাহ সম্পর্কিত কতিপয় তথ্য-

জন্ম	চট্টগ্রাম জেলার ষোলশহরে। ১৫ই আগস্ট, ১৯২২ সালে।
পৈতৃক নিবাস	নোয়াখালীতে।
মৃত্যু	ফ্রান্সের প্যারিসে। ১০ অক্টোবর, ১৯৭১।
উপন্যাস	লালসালু, চাঁদের অমাবস্যা, কাদো নদী কাদো।
গল্পগ্রন্থ	নয়নচারা, দুই তীর ও অন্যান্য গল্প।
নাটক	বহির্পীর, তরঙ্গভঙ্গ, উজানের মৃত্যু, সুড়ঙ্গ।

Ans : C.

৮. কবি কাজী নজরুল ইসলাম -এর রচনা-

- A. শবনম B. চন্দ্রবিন্দু
C. হিম্মত D. আমি অনাহারী

ব্যাখ্যা: কাজী নজরুল ইসলাম-রচিত গল্পগ্রন্থ-

১. ব্যথার দান, ২. রক্তের বেদন, ৩. চন্দ্রবিন্দু, ৪. শিউলিমালা।

Ans : B.

৯. মহব্বতনগর গ্রামের পার্শ্ববর্তী গ্রামের নাম কি?

- A. রহমতপুর B. হরতনপুর
C. রায়পুর D. আওয়ালপুর

ব্যাখ্যা: 'লালসালু' উপন্যাসের কতিপয় তথ্য-

• মহব্বতনগর গ্রামের পার্শ্ববর্তী গ্রামের নাম - আওয়ালপুর।

• একটি হাসপাতাল আছে - করিমগঞ্জ।

• গারো পাহাড় থেকে মধুপুর গড় - তিন দিনের পথ।

• খোলা মাঠে হাড় কাঁপায় - অগ্রহায়ণের শীতে।

• বড় নদী - চারগ্রাম পর।

• দূর জঙ্গলে ডাকে - বাঘ।

• দূরে উৎসব হচ্ছে - ডোমপাড়ায়।

Ans : D.

১০. 'কুহেলি উত্তরী তলে সন্ধ্যাসী', শূন্যস্থানে কোন শব্দ বসবে?

- A. পৌষের B. মাঘের
C. পথের D. মেঘের

ব্যাখ্যা: 'তাহারেই পড়ে মনে' কবিতার উদ্ধৃতি-

"কহিল সে কাছে সরে আসি-

'কুহেলি উত্তরী তলে মাঘের সন্ধ্যাসী-

গিয়াছে চলিয়া ধীরে পুষ্পশূন্য দিগন্তের পথে

রিক্ত হস্ত! তাহারেই পড়ে মনে, ভুলিতে পারি না কোনো মতে,"

Ans : B.

English

1. Prices more than ten percent in recent times.
A. have raise B. have risen
C. have been raise D. has been risen

ব্যাখ্যা: Subject (Third person Singular) হলে এর সাথে “has” এবং subject (Third person Plural) হলে এর সাথে “have” বসে। আবার, Present perfect tense এর গঠনানুসারে main verb এর past participle ব্যবহৃত হয়।

সম্পূর্ণ বাক্যটি হবে- “Prices have risen more than ten percent in recent times.” যার অর্থ- “সাম্প্রতিক সময়ে দাম ১০ শতাংশের বেশি বেড়েছে”।

এখানে, “Prices” Third person Plural হওয়ায় এর সাথে “have” বসবে এবং Present perfect tense এর গঠনানুসারে main verb “rise” এর Past participle “risen” ব্যবহৃত হবে।

Ans : B.

2. The passengers and crew of the aeroplane had a escape when it was taking off from the runway.
A. brief B. narrow C. large D. slight

ব্যাখ্যা: A narrow escape - অল্পের জন্য রক্ষা পাওয়া/বেঁচে যাওয়া।
সম্পূর্ণ বাক্যটি হবে- “The passengers and crew of the aeroplane had a narrow escape when it was taking off from the runway.” যার অর্থ- “রানওয়ে থেকে উড্ডয়নের সময় বিমানটির যাত্রীরা এবং ক্রু অল্পের জন্য রক্ষা পেয়েছিল”।

Ans : B.

3. I wish I taller.

- A. would be B. could be
C. had been D. were

ব্যাখ্যা : I wish দ্বারা অবাস্তব (unreal) ইচ্ছা পোষণ করা বুঝালে সেক্ষেত্রে subject এর পর was এর পরিবর্তে were ব্যবহৃত হয়।

সম্পূর্ণ বাক্যটি হবে- “I wish I were taller.” যার অর্থ- “আমি যদি লম্বা হতাম (অর্থাৎ বাস্তবে আমি লম্বা না)।”

এখানে, অবাস্তব (unreal) ইচ্ছা পোষণ করা অর্থে subject “I” এর পর was এর পরিবর্তে were ব্যবহৃত হবে।

Ans : D.

4. It is difficult for me to part my belongings.

- A. from B. of C. off D. with

ব্যাখ্যা: Part with - to let go of something or give up something (Objects or possessions এর ক্ষেত্রে)।

Part from - to leave someone or to separate from someone (Person এর ক্ষেত্রে)।

Part off - A screen used to divide off part of a room (এমন পর্দা যা একটি কক্ষের কিছু অংশ বিভক্ত করতে ব্যবহৃত হয়)।

Part of - fragment (অংশ)।

সম্পূর্ণ বাক্যটি হবে- “It is difficult for me to part with my belongings.” যার অর্থ- “আমার জিনিসপত্র পরিত্যাগ করা আমার পক্ষে কঠিন”।

এখানে, “belongings” দ্বারা যেহেতু Objects (বস্তু)/ possessions (সম্পদ) বুঝাচ্ছে সেহেতু এক্ষেত্রে “Part with” ব্যবহৃত হবে।

Ans : D.

5. I have lived in Cumilla .

- A. since 5 years B. 5 years ago
C. for 5 years D. for 5 years ago

ব্যাখ্যা: Present perfect tense এ Extension হিসেবে একটি নির্দিষ্ট সময়কাল (A certain period of time) নির্দেশ করতে “for” ব্যবহৃত হয়।

সম্পূর্ণ বাক্যটি হবে- “I have lived in Cumilla for 5 years.” যার অর্থ- “আমি পাঁচ বছর ধরে কুমিল্লায় থাকি”।

এখানে, “5 years” একটি নির্দিষ্ট সময়কাল। তাই এর পূর্বে “for” ব্যবহৃত হবে। এক্ষেত্রে “for 5 years ago” হবে না কারণ এটি দ্বারা “৫ বছর পূর্বে কুমিল্লায় বাস করত; এখন আর করে না” এমনটা বুঝাবে।

Ans : C.

6. We shall finish the work before he back.

- A. come B. will come
C. comes D. would come

ব্যাখ্যা: Before দ্বারা Future Time clause বুঝালে সেক্ষেত্রে Rule টি নিম্নরূপ-

Future tense (main clause) + before + simple present (Time clause).

Ex: We shall finish the work before he comes back.

এখানে, “We shall finish the work” অংশটি একটি main clause যা Future tense এ আছে। অন্যদিকে “before” এর পরের অংশটি একটি Time clause। উপরোক্ত নিয়মানুসারে তাই এখানে Simple present ব্যবহৃত হবে। আবার “before” দ্বারা Past time clause বুঝালে “before” এর পূর্বে Past perfect এবং পরে Simple past হবে।

Ex: The train had started before I reached the station.

Ans : C.

7. I never drive to work, I walk.

- A. always B. sometimes
C. seldom D. rarely

ব্যাখ্যা: যে কাজটি সবসময় হয়, তার জন্য “always” ব্যবহৃত হয়।

সম্পূর্ণ বাক্যটি হবে- “I never drive to work, I always walk.” যার অর্থ- “আমি কখনো গাড়ি চালিয়ে কাজে যাই না, আমি সর্বদা হেঁটে যাই”। এখানে সর্বদা/সবসময় অর্থে “always” ব্যবহৃত হবে।

“always” একটি “Adverb of frequency”। এমন আরো কিছু “Adverb of frequency” হলো-

often, seldom, rarely, every now and then, hardly ever, sometimes, never, always, occasionally, eventually.

Ans : A.

8. The word that best expresses the meaning of predict is-

- A. explain B. foretell
C. observe D. assert

ব্যাখ্যা: Predict - ভবিষ্যদ্বাণী করা।

Assert - দাবি করা/প্রমাণ করা।

Foretell - পূর্বাভাস/ ভবিষ্যদ্বাণী করা।

Predict এর গুরুত্বপূর্ণ কিছু Synonyms & Antonyms:

Synonyms: Forecast, Foretell, Prognosticate, Prophecy, Vaticinate.

Antonyms: Ignore, Disbelieve, Misunderstand, Assure, Warrant.

Ans : B.

9. "I want to eat an apple." "Can you pass me — please?"
 A. apple B. the apples
 C. some apple D. another apples

ব্যাখ্যা: সম্পূর্ণ বাক্যটি হবে- "I want to eat an apple. Can you pass me the apples please? যার অর্থ- "আমি একটি আপেল খেতে চাই। তুমি কি দয়া করে আমাকে আপেল দিতে পারো?"

অপশন (A) তে শুধু apple দেয়া আছে ও এখানে আপেলের পরিমাণটা বলা হয় নি। অপশন (C) তে "some apple" দ্বারা "একটি আপেলের কিছু স্লাইস বা টুকরা বুঝাচ্ছে", পরিপূর্ণ আপেল নয়। কিন্তু বক্তা চাচ্ছে একটি সম্পূর্ণ আপেল খেতে, তাই এই অপশনটিও গ্রহণযোগ্য নয়। অপশন (D) তে "another apples" grammatically শুদ্ধ নয় কারণ another এর পরে singular noun ব্যবহৃত হবে। সুতরাং এখানে অপশন (B) শুদ্ধ কারণ "the apples" দ্বারা একাধিক আপেল বুঝাচ্ছে যা থেকে বক্তা একটি পরিপূর্ণ আপেল খেতে পারে।

Ans : B.

10. It was definitely _____ that you meant, _____?
 A. his father/wasn't it B. right/wasn't it
 C. wrong/didn't you D. whom/didn't you

ব্যাখ্যা: Complex sentence এর tag question করার ক্ষেত্রে এই sentence এর principal/main clause এর subject এবং verb অনুসারে tag করতে হয়। Subordinate clause এর tag হয় না।

এখানে, প্রদত্ত sentence টি একটি Complex sentence এবং এর principal/main clause হচ্ছে "It was definitely right" অংশটি। এক্ষেত্রে principal clause টির subject "It" এবং verb "was" এর negative tag "wasn't it?" হবে। অপশন A শুদ্ধ নয় কারণ এটি অর্থগত দিক থেকে ভুল।

সম্পূর্ণ বাক্যটি হবে- "It was definitely right that you meant, wasn't it?" যার অর্থ- "আপনি যা বুঝিয়েছিলেন তা একদম সঠিক ছিল। এটি কি ছিলো না?"

Ans : B.

11. He bought a _____ suit for his sister.
 A. fabulous British woollen
 B. British woollen fabulous
 C. woollen fabulous British
 D. woollen British fabulous

ব্যাখ্যা: একটা Noun এর পূর্বে একাধিক Adjectives আসলে নিম্নের order টি follow করতে হবে-

Determiners (a, an, The) → Subjective opinion (exciting, interesting, fabulous etc) → Physical description (thin, rough, untidy etc) → Age (young, old etc) → Color (Blue, red, pink) → Origin (Indian, British etc) → Material (woolen, metallic etc) → Type (four-sided, u-shaped etc) → Purpose (hammering, cleaning etc).

এখানে, "fabulous" একটি Subjective opinion, "British" একটি Origin এবং "woolen" একটি Material adjective। তাই উপরোক্ত ক্রমানুসারে fabulous British woollen হবে।

Ans : A.

12. Mrs. Raihana _____ her daughter that she _____ in England for six months in 1992.
 A. has told/has lived
 B. told/had lived
 C. had told/had been living
 D. tells/has been living

ব্যাখ্যা: কোনো কাজ অতীতে কোনো নির্দিষ্ট সময়ে সংঘটিত হয়েছিল বুঝাতে "Past perfect tense" ব্যবহৃত হয়। Mrs. Raihana ১৯৯২ সালে ছয় মাসের জন্য England এ বসবাস করেছিলেন। এক্ষেত্রে "for six months" একটি নির্দিষ্ট সময়। তাই এখানে, "that" এর পরের clause টি "Past perfect tense" এর structure follow করবে। "that" এর পূর্বের clause টি Past tense এ হওয়াতে এবং এরপর object হিসেবে "her daughter" থাকতে, এর আগের clause টিও Past tense এ হবে অর্থাৎ "told" হবে।

Ans : B.

13. _____ selfies when I visit places.

- A. Seldom I take B. I take seldomly
 C. I seldomly do take D. Seldom do I take

ব্যাখ্যা: Negative expressions (seldom, rarely, barely, hardly, scarcely, little, never, only) এর Inversion করার নিয়ম নিম্নরূপ-
 Negative expression + auxiliary verb + Subject.

Ex: Seldom (Negative expression) + do (auxiliary verb) + I (Subject).

এখানে, Seldom একটি Negative word এবং এক্ষেত্রে কোনো নির্দিষ্ট auxiliary verb না থাকায় Subject "I" এর জন্য auxiliary verb হিসেবে "do" নিয়ে Sentence টির Inversion করতে হবে।

Ans : D.

14. If you _____ a car, you should get it _____ regularly.

- A. owned/to service
 B. had owned/being serviced
 C. will own/servicing
 D. own/serviced

ব্যাখ্যা: 1st conditional:

If + simple present + future tense (shall/will/can/may)।

Ex: If you come, I will meet you.

কেন্দ্রবিশেষে 1st conditional- এ Should ব্যবহৃত হতে পারে।

Causative Verb (get):

i) Get + person + to + verb (base) → Get Raju to call.

ii) Get + thing + past participle → Get the house painted.

প্রদত্ত প্রশ্নে 1st conditional অনুযায়ী প্রথম gap এ simple present হবে এবং ২য় gap এ Causative Verb এর নিয়ম অনুযায়ী get এর পর বস্তুরাচক object থাকায় past participle হবে।

Ans : D.

15. My uncle was _____ businessman to fall into that trap.

- A. shrewd enough a B. an enough shrewd
 C. a too shrewd D. too shrewd a

ব্যাখ্যা: কোনো sentence এ too + adj + to + verb দ্বারা Negative অর্থ প্রকাশ করে। বাক্যটিতে না বোধক অর্থ প্রকাশে তাই too + shrewd (adj) + to + fall (verb) ব্যবহৃত হবে।

সম্পূর্ণ বাক্যটি হবে- "My uncle was too shrewd a businessman to fall into that trap." যার অর্থ- "আমার চাচা এতই চালাক একজন ব্যবসায়ী যে তিনি এই ফাঁদে পড়বেন না"।

Ans : D.

পানকোডি

CU: 2021 - 2022 (69)

পদার্থবিদ্যা

১. নিচের কোন যন্ত্রের সাহায্যে রোধ পরিমাপ করা হয়?

- A. মিটার ব্রিজ B. পটেনশিওমিটার
C. অ্যামিটার D. ভোল্টমিটার

ব্যাখ্যা: মিটার ব্রিজ: যে যন্ত্রে এক মিটার লম্বা সুখম প্রস্থচ্ছেদের একটি তারকে কাজে লাগিয়ে হুইটস্টোন ব্রিজের নীতি ব্যবহার করে কোনো অজানা রোধ নির্ণয় করা হয় তাকে মিটার ব্রিজ বলে।

$$\text{মিটার ব্রিজের ক্ষেত্রে, } \frac{R_1}{R_2} = \frac{l}{(100-l)}$$

- মিটার ব্রিজ হুইটস্টোন ব্রিজের একটি ব্যবহারিক রূপ।
- মিটার ব্রিজের সাহায্যে- কোনো পরিবাহীর রোধ ও কোনো পরিবাহীর উপাদানের আপেক্ষিক রোধ নির্ণয় করা যায়।

Ans : A.

২. একটি উত্তল লেন্সের ফোকাস দূরত্ব (focal length) 0.5 m হলে লেন্সটির ক্ষমতা-

- A. +0.5D B. -0.5D
C. +2D D. -2D

$$\text{ব্যাখ্যা: ক্ষমতা, } P = \frac{1}{f(m)} = \frac{1}{0.5} = +2D$$

Ans : C.

৩. দৃশ্যমান আলোর কোন রঙটির কম্পাঙ্ক সবচেয়ে বেশি?

- A. বেগুনী B. সবুজ C. হলুদ D. লাল

ব্যাখ্যা: দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্য-

বর্ণ	তরঙ্গদৈর্ঘ্য (nm)	তরঙ্গদৈর্ঘ্য (Å)
বেগুনী (Violet)	400 - 450	4000 - 4500
নীল (Blue)	450 - 480	4500 - 4800
আসমানী (Indigo)	480 - 500	4800 - 5000
সবুজ (Green)	500 - 550	5000 - 5500
হলুদ (Yellow)	550 - 600	5500 - 6000
কমলা (Orange)	600 - 650	6000 - 6500
লাল (Red)	650 - 700	6500 - 7000

আমরা জানি, তরঙ্গদৈর্ঘ্য ও কম্পাঙ্কের মধ্যকার সম্পর্ক ব্যস্তানুপাতিক।

$$\text{অর্থাৎ, } f \propto \frac{1}{\lambda}$$

সুতরাং, দৃশ্যমান আলোর বেগুনী রঙের কম্পাঙ্ক সবচেয়ে বেশি।

Ans : A.

৪. 2.2 kw হিটারে 220 V সরবরাহে কি পরিমাণ কারেন্ট প্রবাহিত হবে?

- A. 1 A B. 2.2 A C. 10 A D. 22 A

$$\text{ব্যাখ্যা: } P = VI \Rightarrow I = \frac{P}{V} = \frac{2.2 \times 10^3}{220} = 10 A$$

Ans : C.

৫. p-ধরন অর্ধপরিবাহীর (semiconductor) সংখ্যাগরিষ্ঠ বাহক হলো-

- A. ইলেকট্রন B. হোল (hole) C. নিউট্রন D. পজিট্রন

ব্যাখ্যা: p টাইপ অর্ধপরিবাহী:

- চতুর্থোক্তনীর কোনো বিত্ত্ব অর্ধপরিবাহীর (Ge বা Si) সাথে ত্রিযোক্তনীর কোনো অপদ্রব্য (B, Al, Ga, In) মিশিয়ে p-type অর্ধপরিবাহী তৈরি করা হয়।
- p-type এ ধনাত্মক তড়িৎ আধানই মুখ্য ভূমিকা পালন করে।
- হোল সংখ্যাগুরু বাহক, ইলেকট্রন সংখ্যালঘু বাহক।

Ans : B.

৬. বায়ু ও হীরকের মধ্যকার সংকট কোণ 25° হলে প্রতিসরাঙ্ক কত?

- A. 2.566 B. 2.366 C. 2.666 D. 2.444

$$\text{ব্যাখ্যা: } {}_w\mu_d = \frac{1}{\sin\theta_c} = \frac{1}{\sin 25^\circ} = 2.37 \Rightarrow \frac{\mu_d}{\mu_w} = 2.37$$

$$\therefore \mu_d = 2.37 \times \mu_w = 2.37 \times 1 = 2.37$$

Ans : B.

৭. আলোর অপবর্তন নিচের কোন কারণে ঘটে?

- A. প্রতিফলন B. ব্যতিচার C. সমবর্তন D. প্রতিসরণ

ব্যাখ্যা: অপবর্তন: বস্তুর কিনারা ঘেঁষে আলোকের রশ্মিগুলোকে যোগ্যকৈ অপবর্তন বলে।

- তরঙ্গদৈর্ঘ্য বৃদ্ধি পেলে এই ক্ষমতা বৃদ্ধি পায়।
- একটি তরঙ্গমুখের বিভিন্ন অংশ হতে নির্গত গৌণ তরঙ্গসমূহের ব্যতিচারের ফলে অপবর্তন সৃষ্টি হয়।

Ans : B.

৮. অর্ধপরিবাহী ডায়োডকে কি বলা হয়?

- A. রেটিফায়ার B. ট্রানজিস্টর
C. অ্যামপ্লিফায়ার D. FET

ব্যাখ্যা: রেটিফায়ার: যে পদ্ধতিতে AC প্রবাহকে একমুখী DC প্রবাহে পরিবর্তন করা হয় তাকে একমুখীকরণ বা রেটিফিকেশন বলে। যে বর্তনী এ কাজে ব্যবহার করা হয় তাকে একমুখীকারক বা রেটিফায়ার বলে।

- অর্ধপরিবাহী ডায়োডকে রেটিফায়ার বলা হয়।

Ans : A.

৯. এক আলোকবর্ষ (light year) সমান প্রায়--

- A. 3×10^8 m B. 3×10^8 ms⁻¹
C. 9.46×10^{15} m D. 9.46×10^{15} ms⁻¹

$$\begin{aligned} \text{ব্যাখ্যা: 1 আলোক বর্ষ} &= \text{আলোর বেগ} \times \text{এক বছর} \\ &= (3 \times 10^8 \text{ ms}^{-1}) \times (365 \times 24 \times 3600 \text{ s}) \\ &= 9.4 \times 10^{15} \text{ m} \end{aligned}$$

Ans : C.

১০. স্থির চার্জের উপর চৌম্বক বল ---

- A. শূন্য B. অত্যন্ত বেশী
C. অত্যন্ত কম D. কোনোটিই নয়

ব্যাখ্যা: চৌম্বক বল, $F = qvB \sin\theta$

স্থির চার্জ অর্থাৎ $v = 0$; সুতরাং, $F = 0$

সুতরাং, স্থির চার্জ চৌম্বকক্ষেত্রে কোনো চৌম্বক বল অনুভব করে না।

Ans : A.

১১. অ্যাম্পিয়ারের সূত্র-

- A. তড়িৎ প্রবাহ নির্ণয় করে
B. তড়িৎ প্রবাহের সাথে চৌম্বক ক্ষেত্রের সম্পর্ক নির্ণয় করে
C. তড়িৎ চুম্বকীয় আবেশ ব্যাখ্যা করে
D. পরিবাহিতার সূত্র নির্ণয় করে

ব্যাখ্যা: অ্যাম্পিয়ারের সূত্র: কোনো বন্ধপথে চৌম্বক ক্ষেত্রের (\vec{B}) রৈখিক সমাকলন, পথটি দ্বারা বেষ্টিত তলের প্রবাহ I এর মধ্য দিয়ে প্রবাহিত মোট তড়িৎ গাণিতিক আকারে μ_0 গুণের সমান। অর্থাৎ, $\oint \vec{B} \cdot d\vec{s} = \mu_0 I$

- এই সূত্রের সাহায্যে কোনো পরিবাহীর মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহের দরুন সৃষ্ট চৌম্বক ক্ষেত্রের মান অর্থাৎ চৌম্বক প্রাবল্য নির্ণয় করা যায়।
- এটা উক্ত পরিবাহীর মধ্য দিয়ে প্রবাহিত প্রবাহমাত্রা i এবং এতে সৃষ্ট চৌম্বক \vec{B} -এর মধ্যে সম্পর্ক নিরূপণ করে।

Ans : B.

১২. ${}^4_2\text{He}$ এর নিউক্লিয়াসে ইলেকট্রন কয়টি?

- A. 0 B. 2 C. 4 D. 6

ব্যাখ্যা: He এর ভরসংখ্যা, $A = 4$
পারমাণবিক সংখ্যা $= Z =$ প্রোটন সংখ্যা $= 2$
এবং নিউট্রন সংখ্যা $= A - Z = 4 - 2 = 2$

Ans : B.

১৩. পরমশূন্য তাপমাত্রা কোনটি?

- A. 0°F B. 0°C C. 0°Re D. 0 K

ব্যাখ্যা: পরমশূন্য তাপমাত্রা: যে তাপমাত্রায় স্থির চাপে কোনো নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন শূন্য হয় এবং গতিশক্তি লোপ পায়, তাকে পরম শূন্য তাপমাত্রা বলে। পরমশূন্য তাপমাত্রায় গ্যাসের গতিশক্তি শূন্য।

পরমশূন্য তাপমাত্রা, সেলসিয়াস স্কেলে $= -273^\circ\text{C}$
কেলভিন স্কেলে $= 0\text{ K}$
ফারেনহাইট স্কেলে $= 459.4^\circ\text{F}$

Ans : D.

১৪. কোনটি মৌলিক রাশি নয়?

- A. তড়িৎ বিভব B. তাপমাত্রা
C. দীপন তীব্রতা D. পদার্থের পরিমাণ

ব্যাখ্যা: নিউটনীয় বা চিরায়ত বলবিদ্যার মৌলিক রাশি তিনটি - স্থান, কাল বা সময় এবং ভর।

মৌলিক রাশি: যে সকল রাশি স্বাধীন বা নিরপেক্ষ, যেগুলো অন্য রাশির উপর নির্ভর করে না বরং অন্যান্য রাশি এদের উপর নির্ভর করে, তাদেরকে মৌলিক রাশি বলে। মৌলিক রাশি হল সাতটি।

যথা: (i) দৈর্ঘ্য, (ii) ভর, (iii) সময়, (iv) তাপমাত্রা, (v) তড়িৎ প্রবাহ, (vi) দীপন তীব্রতা, (vii) পদার্থের পরিমাণ।

Ans : A.

১৫. ঘাতবলের (impulse) মাত্রা সূত্র কোনটি?

- A. MLT B. MLT^{-1}
C. $\text{ML}^{-1}\text{T}^{-1}$ D. MLT^{-2}

ব্যাখ্যা: ঘাতবল: যে প্রচণ্ড বল অল্প সময় ধরে ক্রিয়া করে গতির পরিবর্তন করে কিন্তু সরণ ঘটায় না, তাকে ঘাত বল বলে।

• একক: নিউটন (N) • মাত্রা: $[\text{MLT}^{-2}]$

Ans : D.

১৬. দুটি ভেক্টরের লব্ধির মান সর্বোচ্চ হবে যখন এদের মধ্যবর্তী কোণ-

- A. 0° B. 45° C. 60° D. 180°

ব্যাখ্যা: লব্ধির সর্বোচ্চ মান $= P + Q$

$$\therefore R_{\max}^2 = P^2 + Q^2 + 2PQ \cos \alpha$$

$$\Rightarrow (P + Q)^2 = P^2 + Q^2 + 2PQ \cos \alpha$$

$$\Rightarrow P^2 + 2PQ + Q^2 = P^2 + Q^2 + 2PQ \cos \alpha$$

$$\Rightarrow \cos \alpha = 1 = \cos 0^\circ$$

$$\therefore \alpha = 0^\circ$$

অর্থাৎ, ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ 0° হলে লব্ধির মান সর্বোচ্চ হবে।

Ans : A.

১৭. \vec{m} -এর মান কত হলে $\vec{P} = 4\hat{i} + m\hat{j}$ এবং $\vec{Q} = 8\hat{i} - 4\hat{j} + 9\hat{k}$ পরস্পর লম্ব হবে?

- A. 8 B. 6 C. 4 D. -4

ব্যাখ্যা: দুটি ভেক্টর পরস্পর লম্ব হওয়ার শর্ত - $\vec{A} \cdot \vec{B} = 0$

$$\Rightarrow (32 - 4m) = 0 \Rightarrow 4m = 32 \Rightarrow m = 8$$

Ans : A.

১৮. কোন বস্তুর ভর 10 kg হলে পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন-

- A. 0 N B. 9.81 N C. 10 N D. 98.1 N

ব্যাখ্যা: পৃথিবীর কেন্দ্রের অভিকর্ষজ ত্বরণ, $g = 0\text{ m/s}^2$

$$\therefore \text{বস্তুর ওজন, } W = mg = 10 \times 0 = 0\text{ N}$$

Ans : A.

১৯. প্রক্ষেপকের বিচরণকালের সমীকরণ-

$$A. T = \frac{2v_0 \sin \theta_0}{g} \quad B. T = \frac{v_0 \cos \theta_0}{g}$$

$$C. T = \frac{v_0 \sin \theta_0}{g} \quad D. T = \frac{2v_0 \cos \theta_0}{g}$$

ব্যাখ্যা: কোনো বস্তুকে x অক্ষের সাথে θ কোণে v_0 আদিবেগে নিক্ষেপ করা হলে-

$$\bullet \text{ সর্বোচ্চ উচ্চতা, } H = \frac{v_0^2 \sin^2 \theta_0}{2g}$$

$$\bullet \text{ উড্ডয়নকাল, } T = \frac{2v_0 \sin \theta_0}{g}$$

$$\bullet \text{ আনুভূমিক পাল্লা, } R = \frac{v_0^2 \sin 2\theta_0}{g}$$

$$\bullet \text{ বেগের আনুভূমিক উপাংশ, } v_x = v_0 \cos \theta_0$$

$$\bullet \text{ বেগের উল্লম্ব উপাংশ, } v_y = v_0 \sin \theta_0$$

Ans : A.

২০. নিচের কোনটি ঘর্ষণ বলের উদাহরণ?

- A. সংসক্তি বল B. সংরক্ষণশীল বল
C. আসঞ্জন বল D. অসংরক্ষণশীল বল

ব্যাখ্যা: • সংরক্ষণশীল বল: যে বল কোনো বস্তুর উপর ক্রিয়াশীল অবস্থায় বস্তুটিকে যেকোনো পথে ঘুরিয়ে পুনরায় প্রাথমিক অবস্থানে আনলে বল কর্তৃক কৃতকাজ শূন্য হয়, তাকে সংরক্ষণশীল বল বলে।

উদাহরণ: অভিকর্ষীয় বল, বৈদ্যুতিক বল, আদর্শ স্প্রিং-এর বিকৃতি প্রতিরোধী বল, চৌম্বক বল, মহাকর্ষীয় বল, কুলম্ব বল ইত্যাদি।

• অসংরক্ষণশীল বল: যে বল কোনো বস্তুর উপর ক্রিয়াশীল অবস্থায় বস্তুটিকে যেকোনো পথে ঘুরিয়ে পুনরায় প্রাথমিক অবস্থানে আনলে বল কর্তৃক কৃতকাজ শূন্য হয় না, তাকে অসংরক্ষণশীল বল বলে।

উদাহরণ: ঘর্ষণ বল, সান্দ্র বল ইত্যাদি।

Ans : D.

২১. কাজের মান শূন্য হবে যদি প্রযুক্ত বল ও সরণের মধ্যবর্তী কোণ--

- A. 90° B. 180° C. 0° D. 360°

ব্যাখ্যা:

কাজ	বল ও সরণের মধ্যবর্তী কোণ
ধনাত্মক কাজ	$0^\circ \leq \theta < 90^\circ$
সর্বোচ্চ কাজ	$\theta = 0^\circ$
শূন্য কাজ	$\theta = 90^\circ$
ঋণাত্মক কাজ	$90^\circ < \theta \leq 180^\circ$

Ans : A.

২২. পৃথিবীর ব্যাসার্ধ হ্রাস পেলে g -এর মান-

- A. হ্রাস পাবে B. বৃদ্ধি পাবে
C. অপরিবর্তিত থাকবে D. শূন্য হবে

$$\text{ব্যাখ্যা: } g = \frac{GM}{R^2} \text{ অর্থাৎ, } g \propto \frac{1}{R^2}$$

অর্থাৎ, পৃথিবীর ব্যাসার্ধ কমলে g এর মান বৃদ্ধি পাবে।

Ans : B.

পান্থকোডি

CU: 2021 - 2022 (71)

২৩. গ্যাসের সান্দ্রতা ও গাঢ় তাপমাত্রার-

- A. সমানুপাতিক B. ব্যস্তানুপাতিক
C. বর্গমূলের সমানুপাতিক D. বর্গমূলের ব্যস্তানুপাতিক

ব্যাখ্যা: সান্দ্রতার উপর তাপমাত্রার প্রভাব-

 ১) তরল: তাপমাত্রা বাড়লে তরলের সান্দ্রতা হ্রাস পায়। উদাহরণস্বরূপ, 80°C তাপমাত্রায় পানির সান্দ্রতা ও গাঢ় 0°C তাপমাত্রায় পানির সান্দ্রতা ও গাঢ়ের এক-তৃতীয়াংশ মাত্র।

 ২) গ্যাস: গ্যাসের তাপমাত্রা বৃদ্ধি পেলে সান্দ্রতা বৃদ্ধি পায়। গ্যাসের সান্দ্রতা ও গাঢ় তার পরম তাপমাত্রার বর্গমূলের সমানুপাতিক। অর্থাৎ $\eta \propto \sqrt{T}$

Ans : C.

২৪. একটি নিস্পন্দ বিন্দু (node) ও সংলগ্ন সুস্পন্দ বিন্দুর (antinode) মধ্যবর্তী দূরত্ব-

- A. $\frac{\lambda}{4}$ B. $\frac{\lambda}{2}$
C. λ D. 2λ

ব্যাখ্যা : স্থির তরঙ্গের ক্ষেত্রে:

- i) পরপর দুটি সুস্পন্দ বা দুটি নিস্পন্দ বিন্দুর দূরত্ব $= \lambda/2$
ii) একটি সুস্পন্দ ও একটি নিস্পন্দ বিন্দুর দূরত্ব $= \lambda/4$
iii) দুটি সুস্পন্দ ও একটি নিস্পন্দ বিন্দুর দূরত্ব $= \lambda/2$
iv) পরপর তিনটি সুস্পন্দ বা নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব $= \lambda$
v) পরপর দুটি তরঙ্গচ্ছত্রের মধ্যবর্তী দূরত্ব $= \lambda$

Ans : A.

২৫. পৃথিবীতে কোনো বস্তুর মুক্তি (escape) বেগ প্রায়-

- A. 1.12 kms^{-1} B. 11.2 kms^{-1}
C. 112.0 kms^{-1} D. 12.2 kms^{-1}

ব্যাখ্যা: মুক্তির বেগ/পলায়ন বেগ/নিষ্করণ বেগ: কোনো বস্তুকে ন্যূনতম বেগে উপরে নিক্ষেপ করলে তা আর পৃথিবীর পৃষ্ঠে ফিরে আসে না, তাকে মুক্তির বেগ বলে।

$$\text{সমীকরণ: } v_e = \sqrt{2gR} = \sqrt{\frac{2GM}{R}}$$



 পৃথিবীর মহাকর্ষীয় বলের আকর্ষণ থেকে মুক্ত হতে হলে কোনো বস্তুকে কমপক্ষে 11.2 kms^{-1} বা 7 miles^{-1} বেগে নিক্ষেপ করতে হবে।

Ans : B.

রসায়ন

১. নিচের কোন বিক্রিয়ায় নতুন কার্বন-কার্বন বন্ধন তৈরি হয়?

- A. ক্যানিজারো B. ক্রিমেনসেন
C. ফ্রিডেল-ক্রাফটস D. উইলিয়ামসন

 ব্যাখ্যা: ফ্রিডেল ক্রাফট বিক্রিয়ায় কার্বন কার্বন নতুন বন্ধন তৈরি হয়। অনার্দ্র AlCl_3 এর উপস্থিতিতে, বেনজিনের সাথে অ্যালকাইল হ্যালাইড (R-X) অথবা অ্যাসাইল হ্যালাইড (RCO-X) এর বিক্রিয়ায় অ্যালকাইলেশন দ্বারা অ্যারোমেটিক হাইড্রোকার্বন অথবা অ্যাসাইলেশন দ্বারা অ্যারোমেটিক কিটোন উৎপন্ন হয়, এ বিক্রিয়াকে ফ্রিডেল ক্রাফট বিক্রিয়া বলে।


Ans : C.

 ২. CH_3OCH_3 এবং $\text{CH}_3\text{CH}_2\text{OH}$ এর মধ্যে নিম্নোক্ত সমানুতা রয়েছে-

- A. অণুতরঙ্গী মূলক সমানুতা B. স্টেরিও সমানুতা
C. অক্টেড্রাল সমানুতা D. মোমোমিটিজম

ব্যাখ্যা: একই আণবিক সংকেতযুক্ত দুটি যৌগের ক্ষমক্লিষ্ট কার্যকরী মূলকের বিভিন্নতা বা কারণে উদ্ভূত সমানুতাকে কার্যকরী মূলক সমানুতা বলে। যেমন- অ্যাকোলে ও ইথারের মধ্যে; অ্যারলিমাইড, অ্যারাইলিক ও ক্রিটোনের মধ্যে কার্যকরী মূলক সমানুতা ঘটে।

$\text{CH}_3\text{CH}_2\text{OH}$ (ইথানল) স্ফটনাঙ্ক: 78.3°C আণবিক সংকেত: $\text{C}_2\text{H}_6\text{O}$	$\text{CH}_3-\text{O}-\text{CH}_3$ (ডাইমিথিল ইথার) স্ফটনাঙ্ক: 25°C আণবিক সংকেত: $\text{C}_2\text{H}_6\text{O}$
--	---

Ans: A.

৩. প্রাকৃতিক পলিমার বায়ো-

- A. স্টার্চ B. চিএনএ C. আমিনো এসিড D. গ্লুকোজ

ব্যাখ্যা : উৎসের ভিত্তিতে পলিমারসমূহ ৩ ধরনের-

১. প্রাকৃতিক পলিমার: সেলুলোজ, স্টার্চ, গ্লাইকোজেন, নিউক্লিক এসিড (DNA, RNA), প্রাকৃতিক রাবার।
২. কৃত্রিম পলিমার: নাইলন, টেরিলিন, পলিফিন, পলিস্টাইরিন, পলিভিনাইল ক্লোরাইড (PVC), টেফলন।
৩. অর্ধকৃত্রিম পলিমার: সেলুলোজ থেকে সেলুলোজ অ্যাসিটেট, সেলুলোজ নাইট্রেট, প্রাকৃতিক রাবার হতে হ্যালাসেলেস্টেট প্রাকৃতিক রাবার।

Ans : A & B.





৪. জারক-বিছারকের উদাহরণ কোন জোড়টি?

- A. KMnO_4 , KI B. CuSO_4 , $\text{K}_2\text{Cr}_2\text{O}_7$
C. KMnO_4 , $\text{K}_2\text{Cr}_2\text{O}_7$ D. $\text{Na}_2\text{C}_2\text{O}_4$, KMnO_4

 ব্যাখ্যা: অক্সীয় KMnO_4 দ্রবণ ও KI এর রিডক্স বিক্রিয়া-

 অক্সীয় KMnO_4 ও KI দ্রবণের রিডক্স বিক্রিয়ায় বিছারক হলো অক্সোজেন (O) এবং জারক হলো অক্সীয় পরমাণুসহিত অ্যান (MnO₄⁻)।

রিডক্স বিক্রিয়ার অর্ধ বিক্রিয়া নিম্নরূপ-



Ans : A.

৫. এক গ্রাম পানিতে কতটি অণু থাকে?

- A. 6.023×10^{23} B. 3.345×10^{23}
C. 3.346×10^{12} D. 1.958×10^{23}

 ব্যাখ্যা: পানির মোলার ভর, $M = 18 \text{ g/mol}$
 18 g বা 1 mol পানিতে অণুর সংখ্যা $= 6.022 \times 10^{23}$ টি

$$\therefore 1 \text{ g পানিতে অণুর সংখ্যা} = \frac{6.022 \times 10^{23}}{18} \text{ টি}$$

$$= 3.345 \times 10^{22} \text{ টি}$$

Ans : নাই।

 ৬. 100 cm^3 দ্রবণে 10.6 g Na_2CO_3 দ্রবীভূত থাকে, মোলারিটি (M) বের কর।

- A. 10.6 B. 0.5 C. 106 D. 1.0

 ব্যাখ্যা : Na_2CO_3 এর আণবিক ভর $(23 \times 2 + 12 + 16 \times 3) = 106 \text{ g}$

$$\therefore \text{ঘনমাত্রা, } S = \frac{1000 \text{ W}}{\text{MV}} = \frac{1000 \times 10.6}{106 \times 100} = 1 \text{ M}$$

Ans : D.

পানকৌড়ি

CU: 2021 - 2022 (72)

 ৭. 127°C এর সমতা হচ্ছে-

- A. 400 K B. 127 K
C. 273 K D. 229 K

 ব্যাখ্যা: $T = (t^{\circ} + 273) = (127 + 273) = 400\text{ K}$


Ans : A.

৮. কোনটি পিরিমিডিন নিউক্লিওসাইড?

- A. Adenosine B. Guanosine
C. Uridine D. Dioxadenosine

ব্যাখ্যা: নিউক্লিওসাইড ২ প্রকার:

১. পিরিমিডিন নিউক্লিওসাইড: সাইটোসিন (C), ইউরাসিল (U) ও থাইমিন (T)
২. পিউরিন নিউক্লিওসাইড: এডেনিন (A), গুয়ানিন (G)



Ans : C.

৯. অ্যালকোহলের সাধারণ ফর্মুলা কোনটি?

- A. $\text{C}_n\text{H}_{2n}\text{OH}$ B. $\text{C}_n\text{H}_{2n+1}\text{OH}$
C. $\text{C}_n\text{H}_{2n-1}\text{OH}$ D. $\text{C}_n\text{H}_{n+1}\text{OH}$

ব্যাখ্যা :

শ্রেণি	সাধারণ সংকেত	উদাহরণ
অ্যালকেন	$\text{C}_n\text{H}_{2n+2}$	$\text{CH}_4, \text{C}_2\text{H}_6, \text{C}_3\text{H}_8$
অ্যালকিন	C_nH_{2n}	$\text{C}_2\text{H}_4, \text{CH}_3\text{-CH=CH}_2$
অ্যালকাইন	$\text{C}_n\text{H}_{2n-2}$	$\text{C}_2\text{H}_2, \text{CH}_3\text{-C}\equiv\text{CH}$
অ্যালকোহল	$\text{C}_n\text{H}_{2n+1}\text{OH}$	$\text{CH}_3\text{-OH}, \text{CH}_3\text{CH}_2\text{OH}$
অ্যালডিহাইড	$\text{C}_n\text{H}_{2n+1}\text{CHO}$	$\text{CH}_3\text{-CHO}$
কিটোন	R-CO-R	$\text{CH}_3\text{-C(=O)-CH}_3$
অ্যামিন	$\text{C}_n\text{H}_{2n+1}\text{NH}_2$	$\text{CH}_3\text{-NH}_2$
সাইক্লো অ্যালকেন	C_nH_{2n}	$\triangle, \text{CH}_2\text{-CH}_2, \text{CH}_2\text{-CH}_2$

Ans : B.

১০. নিচের কোনটি তাপগতিবিদ্যার প্রথম সূত্র?

- A. $q = \Delta E - W$ B. $\Delta H = q + W$
C. $\Delta E = \Delta H + P\Delta V$ D. $\Delta E = P\Delta V$

ব্যাখ্যা: তাপগতিবিদ্যার প্রথম সূত্র: শক্তি একরূপ থেকে অন্যরূপে পরিবর্তিত হতে পারে কিন্তু একে কখনো সৃষ্টি বা ধ্বংস করা যায় না।

সিস্টেমের উপর কাজ সম্পাদিত হলে,

তাপের পরিমাণ = অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন - সিস্টেম দ্বারা সম্পাদিত কাজ

$$\therefore q = \Delta E - W$$

Ans : A.

১১. সর্বোচ্চ জারণ সংখ্যা কোনটির?

- A. Se B. Mn
C. Ti D. Cr

ব্যাখ্যা:

জারক	সংশ্লিষ্ট মৌলের (Mn) প্রাথমিক জারণ সংখ্যা (O.N)	বিক্রিয়ায় গৃহীত e^- সংখ্যা	পরিবর্তিত জারণ সংখ্যা	পরিবর্তিত রূপ
KMnO_4 (অম্লীয়)	+7	$+5e^-$	+2	Mn^{2+}
KMnO_4 (প্রশম)	+7	$+3e^-$	+4	MnO_2
KMnO_4 (ক্ষারীয়)	+7	$+e^-$	+6	MnO_4^{2-}

অন্যদিকে Se, Ti, Cr এর সর্বোচ্চ জারণ সংখ্যা যথাক্রমে +6, +4, +6।

Ans : B.

১২. নিচের কোনটি চার্লস -এর সূত্র?

- A. $V \propto 1/P$ (T ধ্রুবক) B. $P \propto T$ (V ধ্রুবক)
C. $V \propto T$ (P ধ্রুবক) D. $P_1V_1 = P_2V_2$

ব্যাখ্যা:

সূত্রের নাম	গাণিতিক রূপ	ধ্রুবক
বয়েলের সূত্র	$V \propto \frac{1}{P}$	T
চার্লসের সূত্র	$V \propto T$	P
গে লুসাকের চাপের সূত্র	$P \propto T$	V
অ্যাভোগেড্রোর সূত্র	$V \propto n$	T ও P

Ans : C.

১৩. ডিউটেরিয়ামে নিউট্রনের সংখ্যা কত?

- A. 2 B. 3
C. 1 D. 0


 ব্যাখ্যা: ডিউটেরিয়াম (^2_1H বা D) এ নিউট্রন সংখ্যা, $n = A - Z = 2 - 1 = 1$

 ট্রিটিয়াম (^3_1H বা T) এ নিউট্রন সংখ্যা = $3 - 1 = 2$

Ans : C.

১৪. ফসজিন-এর সংকেত কোনটি?

- A. CHCl_3 B. CCl_4
C. COCl D. COCl_2

 ব্যাখ্যা: চেতনানাশকরূপে সার্জারিতে বিদ্যমান ক্লোরোফর্ম (CHCl_3) ব্যবহার করতে হয়। কিন্তু সূর্যালোক ও বাতাসের সংস্পর্শে ক্লোরোফর্ম জারিত হয়ে বিষাক্ত ফসজিন গ্যাস বা কার্বনিল ক্লোরাইডে পরিণত হয়।


Ans : D.

১৫. নিচের কোনটিতে সর্বাধিক বিজোড় ইলেকট্রন রয়েছে?

- A. Mg^{2+} B. Ti^{3+}
C. V^{3+} D. Fe^{3+}

 ব্যাখ্যা: $\text{Mg}^{2+}(12) \rightarrow 1s^2 2s^2 2p^6$
 $\text{Ti}^{3+}(22) \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^1$
 $\text{V}^{3+}(23) \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^2$
 $\text{Fe}^{3+}(26) \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^5$
 Fe^{3+} এ সর্বাধিক 5 টি বিজোড় ইলেকট্রন 3d অরবিটালে অবস্থান করে।

Ans : D.



@AdmissionStuffs

পানকৌড়ি

CU: 2021 - 2022 (73)

১৬. NTP এ 2L নাইট্রোজেনের ওজন-

- A. 28 g B. 1.25 g
C. 2.5 g D. 14.0 g

 ব্যাখ্যা: N_2 এর আণবিক ভর = 28 g

NTP তে 22.4 L গ্যাসের ওজন = 28 g

$$\therefore 2 \text{ L গ্যাসের ওজন} = \frac{28 \times 2}{22.4} = 2.5 \text{ g}$$

Ans : C.

 ১৭. $\lambda = h/mv$ সমীকরণের নাম-

- A. Schrodinger সমীকরণ B. de Broglie সমীকরণ
C. Bohr সমীকরণ D. Einstein সমীকরণ

ব্যাখ্যা:

 • ডি ব্রোগলির সমীকরণ: চলমান বস্তুকণার তরঙ্গ ধর্ম (λ) = $\frac{\text{দ্রব্যক (h)}}{\text{বস্তু কণার ভর ধর্ম (mv)}}$

 • বোর মডেল: $mvr = \frac{nh}{2\pi}$

 • আইনস্টাইনের ভর শক্তি সমীকরণ: $E = mc^2$

• শ্রোডিঞ্জারের তরঙ্গ বলবিদ্যার সমীকরণ:

$$\frac{\delta^2 \Psi}{\delta x^2} + \frac{\delta^2 \Psi}{\delta y^2} + \frac{\delta^2 \Psi}{\delta z^2} + \frac{8\pi^2 m}{h^2} (E - V) \Psi = 0$$

Ans : B.

১৮. কোন যৌগটি 'এসিড বৃষ্টি'-এর জন্য দায়ী?

- A. CO_2 B. SO_2
C. CFCs D. CO

ব্যাখ্যা: • বায়ুমন্ডলে অধঃক্ষেপণ বৃষ্টিতে pH এর মান 5.6 এর কম হলেই ঐ অধঃক্ষেপণকে এসিড বৃষ্টি বলে।

• এসিড বৃষ্টি সৃষ্টিতে ৩টি এসিডের ভূমিকা সর্বাধিক।


 এসিডগুলো হল- H_2SO_3 , H_2SO_4 , HNO_3

 • প্রাইমারী বায়ুদূষক SO_2 গ্যাস ও নাইট্রোজেন অক্সাইডসমূহ (NO_x) হতে উৎপন্ন হয়।

Ans : B.

১৯. কোনটি ক্যানিজারো বিক্রিয়া প্রদর্শন করে না?

- A. HCHO B. CH_3CHO
C. C_6H_5CHO D. $(CH_3)_3CHO$

 ব্যাখ্যা: ক্যানিজারো বিক্রিয়া: α -কার্বনে হাইড্রোজেন বিহীন অ্যালডিহাইড ক্যানিজারো বিক্রিয়া দেয়।

 • HCHO, $(CH_3)_3CHO$, C_6H_5CHO এর α -কার্বনে H নেই তাই এরা ক্যানিজারো বিক্রিয়া দেয়। CH_3-CHO এ α -H বিদ্যমান। তাই এটি ক্যানিজারো বিক্রিয়া দেয় না।

Ans : B.

২০. এক মোলার সালফিউরিক এসিড দ্রবণের সমতুল্য---

- A. Normal solution B. N/2 solution
C. 2N solution D. 4N solution

 ব্যাখ্যা: মোলারিটি (M) = $\frac{\text{নরমালিটি (N)}}{\text{তুল্যসংখ্যা (e)}}$
 H_2SO_4 এর ক্ষেত্রে মোলারিটি, M = 1 M, তুল্যসংখ্যা = 2

 \therefore নরমালিটি, N = S \times e = 1 \times 2 = 2 N

Ans : C.

২১. নিচের কোনটি গ্যাসের দ্রবক? R এর মান জুল/ডিগ্রী/মোল

- A. 1.987 B. 8.31×10^7
C. 0.082 D. 8.314

ব্যাখ্যা: বিভিন্ন এককে R এর মান-

এককের নাম	এককের মান
লিটার বায়ুমন্ডল চাপ	$0.0821 \text{ Latm K}^{-1} \text{ mol}^{-1}$
এস. আই (SI)	$8.314 \text{ JK}^{-1} \text{ mol}^{-1}$
সি. জি. এস (C.G.S)	$8.314 \times 10^7 \text{ erg K}^{-1} \text{ mol}^{-1}$
ক্যালরি (Calorie)	$1.987 \text{ Cal K}^{-1} \text{ mol}^{-1}$

Ans : D.

২২. অজৈব লবণের ধ্রুপ বিশ্লেষণে ধ্রুপ-III A এর ধ্রুপ বিকারক হচ্ছে-

- A. $HCl + H_2S$
B. $NH_4Cl + NH_4OH$
C. $NH_4Cl + NH_4OH + H_2S$
D. HCl

ব্যাখ্যা:

ধ্রুপ	আয়ন	ধ্রুপ বিকারক	অধঃক্ষেপের নকশে ও বর্ণ
I	Pb^{2+} Ag^+	লঘু HCl	$PbCl_2$ $AgCl$ } সাদা
IIA	Pb^{2+} Hg^{2+} Bi^{3+} Cu^{2+} Cd^{2+}	লঘু HCl + H_2S	PbS HgS Bi_2S_3 CuS CdS (হলুদ) } কালো
IIB	As^{3+} Sb^{3+} Sn^{2+}	লঘু HCl + H_2S	As_2S_3 (হলুদ) Sb_2S_3 (কমলা) SnS (হলুদ)
IIIA	Fe^{3+} Al^{3+} Cr^{3+}	$NH_4Cl + NH_4OH$	$Fe(OH)_3$ বাদামী $Al(OH)_3$ সাদা চটচটে $Cr(OH)_3$ সবুজ
IIIB	Zn^{2+} Mn^{2+} Ni^{2+} Co^{2+}	$NH_4Cl + NH_4OH + H_2S$	ZnS (সাদা) MnS (মাগনের বর্ণ) NiS , CoS (কালো)
IV	Ba^{2+} Sr^{2+} Ca^{2+}	$NH_4Cl + NH_4OH + (NH_4)_2CO_3$	$BaCO_3$ $SrCO_3$ $CaCO_3$ } সাদা

Ans : B.

 ২৩. দ্রবণে Cu^{2+} আয়ন পরীক্ষার জন্য প্রয়োজন--

- A. NH_4OH solution B. $AgNO_3$ solution
C. $BaCl_2$ solution D. Fehling solution


 ব্যাখ্যা: দ্রবণে Cu^{2+} আয়ন শনাক্তকরণ: দ্রবণে NH_4OH দীর্ঘ দীর্ঘ যোগ করলে ক্ষারীয় কপার লবণের হালকা নীল বর্ণের অধঃক্ষেপ পড়ে। অধিক NH_4OH যোগে গাঢ় নীল বর্ণের জেন্টোঅ্যামিন কপার (II) আয়নের দ্রবন উৎপন্ন হয়।


Ans : A.

২৪. নিচের কোন যৌগটি ডায়াজোনিয়াম লবণ উৎপন্ন করে?

- A. $C_6H_5NH_2$ B. $C_6H_5NO_2$
C. $(CH_3)_2NH$ D. $(CH_3)_3N$

ব্যাখ্যা : ডায়াজোনিয়াম বিক্রিয়া: প্রাইমারি অ্যারোমেটিক অ্যামিন যেমন অ্যানিলিন এর সাথে $0-5^\circ C$ তাপমাত্রায় $NaNO_2$ লবণ ও Conc. HCl থেকে উৎপন্ন HNO_2 এর বিক্রিয়ায় বেনজিন ডায়াজোনিয়াম ক্লোরাইড লবণ উৎপন্ন হয়। এ বিক্রিয়াকে ডায়াজোনিয়াম বিক্রিয়া বলে।



Ans : A.


২৫. নিচের কোন যৌগটি অপটিক্যাল আইসোমারিজম দেখায়?

- A. $CH_2(NH_2)COOH$ B. $CH_3CH(NH_2)COOH$
C. $(CH_3)_2C=CHCl$ D. CH_3CH_2COOH

ব্যাখ্যা: আলোক সক্রিয় সমাপ্তুর (Optical Isomerism) নিম্নোক্ত বৈশিষ্ট্য থাকে:

- অপ্রতিসম কাইরাল পরমাণু বা কাইরাল কেন্দ্র থাকে।
- উভয় সমাপ্তুর কনফিগারেশন পরস্পরের দর্পণ প্রতিবিম্ব হয়।
- উভয় কনফিগারেশন পরস্পরের উপর অসমাপতিত হয়।

যেমন:



Ans : B.

গণিত

 ১. $y = \log(\sec x)$ হলে $\frac{dy}{dx} =$ কত?

- A. $\cos x$ B. $\sec x$
C. $\sec x \tan x$ D. $\tan x$

ব্যাখ্যা: $y = \log(\sec x) \Rightarrow \frac{dy}{dx} = \frac{1}{\sec x} \cdot \sec x \tan x = \tan x$

Ans : D.

২. 4, 8 এবং 16 এর জ্যামিতিক গড় কোনটি?

- A. 8 B. 4
C. 16 D. 12

ব্যাখ্যা : জ্যামিতিক গড় $= (a \times b \times c)^{\frac{1}{3}} = (4 \times 8 \times 16)^{\frac{1}{3}} = 8$

Ans : A.

৩. দ্বিমিক সংখ্যা 11010011 এর দশভিত্তিক সংখ্যা কোনটি?

- A. 99 B. 121
C. 122 D. 211

ব্যাখ্যা : $(11010011)_2 = (1 \times 2^7 + 1 \times 2^6 + 0 \times 2^5 + 1 \times 2^4 + 0 \times 2^3 + 0 \times 2^2 + 1 \times 2^1 + 1 \times 2^0)_{10} = (211)_{10}$

Ans : D.

 ৪. $ax + by + c = 0$, $bx + cy + a = 0$ এবং $cx + ay + b = 0$ রেখাগুলি সমবিন্দু হওয়ার শর্ত কোনটি?

- A. $a - b + c = 0$ B. $a + b - c = 0$
C. $a + b + c = 0$ D. কোনটিই নয়

ব্যাখ্যা: রেখাগুলি সমবিন্দু হলে, $\begin{vmatrix} a & b & c \\ b & c & a \\ c & a & b \end{vmatrix} = 0 \Rightarrow \begin{vmatrix} a+b+c & b & c \\ a+b+c & c & a \\ a+b+c & a & b \end{vmatrix} = 0$

$\Rightarrow (a+b+c) \begin{vmatrix} 1 & b & c \\ 1 & c & a \\ 1 & a & b \end{vmatrix} = 0 \Rightarrow (a+b+c) \begin{vmatrix} 1 & b & c \\ 0 & c-b & a-c \\ 0 & a-c & b-a \end{vmatrix} = 0$

$\Rightarrow (a+b+c)(bc - b^2 - ac + ab - a^2 + 2ac - c^2) = 0$

$\Rightarrow (a+b+c)(a^2 + b^2 + c^2 - ab - bc - ca) = 0$

$\Rightarrow (a+b+c) = 0$

Ans : C.

 ৫. $y = Ae^{mx} + Be^{-mx}$ হলে $y_2 - m^2 y =$ কত?

- A. y B. 0
C. y_1 D. y_2

ব্যাখ্যা : $y = Ae^{mx} + Be^{-mx}$

$\Rightarrow y_1 = m(Ae^{mx} - Be^{-mx}) \Rightarrow y_2 = m^2(Ae^{mx} + Be^{-mx})$

$\Rightarrow y_2 = m^2 y \Rightarrow y_2 - m^2 y = 0$

Ans : B.

 ৬. $\int \frac{dx}{10+6x+x^2} =$ কত?

- A. $\tan^{-1}(x+3) + c$ B. $\tan^{-1}x + c$
C. $\cot^{-1}(x+3) + c$ D. $\tan^{-1}(x+5) + c$

ব্যাখ্যা: $\int \frac{dx}{10+6x+x^2} = \int \frac{dx}{(x+3)^2+1} = \tan^{-1}(x+3) + c$

Ans : A.

 ৭. $3p$ ও $2p$ দুইটি বলের লব্ধি $7p^2$ হলে বল দুটির মধ্যকার কোণের মান কত ডিগ্রি?

- A. 30° B. 60°
C. 120° D. 135°

ব্যাখ্যা : বলের সামান্তরিক সূত্রানুসারে,

$$7p^2 = (3p)^2 + (2p)^2 + 2 \cdot 3p \cdot 2p \cos \alpha$$

$$\Rightarrow -6p^2 = 12p^2 \cos \alpha \Rightarrow \cos \alpha = -\frac{1}{2} \Rightarrow \alpha = 120^\circ$$

[প্রশ্নে ভুল আছে। লব্ধি এর পরিবর্তে লব্ধির বর্গ হবে]

Ans : C.

৮. একটি ধুলেতে লাল, সাদা ও হলুদ রং এর একটি করে বল আছে। উহা হতে নির্বাচনে (random) একটি বল উত্তোলন করা হলে বলটি সাদা রং হওয়ার সম্ভাবনা কত?

- A. $\frac{1}{2}$ B. $\frac{1}{3}$
C. $\frac{2}{3}$ D. 1

ব্যাখ্যা: মোট বল = 3, সাদা বল = 1

\therefore বলটি সাদা হওয়ার সম্ভাবনা $= \frac{1}{3}$

Ans : B.

পানকৌড়ি

CU: 2021 - 2022 (75)

৯. $\int_0^{\frac{\pi}{4}} \cos x \sin^3 x dx$ এর মান কোনটি?

- A. $\frac{1}{12}$ B. $\frac{1}{4}$ C. $\frac{1}{16}$ D. কোনটিই নয়

ব্যাখ্যা : $\int_0^{\frac{\pi}{4}} \cos x \sin^3 x dx$

$$= \int_0^{\frac{\pi}{4}} \frac{1}{\sqrt{2}} z^3 dz = \left[\frac{z^4}{4} \right]_0^{\frac{\pi}{4}}$$

$$= \frac{1}{4} \times \left(\frac{1}{\sqrt{2}} \right)^4 - 0 = \frac{1}{16}$$

Ans : C.

১০. একটি দ্বিঘাত সমীকরণের একটি মূল $(1 - 2i)$ হলে সমীকরণটি—

- A. $x^2 - 2x + 5 = 0$ B. $x^2 - 5x + 2 = 0$
 C. $x^2 + 2x - 5 = 0$ D. $x^2 + 5x - 2 = 0$

ব্যাখ্যা : একটি মূল $(1 - 2i)$ হলে, ২য় মূলটি $(1 + 2i)$

\therefore দ্বিঘাত সমীকরণ হবে,
 $x^2 - (1 - 2i + 1 + 2i)x + (1 - 2i)(1 + 2i) = 0$
 $\Rightarrow x^2 - 2x + 5 = 0$

Ans : A.

১১. ${}^nC_7 = {}^nC_3$ হলে n এর মান কত?

- A. 3 B. 10
 C. 4 D. 7

ব্যাখ্যা : ${}^nC_7 = {}^nC_3 \Rightarrow n = 7 + 3 \Rightarrow n = 10$

Ans : B.

১২. $9x^2 - 16y^2 - 18x - 64y - 199 = 0$ বক্ররেখার জ্যামিতিক পরিচয় কোনটি?

- A. বৃত্ত (circle) B. উপবৃত্ত (ellipse)
 C. পরাবৃত্ত (parabola) D. অধিবৃত্ত (hyperbola)

ব্যাখ্যা: টেকনিক: $ax^2 + by^2 + 2hxy + 2gx + 2fy + c = 0$ সমীকরণের

i) $ab - h^2 = 0$ হলে, পরাবৃত্ত

ii) $ab - h^2 > 0$ হলে, উপবৃত্ত

iii) $ab - h^2 < 0$ হলে, অধিবৃত্ত

এখানে, $a = 9, b = -16, h = 0$

$\therefore ab - h^2 = 9(-16) - 0 = -144 < 0$; যা অধিবৃত্ত

Ans : D.

১৩. $f(x) = 2x - 1$ এবং $g(x) = x^2 - 1$ হলে $g(f(3))$ এর মান কত?

- A. 24 B. 15
 C. 5 D. 4

ব্যাখ্যা: $g(f(3)) = g(2 \cdot 3 - 1) = g(5) = 5^2 - 1 = 24$

Ans : A.

১৪. $f(x) = \log \sqrt{x^2 - 49}$ ফাংশন এর ডোমেন কোনটি? যেখানে x একটি ধনাত্মক সংখ্যা।

- A. $[7, \infty)$ B. $(7, \infty)$
 C. $[49, 0]$ D. $[-\infty, 7]$

ব্যাখ্যা : এখানে, প্রদত্ত ফাংশনটি সংজ্ঞায়িত হবে, যদি
 $x^2 - 49 > 0 \Rightarrow (x + 7)(x - 7) > 0$
 $\Rightarrow x < -7$ অথবা $x > 7 \Rightarrow x = (-\infty, -7) \cup (7, \infty)$

Ans : B.

১৫. $M = \{x: x^2 - 5x + 6 = 0\}$ এবং $N = \{x: x^2 - 11x + 24 = 0\}$

হলে $M \cap N$ এবং $M - N$ এর মান যথাক্রমে—

- A. $\{3\}$ এবং $\{2\}$ B. $\{3\}$ এবং $\{8\}$
 C. $\{8\}$ এবং $\{2\}$ D. $\{2\}$ এবং $\{3\}$

ব্যাখ্যা : $M = \{x: x^2 - 5x + 6 = 0\}$

$= \{x: (x - 2)(x - 3) = 0\} = \{2, 3\}$

$N = \{x: x^2 - 11x + 24 = 0\} = \{x: (x - 3)(x - 8) = 0\} = \{3, 8\}$

$\therefore M \cap N = \{2, 3\} \cap \{3, 8\} = \{3\}$

$M - N = \{2, 3\} - \{3, 8\} = \{2\}$

Ans : A.

১৬. $|2x - 5| < 3$ অসমতাটির সমাধান কোনটি?

- A. $2 < x < 3$ B. $2 < x < 4$
 C. $1 < x < 4$ D. $1 < x < 3$

ব্যাখ্যা: $|2x - 5| < 3 \Rightarrow -3 < 2x - 5 < 3 \Rightarrow 2 < 2x < 8$
 $\Rightarrow 1 < x < 4$

Ans : C.

১৭. $(x^3 + 3x^2 + 5x + 10)$ থেকে কত বিয়োগ করলে উক্ত রাশিটি $(x + 2)$ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?

- A. 4 B. -4 C. 2 D. -2

ব্যাখ্যা: এখানে, $x = -2$ বসিয়ে,

$(-2)^3 + 3(-2)^2 + 5(-2) + 10 = -8 + 12 - 10 + 10 = 4$

যেহেতু, অবশিষ্ট 4 পাওয়া যায়; সেহেতু প্রদত্ত বহুপদী হতে 4 বিয়োগ করলে রাশিটি $(x + 2)$ দ্বারা বিভাজ্য হবে।

Ans : A.

১৮. $\begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$ একটি singular ম্যাট্রিক্স হলে নিচের কোন উক্তিটি সত্য?

- A. $a = 0$ B. $c = 0$
 C. $ad - bc = 0$ D. $b = 0$

ব্যাখ্যা: যে বর্গাকার ম্যাট্রিক্সের নির্ণায়কের মান শূন্য তাকে Singular বা ব্যতিক্রমী ম্যাট্রিক্স বলে।

এখানে, $\begin{vmatrix} a & b \\ c & d \end{vmatrix} = 0 \Rightarrow ad - bc = 0$

Ans : C.

১৯. k এর কোন মানের জন্য $x^2 - 6x - 1 + k(2x + 1) = 0$ সমীকরণটির দুইটি মূল সমান হবে?

- A. 1 B. 2
 C. 3 D. 4

ব্যাখ্যা : $x^2 - 6x - 1 + k(2x + 1) = 0$

$\Rightarrow x^2 + (2k - 6)x + (k - 1) = 0$

সমীকরণটির মূলদ্বয় সমান হলে, নিচায়ক $= 0 \Rightarrow b^2 - 4ac = 0$

$\Rightarrow (2k - 6)^2 - 4 \cdot 1 \cdot (k - 1) = 0$

$\Rightarrow 4k^2 - 24k + 36 - 4k + 4 = 0$

$\Rightarrow k^2 - 7k + 10 = 0 \Rightarrow (k - 2)(k - 5) = 0 \Rightarrow k = 2, 5$

Ans : B.

পানকৌড়ি

CU: 2021-2022 (76)

২০. $\left(x^2 - 2 + \frac{1}{x^2}\right)^6$ এর বিস্তৃতিতে x বর্জিত পদ কোনটি?

- A. ৫ম B. ৬ষ্ঠ
C. ৭ম D. ৮ম

ব্যাখ্যা: $\left(x^2 - 2 + \frac{1}{x^2}\right)^6 = \left(x - \frac{1}{x}\right)^{12}$

$\therefore x$ বর্জিত পদ = $\left(\frac{n}{2} + 1\right)$ তম = $\left(\frac{12}{2} + 1\right)$ তম পদ = ৭ তম পদ

Ans : C.

২১. $\sin^{-1} \frac{1}{\sqrt{5}} + \cot^{-1} 3$ এর মান কোনটি?

- A. $\frac{\pi}{4}$ B. $\frac{\pi}{2}$
C. $\frac{\pi}{3}$ D. $\frac{2\pi}{3}$

ব্যাখ্যা: $\sin^{-1} \frac{1}{\sqrt{5}} + \cot^{-1} 3$

$= \tan^{-1} \frac{1}{2} + \tan^{-1} \frac{1}{3} = \tan^{-1} \frac{\frac{1}{2} + \frac{1}{3}}{1 - \frac{1}{2} \cdot \frac{1}{3}} = \tan^{-1} (1) = \frac{\pi}{4}$

Ans : A.

২২. $\vec{P} = 5\hat{i} - 2\hat{j} + 3\hat{k}$ এবং $\vec{Q} = 2\hat{i} - 4\hat{j} + 5\hat{k}$ হলে $|\vec{PQ}|$ এর মান কত?

- A. $\sqrt{17}$ B. $\sqrt{33}$
C. 0 D. 33

ব্যাখ্যা: $|\vec{PQ}| = |\vec{Q} - \vec{P}| = |(2\hat{i} - 4\hat{j} + 5\hat{k}) - (5\hat{i} - 2\hat{j} + 3\hat{k})|$
 $= |-3\hat{i} - 2\hat{j} + 2\hat{k}| = \sqrt{(-3)^2 + (-2)^2 + 2^2} = \sqrt{17}$

Ans : A.

২৩. $(a, 0)$ বিন্দু ও $x + a = 0$ রেখা থেকে সমদূরবর্তী বিন্দুর সম্মিলনপথ কোনটি?

- A. $(x - a)^2 + y^2 = 0$ B. $y^2 = 4ax$
C. $(x + a)^2 + y^2 = a^2$ D. $x^2 + y^2 = a^2$

ব্যাখ্যা: ধরি, বিন্দুসমূহের সেট (x, y)

$\therefore \sqrt{(x - a)^2 + (y - 0)^2} = \pm \frac{x + a}{\sqrt{1^2}}$

$\Rightarrow x^2 + y^2 - 2ax + a^2 = x^2 + a^2 + 2ax \Rightarrow y^2 = 4ax$

Ans : B.

২৪. $2y^2 = 5x$ পরাবৃত্তের (parabola) উপকেন্দ্রের স্থানাঙ্ক কত?

- A. $\left(\frac{5}{2}, 0\right)$ B. $\left(\frac{5}{2}, 1\right)$
C. $\left(-\frac{5}{2}, 0\right)$ D. $\left(\frac{5}{8}, 0\right)$

ব্যাখ্যা: $2y^2 = 5x \Rightarrow y^2 = \frac{5}{2}x \Rightarrow y^2 = 4 \cdot \frac{5}{8}x$

\therefore উপকেন্দ্র $(a, 0) = \left(\frac{5}{8}, 0\right)$

Ans : D.

২৫. $\lim_{x \rightarrow \infty} \left(1 + \frac{1}{x}\right)^x =$ কত?

- A. ∞ B. 0
C. 1 D. e

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ সূত্র:

(i) $\lim_{x \rightarrow \infty} \left(1 + \frac{1}{x}\right)^x = e$ (ii) $\lim_{x \rightarrow 0} (1 + x)^{\frac{1}{x}} = e$

Ans : D.

জীববিজ্ঞান

১. সমদ্বিপার্শ্বীয় ভাস্কুলার বাউল কোনটিতে পাওয়া যায়?

- A. কুমড়া B. ড্রাগিলা
C. টেরিস D. লাইকোপোডিয়াম

ব্যাখ্যা: • সমদ্বিপার্শ্বীয় ভাস্কুলার বাউল: একবীজপত্রী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ কাণ্ডের ভাস্কুলার বাউল।

• সমদ্বিপার্শ্বীয় ভাস্কুলার বাউল: লাউ ও কুমড়া।

Ans : A.

২. নিচের কোনটি মলাকা পর্বের প্রাণীর বৈশিষ্ট্য?

- A. কাইটিন B. কিউটিকল
C. অ্যাম্বল্যকরাল খাদ D. র্যাডুলা

ব্যাখ্যা: মলাকা পর্বের প্রাণীদের মুখবিরে র্যাডুলা (রেতিজিহ্বা) নামক অঙ্গ বিদ্যমান। Bivalvia শ্রেণির প্রাণীতে র্যাডুলা থাকে না, যেমন বিনুক।

Ans : D.

৩. নিচের কোন প্রাণিটি স্যুডোসিলোমেট ধরনের?

- A. *Asterias vulgaris* B. *Loa loa*
C. *Fasciola hepatica* D. *Hydra viridis*

ব্যাখ্যা: সিলোমের প্রকারভেদ:

অ্যাসিলোমেট (Acoelomate) বা সিলোমবিহীন	Porifera, Cnidaria, Ctenophora, Platyhelminthes পর্বের প্রাণীরা অ্যাসিলোমেট।
স্যুডোসিলোমেট (Pseudocoelomate) বা অপ্রকৃত সিলোম বা ভ্রান্তসিলোম	Nematoda, Rotifera, Kinorhyncha পর্বভুক্ত প্রাণীরা স্যুডোসিলোমেট।
ইউসিলোমেট (Eucoelomate) বা প্রকৃত সিলোম	Mollusca, Annelida, Arthropoda, Echinodermata, Hemichordata, Chordata পর্বের প্রাণীরা ইউসিলোমেট।

Ans : B.

 @AdmissionStuffs

স্নানকৌড়ি

CU: 2021 - 2022 (77)

৪. Sphincter পেশী কোন তন্ত্রের অংশ?

- A. রেনন তন্ত্র B. স্নায়ু তন্ত্র
C. পরিপাক তন্ত্র D. রক্তসংবহন তন্ত্র

ব্যাখ্যা: মানবদেহের পাকস্থলির কার্ডিয়াক ও পাইলোরিক অংশে একটি করে বৃত্তাকার পেশি বলয় আছে। এদেরকে যথাক্রমে কার্ডিয়াক ও পাইলোরিক স্ফিন্টার বলে।

Ans : C.

৫. ক্ষুদ্রান্ত্রের ডিওডেনাম হতে নিচের কোন হরমোনটি নিঃসৃত হয় না?

- A. Cholecystokinin B. Secretin
C. Pancreozymin D. Gastrin

ব্যাখ্যা: • কোলেসিস্টোকাইনি (Cholecystokinin): এর অপর নাম প্যানক্রিওজাইমিন। এ হরমোনটি ক্ষুদ্রান্ত্রের প্রাচীর থেকে স্রবিত হয়।

• সিক্রেটিন(Secretin): অন্ত্রের (ডিওডেনামের) মিউকোসা থেকে স্রবিত হয়।

• গ্যাস্ট্রিন (Gastrin): এ হরমোনটি পাকস্থলির পাইলোরিক প্রান্তের গ্রন্থিগুলোর গাত্রের জি-কোষ থেকে স্রবিত হয়।

Ans : D.

৬. নিচের কোনটি যকৃত কোষের সনাক্তকারী বৈশিষ্ট্য নয়?

- A. Sinusoid B. Hepatic কোষ
C. Lobule D. Mucosa

ব্যাখ্যা: • মানব যকৃত গ্লিসন ক্যাপসুল নামক পর্দা দিয়ে আবৃত।

• যকৃত লোবিউল নামক অসংখ্য ক্ষুদ্র অংশে বিভক্ত।

• লোবিউলগুলো ৫ বা ৬ বাহুবিশিষ্ট, বহুভুজাকার।

• প্রতিটি লোবিউলের অভ্যন্তরে অসংখ্য বহুভুজাকার হেপাটিক কোষ বা হেপাটোসাইট থাকে।

• লোবিউলের কেন্দ্রে একটি করে কেন্দ্রীয় শিরা থাকে।

• লোবিউলের মাঝে রক্ত চলাচলের জন্য sinusoid (সাইনুসয়েড) নামক ফাঁকা স্থান থাকে।

• সাইনুসয়েডগুলো কাপফার কোষ দিয়ে আবৃত।

Ans : D.

৭. পতঙ্গের খোলস মোচনের জন্য নিম্নের কোন হরমোনটি দায়ী?

- A. Prothoracicotropic হরমোন
B. Juvenile হরমোন
C. Ecdysone হরমোন
D. Pituitary হরমোন

ব্যাখ্যা: পতঙ্গের খোলস মোচন অগ্রবক্ষীয় গ্রন্থি (Prothoracic glands)-র একডাইসন হরমোনের প্রভাবে নিয়ন্ত্রিত হয়। পরিণত্যুক্ত খোলসকে এক্সুভি বলে। দুই খোলস মোচনের অন্তর্বর্তী কালকে স্টেডিয়াম বলে।

Ans : C.

৮. নিচের কোনটি মানুষের দস্ত সংকেত?

- A. $\frac{I_2C_2P_1M_3}{I_2C_2P_1M_3}$ B. $\frac{I_2C_1P_2M_3}{I_2C_1P_2M_3}$
C. $\frac{I_4C_1P_1M_2}{I_4C_1P_1M_2}$ D. $\frac{I_2C_1P_2M_2}{I_2C_1P_2M_2}$

ব্যাখ্যা: • একজন পূর্ণ বয়স্ক মানুষের দস্ত সংকেত: $\frac{I_2C_1P_2M_3}{I_2C_1P_2M_3}$

• শিশুর দস্ত সংকেত: $\frac{I_2C_1M_2}{I_2C_1M_2}$

Ans : B.

৯. স্পিকিউল কোন ধরনের/পর্বের প্রাণীতে পাওয়া যায়?

- A. পরিফেরা B. নিডেরিয়া
C. এ্যানিলিডা D. মলাস্কা

ব্যাখ্যা: পরিফেরা পর্বের প্রাণীদের বৈশিষ্ট্য-

• দেহপ্রাচীর অস্টিয়া নামক অসংখ্য ছিদ্রযুক্ত; অন্তঃপ্রাচীরে কোয়ানোসাইট নামক কোষ থাকে।

• দেহভ্যন্তরে বিশেষ ধরনের নালিতন্ত্র দেখা যায়।

• দেহে চুনময় স্পিকিউল ও স্পঞ্জিন নামক জৈবতন্ত্র বিদ্যমান।

• পূর্ণাঙ্গ প্রাণীরা নিচল (Sessile)।

• জীবনচক্রে সম্বন্ধগণীল অ্যাফিরাইটুলা অথবা প্যারেনকাইমুলা লার্ভা দশা বিদ্যমান।

Ans : A.

১০. বাংলাদেশের জাতীয় পাখির নাম কোনটি?

- A. *Copsychus bengalensis* B. *Copsychus saularis*
C. *Copsychus copsychus* D. *Copsychus orientalis*

ব্যাখ্যা: জাতীয় পাখি দোয়েল: *Copsychus saularis*

জাতীয় ফল কাঁঠাল: *Artocarpus heterophyllus*

জাতীয় ফুল শাপলা: *Nymphaea nauchali*

জাতীয় মাছ ইলিশ: *Tenualosa ilisha*

জাতীয় পশু রয়েল বেঙ্গল টাইগার: *Panthera tigris*

Ans: B.

১১. এ্যানজাইনা কিসের ব্যাধি?

- A. মাথা ব্যথা B. বুকের ব্যথা
C. পেটে ব্যথা D. মাজা ব্যথা

ব্যাখ্যা: এ্যানজাইনা বা এ্যানজাইনা পেকটোরিস: হৃৎপেশিতে যখন O_2 সমৃদ্ধ পর্ষাপ্ত রক্ত সরবরাহ পায় না তখন বুক নিঃশ্বাসিত হচ্ছে বা দম বন্ধ হয়ে আসছে এমন মারাত্মক অবস্থি অনুভূত হলে সে ধরণের বুক ব্যথাকে এ্যানজাইনা বা এ্যানজাইনা পেকটোরিস বলে।

Ans : B.

১২. ওটিটিস কোন অঙ্গের রোগ?

- A. চোখের B. নাকের
C. গলার D. কানের

ব্যাখ্যা: • কানের ভিতরে বা বাহিরে যেকোনো অংশে সংক্রমণজনিত প্রদাহকে ওটিটিস বলে।

• কানের মধ্যকর্ণে সংক্রমণজনিত প্রদাহকে ওটিটিস মিডিয়া বলে।

Ans : D.

১৩. সেন্ট্রাম কোন হাড়ের অংশ?

- A. করোটির B. কশেরুকার
C. হাতের D. পায়ের

ব্যাখ্যা: একটি আদর্শ কশেরুকার অংশগুলো হল: আর্ট্রিভাল বডি বা সেন্ট্রাম, আর্চ (পেডিকল, ট্রান্সভার্স প্রসেস, ল্যামিনা, আর্টিকুলার প্রসেস, স্পাইনাস প্রসেস)

Ans : B.

১৪. গ্রাজমা মেমব্রেনের 'ফ্লুইড মোজাইক মডেল' এর তরল অংশ কোনটি?

- A. লিপিড B. প্রোটিন
C. কার্বোহাইড্রেট D. এনজাইম

ব্যাখ্যা: গ্রাজমা মেমব্রেনের রাসায়নিক উপাদান-

• প্রোটিন (60 - 80%), লিপিড (20 - 40%) এবং কোনো কোনো ক্ষেত্রে পলিস্যাকারাইড (polysaccharides) (4 - 5%)।

• লিপিড, গ্রাজমা মেমব্রেনের 'ফ্লুইড মোজাইক মডেল' এর তরলতার জন্য দায়ী।

Ans : A.

পানকৌড়ি

CU: 2021-2022 (78)

১৫. উদ্ভিদের প্রাকৃতিক শ্রেণীবিন্যাস প্রকাশিত হয় যে গ্রন্থে-

- A. Genera plantarum B. Species Plantarum
C. Historia plantarum D. Natural plantarum

ব্যাখ্যা: জর্জ বেনথাম এবং স্যার জোসেফ ডালটন হকার নামক দুজন ইংরেজ উদ্ভিদবিজ্ঞানী তাঁদের জেনেরা প্র্যাক্টেরাম (Genera Plantarum) নামক পুস্তকে প্রাকৃতিক শ্রেণিবিন্যাস পদ্ধতি প্রকাশ করেন।

Ans : A.

১৬. জৈব মুদ্রা কোনটি?

- A. Thylakoid B. ADP
C. ATP D. NADP

ব্যাখ্যা: • কোষের রান্নাঘর → ক্লোরোপ্লাস্ট

- কোষের পাওয়ার হাউস → মাইটোকন্ড্রিয়া
- কোষের প্রোটিন ফ্যাক্টরি → রাইবোসোম
- কোষের প্যাকেজিং হাউস → গলগি বডি
- কোষের সুইসাইডাল স্কোয়াড বা আত্মঘাতী থলিকা → লাইসোসোম
- কোষের মস্তিষ্ক → নিউক্লিয়াস
- কোষের মুদ্রা → ATP
- কোষের ট্রাফিক পুলিশ → গলগি বডি।

Ans : C.

১৭. ক্যালভিন চক্রের উৎপন্ন প্রথম স্থায়ী পদার্থ-

- A. অক্সালো অ্যাসিটিক এসিড B. ৩-ফসফোগ্লিসারিক অ্যাসিড
C. সাইট্রিক অ্যাসিড D. রাইবুলোজ ১-৫ বিসফসফেট

ব্যাখ্যা: • ক্যালভিন চক্রের প্রথম স্থায়ী পদার্থ → ৩-ফসফোগ্লিসারিক অ্যাসিড (3PGA)

- ক্যালভিন চক্রের CO₂ গ্রাহক → রাইবুলোজ 1,5-বিসফসফেট (RuBP)
- হ্যাচ ও স্ল্যাক চক্রের প্রথম স্থায়ী পদার্থ → অক্সালো অ্যাসিটিক অ্যাসিড/ডাই কার্বোক্সিলিক অ্যাসিড
- হ্যাচ ও স্ল্যাক চক্রের CO₂ গ্রাহক → ফসফোইনল পাইকডিক অ্যাসিড।

Ans : B.

১৮. একবীজপত্রী মূলে জাইলেম গুচ্ছের সংখ্যা কত?

- A. সংখ্যায় ছয়ের কম B. সংখ্যায় ছয়ের অধিক
C. পরিবহন টিস্যু থাকে না D. কোনটিই নয়

ব্যাখ্যা: • একবীজপত্রী উদ্ভিদ মূলে ভাস্কুলার বাউল 6 এর অধিক।

- দ্বিবীজপত্রী উদ্ভিদ মূলে ভাস্কুলার বাউল 6 এর কম (2 - 4)।

Ans : B.

১৯. ব্রু-বায়োটেকনোলজি-

- A. সামুদ্রিক এবং স্বাদুপানির জীবের ক্ষেত্রে বায়োটেকনোলজির প্রয়োগ
B. চিকিৎসা ক্ষেত্রে বায়োটেকনোলজির প্রয়োগ
C. কৃষিক্ষেত্রে বায়োটেকনোলজির প্রয়োগ
D. কোনটিই নয়

ব্যাখ্যা: • ব্রু বায়োটেকনোলজি → বায়োটেকনোলজির জলীয় ও সামুদ্রিক প্রয়োগ।

- গ্রিন বায়োটেকনোলজি → বায়োটেকনোলজির কৃষিক্ষেত্রের প্রয়োগ।
- রেড ও হোয়াইট বায়োটেকনোলজি → বায়োটেকনোলজির চিকিৎসা ক্ষেত্রের প্রয়োগ।

Ans : A.

২০. নিষেকের পর প্রতিটি ডিম্বক বিকশিত হয়ে পরিণত হয়-

- A. ফল B. ভ্রূণ
C. বীজ অন্তঃত্বক D. বীজ

ব্যাখ্যা: নিষেকের পর গর্ভাশয় ও ডিম্বকের পরিবর্তন-

নিষেকের আগে	নিষেকের পরে
গর্ভাশয়	ফল
গর্ভাশয় ত্বক	ফলত্বক
ডিম্বক	বীজ
ডিম্বক বহিঃত্বক (এন্ডোইন)	টেস্টা (বীজ বহিঃত্বক)
ডিম্বক অন্তঃত্বক (ইন্টাইন)	টেগমেন (বীজ অন্তঃত্বক)
ডিম্বাণু বা এগ (নিষিক্ত)	ভ্রূণ
সেকেডারি নিউক্লিয়াস	এন্ডোস্পার্ম/সস্য

Ans : D.

২১. জলজ টেরিডোফাইট কোনটি?

- A. *Selaginella* B. *Lycopodium*
C. *Azolla* D. *Pteris*

ব্যাখ্যা: *Azolla pinnata*:

- জলজ টেরিডোফাইট
- পরিবার: Salvinaceae
- এজোলা ফার্নজাতীয় ক্ষুদ্র জলজ উদ্ভিদ।

Ans : C.

২২. উদ্ভিদ শারীরতত্ত্বের জনক কে?

- A. Stephan Hales
B. Antony Von Leeuwenhoek
C. Robert Brown
D. Robert Koch

ব্যাখ্যা: বিজ্ঞানী স্টিফেন হ্যালাস ১৭২৭ খ্রিস্টাব্দে আবিষ্কার করেন যে উদ্ভিদ বায়ু হতে কিছু খাদ্য গ্রহণ করে এবং সূর্যালোক হয়ত এতে অংশগ্রহণ করে। এজন্যই তাকে উদ্ভিদ শারীরতত্ত্বের জনক বলা হয়।

Ans : A.

২৩. সরোসিস ধরনের ফলের উদাহরণ-

- A. টমেটো B. কলা C. আনারস D. ধান

ব্যাখ্যা: স্পাইক, স্প্যাডিক্স বা ক্যাটকিন মঞ্জুরী হতে যে যৌগিক ফল সৃষ্টি হয় তাকে সরোসিস বলে। রসালো যৌগিক ফল। যেমন: আনারস, কাঁঠাল।

Ans : C.

২৪. জীববিজ্ঞানে Transduction এর সংজ্ঞা নিম্নের কোনটি?

- A. সরাসরি সংযোগের মাধ্যমে (Direct contact) একটি ব্যাকটেরিয়াম হতে অন্য ব্যাকটেরিয়ামে জেনেটিক উপাদান স্থানান্তর প্রক্রিয়া
B. ভাইরাসের মাধ্যমে এক ব্যাকটেরিয়াম হতে অন্য ব্যাকটেরিয়ামে জেনেটিক উপাদান স্থানান্তর প্রক্রিয়া
C. বাহক হিসাবে ভাইরাস ব্যবহার ব্যতিরেকে জেনেটিক উপাদান স্থানান্তর প্রক্রিয়া
D. কোনটিই নয়

ব্যাখ্যা: • ট্রান্সফরমেশন (Transformation): পরিবেশ থেকে অন্য ব্যাকটেরিয়ার (সাধারণত মৃত ব্যাকটেরিয়া) DNA, গ্রহীতা কোষে প্রবেশ করে রিকমিনেশন ঘটতে পারে। একে বলে ট্রান্সফরমেশন।

• ট্রান্সডাকশন (Transduction): ফায় ভাইরাসের মাধ্যমে এক ব্যাকটেরিয়ার জিনোম, কখনও ফায় জিনোম, অন্য ব্যাকটেরিয়াতে প্রবেশ করে রিকমিনেশন ঘটতে পারে। একে বলে ট্রান্সডাকশন।

Ans : B.

২৫. DNA সূত্রকনয় পরস্পর কোন বন্ধনী দ্বারা আবদ্ধ থাকে?

- A. হাইড্রোজেন বন্ধনী B. সমযোজী বন্ধনী
C. ধাতব বন্ধনী D. আয়ন বন্ধনী

ব্যাখ্যা: DNA ডাবল হেলিক্স হাইড্রোজেন বন্ধনী দ্বারা আবদ্ধ থাকে। হেলিক্সের প্রতি প্যাঁচে ২৫টি H-বন্ড থাকে।

Ans : A.

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

শিক্ষাবর্ষ ২০২১-২২ ; A-Unit (Shift-B)

বাংলা

১. 'বায়ান্নর দিনগুলো' কোন শ্রেণির রচনা?

- A. ছোটগল্প B. প্রবন্ধ
C. আত্মজীবনী D. নিবন্ধ

ব্যাখ্যা: 'বায়ান্নর দিনগুলো' রচনা সম্পর্কিত কতিপয় তথ্য-

লেখক	শেখ মুজিবুর রহমান।
ধরন	স্মৃতিকথা বা আত্মজীবনী বা দিনলিপি।
ভাষারীতি	চলিত।
উৎস	'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২)।

Ans : C.

২. 'কোম্পানির ঘুঘোর ডাক্তার রাতারাতি সেনাধ্যক্ষ হয়ে বসেছে'-কার উক্তি?

- A. হলওয়েল B. সিরাজ
C. উমিচাঁদ D. ফ্রেটন

ব্যাখ্যা: নবাব সিরাজ হলওয়েলকে উদ্দেশ্য করে উক্তিটি করে। নবাব সিরাজ বলেন, "কোম্পানির ঘুঘোর ডাক্তার রাতারাতি সেনাধ্যক্ষ হয়ে বসেছে। তোমার কৃতকার্যের উপযুক্ত প্রতিফল নেবার জন্যে তৈরি হও হলওয়েল।"

Ans : B.

৩. 'রেইনকোট' গল্পের চরিত্র কোনটি?

- A. নুরুল করিম B. নুরুল হক
C. নুরুল হদা D. নুরুদ্দিন

ব্যাখ্যা: 'রেইনকোট' গল্পের চরিত্রসমূহ- নুরুল হদা, আবদুস সাত্তার মুখা, পিওন ইসহাক মিয়া, ড. আফাজ আহমদ, আসমা, মিন্টু, প্রফেসর আকবর সাজিদ, কুলি, রাজাকার, কিসিঞ্জার সাহেব প্রমুখ।

Ans : C.

৪. 'সনেট' কাব্যাদিক কোনটি?

- A. ১৪ লাইন ১৪ অক্ষর B. ১২ লাইন ১২ অক্ষর
C. ১৪ লাইন ১৮ অক্ষর D. ১৬ লাইন ১৬ অক্ষর

ব্যাখ্যা: 'সনেট' সম্পর্কিত কতিপয় তথ্য-

- 'সনেট' শব্দের অর্থ - চতুর্দশপদী কবিতা।
- সনেটে চরণ থাকে - ১৪টি।
- প্রতি চরণে অক্ষর বা মাত্রা থাকে - ১৪টি।
- স্তবক সংখ্যা - ২টি।
- প্রথম স্তবকের নাম - অষ্টক এবং দ্বিতীয় স্তবকের নাম - ষটক বা ষটক।

Ans : A.

৫. 'স্থাপিলা বিধুরে' _____ স্থাপুর ললাটে, শূন্যস্থানে কোন শব্দ বসবে?

- A. হায় B. বিধি
C. স্থায়ী D. তুমি

ব্যাখ্যা: 'বিজীষণের প্রতি মেঘনাদ' কবিতার উদ্ধৃতি-

"স্থাপিলা বিধুরে বিধি স্থাপুর ললাটে;
পড়ি কি ভূতলে শশী যান গড়াগড়ি
ধূলায়? হে রন্ধোরথি, ভুলিলে কেমনে
কে তুমি? জনম তব কোন মহাকূলে?"

Ans : B.

৬. কোন বাক্যটি শুদ্ধ?

- A. ক্ষমতা একটি মহানগুণ B. সব মাছগুলোর দাম কত?
C. দেশের লাঠি একের বোঝা D. আমি সন্তোষ হইলাম

ব্যাখ্যা: প্রস্তোভিত বাক্যগুলোর অন্তর্ভুক্ত ও শুদ্ধরূপ-

অশুদ্ধ	শুদ্ধ
ক্ষমতা একটি মহানগুণ।	ক্ষমা একটি মহৎ গুণ।
সব মাছগুলোর দাম কত?	মাছগুলোর দাম কত?
একের লাঠি দেশের বোঝা।	দেশের লাঠি একের বোঝা।
আমি সন্তোষ হইলাম।	আমি সন্তুষ্ট হইলাম।

Ans : C.

৭. সিরাজউদ্দৌলা নাটকের প্রথম অংক প্রথম দৃশ্যের স্থান হচ্ছে -

- A. ফোর্ট উইলিয়াম দুর্গ B. নবাবের দরবার
C. ঘসেটি বেগমের বাড়ি D. পলাশীর যুদ্ধক্ষেত্র

ব্যাখ্যা: সিরাজউদ্দৌলা নাটকের প্রথম অঙ্কের দৃশ্যবিন্যাস-

অঙ্ক	দৃশ্য	সময়	স্থান
প্রথম অঙ্ক	১ম	১৯ জন, ১৭৫৬	ফোর্ট উইলিয়াম দুর্গ
	২য়	৩রা জুলাই, ১৭৫৬	কলকাতার ভাগীরথী নদীতে ফোর্ট উইলিয়াম জাহাজ
	৩য়	১০ অক্টোবর, ১৭৫৬	ঘসেটি বেগমের বাড়ি

Ans : A.

৮. 'কাজেই বাপ কেবলই সবুর করিতেছেন কিন্তু মেয়ের বয়স সবুর করিতেছে না'- কার গল্প থেকে বাক্যটি উৎকলিত?

- A. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় B. রোকেয়া সাখাওয়াত হোসেন
C. রবীন্দ্রনাথ ঠাকুর D. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পের উদ্ধৃতি-

"মেয়ের বয়স যে পনেরো, তাই শুনিয়া আমার মন ভার হইল। বংশে তো কোনো দোষ নাই? না, দোষ নাই - বাপ কোথাও তাঁর মেয়ের যোগ্য বর খুঁজিয়া পান না। একে তো বরের হাট মহার্ঘ, তাহার পরে ধনুক-ডাঙা পণ, কাজেই বাপ কেবলই সবুর করিতেছেন- কিন্তু মেয়ের বয়স সবুর করিতেছে না।"

Ans : C.

৯. রংপুরে নুরলদীন একদিন ডাক দিয়েছিল-

- A. ১১৯৮ সনে B. ১১৮৯ সনে
C. ১৮৮৯ সনে D. ১৯১৮ সনে

ব্যাখ্যা: 'নুরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার কতিপয় তথ্য-

- নুরলদীন - এক ঐতিহাসিক চরিত্র, সাহসী কৃষক নেতা।
- নুরলদীন আন্দোলনের ডাক দিয়েছিল - ১১৮৯ বঙ্গাব্দে (১৭৮৩ খ্রিস্টাব্দে)
- পূর্ণিমা ছিল - তীব্র স্বচ্ছ।
- সোনার বাংলায় নেমে আসে - শকুন।
- নুরলদীনের দেহ - দীর্ঘ।

Ans : B.

১০. কোনটি সৈয়দ ওয়ালীউল্লাহ'র নাটক নয়?

- A. তরঙ্গভঙ্গ B. বহির্পীর
C. উজানে মৃত্যু D. চাঁদের অমাবস্যা

ব্যাখ্যা: সৈয়দ ওয়ালীউল্লাহ'র সাহিত্যকর্ম-

উপন্যাস	লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো।
নাটক	বহির্পীর, তরঙ্গভঙ্গ, উজানের মৃত্যু, সুড়ঙ্গ।
গল্পগ্রন্থ	নয়নচারা, দুই তীর ও অন্যান্য গল্প।

Ans : D.

English

1. "May I have some spaghetti?" "I really like eating ____."

A. spaghetti B. the spaghetti
C. a spaghetti D. an spaghetti

ব্যাখ্যা: সম্পূর্ণ বাক্যটি হবে- "I like eating spaghetti." যার অর্থ- "আমি স্প্যাগেটি (এক ধরনের সেমাইজাতীয় ইতালীয় খাবার) খেতে পছন্দ করি"। এখানে "spaghetti" একটি uncountable noun এবং এখানে "spaghetti" নির্দিষ্ট করে বুঝানো হয় নি। তাই এর সাথে কোনো article ব্যবহৃত হবে না।

Ans : A.

2. Upon ____ the hall, he found everyone waiting for him, ____ he?

A. entered, wasn't B. entering, didn't
C. enter, hadn't D. entrance, would

ব্যাখ্যা: Upon- immediately after doing something or after something happens.

"Upon" দ্বারা "কোনো কিছু ঘটার পরপর" এমনটা বুঝালে এর পরের main verb এর সাথে ing যুক্ত হয়। এখানে "Upon" দ্বারা "হলে প্রবেশের পরপর" বুঝাচ্ছে, তাই এরপর main verb (enter) + ing হবে। আবার sentence টি একটি Complex sentence। Complex sentence এর tag question করার ক্ষেত্রে এই sentence এর principal/main clause এর subject এবং verb অনুসারে tag করতে হয়। এখানে principal/main clause টি হচ্ছে- "he found everyone waiting for him" অংশটি এবং এটি past indefinite tense এ থাকায় এর negative tag হিসেবে didn't ব্যবহৃত হবে।

সম্পূর্ণ বাক্যটি হবে- "Upon entering the hall, he found everyone waiting for him, didn't he?" যার অর্থ- "হলে প্রবেশের পরপরই, সে সবাইকে তার জন্য অপেক্ষারত অবস্থায় দেখল, সে কি দেখে নি?"

Ans : B.

3. The father, along with his family and some neighbours, ____ a cleaning campaign.

A. is going to start B. are going to start
C. was going to start D. have going to start

ব্যাখ্যা: along with, together with, as well as, accompanied by/with, in addition to, and not, including, excluding, but, except দ্বারা 2টি sub. যুক্ত থাকলে ১ম subject অনুযায়ী verb হয়, অর্থাৎ ১ম sub. singular হলে verb singular এবং plural হলে verb plural হবে। এখানে The father (Singular) তাই verb singular 'is' হবে।

Ans : A.

4. He showed us two apartments but we liked ____ of them.

A. both B. neither C. either D. two

ব্যাখ্যা: Neither- দুটির মধ্যে কোনোটিই না এমনটা বুঝাতে ব্যবহৃত হয়। এখানে "দুটি কামরার" মধ্যে একটিও পছন্দ হয় নি অর্থে "Neither" ব্যবহৃত হবে।

সম্পূর্ণ বাক্যটি হবে- "He showed us two apartments but we liked neither of them" যার অর্থ- "সে আমাদের দুটি কামরা দেখাল যার কোনোটিই আমাদের পছন্দ হয়নি"।

Ans : B.

5. We ____ on time for the meeting the day before yesterday.

A. arrive barely B. barely arrived
C. have arrived barely D. could arrived barely

ব্যাখ্যা: Seldom, rarely, barely, hardly, scarcely, little, never, only এ শব্দগুলো negative অর্থ প্রকাশ করে। এই sentence টিতে barely "সময়মতো পৌঁছাইনি" অর্থে ব্যবহৃত হবে অর্থাৎ negative অর্থ প্রকাশ করছে। আর এক্ষেত্রে sequence টি হবে- Negative expression + main verb → barely + arrived.

সম্পূর্ণ বাক্যটি হবে- "We barely arrived on time for the meeting the day before yesterday." যার অর্থ- "আমরা পরশু মিটিংয়ে কোনোক্রমে সময়মতো পৌঁছেছিলাম (অর্থাৎ সময়মতো পৌঁছাইনি বললেই চলে)"।

Ans : B.

6. If I hadn't missed that plane, I ____ dead now.

A. was B. will be
C. would have been D. had been

ব্যাখ্যা : 3rd conditional এর নিয়ম-

If + past perfect, sub + would have/could have/might have + v₃.

এখানে sentence টির If যুক্ত অংশটি past perfect এ থাকায়, এর পরের অংশ 3rd conditional এর নিয়মে "would have been (be এর p.p)" হবে।

Ans : C.

7. The farmers in the valley eat most of ____ they produce, and ____ they don't eat, they sell.

A. which/anything B. that/something
C. what/whatever D. how/whenever

ব্যাখ্যা : What- যা (এটি একটি Compound relative pronoun এবং এর কোন antecedent থাকে না)।

Whatever- যা কিছু।

এখানে অর্থানুসারে what এবং whatever ব্যবহৃত হবে।

সম্পূর্ণ বাক্যটি হবে- "The farmers in the valley eat most of what they produce and whatever they don't eat, they sell." যার অর্থ- "উপত্যকার কৃষকেরা যা উৎপন্ন করে তার বেশিরভাগই খায় এবং যা কিছু খায় না তা বিক্রি করে"।

Ans : C.

8. The steam engine was ____ by James Watt.

A. discovered B. created
C. manufactured D. invented

ব্যাখ্যা: Discover - আবিষ্কার করা।

Manufacture - উৎপাদন করা।

Invent - উদ্ভাবন করা।

create - সৃষ্টি করা।

এখানে, "জেমস ওয়াট বাষ্প ইঞ্জিন উদ্ভাবন করেছিলেন" অর্থে "invent" হবে।

Ans : D.

9. This sort of situation will not be allowed to last long.

- A. until B. for
C. till D. up

ব্যাখ্যা: For long - for a great amount of time (লম্বা সময়ের জন্য)।
সম্পূর্ণ বাক্যটি হবে- "This sort of situation will not be allowed to last for long." যার অর্থ- "এধরনের পরিস্থিতি বেশিদিন চলতে দেওয়া হবে না"।
খানে অর্থানুসারে অধিক সময় বুঝাতে "for long" ব্যবহৃত হবে।

Ans : B.

10. She ___ her grandfather.

- A. takes in B. takes on
C. takes to D. takes after

ব্যাখ্যা: Take after - সদৃশ বা একই হওয়া।
সম্পূর্ণ বাক্যটি হবে- "She takes after her grandfather."
যার অর্থ- "সে তার দাদার মত হয়েছে"।

Take এর কিছু গুরুত্বপূর্ণ Group verb-

Take away - cause something to disappear.

Take care of - look after.

Take off - remove something/Leave the ground (plane).

Take in - realize what is happening.

Take to - begin to like something or someone.

Take up - adopt as hobby or pastime.

Ans : D.

11. Get me a glass of water, ___?

- A. will you B. shall you
C. would you D. won't you

ব্যাখ্যা: সাধারণত imperative sentence এর ক্ষেত্রে Tag হিসেবে will you ব্যবহৃত হয়। এখানে sentence টি একটি imperative sentence। তাই এর Tag question এ will you ব্যবহৃত হবে।

Ans : A.

12. 'A cock and bull story' is a ___.

- A. true story B. Children's story
C. a foolish story D. a story of animals

ব্যাখ্যা: A cock and bull story - A foolish story (গীজাখুরি গল্প/অবাস্তব গল্প)।

Ans : C.

13. I shall forgive him if he ___ to me for his misconduct.

- A. pardons B. commits
C. apologizes D. punishes

ব্যাখ্যা: Pardon - ক্ষমা করা।
Apologize - ক্ষমা চাওয়া।
Punish - শাস্তি দেওয়া।
Commit - অঙ্গীকার করা।

সম্পূর্ণ বাক্যটি হবে- "I shall forgive him if he apologizes to me for his misconduct." যার অর্থ- "আমি তাকে ক্ষমা করবো যদি সে তার অসদাচরণের জন্য ক্ষমা চায়"।

এখানে "ক্ষমা প্রার্থনা করা" অর্থে apologizes হবে।

Ans : C.

14. Had she known about it, she ___ have stayed longer.

- A. would B. might
C. may D. should

ব্যাখ্যা: 3rd conditional:

i) If + past perfect + sub + would have/could have/might have + v₃.

Ex : If you had called me, I would have gone.

ii) Had + subject + v₃ + + sub + would have/could have/might have + v₃.

Ex : Had she known about it, she would have stayed longer.

এখানে would এবং might দুটোই grammatically সঠিক। তবে, সম্ভবনা বুঝাতে might ব্যবহৃত হয়। কিন্তু প্রদত্ত sentence টির অর্থ হচ্ছে- 'সে যদি এটি সম্পর্কে জানতো, তাহলে সে দীর্ঘকাল থাকতো।' তাই অর্থানুযায়ী would বসবে।

Ans : A.

15. The man is so ill that he can ___ talk.

- A. quietly B. hardly C. rarely D. quickly

ব্যাখ্যা: Quietly - শান্তভাবে।

Hardly - কষ্টসহকারে (only with difficulty)/নেই বললেই চলে।

Rarely - কদাচিৎ/কালেভদ্রে।

Quickly - তৎক্ষণাৎ।

সাধারণত can এবং could এর পর hardly (কোনো কিছু করতে কষ্ট হওয়া অর্থে) বসে। তাই প্রদত্ত প্রশ্নে hardly হবে সঠিক।

Sentence টির অর্থ হচ্ছে- 'মানুষটি এই অসুস্থ যে কথা বলতে কষ্ট হচ্ছে।'

Ans : B.

পদার্থবিদ্যা

১. নিচের কোন রাশিটি মূল (base) রাশি নয়?

- A. ভর B. তাপমাত্রা
C. সময় D. শক্তি

ব্যাখ্যা: • SI পদ্ধতিতে মৌলিক রাশি ৭টি। যথা: দৈর্ঘ্য, ভর, সময়, তাপমাত্রা, তড়িৎ প্রবাহমাত্রা, দীপন ক্ষমতা, পদার্থের পরিমাণ।

• মৌলিক রাশি ব্যতীত সবই লব্ধি রাশি। যথা: বেগ, ত্বরণ, কম্পাঙ্ক, ক্ষেত্রফল, আয়তন, সান্দ্রতাংক, পৃষ্ঠটান ইত্যাদি।

Ans : D.

২. 1 মাইল ও 1 কিলোমিটার দূরত্বের পার্থক্য মিটারে কত হবে?

- A. 0.609 m B. 6.09 m
C. 60.9 m D. 609 m

ব্যাখ্যা: 1 মাইল = 1609.34 মিটার

1 কিলোমিটার = 1000 মিটার

সুতরাং, 1 মাইল ও 1 কিলোমিটার দূরত্বের পার্থক্য = 1609.34 - 1000
= 609.34 মিটার।

Ans : D.

৩. কোনটি চাপের মাত্রা সূত্র (Dimensional Formula)?

- A. MLT^{-1} B. $ML^{-1}T^{-1}$
C. $ML^{-1}T^{-2}$ D. $ML^{-2}T^{-2}$

$$\text{ব্যাখ্যা: চাপ} = \frac{\text{বল}}{\text{ক্ষেত্রফল}} = \frac{\text{ভর} \times \text{ত্বরণ}}{\text{দৈর্ঘ্য}^2} = \frac{\text{ভর} \times \frac{\text{দৈর্ঘ্য}}{\text{সময়}^2}}{\text{দৈর্ঘ্য}^2}$$

$$= \frac{M \times \frac{L}{T^2}}{L^2} = ML^{-1}T^{-2}$$

∴ চাপের মাত্রা, [P] = $[ML^{-1}T^{-2}]$

Ans : C.

৪. $\hat{i} - \hat{j}$ ও $\hat{j} - \hat{k}$ এদের মধ্যবর্তী কোণ-

- A. 0° B. 45°
C. 90° D. 120°

$$\text{ব্যাখ্যা: } \cos\theta = \frac{(\hat{i} - \hat{j}) \cdot (\hat{j} - \hat{k})}{|\hat{i} - \hat{j}| \cdot |\hat{j} - \hat{k}|} = \frac{-1}{\sqrt{2} \cdot \sqrt{2}} = -\frac{1}{2} = \cos 120^\circ$$

$$\therefore \theta = 120^\circ$$

Ans : D.

 ৫. দুটি ভেক্টর \vec{P} ও \vec{Q} এর স্কেলার গুণন 0 হলে-

- A. \vec{P} ও \vec{Q} একে অপরের উপর লম্ব
B. \vec{P} ও \vec{Q} একই দিক বরাবর
C. \vec{P} ও \vec{Q} বিপরীত দিক বরাবর
D. কোনটিই নয়

ব্যাখ্যা: মান শূন্য নয় এমন দুটি ভেক্টর পরস্পর সমকোণে ক্রিয়া করলে ভেক্টর দুটির ডট গুণফল $= \vec{A} \cdot \vec{B} = AB \cos\theta = AB \cos 90^\circ = 0$ অর্থাৎ মান শূন্য নয় এমন দুটি ভেক্টরের ডট গুণফল শূন্য হলে ভেক্টরদ্বয় পরস্পর লম্ব হবে।

Ans : A.

 ৬. একটি বস্তুকে 196 ms^{-1} বেগে ঝাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো, 10 s পরে এর বেগ কত হবে?

- A. 98 ms^{-1} B. 78 ms^{-1}
C. 68 ms^{-1} D. 88 ms^{-1}

$$\text{ব্যাখ্যা: } v = v_0 + gt = 196 + (-9.8) \times 10 = 196 - 98 = 98 \text{ m/sec}$$

Ans : A.

৭. কোনো বস্তুর জড়তার ভ্রামক নির্ভর করে এর-

- A. ভর ও ঘূর্ণন অক্ষের উপর B. আয়তনের উপর
C. কৌণিক বেগের উপর D. কৌণিক ভরবেগের উপর

ব্যাখ্যা: জড়তার ভ্রামক: কোনো নির্দিষ্ট অক্ষের চারদিকে ঘূর্ণায়মান দৃঢ় বস্তুর প্রতিটি কণার ভর এবং ঘূর্ণন অক্ষ থেকে আনুষঙ্গিক কণার লম্ব দূরত্বের বর্গের গুণফলের সমষ্টিতে এই অক্ষ সাপেক্ষে এই বস্তুর জড়তার ভ্রামক বলে।

$$\text{জড়তার ভ্রামক, } I = \sum_{i=1}^n m_i r_i^2$$

$$\text{একক : MKS ও SI একক } \text{kgm}^2 \quad \text{মাত্রা : } [ML^2]$$

Ans : A.

৮. কেন্দ্রমুখী বল দ্বারা কৃত কাজ-

- A. অসীম B. ধনাত্মক
C. শূন্য D. ঋণাত্মক

ব্যাখ্যা: কেন্দ্রমুখী বল দ্বারা কৃত কাজ শূন্য কারণ কেন্দ্রমুখী বল ও বস্তুর সরণ সমকোণে ক্রিয়া করে, অর্থাৎ $\theta = 90^\circ$

$$\text{কৃতকাজ, } W = \vec{F} \cdot \vec{s} = F s \cos\theta = F s \cos 90^\circ = 0$$

Ans : C.

 ৯. g -এর মান সর্বাধিক কোথায়?

- A. মেরু অঞ্চলে B. বিষুব অঞ্চলে
C. ভূ-কেন্দ্রে D. পাহাড়ের চূড়ায়

 ব্যাখ্যা: পৃথিবীর বিভিন্ন অঞ্চলে g -এর মান-

অঞ্চল	g -এর মান (ms^{-2})
মেরু	9.83217
বিষুবীয়	9.78039
ক্রান্তীয়	9.78918
ঢাকা	9.7835
রাজশাহী	9.790
45° অক্ষাংশে সমুদ্র সমতলে	9.80665
ভূ-কেন্দ্রে	0

Ans : A.

 ১০. পৃথিবীর ভর M এবং ব্যাসার্ধ R হলে পৃথিবী পৃষ্ঠে g/G এর অনুপাত হবে-

- A. $\frac{R^2}{M}$ B. $\frac{M}{R^2}$
C. R^2 D. $\frac{M}{R}$

$$\text{ব্যাখ্যা: } g = \frac{GM}{R^2} \Rightarrow \frac{g}{G} = \frac{M}{R^2}$$

Ans : B.

১১. যে সব তরল কাঁচকে ভেজায় না তাদের স্পর্শকোণ-

- A. প্রায় শূন্য B. প্রায় 90°
C. 90° এর চেয়ে ছোট D. 90° এর চেয়ে বড়

ব্যাখ্যা: যেসকল পদার্থের সাথে কাঁচের স্পর্শকোণ সূত্রকোণ ($0 < \theta < 90^\circ$), সেসকল পদার্থ কাঁচকে ভেজায়। যেমন: বৃষ্টির পানি, মধু, সোডিয়াম ক্লোরাইড দ্রবণ ইত্যাদি।

• যেসকল পদার্থের সাথে কাঁচের স্পর্শকোণ স্থূলকোণ ($90^\circ < \theta < 180^\circ$), সেসকল পদার্থ কাঁচকে ভেজায় না। যেমন: পারদ।

Ans : D.

১২. দৃশ্যমান আলোকরশ্মির কোনটির তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে কম?

- A. লাল B. হলুদ
C. কমলা D. বেগুনী

ব্যাখ্যা: দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্য-

বর্ণ	তরঙ্গদৈর্ঘ্য (nm)	বর্ণ	তরঙ্গদৈর্ঘ্য (nm)
বেগুনী	400 - 450	হলুদ	550 - 600
নীল	450 - 480	কমলা	600 - 650
আসমানী	480 - 500	লাল	650 - 700
সবুজ	500 - 550		

• যে আলোর তরঙ্গদৈর্ঘ্য বড়, তার প্রিজমে বিচ্যুতি কম।

Ans : D.

১৩. শূন্য (vacuum) প্রতিসরাঙ্ক (refractive index)-

- A. 0 B. 1
C. > 1 D. ∞

ব্যাখ্যা : বিভিন্ন মাধ্যমে প্রতিসরাঙ্ক-

মাধ্যম	প্রতিসরাঙ্ক
শূন্য/বায়ু	1
পানি	1.33
হীরক	2.366
কাঁচ	1.5

Ans : B.



@AdmissionStuffs

ক্রান্তিকাল

CU: 2021-2022 (83)

১৪. দুটি সালগত সুস্পন্দ বিন্দুর (antinodes) মধ্যবর্তী দূরত্ব-

- A. $\frac{\lambda}{4}$ B. $\frac{\lambda}{2}$ C. λ D. 2λ

ব্যাখ্যা: স্থিতি তরঙ্গের ক্ষেত্রে:

- i) পালগত দুটি সুস্পন্দ বা দুটি নিস্পন্দ বিন্দুর দূরত্ব = $\lambda/2$
 ii) একটি সুস্পন্দ ও একটি নিস্পন্দ বিন্দুর দূরত্ব = $\lambda/4$
 iii) দুটি সুস্পন্দ ও একটি নিস্পন্দ বিন্দুর দূরত্ব = $\lambda/2$
 iv) পালগত তিনটি সুস্পন্দ বা নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব = λ
 v) পালগত দুটি তরঙ্গচূড়ার মধ্যবর্তী দূরত্ব = λ

Ans : B.

১৫. ডিউটেরিয়ামে (Deuterium) কয়টি নিউট্রন থাকে?

- A. 0 B. 1 C. 2 D. 3

ব্যাখ্যা: হাইড্রোজেনের তিনটি স্থিতিশীল আইসোটোপ হলো-

আইসোটোপ	^1_1H	^2_1H	^3_1H
প্রোটিয়াম	1	1	1
ডিউটেরিয়াম	1	1	1
ট্রিটিয়াম	1	1	1
নিউট্রন	0	1	2

Ans : B.

১৬. আবেশগুণকের (Inductance) একক-

- A. ফ্যারাড (farad) B. হেনরি (henry)
 C. ওহম (ohm) D. সিমেন্স (siemens)

ব্যাখ্যা: আবেশগুণক: কোনো কুণ্ডলীতে একক তড়িৎ প্রবাহিত হলে কুণ্ডলীতে যে পরিমাণ চৌম্বক ফ্লাক্স সংযুক্ত হয় তাকে ঐ কুণ্ডলীর আবেশ গুণক বা আবেশগুণক বলে।

একক: হেনরি (H)

Ans : B.

১৭. দুটি বিন্দু আধানের মধ্যে বল নিচের কোন সূত্র দ্বারা হিসাব করা হয়?

- A. অ্যাম্পিয়ারের সূত্র B. কুলম্বের সূত্র
 C. ওহমের সূত্র D. নিউটনের সূত্র

ব্যাখ্যা: কুলম্বের সূত্র: "একটি নির্দিষ্ট মাধ্যমে দুইটি বিন্দু চার্জের মধ্যে ত্রিকোণাকার আকর্ষণ বা বিকর্ষণ বলের মান চার্জদ্বয়ের গুণফলের সমানুপাতিক, চার্জ দুটির মধ্যবর্তী দূরত্বের বর্গের ব্যস্তানুপাতিক এবং ঐ বল চার্জদ্বয়ের সংযোজক সরলরেখা বরাবর ক্রিয়া করে।"

 শূন্য মাধ্যমে কুলম্বের সূত্র হলো, $F = \frac{1}{4\pi\epsilon_0} \frac{q_1q_2}{r^2}$

Ans : B.

১৮. C, 2C ও C ধারকত্বের সিরিজ (series) সংযোগে সমতুল্য ধারকত্ব-

- A. 0.4C B. 2C C. 3C D. 4C

 ব্যাখ্যা: তুল্য ধারকত্ব, $C = \left(\frac{1}{C} + \frac{1}{2C} + \frac{1}{C} \right)^{-1} = \left(\frac{5}{2C} \right)^{-1} = 0.4C$

Ans : A.

১৯. Å(angstrom) একক কোন রাশির?

- A. দৈর্ঘ্য B. ভর C. কম্পাংক D. সময়

 ব্যাখ্যা: $1\text{Å} = 10^{-8}\text{cm} = 10^{-10}\text{m}$
 অর্থাৎ, দৈর্ঘ্যের একক হলো Å(angstrom).

Ans : A.

২০. n-ধরন অর্ধপরিবাহী (semiconductor) সংখ্যাগরিষ্ঠ (majority) বাহক (carrier) হলো-

- A. ইলেকট্রন B. প্রোটন
 C. নিউট্রন D. আয়ন

ব্যাখ্যা: n-type অর্ধপরিবাহী:

- চতুর্থোক্তনীয় কোনো বিত্ত অর্ধপরিবাহীর (Ge বা Si) সাথে পঞ্চমোক্তনীয় কোনো অপদ্রব্য (P, As, Sb, Bi) মিশিয়ে n-type অর্ধপরিবাহী তৈরি করা হয়।
- n-type এ ঋণাত্মক ইলেকট্রনই মুখ্য ভূমিকা পালন করে।
- ইলেকট্রন সংখ্যাগুরু বাহক এবং হোল সংখ্যালঘু বাহক।

Ans : A.

২১. পানিতর্পিত গ্রাসে এক টুকরো বরফ ভাসমান রয়েছে। বরফ গলার পর পানির লেভেল-

- A. উপরে উঠবে B. নীচে নামবে
 C. একই থাকবে D. প্রথমে উপরে উঠবে পরে নিচে নামবে

ব্যাখ্যা: বরফ গলে পানিতে পরিণত হলে গ্রাসে পানির উচ্চতা একই থাকবে। কারণ অতিরিক্ত পানি গ্রাসের গা বেয়ে গড়িয়ে পড়ে যাবে।

Ans : C.

২২. শাট (shunt) হলো যন্ত্রের সাথে-


- A. সমান্তরালে যুক্ত উচ্চমানের রোধ B. সমান্তরালে যুক্ত নিম্নমানের রোধ
 C. শ্রেণীতে যুক্ত উচ্চমানের রোধ D. শ্রেণীতে যুক্ত নিম্নমানের রোধ

ব্যাখ্যা: শাট : গ্যালভানোমিটার বা সূক্ষ্ম ও সুবেদী বৈদ্যুতিক যন্ত্রের মধ্যে দিয়ে যাতে উচ্চমাত্রার বিদ্যুৎ প্রবাহিত না হতে পারে তার জন্য যন্ত্রের সাথে সমান্তরালে স্বল্প মানের যে রোধ যুক্ত করা হয় তাকে শাট বলে।

Ans : B.

২৩. একমুখী বিদ্যুৎ প্রবাহের (dc) কম্পাঙ্ক কত?

- A. 100 Hz B. 20 Hz
 C. 0 Hz D. 10^4 Hz

 ব্যাখ্যা: একমুখী বিদ্যুৎ প্রবাহের (DC) কম্পাঙ্ক, $f = \frac{1}{T} = \frac{1}{\infty} = 0\text{Hz}$


Ans : C.

২৪. p-ধরন অর্ধপরিবাহী তৈরির জন্য বিত্ত সিলিকনের সাথে অপদ্রব্য মিশাতে হয় সেটি নিচের কোনটি?

- A. ফসফরাস B. এলুমিনিয়াম
 C. এন্টিমনি D. অক্সিজেন

ব্যাখ্যা: • p-টাইপ অর্ধপরিবাহক: ত্রিযোজী অর্থাৎ পর্যায় সারণির তৃতীয় সারির মৌল অপদ্রব্য হিসেবে মিশানো হয়।

যেমন: বোরন (B), অ্যালুমিনিয়াম (Al), গ্যালিয়াম (Ga), ইন্ডিয়াম (In)

• n-টাইপ অর্ধপরিবাহক: পঞ্চমোক্তনীয় বা পর্যায় সারণির পঞ্চম সারির মৌল অপদ্রব্য হিসেবে মিশানো হয়।

যেমন: ফসফরাস (P), আর্সেনিক (As) এন্টিমনি (Sb), বিসমথ (Bi)

Ans : B.

২৫. 'ঈশ্বর কণা' কোনটি?

- A. Boson B. Meson
 C. Higgs-Boson D. Lepton

ব্যাখ্যা: বোসন কণা: দুই ধরনের- (i) গেজ বোসন, (ii) হিগস বোসন

 • ফোটন, W বোসন (W^+ , W^-), Z বোসন, গ্রুভন, গ্রাভিটন কণা হলো গেজ বোসন।

• হিগস বোসন কণাকে ঈশ্বর কণা বা God Particle নামে অভিহিত করা হয়।

Ans : C.


Ans : B.

সানস্ক্রীডি

CU: 2021 - 2022 (85)

৯. 5 g FeSO₄ কে সম্পূর্ণ জারিত করতে কত গ্রাম K₂Cr₂O₇ প্রয়োজন?
- A. 1.314 g B. 1.614 g
C. 1.514 g D. 1.416 g

ব্যাখ্যা: সমতাকৃত সমীকরণ:



Ans : B.

১০. HClO₃ যৌগে ক্লোরিনের জারণ সংখ্যা-

A. +6 B. +5 C. -6 D. -5

 ব্যাখ্যা: ধরি, HClO₃ এ Cl এর জারণ সংখ্যা x

$$\therefore (+1) + x + (-2) \times 3 = 0 \Rightarrow +1 + x - 6 = 0 \Rightarrow x = +5$$

Ans : B.

১১. CH₃CH₂CH=CH₂ এবং CH₃CH=CHCH₃ এর মধ্যে বিদ্যমান সমানুতা হচ্ছে-

A. কার্যকরী মূলক সমানুতা B. স্টেরিও সমানুতা
C. অবস্থান সমানুতা D. মেটামারিজম

ব্যাখ্যা : অবস্থান সমানুতা: একই সমগোত্রীয় শ্রেণির ও একই আনবিক সংকেতযুক্ত জৈব যৌগের কার্বন শিকলে দ্বিবন্ধন, ত্রিবন্ধন বা কার্যকরী মূলকের পার্শ্বকোণের জন্য অবস্থান সমানুতার উদ্ভব হয়।

CH ₃ -CH ₂ -CH=CH ₂ (বিউট-১-ইন)	CH ₃ -CH=CH-CH ₃ (বিউট-২-ইন)
স্ফুটনাঙ্ক: -6.5°C	স্ফুটনাঙ্ক: 1.4°C
আনবিক সংকেত: C ₄ H ₈	আনবিক সংকেত: C ₄ H ₈

Ans : C.

১২. কোন অবস্থাকে STP বলে?

A. 0°C, 760 cm B. 273 K
C. 0 K, 760 cm D. 0°C, 76 cm Hg

ব্যাখ্যা: STP (Standard Temperature and Pressure) তে-
প্রমাণ তাপমাত্রা: 0°C বা 273.16 K
চাপ: 1 atm বা 760 mm(Hg) বা 760 torr
মোলার আয়তন: 22.414 L




Ans : D.

১৩. ডেনিয়েল কোষে ব্যবহৃত ইলেকট্রোড দুটি-

A. Cu এবং Pt B. Cu এবং Hg
C. Zn এবং Cu D. Cd এবং Pt

ব্যাখ্যা: ডেনিয়েল কোষে Zn/ZnSO₄ অর্ধকোষটি জারণ অর্ধকোষ এবং CuSO₄/Cu অর্ধকোষটি বিজারণ অর্ধকোষ।

ডেনিয়েল কোষে সংঘটিত কোষ বিক্রিয়া:



Ans : C.

১৪. নিচের কোনটি বাফার দ্রবণ?

A. CH₃COOH & NaOH
B. CH₃COOH & CH₃COONa
C. NaOH & Na₂CO₃
D. HCl & NaCl

ব্যাখ্যা: স্বল্প মাত্রায় অম্ল বা ক্ষার দ্রবণ যোগে যে দ্রবণের pH এর মান স্থির থাকে তাকে বাফার দ্রবণ বলে।

বাফার দ্রবণ দুই প্রকার-

১. অম্লীয় বাফার দ্রবণ: দুর্বল এসিড ও তীব্র ক্ষারের সাথে এই এসিডের লবণের দ্রবণ। যেমন: CH₃COOH ও CH₃COONa এর মিশ্রণ।

২. ক্ষারীয় বাফার: মৃদু ক্ষার ও এই ক্ষারের সাথে তীব্র এসিডের বিক্রিয়ায় উৎপন্ন লবণের মিশ্রণ। যেমন: NH₄OH ও NH₄Cl এর মিশ্রণ।

Ans : B.

১৫. 8.5 g NH₃ তে পরমাণুর মোট সংখ্যা-

A. 9.03 × 10²³ B. 3.01 × 10²³
C. 1.204 × 10²³ D. 6.02 × 10²³

$$\text{ব্যাখ্যা: } \frac{W}{M} = \frac{x}{N_A \times 4} \Rightarrow \frac{8.5}{17} = \frac{x}{6.023 \times 10^{23} \times 4}$$

$$\therefore x = 1.204 \times 10^{24} \text{ টি পরমাণু}$$


Ans : Blank.

১৬. বেনজিন বলয়ে π-bond এর সংখ্যা-

A. 5 B. 6 C. 4 D. 2

ব্যাখ্যা: বেনজিনের গাঠনিক সংকেত:

বেনজিনে 12টি σ বন্ধন ও 3টি π বন্ধন বিদ্যমান
অর্থাৎ বেনজিনে 6টি π ইলেকট্রন বিদ্যমান।



Ans: Blank.

১৭. 0.001M KOH দ্রবণের pH কত?

A. 14 B. 0.01 C. 11 D. 7

$$\text{ব্যাখ্যা: } \text{pOH} = -\log [\text{OH}^-] = -\log [0.001] = 3$$

$$\therefore \text{pH} + \text{pOH} = 14 \Rightarrow \text{pH} = 14 - \text{pOH} = 14 - 3 = 11$$

Ans : C.

১৮. ক্ষারধর্মী অক্সাইড কোনটি?

A. MgO B. Al₂O₃ C. ZnO D. CaO

ব্যাখ্যা : অক্সাইডের উদাহরণ-

অম্লীয় অক্সাইড (অধাতুর অক্সাইড)	CO ₂ , SO ₂ , SO ₃ , NO ₂ , N ₂ O ₅ , P ₂ O ₅
ক্ষারীয় অক্সাইড (ধাতুর অক্সাইড)	Na ₂ O, K ₂ O, MgO, CaO
উভধর্মী অক্সাইড	PbO, ZnO, Al ₂ O ₃ , SnO, PbO ₂
নিরপেক্ষ অক্সাইড	H ₂ O, CO, N ₂ O, NO
পার অক্সাইড	Na ₂ O ₂ , H ₂ O ₂ , BaO ₂
পলি অক্সাইড	MnO ₂ , PbO ₂
সুপার অক্সাইড	KO ₂ , RbO ₂
মিশ্র/যৌগিক অক্সাইড	Fe ₃ O ₄ , Pb ₃ O ₄ , Mn ₃ O ₄

• ধাতুর অক্সাইড সমূহ ক্ষারধর্মী। Al₂O₃ উভয়ধর্মী এবং CaO, MgO উভয়ই ক্ষারধর্মী। কিন্তু Mg অপেক্ষা Ca এর সক্রিয়তা বেশি। তাই CaO এর ক্ষারধর্মীতা বেশি।

Ans : A.

১৯. নিচের কোন আয়ন বর্ণহীন দ্রবণ দেয়?

A. Ni²⁺ B. Fe²⁺ C. Cu²⁺ D. Cu⁺

ব্যাখ্যা: Cu⁺ এর ইলেকট্রন বিন্যাসে 3d অরবিটালে 3d¹⁰ অর্থাৎ পূর্ণ ইলেকট্রন থাকে বিধায় Cu⁺ আয়ন বর্ণহীন হয়। Cu²⁺ এ 3d⁹ যা অপূর্ণ বিধায় বর্ণযুক্ত দ্রবণ সৃষ্টি করে।

Ans : D.

পানকোডি

CU: 2021-2022 (87)

 ৬. k এর মান কত হলে, $(3k+1)x^2 + (11+k)x + 9 = 0$ সমীকরণের মূলগুলো জটিল হবে?

- A. $1 < k < 85$ B. $k > 85$
C. $3 < k < 86$ D. $k < 3$

 ব্যাখ্যা: প্রদত্ত সমীকরণের মূলগুলো জটিল হলে, নিচায়ক $< 0 \Rightarrow b^2 - 4ac < 0$

$$\begin{aligned} \therefore (11+k)^2 - 4(3k+1) \cdot 9 &< 0 \\ \Rightarrow 121 + 22k + k^2 - 108k - 36 &< 0 \\ \Rightarrow k^2 - 86k + 85 < 0 &\Rightarrow (k-1)(k-85) < 0 \Rightarrow 1 < k < 85 \\ \text{Ans : A.} \end{aligned}$$

 ৭. $\left(2x + \frac{1}{6x}\right)^{10}$ এর বিস্তৃতিতে ধ্রুবক পদটি হবে-

- A. $\frac{28}{27}$ B. 26
C. 27 D. $\frac{27}{28}$

 ব্যাখ্যা: টেকনিক: x বর্জিত পদ বা x মুক্ত পদ বা ধ্রুবকপদ বা x^0 এর সহগ নির্ণয়:

 $(ax^m + bx^k)^r$ এর বিস্তৃতিতে,

 (i) $(r+1)$ তম $= \left(\frac{m \times n}{m-k} + 1\right)$ তম পদ x বর্জিত।

 (ii) x বর্জিত পদের মান $= {}^nC_r \cdot a^{n-r} \cdot b^r$ [এখানে, $r = \frac{m \times n}{m-k}$]

$$\text{এখন, } \left(2x + \frac{1}{6x}\right)^{10} \text{ এর বিস্তৃতিতে } \left(\frac{10 \times 1}{1 - (-1)} + 1\right) = (5+1)$$

তম পদ ধ্রুবক পদ

$$\therefore \text{ধ্রুবক পদ} = {}^{10}C_5 \cdot 2^{10-5} \left(\frac{1}{6}\right)^5 = \frac{28}{27}$$

Ans : A.

 ৮. $1^3 + 2^3 + 3^3 + \dots + n^3 = 225$ হলে n এর মান হবে-

- A. 10 B. 11
C. 5 D. 9

 ব্যাখ্যা: $1^3 + 2^3 + 3^3 + \dots + n^3 = 225$

$$\Rightarrow \left\{\frac{n(n+1)}{2}\right\}^2 = 225 \Rightarrow \frac{n(n+1)}{2} = 15$$

$$\Rightarrow n^2 + n - 30 = 0 \Rightarrow (n+6)(n-5) = 0 \Rightarrow n = 5$$

Ans : C.

 ৯. y -অক্ষ ও $(7, 2)$ বিন্দু থেকে $(a, 5)$ বিন্দুটির দূরত্ব সমান হলে a এর মান কোনটি?

- A. $\frac{23}{7}$ B. $\frac{29}{7}$
C. $\frac{31}{5}$ D. $\frac{31}{3}$

$$\text{ব্যাখ্যা: } a = \sqrt{(7-a)^2 + (2-5)^2}$$

$$\Rightarrow a^2 = 49 - 14a + a^2 + 9 \Rightarrow -14a + 58 = 0 \Rightarrow a = \frac{29}{7}$$

Ans : B.

 ১০. $y^2 = 4x - 4y$ পরাবৃত্তের (parabola) শীর্ষবিন্দুর স্থানাঙ্ক কত?

- A. $(-1, -2)$ B. $(1, -1)$
C. $(1, 2)$ D. $(0, 4)$

 ব্যাখ্যা: $y^2 = 4x - 4y$

$$\Rightarrow y^2 + 4y + 4 = 4x + 4 \Rightarrow (y+2)^2 = 4(x+1)$$

 এখানে, শীর্ষবিন্দু $(x, y) = (0, 0)$

$$\therefore x+1=0 \Rightarrow x=-1 \text{ এবং } y+2=0 \Rightarrow y=-2$$

 সুতরাং, শীর্ষবিন্দুর স্থানাঙ্ক $(-1, -2)$

Ans : A.

 ১১. যদি $x^2 - 5x + k = 0$ সমীকরণটির একটি মূল 4 হয় তাহলে k এর মান এবং অন্য মূলটি কত?

- A. 0 ; 0 B. 4 ; 1
C. -4 ; -1 D. 4 ; -1

 ব্যাখ্যা: $x^2 - 5x + k = 0$ সমীকরণটির একটি মূল 4 হলে,

$$4^2 - 5 \times 4 + k = 0 \Rightarrow k = 4$$

 আবার, মূলদ্বয় 4, α হলে, $4 + \alpha = 5 \Rightarrow \alpha = 1$

Ans : B.

 ১২. যদি $f(x) = \log\left(\frac{x+1}{x-1}\right)$ হয়, তাহলে $f\left(\frac{1}{x}\right) =$ কত?

- A. $\log \frac{1+x}{1-x}$ B. $\log \frac{x-1}{x+1}$
C. $\log \frac{x+1}{x-1}$ D. $\log \frac{1-x}{1+x}$

 ব্যাখ্যা: $f(x) = \log\left(\frac{x+1}{x-1}\right)$

$$\Rightarrow f\left(\frac{1}{x}\right) = \log\left(\frac{\frac{1}{x}+1}{\frac{1}{x}-1}\right) = \log\left(\frac{1+x}{1-x}\right)$$

Ans : A.

 ১৩. $\frac{dy}{dx} = e^x(\sin x - \cos x)$ হলে y এর মান কোনটি?

- A. $-e^x \cos x$ B. $-e^x \sin x$
C. $e^x \sec x$ D. $e^x(\sin x + \cos x)$

 ব্যাখ্যা: টেকনিক: $\int e^{ax} \{af(x) + f'(x)\} dx = e^{ax} f(x) + c$

$$\frac{dy}{dx} = e^x(\sin x - \cos x) \Rightarrow y = -\int e^x(\cos x - \sin x) dx = -e^x \cos x + c$$

Ans : A.

 ১৪. $\lim_{h \rightarrow 0} \frac{\ln(2+h) - \ln 2}{h}$ এর মান কোনটি?

- A. $\frac{1}{2}$ B. $\frac{1}{3}$ C. \sqrt{e} D. e^2

 ব্যাখ্যা: টেকনিক: $\lim_{h \rightarrow 0} \frac{f(x+h) - f(x)}{h} = df(x)$

$$\therefore \lim_{h \rightarrow 0} \frac{\ln(2+h) - \ln 2}{h} = d(\ln 2) = \frac{1}{2}$$

Ans : A.

পানকোড়ি

CU: 2021-2022 (88)

১৫. $\int \frac{x}{\sqrt{1-x^4}} dx = \text{কত?}$

- A. $\frac{1}{2} \cos^{-1} x^2 + c$ B. $\frac{1}{4} \sin^{-1} x^2 + c$
C. $-\frac{1}{2} \cos^{-1} x^2 + c$ D. $\frac{1}{2} \sin^{-1} x^2 + c$

 ব্যাখ্যা: ধরি, $x^2 = z \Rightarrow 2x dx = dz \Rightarrow x dx = \frac{1}{2} dz$

$$\therefore \int \frac{x dx}{\sqrt{1-x^4}} = \int \frac{dz}{2\sqrt{1-z^2}} = \frac{1}{2} \sin^{-1} z + c = \frac{1}{2} \sin^{-1}(x^2) + c$$

Ans : D.

১৬. 'SCIENCE' শব্দটির সবকটি বর্ণকে কতভাবে সাজানো যায়?

- A. 120 B. 1260 C. 5040 D. 20160

ব্যাখ্যা: SCIENCE শব্দের ৭টি বর্ণে ২টি C, ২টি E আছে।

$$\therefore \text{সবগুলো বর্ণ সাজানোর মোট উপায়} = \frac{7!}{2!2!} = 1260$$

Ans : B.

 ১৭. $y = 2x^2 + 4x + 17$ হলে y এর সর্বনিম্ন মান কোনটি?

- A. -1 B. 17 C. 23 D. 15

 ব্যাখ্যা: টেকনিক: $y = ax^2 + bx + c$ বহুপদীর

$$a) \text{ সর্বোচ্চ মান} = \frac{4ac - b^2}{4a} [a < 0]$$

$$b) \text{ সর্বনিম্ন মান} = \frac{4ac - b^2}{4a} [a > 0]$$

$$\text{এখানে, সর্বনিম্ন মান} = \frac{4 \cdot 2 \cdot 17 - 4^2}{4 \cdot 2} = 15$$

Ans : D.

 ১৮. একটি বল উহার তিনগুন আর একটি বলের সহিত 60° কোণে ক্রিয়া করলে বল দুটির লব্ধি কত?

- A. $13p^2$ B. $\sqrt{13} p$
C. $(10 + 3\sqrt{2})p^2$ D. $\sqrt{(10 + 3\sqrt{2})} p$

 ব্যাখ্যা: বলসমূহ $p, 3p$ হলে, লব্ধি, $R^2 = p^2 + (3p)^2 + 2p \cdot 3p \cdot \cos 60^\circ$

$$\Rightarrow R^2 = 10p^2 + 3p^2 \Rightarrow R = \sqrt{13} p$$

Ans : B.

 ১৯. $5x^2 + 4y^2 = 1$ উপবৃত্তের উৎকেন্দ্রিকতা কোনটি?

- A. $\frac{1}{2}$ B. $\frac{1}{\sqrt{5}}$
C. $-\frac{1}{4}$ D. $\frac{1}{\sqrt{3}}$

$$\text{ব্যাখ্যা: } 5x^2 + 4y^2 = 1 \Rightarrow \frac{x^2}{\frac{1}{5}} + \frac{y^2}{\frac{1}{4}} = 1$$

$$\therefore \text{উৎকেন্দ্রিকতা, } e = \sqrt{1 - \frac{a^2}{b^2}} = \sqrt{1 - \frac{1/5}{1/4}} = \sqrt{1 - \frac{4}{5}} = \frac{1}{\sqrt{5}}$$

Ans : B.

 ২০. যদি M এবং N দুটি ঘটনা এবং $P(M) = 0.6$, $P(N) = 0.3$ ও $P(M \cup N) = 0.8$ হয় তাহলে $P(M \cap N)$ এর মান কোনটি?

- A. 1 B. 0
C. 0.5 D. 0.1

 ব্যাখ্যা: $P(M \cup N) = P(M) + P(N) - P(M \cap N)$

$$\Rightarrow P(M \cap N) = P(M) + P(N) - P(M \cup N) = 0.6 + 0.3 - 0.8 = 0.1$$

Ans : D.

 ২১. $P = \{1, 2, 3, 4\}$ এবং $Q = \{x: x \in N \text{ এবং } x \text{ বিজোড় সংখ্যা}\}$ উক্ত সেট দুয়ের $P \cap Q = \text{কত?}$

- A. $\{1, 2, 3, 4\}$ B. $\{1, 3\}$
C. $\{2, 4, 6, \dots\}$ D. \emptyset

 ব্যাখ্যা: $Q = \{x: x \in N \text{ এবং } x \text{ বিজোড় সংখ্যা}\} = \{1, 3, 5, 7, \dots\}$

$$\therefore P \cap Q = \{1, 2, 3, 4\} \cap \{1, 3, 5, 7, \dots\} = \{1, 3\}$$

Ans : B.

$$22. \text{ যদি } X = \begin{bmatrix} 1 & 2 & 3 \\ 3 & 2 & 1 \\ 2 & 1 & 3 \end{bmatrix} \text{ এবং } Y = \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix} \text{ দুটি ম্যাট্রিক্স হয়,}$$

 তাহলে XY এর মান কত?

- A. $\begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 2 & 0 \\ 0 & 0 & 3 \end{bmatrix}$ B. $\begin{bmatrix} 6 & 0 & 0 \\ 0 & 6 & 0 \\ 0 & 0 & 6 \end{bmatrix}$
C. X D. Y

 ব্যাখ্যা: $XY = XI = X$ [$\because AI = IA = A$]

Ans : C.

$$23. y = \tan^{-1} \sqrt{x} \text{ হলে } \frac{dy}{dx} = ?$$

- A. $\frac{\sqrt{x}}{1+x}$ B. $\frac{1}{2\sqrt{x}(1+x)}$
C. $\frac{1}{2\sqrt{x}(1+x^2)}$ D. $\frac{1}{1+x^2}$

$$\text{ব্যাখ্যা: } y = \tan^{-1} \sqrt{x} \Rightarrow \frac{dy}{dx} = \frac{1}{1+x} \cdot \frac{1}{2\sqrt{x}} = \frac{1}{2\sqrt{x}(1+x)}$$

Ans : B.

 ২৪. P ও Q বল দুটির মধ্যবর্তী কোণ $\theta = 180^\circ$ হলে, লব্ধির মান ও দিক হবে-

- A. $P + Q, 0^\circ$ B. $\sqrt{P^2 + Q^2}, \tan^{-1} \frac{Q}{P}$
C. $P - Q, 0^\circ$ D. $P + Q, \tan^{-1} \frac{Q}{P}$

 ব্যাখ্যা: লব্ধির মান, $R^2 = P^2 + Q^2 + 2PQ \cos 180^\circ$

$$= P^2 + Q^2 - 2PQ = (P - Q)^2 = P - Q$$

$$\text{লব্ধির দিক, } \tan \theta = \frac{Q \sin 180^\circ}{P + Q \cos 180^\circ} = 0 \Rightarrow \theta = 0^\circ$$

Ans : C.

২৫. যদি ${}^{2n}P_3 = 2 \times {}^nP_4$ হয়, তবে n এর মান হবে-

- A. 1 B. 8
C. 3 D. 4

ব্যাখ্যা: ${}^{2n}P_3 = 2 \times {}^nP_4$

$$\Rightarrow \frac{(2n)!}{(2n-3)!} = 2 \times \frac{n!}{(n-4)!}$$

$$\Rightarrow 2n \times (2n-1) \times (2n-2) = 2 \times n(n-1)(n-2)(n-3)$$

$$\Rightarrow 4n - 2 = n^2 - 5n + 6$$

$$\Rightarrow n^2 - 9n + 8 = 0$$

$$\Rightarrow (n-8)(n-1) = 0 \Rightarrow n = 8$$

Ans : B.

জীববিজ্ঞান

১. উদ্ভিদ জগতে ক্যারোলাস শ্রেণীবিন্যাস একটি-

- A. কৃত্রিম শ্রেণীবিন্যাস B. প্রাকৃতিক শ্রেণীবিন্যাস
C. জাতিজনি শ্রেণীবিন্যাস D. পঞ্চ জগৎ শ্রেণীবিন্যাস

ব্যাখ্যা: ১. কৃত্রিম শ্রেণীবিন্যাস পদ্ধতি: থিয়োফ্রাস্টাস ও ক্যারোলাস লিনিয়াসের শ্রেণীবিন্যাস কৃত্রিম শ্রেণীবিন্যাস পদ্ধতি।

২. প্রাকৃতিক শ্রেণীবিন্যাস পদ্ধতি: মাইকেল অ্যাডানসন, ল্যামার্ক, ডি জ্যাসো, ডি-ক্যাম্বল, বেনথাম-ছকার প্রমুখ উদ্ভিদ বিজ্ঞানীদের শ্রেণীবিন্যাস পদ্ধতি প্রাকৃতিক।

৩. জাতিজনি শ্রেণীবিন্যাস পদ্ধতি: এসলায়-গ্রান্টল, হাটিনসন, বেসি, ফ্রনকুইস্ট, তাখতাইন প্রমুখ বিজ্ঞানীদের শ্রেণীবিন্যাস পদ্ধতি জাতিজনি।

Ans : A.

২. C_4 উদ্ভিদের উদাহরণ-

- A. ইন্দু, ভুট্টা এবং সরগাম B. ধান, গম এবং বার্লি
C. আম, জাম এবং কাঁঠাল D. সকলই

ব্যাখ্যা : • C_3 -উদ্ভিদ: ধান, গম, বার্লি, আম, জাম, কাঁঠালসহ ৮৫% উদ্ভিদ।

• C_4 -উদ্ভিদ: ভুট্টা, ইন্দু, মুখাঘাস, অ্যামারাহাস, গিনিঘাস ইত্যাদি C_4 -উদ্ভিদ।

Ans : A.

৩. নিম্নের কোনটি নাইট্রোজেন সংবন্ধনকারী অণুজীব নয়?

- A. *Agrobacterium* B. *Rhizobium*
C. *Nostoc* D. *Pseudomonas*

ব্যাখ্যা : • *Azotobacter*, *Pseudomonas*, *Clostridium* প্রভৃতি ব্যাকটেরিয়া সরাসরি বায়ু হতে নাইট্রোজেন গ্রহণ করে নাইট্রোজেন যৌগ পদার্থ হিসেবে মাটিতে স্থাপন করে, ফলে মাটির উর্বরতা বৃদ্ধি পায়।

• *Rhizobium* জাতীয় ব্যাকটেরিয়া সিম জাতীয় উদ্ভিদের মূলের নডিউলে নাইট্রোজেন সংবন্ধন করে থাকে।

• *Nostoc* বায়ুমন্ডলের মুক্ত নাইট্রোজেন সংবন্ধন করে মাটি ও জলজ পরিবেশকে নাইট্রোজেন সমৃদ্ধ করে থাকে।

Ans : A.

৪. ম্যালেরিয়া পরজীবি কর্তৃক লোহিত রক্তকণিকার ভিতরে তৈরিকৃত রঞ্জক -

- A. Haemoglobin B. Haemocyanin
C. Haemoerythrin D. Hemozoin

ব্যাখ্যা : লোহিত রক্তকণিকায় সংঘটিত অ্যামিবিয়োট ট্রফোজয়েট দশায় কোষস্থ নিউক্লিয়াস বারবার বিভাজনের মাধ্যমে ১২-২৪ টি অপত্য নিউক্লিয়াস সৃষ্টি করে। বহু নিউক্লিয়াসবিশিষ্ট এ দশাকে সাইজন্ট বলে। এর সাইটোপ্লাজমে হিমোজেন নামক বর্জ্য পদার্থ (পিগমেন্ট) জমা হয়।

Ans : D.

৫. এন্টার্ক জাইলেম পাওয়া যায়-

- A. কাণ্ডে B. পাতায়
C. মূলে D. কোনটিই নয়

ব্যাখ্যা: • আবৃতবীজী উদ্ভিদের মূলে মেটাজাইলেম সিলির কেন্দ্রের দিকে থাকে এবং প্রোটোজাইলেম সিলির পরিধির দিকে থাকে। কাণ্ডে এদের অবস্থান ঠিক উল্টো, অর্থাৎ কাণ্ডের ভাস্কুলার বান্ডলে মেটাজাইলেম পরিধির দিকে এবং প্রোটোজাইলেমের কেন্দ্রের দিকে বিন্যস্ত থাকে, একে এন্টার্ক বলে।

• মূলের ভাস্কুলার টিস্যুতে প্রোটোজাইলেম পরিধির দিকে এবং মেটাজাইলেম কেন্দ্রের দিকে বিন্যস্ত থাকে, একে এন্টার্ক বলে।

• পাতায় প্রোটোজাইলেম ও মেটাজাইলেম উভয়ই কেন্দ্র এবং পরিধির দুই দিকে বিন্যস্ত থাকে, একে মেসার্ক বলে।

Ans : C.

৬. প্রতিরক্ষামূলক প্রোটিন কোনটি?

- A. ইন্টারফেরন B. ইনসুলিন
C. লাইপেজ D. লুসিফেরিন

ব্যাখ্যা : ইন্টারফেরন হলো এক ধরনের উচ্চ আণবিক ওজন সম্পন্ন গ্রাইকোপ্রোটিন; যা ক্যান্সার কোষের বৃদ্ধি ও ভাইরাসের বংশবৃদ্ধিতে বাধা দেয়। ইন্টারফেরন হলো প্রতিরক্ষামূলক প্রোটিন (defence protein)

Ans : A.

৭. নিম্নের পর প্রতিটি গর্ভাশয় বিকশিত হয়ে পরিণত হয় একটি-

- A. ক্রণ B. বীজ
C. ফল D. এন্ডোস্পার্ম

ব্যাখ্যা : নিম্নের পর গর্ভাশয় ও ডিম্বকের পরিবর্তন-

নিম্বকের আগে	নিম্বকের পরে
গর্ভাশয়	ফল
গর্ভাশয় ত্বক	ফলত্বক
ডিম্বক	বীজ
ডিম্বক বহিঃত্বক (এন্ডোইন)	টেস্টা (বীজ বহিঃত্বক)
ডিম্বক অন্তঃত্বক (ইন্টাইন)	টেগমেন (বীজ অন্তঃত্বক)
ডিম্বাণু বা এগ (নিম্বিক)	ক্রণ
সেকেন্ডারি নিউক্লিয়াস	এন্ডোস্পার্ম/সস্য

Ans : C.

৮. জবা ফুলে কোন ধরনের অমরাবিন্যাস (Placentation) পাওয়া যায়?

- A. শীর্ষক (Apical) B. অক্ষীয় (Axile)
C. গাভ্রীয় (Superficial) D. মূলীয় (Basal)

ব্যাখ্যা : • একপ্রাভ্রীয় (মার্জিনাল) অমরাবিন্যাস: মটরগুটি, শিম, ছোলা প্রভৃতি।

• অক্ষীয় (অ্যাক্সাইল): জবা, টেঁড়স প্রভৃতি।

• মুক্তমধ্য (ফ্রি সেন্ট্রাল) অমরাবিন্যাস: তুঁত, নুনিশাক প্রভৃতি।

• বহুপ্রাভ্রীয় (প্যারাইটাল) অমরাবিন্যাস: শসা, লাউ, সরিষা প্রভৃতি।

• গাভ্রীয় (সুপারফিশিয়াল) অমরাবিন্যাস: ত্রিধারা, সূর্যমুখী, ধান প্রভৃতি।

• শীর্ষক (অ্যাপিক্যাল) অমরাবিন্যাস: ধনিয়া, লালপাতা প্রভৃতি।

Ans : B.

৯. নিউক্লিওটাইডের পেটোজ সুগারের কত নং কার্বনে নাইট্রোজেন ক্ষার (base) যুক্ত থাকে?

- A. 1 B. 2
C. 3 D. 5

ব্যাখ্যা : • নিউক্লিওটাইডের পেটোজ সুগারের ১নং কার্বনে নাইট্রোজেন ক্ষারকগুলো (A, T, G, C) যুক্ত থাকে।

• D-অক্সিরাইবোজ সুগারের ২নং কার্বনে অক্সিজেন থাকে না।

Ans : A.

১০. কোষের কোন অঙ্গাণুটি প্রোটিন সংশ্লেষণে অংশ গ্রহণ করে?

- A. Oxysome B. Peroxysome
C. Ribosome D. Lysozyme

ব্যাখ্যা : • কোষের বাস্তুঘর → ক্রোমোপ্লাস্ট

- কোষের পাওয়ার হাউস → মাইটোকন্ড্রিয়া
- কোষের প্রোটিন ফ্যাক্টরি → রাইবোসোম
- কোষের প্যাকেজিং হাউস → গলগি বডি
- কোষের সুইসাইডাল স্কোয়াড বা আত্মঘাতী ধলিকা → লাইসোসোম
- কোষের মস্তিষ্ক → নিউক্লিয়াস
- কোষের মুদ্রা → ATP
- কোষের ট্রাফিক পুলিশ → গলগি বডি

Ans : C.

১১. কোনটি 'মাস্টার মলিকিউল' নামে পরিচিত?

- A. DNA B. প্রোটিন
C. কার্বোহাইড্রেট D. RNA

ব্যাখ্যা : জীবকোষের জৈবিক সংকেত প্রেরক হচ্ছে DNA। জীবকোষের সব রাসায়নিক বিক্রিয়া DNA কর্তৃক নিয়ন্ত্রিত হয়, তাই একে মাস্টার মলিকিউল বলা হয়।

Ans : A.

১২. DNA থেকে mRNA তৈরির প্রক্রিয়াকে কি বলা হয়?

- A. ট্রান্সক্রিপশন B. রেপ্লিকেশন
C. ট্রান্সলেশন D. মিউটেশন

ব্যাখ্যা : • DNA থেকে mRNA তৈরী → ট্রান্সক্রিপশন।

- DNA থেকে DNA তৈরী → রেপ্লিকেশন/অনুলিপিকরণ।
- mRNA হতে প্রোটিন তৈরী → ট্রান্সলেশন।
- RNA হতে DNA ট্রান্সফরমেশন → রিভার্স ট্রান্সক্রিপটেজ/বিপরীত ট্রান্সক্রিপশন।

Ans : A.

১৩. সবচেয়ে ক্ষুদ্রতম আবৃতবীজী উদ্ভিদ কোনটি?

- A. *Wolffia microscopia* B. *Wolffia arrhiza*
C. *Mistletoe sp.* D. *Rafflesia sp.*

ব্যাখ্যা : • পৃথিবীর সবচেয়ে ক্ষুদ্রাকার আবৃতবীজী উদ্ভিদ হলো *Wolffia microscopia* (0.1 মিমি)। বাংলাদেশে এর দুটি প্রজাতি পাওয়া যায়।

- বাংলাদেশের ক্ষুদ্রতম আবৃতবীজী উদ্ভিদটি হলো *Wolffia arrhiza*.

Ans : A.

১৪. ডায়াবেটিস কোন অঙ্গের রোগ?

- A. যকৃত B. বৃক্ক C. গ্রীহা D. অগ্ন্যাশয়

ব্যাখ্যা : ডায়াবেটিস অগ্ন্যাশয়ের রোগ। অগ্ন্যাশয়ের আইলেটস অব ল্যাঙ্গার হ্যান্সের β-কোষ থেকে ইনসুলিন হরমোন নিঃসৃত হয় যা রক্তের গ্লুকোজের মাত্রা নিয়ন্ত্রণ করে। ইনসুলিন নিঃসরণ বাধাগ্রস্ত হলে রক্তে অস্বাভাবিক পরিমাণ গ্লুকোজ/শর্করা বৃদ্ধির ফলে ডায়াবেটিস রোগ হয়।

Ans : D.

১৫. মানব দেহে কয় স্তরের প্রতিরক্ষা ব্যবস্থা আছে?

- A. 2 B. 3 C. 4 D. 5

ব্যাখ্যা : মানবদেহে তিন স্তরের প্রতিরক্ষা ব্যবস্থা আছে-

- প্রথম প্রতিরক্ষা স্তর (First Line of defence)
- দ্বিতীয় প্রতিরক্ষা স্তর (Second Line of defence)
- তৃতীয় প্রতিরক্ষা স্তর (Third Line of defence)

Ans : B.

১৬. পিনিয়াল গ্রন্থির অবস্থান কোথায়?

- A. মস্তিষ্ক B. মস্তিষ্কের ১ম প্রকোষ্ঠে
C. মস্তিষ্কের ২য় প্রকোষ্ঠে D. মস্তিষ্কের ৩য় প্রকোষ্ঠে

ব্যাখ্যা : পিনিয়াল গ্রন্থি সরু বৃত্ত দ্বারা মস্তিষ্কের ৩য় ভেন্ট্রিকুল (প্রকোষ্ঠ) এর পশ্চাৎ প্রান্তের সাথে সংযুক্ত, ক্ষুদ্র ও গোলাকার গ্রন্থি। এ গ্রন্থি থেকে নিঃসৃত মেলাটোনিন হরমোন ঘুম-জাগরণ চক্র নিয়ন্ত্রণ করে।

Ans : D.

১৭. রঙ ও কোণ কোথায় কোথায় থাকে?

- A. চোখে B. কানে
C. যুগ্মে D. গলায়

ব্যাখ্যা : চোখের রেটিনায় দু-ধরণের আলোক সংবেদী কোষ আছে।

যথা: রঙ ও কোণ কোষ। মানব চোখে রঙ কোষের সংখ্যা ১২ কোটি ৫০ লক্ষ, অন্যদিকে কোণকোষের সংখ্যা ৬০-৭০ লক্ষ।

Ans : A.

১৮. ট্রিক্রিয়ার স্নায়ুর উৎস-

- A. অগ্রমস্তিষ্ক B. মধ্যমস্তিষ্ক
C. পশ্চাৎ মস্তিষ্ক D. নেভুলা অবলংগাটা

ব্যাখ্যা : ট্রিক্রিয়ার স্নায়ু (প্যাথোটিক স্নায়ু) মধ্যমস্তিষ্কের পৃষ্ঠ-পার্শ্বদেশ হতে সৃষ্টি হয়ে সুপিরিয়র অবলিক নামক চক্ষুপেশিতে বিস্তার লাভ করে। এগুলো মোটর স্নায়ু এবং অফিগোলকের সঞ্চালন নিয়ন্ত্রণ করে।

Ans : B.

১৯. নিচের কোনটি মাছ?

- A. সিলভার ফিশ B. স্টার ফিশ
C. গোল্ড ফিশ D. জেলি ফিশ

ব্যাখ্যা : সিলভার ফিশ → Arthropoda পর্বের প্রাণী।

স্টার ফিশ → Echinodermata পর্বের প্রাণী।

জেলিফিশ → Cnidaria পর্বের প্রাণী।

গোল্ডফিশ → Chordata পর্বের প্রাণী।

- সিলভার ফিশ, স্টার ফিশ, জেলিফিশ প্রকৃতভাবে মাছ নয়।

Ans : C.

২০. পাকস্থলীতে প্রোটিন পরিপাককারী এনজাইমটি প্রথমে কি হিসেবে নিঃসৃত হয়?

- A. পেপিন B. পেপসিন
C. পেপসিনোজেন D. ট্রিপসিন

ব্যাখ্যা : পাকস্থলীতে প্রোটিন পরিপাককারী এনজাইম পেপসিন, নিষ্ক্রিয় পেপসিনোজেন হিসেবে নিঃসৃত হয়। এটি গ্যাস্ট্রিক জুসের HCl-এর সাথে বিক্রিয়া করে সক্রিয় পেপসিনে পরিণত হয়।

Ans : C.

২১. মানুষের গ্রীবাদেশীয় কশেরুকার সংখ্যা কতটি?

- A. 5 B. 6
C. 7 D. 8

ব্যাখ্যা : অবস্থান অনুযায়ী কশেরুকাগুলোকে নিম্নোক্ত ৫টি অঞ্চলে ভাগ করা হয়ে থাকে-

১. সারভাইকাল (গ্রীবাদেশীয়) কশেরুকা (Cervical vertebrae) - ৭টি
২. থোরাসিক (বক্ষদেশীয়) কশেরুকা (Thoracic vertebrae) - ১২টি
৩. লাম্বার (কটদেশীয়) কশেরুকা (Lumbar vertebrae) - ৫টি
৪. স্যাক্রাল (শ্রোণীদেশীয়) কশেরুকা (Sacral vertebrae) - ৫টি (একীভূত)
৫. কক্সিজিয়াল (পুচ্ছদেশীয়) কশেরুকা (Coccygeal vertebrae) - ৪টি (একীভূত)

মোট = ৩৩টি

Ans : C.

পানকৌড়ি

CU: 2021 - 2022 (91)

২২. হৃদস্পন্দন মস্তিষ্কের কোন অংশ দ্বারা নিয়ন্ত্রিত হয়?

- A. সেরেবেলাম B. মেডুলা অবলংগাটা
C. থ্যালামাস D. হাইপোথ্যালামাস

ব্যাখ্যা:

ক্রমিক মস্তিষ্ক	প্রাণ বাক্যের মস্তিষ্ক	কাজ
অগ্রমস্তিষ্ক	সেরেব্রাম	১. দৃষ্টি, শ্রবণ, স্পর্শ, স্বাদ, ক্রিয়াকলাপ, স্মৃতিশক্তি, কর্মপ্রণোদনা, বাকশক্তি নিয়ন্ত্রণ করে। ২. সন্তানদী অঙ্গ থেকে আসা অনুভূতি গ্রহণ ও বিশ্লেষণ করে। ৩. চিন্তা, বুদ্ধি, ইচ্ছা ও উদ্ভাবনী শক্তি প্রভৃতি উন্নত মানসিক বোধের নিয়ন্ত্রণ করে। ৪. বিভিন্ন সহজাত প্রবৃত্তির নিয়ন্ত্রণ করে। ৫. দেহের সব ঐচ্ছিক পেশির কার্যকলাপ নিয়ন্ত্রণ করে।
	থ্যালামাস (আবেগের কেন্দ্র)	১. গন্ধছাড়া অন্যান্য সংজ্ঞাবহ স্নায়ুর রিলে স্টেশন হিসেবে কাজ করে (স্নায়ু আবেগ → থ্যালামাস → সেরেব্রাম)। ২. মানুষের ব্যক্তিত্ব ও সামাজিক আচরণের প্রকাশ ঘটায়। ৩. রাগ/ক্রোধ, পীড়ন প্রভৃতি আবেগ উৎপাদন করে। ৪. চাপ, স্পর্শ, যন্ত্রণা, অনুভূতির কেন্দ্র। ৫. ঘুমন্ত মানুষকে হঠাৎ জাগিয়ে পরিবেশ সম্পর্কে সতর্ক করে।
	হাইপোথ্যালামাস (ভালো লাগার কেন্দ্র)	১. দেহতাপ নিয়ন্ত্রণ করে। ২. ঘুম/নিদ্রা নিয়ন্ত্রণ করে। ৩. আবেগ/উদ্বেগ, ক্ষুধা, তৃষ্ণা, ঘাম, রাগ, পীড়ন, অলসতা, ঘৃণা প্রভৃতির কেন্দ্র। ৪. স্বয়ংক্রিয় স্নায়ুর কেন্দ্ররূপে কাজ করে। ৫. নিউরোহরমোন উৎপাদন করে ট্রপিক হরমোনের ক্ষরণ নিয়ন্ত্রণ করে। ৬. ভায়নোপ্রেনিন ও অক্সিটোসিন নামে দু'ধরনের নিউরোহরমোন সরাসরি ক্ষরিত হয় ও তা পচাৎ পিটুইটারির মধ্যে ভরসা থাকে।
মধ্যমস্তিষ্ক	মেসেনসেফালন	১. অগ্র ও পচাৎ মস্তিষ্কের মধ্যে যোগসূত্র রচনা করে। ২. দর্শন ও শ্রবণ তথ্যের সমন্বয় ঘটায় এবং প্রতিবেদন সৃষ্টি করে।
পচাৎমস্তিষ্ক	সেরেবেলাম (গড় ওজন প্রায় ১৫০ গ্রাম)	১. ঐচ্ছিক চলাফেরা নিয়ন্ত্রণ করে। ২. ঐচ্ছিক পেশির পেশীটান নিয়ন্ত্রণ করে। ৩. দেহের ভরসাম্য ও দেহভঙ্গি বজায় রাখে। ৪. মাথা ও চোখের সমন্বয় নিয়ন্ত্রণ করে। ৫. দেহের সবধরনের স্বয়ংক্রিয় কার্যকলাপ নিয়ন্ত্রণ করে।
	মেডুলা অবলংগাটা	১. হৃদস্পন্দন, শ্বাসন, গলাধরন, কাঁশ, রক্তবাহিকার সঙ্কোচন, লালারক্ষণ প্রভৃতির স্বয়ংক্রিয় নিয়ন্ত্রণ কেন্দ্রীয় হিসেবে কাজ করে। ২. বমন, মল-মূত্রত্যাগ রক্তচাপ চর্চন, পরিপাক রসক্ষরণ, ঘাম নিঃসরণ, পৌষ্টিক নালির পেরিন্ট্যালিস প্রভৃতি নিয়ন্ত্রণ করে। ৩. স্নুয়াকান্ড ও মস্তিষ্কের মধ্যে যোগসূত্র সৃষ্টি করে। ৪. ৮ম, ১০ম, ১১শ ক্রোমিটিক স্নায়ুর উৎপত্তিস্থল।
	পনস	১. স্বাভাবিক শ্বাসক্রিয়ার হার নিয়ন্ত্রণ করে। ২. এখান থেকে ৫ম-৮ম ক্রোমিটিক স্নায়ুর উৎপত্তি হয়। ৩. সেরেবেলাম, স্নুয়াকান্ড ও মস্তিষ্কের মধ্যে রিলে স্টেশন বা প্রেরক যন্ত্র হিসেবে কাজ করে। ৪. দেহের দুপার্শ্বের পেশির কর্মকান্ড সমন্বয় করে।

Ans : B.

২৩. নিচের কোনটি যকৃৎের কাজ নয়?

- A. কোলেস্টেরল উৎপাদন B. শর্করা বিপাক
C. ভিটামিন সঞ্চয় D. এন্টিবডি উৎপাদন

ব্যাখ্যা : যকৃৎের সঞ্চয়ী ভূমিকা:

- গ্লাইকোজেন সঞ্চয়
- ভিটামিন সঞ্চয়
- চর্বি ও অ্যামিনো এসিড সঞ্চয়
- শর্করা বিপাক
- লিপিড (ফ্যাট) বিপাক
- পিত্ত উৎপাদন
- হরমোনের ভাঙন
- তাপ উৎপাদন
- লোহিত রক্তকণিকা উৎপাদন ও ভাঙন
- রক্ত সঞ্চয়
- পিত্তরস উৎপাদন
- মিনারেল সঞ্চয়
- প্রোটিন বিপাক
- হিমোগ্লোবিনের ভাঙন
- হরমোন সংশ্লেষ
- টক্সিন বা বিষ অপসারণ
- রক্ত ব্যাকটেরিয়ামুক্ত রাখা

Ans : A.

২৪. নিচের কোনটি বিপাকের কারণে ইউরিক এসিড তৈরি হয়?

- A. অ্যামাইনো এসিড B. পিউরিন
C. টিউ প্রোটিন D. সবগুলো

ব্যাখ্যা: মানুষের দেহের যকৃৎের কোষে নিউক্লিক এসিডের পিউরিন ক্ষারক বিপাকের ফলে ইউরিক এসিড সৃষ্টি হয়। এটি ইউরিক্স অপেক্ষা কম বিষাক্ত।

Ans : B.

২৫. মানুষের মস্তিষ্কের অভ্যন্তরে তরলে পূর্ণ গহ্বরগুলোকে কি বলে?

- A. ভেন্ট্রিকল B. লোবউল C. মেডুলা D. ভেন্ট্রিকল

ব্যাখ্যা: মানুষের মস্তিষ্কের তরলপূর্ণ গহ্বরগুলোকে ভেন্ট্রিকল বলে। মানুষের মস্তিষ্কে ৪টি ভেন্ট্রিকল দেখা যায়। এগুলো ২টি পার্শ্বীয় ভেন্ট্রিকল, ৩য় ও ৪র্থ ভেন্ট্রিকল নামে পরিচিত।

Ans : A.

!!! বের হয়েছে !!!

পানকৌড়ি

রাজশাহী বিশ্ববিদ্যালয় -এর শতভাগ

ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক

- বিজ্ঞান - C-Unit
- মানবিক - A Unit
- ব্যবসায় - B Unit
- বিবিএ ও আইবিএ (অবাণিজ্য) - B Unit

!!! বের হয়েছে !!!

পানকৌড়ি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-এর শতভাগ

ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক

- বিজ্ঞান - A-Unit
- মানবিক - B+D Unit
- ব্যবসায় - C Unit

!!! বের হয়েছে !!!

পানকৌড়ি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর শতভাগ

ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক

- বিজ্ঞান - A Unit
- মানবিক - B Unit
- বিজ্ঞান - D Unit
- মানবিক - C Unit
- বিবিএ - E Unit
- আইবিএ

পানকৌড়ি

CU: 2020-2021 (92)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

শিক্ষাবর্ষ ২০২০-২১; A-Unit (Shift-1)

বাংলা

01. 'কবর' কবিতার পঙ্ক্তি কতটি?

- A. ৯৮ B. ১০৮
C. ১১৮ D. ১২৮

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

Ans : C.

02. 'পাথার' শব্দের অর্থ কী?

- A. নদী B. সমুদ্র
C. হাওর D. বিল

ব্যাখ্যা: 'তাহারেই পড়ে মনে' কবিতার কতিপয় শব্দার্থ-

শব্দ	অর্থ
সমীর	বাতাস।
পাথার	সমুদ্র।
অলখ	অলক্ষ, দৃষ্টির অগোচরে।
মাখবী	বাসন্তী লতা বা তার ফুল।
বরিয়	বরণ করে।
পুষ্পারতি	ফুলের বন্দনা বা নিবেদন।
উত্তরী	চাদর, উত্তরীয়।

Ans : B.

03. 'Rajmohon's Wife' কোন ধরণের রচনা?

- A. প্রবন্ধ B. ছোটগল্প
C. উপন্যাস D. আত্মজীবনী

ব্যাখ্যা: বঙ্কিমচন্দ্রের কতিপয় সাহিত্যকর্ম-

উপন্যাস	দুর্গেশনন্দিনী (১৮৬৫), কপালকুণ্ডলা, রাজসিংহ, আনন্দমঠ, বিষবৃক্ষ, ইন্দিরা, সীতারাম, চন্দ্রশেখর, জননী।
প্রবন্ধ	লোকরহস্য, বিজ্ঞানরহস্য, কমলাকান্তের দণ্ডর, বিবিধ সমালোচনা, সাম্য, কৃষ্ণচরিত্র, ধর্মতত্ত্ব অনুশীলন।

Ans : C.

04. 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন ছন্দে রচিত?

- A. স্বরবৃত্ত B. মাত্রাবৃত্ত
C. পয়ার D. অমিত্রাক্ষর

ব্যাখ্যা: 'আঠারো বছর বয়স' কবিতার কতিপয় তথ্য-

কবি	সুকান্ত ভট্টাচার্য
উৎস	'ছাড়পত্র' কাব্যগ্রন্থ (১৯৪৮)
ছন্দ	মাত্রাবৃত্ত
চরণ সংখ্যা	৩২ টি
স্তবক	৮টি

Ans : B.

05. 'ভাষা' কোন ধরণের পদ?

- A. বিশেষ্য B. বিশেষণ
C. সর্বনাম D. ক্রিয়া

ব্যাখ্যা: 'ভাষা' শব্দের অর্থ - জ্ঞী, বউ। এটি একটি বিশেষ্য পদ।

Ans : A.

06. 'শিশু খেলা করে'- এখানে 'খেলা' কোন কারকে কোন বিভক্তি?

- A. কর্তায় শূন্য B. করণে শূন্য
C. কর্মে শূন্য D. সম্প্রদানে শূন্য

ব্যাখ্যা: কর্তা যাকে অবলম্বন করে ক্রিয়া সম্পাদন করে, তাকে কর্মকারক বলে।

যথা: রাহি ফুল তুলে (কর্মকারকে শূন্য)।

শিশু খেলা করে (কর্মকারকে শূন্য)।

Ans : C.

07. 'তুমি এলে তবে আমি যাবো'- বাক্যটি কোন শ্রেণির?

- A. সরল B. যৌগিক
C. জটিল D. অনুজ্ঞাসূচক

ব্যাখ্যা: একটি পূর্ববাক্য যদি একটি প্রধান খণ্ডবাক্য ও এক বা একাধিক অগ্রপ্রধান খণ্ডবাক্য পরস্পর নির্ভরশীল হয়ে সংযুক্ত থাকে, তাকে জটিল বাক্য বলে।

যথা: তুমি এলে, তবে আমি যাব।

যারা ধার্মিক, তারাই প্রকৃত সুখী।

Ans : C.

08. সৈয়দ ওয়ালীউল্লাহর জন্মস্থান কোথায়?

- A. কলকাতা B. নোয়াখালী
C. চট্টগ্রাম D. ফেনী

ব্যাখ্যা: সৈয়দ ওয়ালীউল্লাহ-সম্পর্কিত কতিপয় তথ্য-

জন্ম	চট্টগ্রাম জেলার ঘোলশহরে (১৫ই আগস্ট, ১৯২২)।
মৃত্যু	ফ্রান্সের প্যারিসে।
পৈতৃক নিবাস	নোয়াখালীতে।
পিতা	সৈয়দ আহমদউল্লাহ।
মাতা	নাসিম আরা খাতুন।

Ans : C.

09. 'লোক-লোকান্তর' কাব্যে কবির চেতনারূপ পাখির রং কী?

- A. সবুজ B. সাদা
C. লাল D. হলুদ

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

Ans : B.

10. 'পথের রাজা'- এটি কোন সমাসের ব্যাসবাক্য?

- A. তৎপুরুষ B. বহুব্রীহি
C. কর্মধারয় D. দ্বিত্ব

ব্যাখ্যা: পূর্বপদের বিভক্তির লোপে যে সমাস হয় এবং পরপদের অর্থ প্রাধান্য থাকে যে সমাসে, তাকে তৎপুরুষ সমাস বলে।

যথা: পথের রাজা = রাজপথ (৬ষ্ঠী তৎপুরুষ)

দানে বীর = দানবীর (৭মী তৎপুরুষ)

Ans : A.

English

1. Mita Huq's death is an _____ for the country.

- A. irreparable loss B. irreparable loose
C. irreparable loss D. irreparable lose

ব্যাখ্যা: Irreparable (Adj.) - অপূরণীয়।

Loss (N.) - ক্ষতি।

Loose (Adj.) - আলগা/ঢিলা।

প্রদত্ত প্রশ্নটির অর্থ হচ্ছে - "মিতা হকের মৃত্যু দেশের জন্য অপূরণীয় ক্ষতি (Irreparable loss)।" অপশন A, B, D তে Irreparable বানান ভুল দেওয়া আছে।

Ans : C.

2. I did not have ___ luggage, just two small bags.
A. little B. many C. much D. few

CU: 2019 - 2020 (149)

৫. কোন শর্তে বাস্তব গ্যাসগুলো আদর্শ গ্যাস সমীকরণ অনুসরণ করে?

- A. কম চাপ ও অধিক তাপমাত্রায় B. বেশি চাপ ও কম তাপমাত্রায়
C. পরম শূন্য তাপমাত্রায় D. অধিক চাপে

ব্যাখ্যা : • উচ্চ তাপমাত্রা ও নিম্নচাপে বাস্তব গ্যাসসমূহ আদর্শ গ্যাসের ন্যায় আচরণ করে।

• নিম্ন তাপমাত্রা ও উচ্চ চাপে আদর্শ আচরণ হতে বাস্তব গ্যাসের সবচেয়ে বেশি বিচ্যুতি ঘটে।

• বাস্তব গ্যাসসমূহ আদর্শ আচরণ থেকে বিচ্যুতি প্রকাশ করে ভ্যানডার

$$\left(P + \frac{an^2}{V^2}\right)$$

ওয়ালস নতুন সমীকরণ প্রতিষ্ঠা করেন। সমীকরণটি হলো

(V - nb) = nRT যেখানে, a ও b ভ্যানডার ওয়ালস ধ্রুবক।

Ans : A.

৬. কোনটি ঘনমাত্রার একক নয়?

- A. mol dm⁻³ B. ppm C. kJ mol⁻¹ D. molality

ব্যাখ্যা : বিভিন্ন ঘনমাত্রার একক ও গাণিতিক সম্পর্ক:

ঘনমাত্রা	দ্রব	দ্রাবক/দ্রব	প্রতীক	একক	গাণিতিক সম্পর্ক
মোলারিটি (S)	1 mole	1 litre	M	mol L ⁻¹	$S = \frac{W}{M \times V(L)}$
মোলালিটি (M)	1 mole	1000 gm দ্রাবক	m	mol kg ⁻¹	$m = \frac{W \times 1000}{M \times W(g)}$
নরমালিটি (N)	1 gm তুলা ওজন	1 litre	N	mol m ⁻³	$N = \frac{W}{EV}$ $N = S \times e$ [e = তুলা সংখ্যা]
ppm	1 gm	10 ⁶ g	ppm	mg/L	ppm = 1000 SM

Ans : C.

৭. বেনজালডিহাইডে (C₆H₅-CHO) "π-electron" কয়টি?

- A. 7 B. 8 C. 6 D. 10

ব্যাখ্যা: একটি দ্বিবন্ধনে একটি সিগমা ও একটি পাইবন্ধন এবং একটি ত্রিবন্ধনে একটি সিগমা ও দুটি পাইবন্ধন থাকে। একটি পাই বন্ধনে ২টি π-ইলেকট্রন থাকে।



এতে ১৪টি σ-বন্ধন ও ৪টি π বন্ধন রয়েছে।

∴ π-ইলেকট্রন সংখ্যা = (৪ × ২) = ৮ টি।

Ans : B.

৮. SrCO₃ শিখা পরীক্ষায় কী রঙ দেখায়?

- A. সূর্যাস্তের মতো লাল B. বেগুনি
C. সবুজ D. নীল

ব্যাখ্যা: মৌলসমূহের শিখা পরীক্ষায় সৃষ্ট বৈশিষ্ট্যপূর্ণ শিখাবর্ণ:

মৌল	শিখাবর্ণ (খালি চোখে)	শিখাবর্ণ (ব্লু গ্রাস দিয়ে)
Na	উজ্জ্বল সোনালী হলুদ	বর্ণহীন
K	হালকা বেগুনী	গোলাপী লাল
Ca	ইটের ন্যায় লাল	হালকা সবুজ
Ba	হলুদাভ সবুজ	নীলাভ সবুজ
Cu	নীলাভ সবুজ	
Pb	হালকা নীল	
Rb	লালচে বেগুনী	
Cs	নীল	
Sr	উজ্জ্বল/সূর্যাস্তের ন্যায় লাল/ক্রিমসন	

Be, Mg, Zn, Ni, Co, Al শিখা পরীক্ষায় বর্ণ দেখায় না।

Ans : A.

৯. কোন পদার্থটির জন্য গাড়ি থেকে নির্গত গ্যাস কালো হয়?

- A. CO₂ B. C
C. C_xH_y D. CO

ব্যাখ্যা : প্রাকৃতিক গ্যাস, গ্যাসোলিন, পেট্রোল, ডিজেল, জ্বালানী তেল প্রভৃতি হাইড্রোকার্বন দহনে গাড়ি থেকে নির্গত গ্যাস কালো হয়।

• গাড়ির কালো ধোয়ার সঙ্গে SO₂, NO₂, CO, কার্বন, সিসাসহ অন্যান্য ক্ষতিকর উপাদান বাতাসে ছড়িয়ে পড়ে।

WHO নির্দেশনা অনুযায়ী এসব নির্গত গ্যাসের নিরাপদ সর্বোচ্চ মাত্রা-

গ্যাস	নিরাপদ সর্বোচ্চ মাত্রা	গ্যাস	নিরাপদ সর্বোচ্চ মাত্রা
SO ₂	0.05 ppm	SO ₃	0.02 ppm
CO	0.15 ppm	CO ₂	350 ppm
NO	350 ppb	NO ₂	250 ppb
CH ₄	2.0 ppm	H ₂ S	0.0002 ppm

Ans : C.

১০. ০.৩M HCl এর উপস্থিতিতে H₂S গ্যাস প্রবাহিত করলে কোন আয়নটি দ্রবণে অধঃক্ষেপ দিবে?

- A. Sn²⁺ B. Ba²⁺ C. Mg²⁺ D. Zn²⁺

ব্যাখ্যা : ক্যাটায়নসমূহের শনাক্তকরণ পরীক্ষা:

• গ্রুপ-II এর নয়টি ক্ষারকীয় মূলক বা ক্যাটায়ন আছে।

এগুলো হল- Pb²⁺, Cu²⁺, Cd²⁺, Hg²⁺, Sb³⁺, As³⁺, Sn²⁺, Sn³⁺, Bi³⁺। এদের অধঃক্ষেপনের জন্য গ্রুপ বিকারক হলো HCl

এসিডের উপস্থিতিতে H₂S গ্যাস। এসব ক্যাটায়নকে সালফাইট লবণ হিসেবে অধঃক্ষিপ্ত করা হয়।

• গ্রুপ-III B এর চারটি ক্ষারকীয় মূলক যেমন: Zn²⁺, Co²⁺, Ni²⁺, Mn²⁺ আছে। এদের অধঃক্ষেপনের জন্য গ্রুপ বিকারক হলো NH₄OH এর উপস্থিতিতে H₂S গ্যাস।

• এদের সালফাইট লবণের দ্রাব্যতা গুণফল গ্রুপ II ক্যাটায়নের সালফাইটের দ্রাব্যতা গুণফলের চেয়ে বেশি।

Ans : A.

১১. কোনটি প্রাথমিক প্রমাণ বস্তু?

- A. NaCl B. NaOH
C. Na₂CO₃ D. NaNO₃

ব্যাখ্যা : □ প্রাইমারী স্ট্যান্ডার্ড পদার্থ:


• বিশুদ্ধ অবস্থায় পাওয়া যায়।

• বায়ুর সংস্পর্শে অপরিবর্তিত থাকে।

• রাসায়নিক নিষ্ক্রিয় সঠিকভাবে ভর মেপে প্রমাণ দ্রবণ তৈরি করা যায়।

• প্রস্তুত দ্রবণের ঘনমাত্রা অনেক দিন অপরিবর্তিত থাকে।

উদাহরণ: অনর্ধ্বে Na₂CO₃, K₂Cr₂O₇, অর্ধে অক্সালিক এসিড (H₂C₂O₄·2H₂O), সোডিয়াম অক্সালেট (Na₂C₂O₄·2H₂O)




□ সেকেন্ডারী স্ট্যান্ডার্ড পদার্থ: গাঢ় H₂SO₄, NaOH, HCl, Na₂S₂O₃·5H₂O (বিজারক), KOH, KMnO₄ (জারক পদার্থ) (টেকনিক: HCl বাদে C বর্ণ থাকলে প্রাইমারী স্ট্যান্ডার্ড/প্রমাণ পদার্থ)

Ans : C.

১২. ক্ষার হচ্ছে এমন একটি পদার্থ যা প্রোটন গ্রহণ করে। ইহা অম্ল ও ক্ষার সম্পর্কিত
- A. ব্রনস্টেড মতবাদ B. লুইস মতবাদ
C. আরহেনিয়াস মতবাদ D. লান্স-ফ্রাউড মতবাদ

ব্যাখ্যা : ☐ ব্রনস্টেড লাউরি মতবাদ:



- অম্ল হলো এমন একটি যৌগ বা আয়ন যা অন্য পদার্থকে প্রোটন দান করতে পারে।
- ক্ষারক হলো এমন একটি যৌগ বা আয়ন যা অম্ল হতে প্রোটন গ্রহণ করতে পারে।



এসিড ক্ষারক অনুবন্ধী অম্ল অনুবন্ধী ক্ষারক

☐ আরহেনিয়াস মতবাদ:

- অম্ল হচ্ছে হাইড্রোজেনযুক্ত যৌগ যা জলীয় দ্রবণে H^+ আয়ন দান করে।
- ক্ষারক হচ্ছে সে সব যৌগ যা জলীয় দ্রবণে OH^- আয়ন দান করে।



প্রধান ত্রুটি: পানির অনুপস্থিতিতে অম্ল ক্ষারক ব্যাখ্যা করতে পারে না।

☐ লুইস মতবাদ:

- লুইস এসিড হলো এমন যৌগ বা আয়ন যা ইলেকট্রন জোড় গ্রহণ করে।
- লুইস ক্ষারক হলো এমন যৌগ বা আয়ন যা ইলেকট্রন জোড় দান করে।



লুইস ক্ষারক: $\text{NH}_3, \text{H}_2\text{O}, \text{CH}_3\text{NH}_2, \text{Pyridine}$, সকল ধনাত্মক আয়নসমূহ ($\text{OH}^-, \text{Cl}^-, \text{CN}^-$)

Ans : A.

১৩. কোনটি ২° অ্যালকোহল?

- A. RCH_2OH B. R_2CHOH
C. R_3COH D. $\text{RCH}_2\text{CH}_2\text{OH}$

ব্যাখ্যা :

নাম	গাঠনিক সংকেত
1° অ্যালকোহল	$\begin{array}{c} \text{H} \\ \\ \text{R}-\text{C}-\text{OH} \\ \\ \text{H} \end{array}$
2° অ্যালকোহল	$\begin{array}{c} \text{H} \\ \\ \text{R}-\text{C}-\text{OH} \\ \\ \text{R} \end{array}$
3° অ্যালকোহল	$\begin{array}{c} \text{H} \\ \\ \text{R}-\text{C}-\text{OH} \\ \\ \text{R} \end{array}$


Ans : B.

১৪. নাইট্রোজেন পরমাণুতে ৩টি বিজোড় ইলেকট্রন বিদ্যমান। নিম্নের কোন নীতি/সূত্র দ্বারা এটি প্রমাণ করা যায়?

- A. হাইজেনবার্গের অনিশ্চয়তা নীতি B. আউফবায়ু নীতি
C. পাউলির বর্জন নীতি D. হন্ডের সূত্র

ব্যাখ্যা : হন্ডের নিয়ম: একই শক্তি সম্পন্ন বিভিন্ন অরবিটালে ইলেকট্রন গুলো এমনভাবে অবস্থান করবে যেন তারা সর্বাধিক সংখ্যায় অযুগ্ম বিজোড় অবস্থায় থাকতে পারে। এই সব অযুগ্ম ইলেকট্রনের স্পিন একমুখী হবে।

নাইট্রোজেনের ইলেকট্রন বিন্যাস $N(7) = 1s^2 2s^2 2p_x^1 2p_y^1 2p_z^1$




নাইট্রোজেন পরমাণুতে বহিঃস্তরের 2P অরবিটালে তিনটি ইলেকট্রন রয়েছে যা $2p_x, 2p_y, 2p_z$ অরবিটালে বিদ্যমান। ইলেকট্রনগুলো বিজোড় সংখ্যক অবস্থায় অবস্থান করে এবং একমুখী হবে, যা হন্ডের নীতি সমর্থন করে।

Ans : D.


১৫. কোনটি অসম্পৃক্ত জৈব যৌগ?

- A. ইথেন B. ইথানল C. প্রোপেন D. এসিটিলিন

ব্যাখ্যা : • সম্পৃক্ত জৈব যৌগ: যে সব জৈব যৌগে শুধু কার্বন কার্বন বন্ধন বিদ্যমান তাকে সম্পৃক্ত জৈব যৌগ বলে।



• অসম্পৃক্ত জৈব যৌগ: যে সব জৈব যৌগে শুধু কার্বন কার্বন দ্বিবন্ধন বা ত্রিবন্ধন বিদ্যমান তাকে অসম্পৃক্ত জৈব যৌগ বলে।




ন্যাপথালিন অ্যাসিটিলিন ইথিন

Ans : D.

১৬. NaCl পানিতে দ্রবীভূত হলে কোন মিশ্রণটি পাওয়া যায়?

- A. $\text{NaOH} + \text{HCl}$ B. $\text{H}^+ + \text{OH}^-$
C. $\text{Na}^+ (\text{H}_2\text{O}) + \text{Cl}^- (\text{H}_2\text{O})$ D. $\text{NaOCl} + \text{H}_2$

ব্যাখ্যা : NaCl পানিতে দ্রবণীয় ও তড়িৎ বিশ্লেষ্য পদার্থ। NaCl কে পানিতে দ্রবীভূত করলে এর পোলার অণুসমূহ ধনাত্মক আয়ন Na^+ ও ঋনাত্মক আয়ন Cl^- আকারে পানিতে দ্রবীভূত হয়।



Ans : C.

১৭. বৃষ্টির পানির নমুনাতে pH এর মান কোনটির কম হলে এসিড বৃষ্টি হিসাবে গণ্য করা হবে?

- A. 6.8 B. 5.8 C. 6.5 D. 5.6

ব্যাখ্যা : এসিড বৃষ্টি :

- বায়ুমন্ডলে অধঃক্ষেপণ বৃষ্টিতে pH এর মান 5.6 এর কম হলেই এ অধঃক্ষেপণই এসিড বৃষ্টি।

- সাধারণত কলকারখানা অঞ্চলে এসিড বৃষ্টি pH এর মান 5.6 থেকে 3.5 এর মধ্যে থাকে।

- বৃষ্টির জলে বায়ু CO_2 দ্রবীভূত অবস্থায় কার্বনিক এসিড (H_2CO_3) রূপে থাকে। বৃষ্টি জলে pH এর সবচেয়ে কম মান হতে পারে 5.6।

- এসিড বৃষ্টিতে ৩টি এসিড যথা $\text{H}_2\text{SO}_3, \text{H}_2\text{SO}_4, \text{HNO}_3$ এর ভূমিকা রয়েছে যা প্রাইমারী বায়ু দূষক SO_2 ও NO_x হতে উৎপন্ন হয়।

- সবচেয়ে বেশি (60%) SO_2 নির্গত হয় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে হতে। CO_2 এর উৎস দাবানল এবং NO_x এর প্রধান উৎস তাপ বিদ্যুৎ কেন্দ্র।

Ans : D.

১৮. একটি নদীর পানির দ্রবীভূত অক্সিজেন (DO) এর মান 2.0 mgL^{-1} ।

- গুণগতভাবে উক্ত নদীর পানি মাছ ও অন্যান্য জলজ প্রাণীর বেঁচে থাকার জন্য-
A. ভালো B. খারাপ C. অত্যন্ত ভালো D. অত্যন্ত খারাপ

ব্যাখ্যা : WHO অনুমোদিত পানির গ্রহণযোগ্য মানদণ্ড-

মানদণ্ড	(WHO) অনুমোদিত সর্বোচ্চ মাত্রা
1. pH	6.5 - 8.5
2. DO	5.0 - 6.0
3. BOD	6.0 ppm (বা mgL^{-1})
4. COD	10.0 ppm (বা mgL^{-1})
5. TDS	500 ppm
6. খরতা: Ca^{2+} Mg^{2+}	100 ppm 150 ppm
7. NaCl	500 ppm


- সারফেস ওয়াটারে DO এর মান 5 mg/L বা এর উপরে থাকতে হয় এবং নদীর মোহনায় পানিতে DO এর মান 6 mg/L এর বেশি থাকে। DO এর মান 5 mg/L এর কম হলে বিবাক্ত গ্যাস ও অক্সিজেনের গন্ধ ছড়িয়ে পড়ে।

Ans : D.

২৪. 25°C তাপমাত্রায় 100 mL দ্রবণে 5.85 g NaCl দ্রবীভূত আছে। দ্রবণটির মোলারিটি কত?

- A. 0.5 M B. 1 M C. 5.85 M D. 10 M

ব্যাখ্যা : এখানে, $V = 100\text{ml}$, $W = 5.85\text{g}$,
 আণবিক ভর, $M = (23 + 35.5) = 58.5$, মোলারিটি $S = ?$



$$\text{মোলিারিটি } S = \frac{1000W}{MV} = \frac{5.85 \times 1000}{58.5 \times 100} = 1.0M$$

Ans : B.


২৫. কোনটি অ্যালডল ঘনীভবন বিক্রিয়া প্রদর্শন করে?

- A. HCHO B. $\text{CH}_3\text{-CHO}$
C. Ph-CHO D. $\text{CH}_3\text{-CO-CH}_3$

ব্যাখ্যা : অ্যালডল ঘনীভবন বিক্রিয়া:



কিন্তু অ্যারোমেটিক যৌগের অসম্পৃক্ততা একটি বিশেষ ধরনের অসম্পৃক্ততা।
বেনজিন একটি অসম্পৃক্ত যৌগ যা ক্ষারীয় KMnO_4 এর সাথে বিক্রিয়া করে না।



বিক্রিয়া: $\text{CH}_3\text{C}(=\text{O})\text{H} + \text{CH}_2=\text{CHO} \xrightarrow[\Delta]{\text{লঘু NaOH}}$ $\text{CH}_3\text{CH}(\text{OH})\text{CH}_2\text{CHO}$
 ইথানাল β হাইড্রক্সি বিউটারালডিহাইড
 বা 3 হাইড্রক্সি বিউটানাল

Ans : B.

গণিত

১. $M = \{0, 1\}$ এবং $N = \{0, 2\}$ হলে $M \cup N$ এবং $M - N$ এর মান যথাক্রমে-

ব্যাখ্যা : গাঢ় HCl এ অনার্দ্র ZnCl_2 এর দ্রবণকে লুকাস বিকারক বলা হয়। লুকাস বিকারক = $[\text{HCl} + \text{ZnCl}_2]$

- A. $\{0, 1, 2\}$ এবং $\{1\}$ B. $\{0, 0, 1, 2\}$ এবং $\{2\}$
C. $\{1, 2\}$ এবং $\{1\}$ D. $\{2, 1, 0\}$ এবং $\{-1\}$

ব্যবহার: প্রাইমারী (1°), সেকেন্ডারী (2°) এবং টারসিয়ারী (3°) অ্যালকোহলের মধ্যে পার্থক্য করার জন্য ব্যবহৃত হয়।

Ans : C.

व्याख्या : $M \cup N = \{0, 1\} \cup \{0, 2\} = \{0, 1, 2\}$
 $M - N = \{0, 1\} - \{0, 2\} = \{1\}$

- A. sp^2 B. sp C. sp^3d D. sp^3

Ans : A.

व्याख्या : $P(15) \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^2 3p^3$
 $P(15) \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^1 3p_x^1 3p_y^1 3p_z^1 3d^1 3d^0 3d^0 3d^0 3d^0$

sp^3d সংকরায়ণ

sp^3d সংকরনের উদাহরণ: PCl_5 , PF_5 , $Fe(CO)_5$

Ans : C.

২৩. বিক্রিয়ার হারের একক কোনটি?

- A. molLs^{-1} B. $\text{molL}^{-1}\text{s}^{-1}$ C. $\text{molL}^{-2}\text{s}^{-1}$ D. molL^{-1}s

২. দশভিত্তিক সংখ্যা ৪৭ এর দ্বিমিক আকার কোনটি?

- A. 1010111 B. 1010101
C. 1110111 D. 1100111

व्याख्या :

$$\begin{array}{r} 2 \overline{) 87} \\ 2 \overline{) 43} \rightarrow 1 \\ 2 \overline{) 21} : 1 \\ 2 \overline{) 10} \rightarrow 1 \\ 2 \overline{) 5} \rightarrow 0 \\ 2 \overline{) 2} \rightarrow 1 \\ 2 \overline{) 1} \rightarrow 0 \\ 0 \rightarrow 1 \end{array}$$

$$\therefore (87)_{10} = (1010111)_2$$

Ans : A.

৩. $\log 4$ ও $\log 16$ এর গড় কত?

- A. $\log 10$ B. $\log 8$ C. $\log 6$ D. 0

$$\begin{aligned}\text{ব্যাক্ষা : গড়} &= \frac{\log 4 + \log 16}{2} = \frac{\log(4 \times 16)}{2} \\ &= \frac{\log 64}{2} = \frac{\log 8^2}{2} = \frac{2 \log 8}{2} = \log 8\end{aligned}$$

Ans : B.

ব্যাখ্যা : ক্রম বিক্রিয়ার সমীকরণ, অর্ধায়ুকাল ও একক-

ক্রম বিক্রিয়া	Rate equation	অর্ধায়ু	বিশ্রুত্বকর মান	একক
১ম ক্রম	$x = kt$	$t_{\frac{1}{2}} = -\frac{a}{2k}$	$\frac{\text{বেগ}}{[A]^0[B]^0}$	$\text{mol L}^{-1}\text{S}^{-1}$
১ম ক্রম	$k = \frac{1}{t} \ln \frac{a}{a-x}$	$t_{\frac{1}{2}} = -\frac{0.693}{k}$	$\frac{\text{বেগ}}{[A]^1[B]^0}$	$\text{s}^{-1}(\text{Time})^{-1}$
২য় ক্রম	$k = \frac{1}{t} \frac{x}{a(a-x)}$	$t_{\frac{1}{2}} = -\frac{1}{k_a}$	$\frac{\text{বেগ}}{[A]^1[B]^1}$	$\text{Lmol}^{-1}\text{s}^{-1}$

Ans : B.

পানকোডি

CU: 2019-2020 (152)

 ৪. ${}^{18}C_r = {}^{18}C_{r+2}$ হলে, r এর মান কত?

- A. 10 B. 12 C. 8 D. 360

 ব্যাখ্যা: ${}^{18}C_r = {}^{18}C_{r+2} \Rightarrow 18 = r + r + 2 \Rightarrow 2r = 16 \Rightarrow r = 8$

Ans : C.

 ৫. $P^2 = \begin{vmatrix} 1 & \cos \theta \\ \cos \theta & 1 \end{vmatrix}$ হলে $P = ?$

- A.
- $\cos^2 \theta$
- B.
- $\sin^2 \theta$
-
- C.
- $\pm \sin \theta$
- D.
- $\pm \cos \theta$

 ব্যাখ্যা: $P^2 = \begin{vmatrix} 1 & \cos \theta \\ \cos \theta & 1 \end{vmatrix}$
 $\Rightarrow P^2 = 1 - \cos^2 \theta \Rightarrow P^2 = \sin^2 \theta \Rightarrow P = \pm \sin \theta$

Ans : C.

 ৬. $A = \begin{pmatrix} 1 & i \\ -i & 1 \end{pmatrix}$ ও $B = \begin{pmatrix} i & -1 \\ -1 & -i \end{pmatrix}$ হলে $AB = ?$

- A.
- $\begin{pmatrix} 0 & i \\ 0 & 1 \end{pmatrix}$
- B.
- $\begin{pmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{pmatrix}$
-
- C.
- $\begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$
- D.
- $\begin{pmatrix} 1 & 1 \\ 0 & 1 \end{pmatrix}$

 ব্যাখ্যা: $AB = \begin{pmatrix} 1 & i \\ -i & 1 \end{pmatrix} \times \begin{pmatrix} i & -1 \\ -1 & -i \end{pmatrix} = \begin{pmatrix} i-i & -1-i^2 \\ -i^2-1 & i-i \end{pmatrix}$
 $= \begin{pmatrix} 0 & -1+1 \\ 1-1 & 0 \end{pmatrix} = \begin{pmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{pmatrix}$

Ans : B.

 ৭. ভেক্টর $-\hat{i} + 7\hat{j} + 2\hat{k}$ এর ওপর ভেক্টর $2\hat{i} + \hat{j} - 5\hat{k}$ এর অভিক্ষেপ কত?

- A.
- $\frac{2}{3}$
- B.
- $\cos \frac{\pi}{4}$
-
- C.
- $\frac{4}{5}$
- D.
- $-\frac{5}{3\sqrt{6}}$

 ব্যাখ্যা: $\vec{A} = -\hat{i} + 7\hat{j} + 2\hat{k}$ এর উপর $\vec{B} = 2\hat{i} + \hat{j} - 5\hat{k}$ এর

 অভিক্ষেপ $= \frac{\vec{A} \cdot \vec{B}}{A} = \frac{(-\hat{i} + 7\hat{j} + 2\hat{k}) \cdot (2\hat{i} + \hat{j} - 5\hat{k})}{\sqrt{1^2 + 7^2 + 2^2}}$
 $= \frac{-2 + 7 - 10}{\sqrt{54}} = \frac{-5}{3\sqrt{6}}$

Ans : D.

 ৮. $\lim_{h \rightarrow 0} \frac{e^{2(x+h)} - e^{2x}}{h} = ?$

- A.
- e^x
- B.
- e^{2x}
-
- C.
- $\frac{1}{2}e^{2x}$
- D.
- $2e^{2x}$

 ব্যাখ্যা: Rule: $\lim_{h \rightarrow 0} \frac{f(x+h) - f(x)}{h} = \frac{d}{dx} f(x)$
 $\therefore \lim_{h \rightarrow 0} \frac{e^{2(x+h)} - e^{2x}}{h} = \frac{d}{dx} (e^{2x}) = 2e^{2x}$

Ans : D.

 ৯. $\frac{d}{dx} (\ln \sin x) = ?$

- A.
- $\operatorname{cosec} x$
- B.
- $\tan x$
- C.
- $\sec x$
- D.
- $\cot x$

 ব্যাখ্যা: $\frac{d}{dx} (\ln \sin x) = \frac{1}{\sin x} \cdot \cos x = \cot x$

Ans : D.

 ১০. $2 + \sqrt{3}i$ মূল বিশিষ্ট দ্বিঘাত সমীকরণ কোনটি?

- A.
- $x^2 + 4x + 13 = 0$
- B.
- $x^2 - 4x + 13 = 0$
-
- C.
- $x^2 - 4x + 7 = 0$
- D.
- $x^2 + 4x - 7 = 0$

 ব্যাখ্যা: একটি মূল $2 + \sqrt{3}i$ হলে অপরটি $2 - \sqrt{3}i$ হবে।

 \therefore দ্বিঘাত সমীকরণটি হবে

 $x^2 - (2 + \sqrt{3}i + 2 - \sqrt{3}i)x + (2 + \sqrt{3}i)(2 - \sqrt{3}i) = 0$
 $\Rightarrow x^2 - 4x + 7 = 0$

Ans : C.

 ১১. $\int_0^{\pi/2} \cos^5 x \sin x dx$ এর মান কত?

- A.
- $\frac{1}{2}$
- B.
- $\frac{1}{3}$
- C.
- $-\frac{1}{6}$
- D.
- $\frac{1}{6}$

 ব্যাখ্যা: ধরি, $\cos x = z \Rightarrow \sin x dx = -dz$

x	0	$\pi/2$
z	1	0

 $\therefore \int_0^{\pi/2} \cos^5 x \sin x dx = -\int_1^0 z^5 dz = \left[-\frac{z^6}{6} \right]_1^0 = \frac{1}{6}$

Ans : D.

 ১২. $\int xe^{-x} dx = ?$

- A.
- $-xe^{-x} - e^x + k$
- B.
- $xe^x + e^x + k$
-
- C.
- $xe^x + k$
- D.
- $-xe^{-x} - e^{-x} + k$

 ব্যাখ্যা: $\int xe^{-x} dx = x \int e^{-x} dx - \int \left\{ \frac{d}{dx} (x) \int e^{-x} dx \right\} dx$
 $= -xe^{-x} + \int e^{-x} dx = -xe^{-x} - e^{-x} + c$

Ans : D.

 ১৩. $1 + 2 + 3 + \dots + n = 55$ হলে n এর মান কত?

- A. 10 B. 15 C. 20 D. 11

 ব্যাখ্যা: $1 + 2 + 3 + \dots + n = 55$
 $\Rightarrow \frac{n(n+1)}{2} = 55 \Rightarrow n^2 + n = 110$
 $\Rightarrow n^2 + n - 110 = 0 \Rightarrow (n-10)(n+11) = 0$
 $\therefore n = 10$ [$\because n$ ঋণাত্মক হতে পারে না]

Ans : A.

 ১৪. $f(x) = 2x - 1$ ও $g(x) = x^2 - 1$ হলে $f(g(2))$ এর মান কত?

- A. 6 B. 4
-
- C. 5 D. 7

 ব্যাখ্যা: $f(g(2)) = f(2^2 - 1) = f(3) = 2 \cdot 3 - 1 = 5$

Ans : C.

সানস্টাফ

CU: 2019-2020 (153)

 ১৫. $3x - 7y + 2 = 0$ সরলরেখার ওপর লম্ব এবং (1, 2) বিন্দুগামী সরল রেখার সমীকরণ কোনটি?

- A. $3x + 7y - 13 = 0$ B. $7x + 3y - 13 = 0$
C. $7x + 3y + 13 = 0$ D. $7x + 3y - 15 = 0$

 ব্যাখ্যা: $3x - 7y + 2 = 0$ রেখার লম্বরেখার সমীকরণ, $7x + 3y + k = 0$ (i)

 (1, 2) বিন্দুগামী হলে, $7 \cdot 1 + 3 \cdot 2 + k = 0 \Rightarrow k = -13$

 (i) লম্ব হতে, $7x + 3y - 13 = 0$

Ans : B.

 ১৬. $3x^2 + 6y^2 = 8$ বক্র রেখার জ্যামিতিক পরিচয় কোনটি?

- A. বৃত্ত B. পরাবৃত্ত C. অধিবৃত্ত D. উপবৃত্ত

 ব্যাখ্যা: দ্বিঘাত সাধারণ সমীকরণের $ab - h^2 > 0$ হলে উপবৃত্ত নির্দেশ করে।
এখানে, $a = 3, b = 6, h = 0$
 $\therefore ab - h^2 = 3 \times 6 - 0^2 = 18 > 0$, যা উপবৃত্ত।

Ans : D.

১৭. একটি ব্যাগে ৪টি সাদা ও ৫টি কালো বল আছে। ব্যাগটি হতে একই সাথে ৩টি বল উঠালে সবকটি কালো বল হওয়ার সম্ভাব্যতা কত?

- A. $\frac{5}{42}$ B. $\frac{1}{3}$ C. $\frac{1}{21}$ D. $\frac{1}{7}$

 ব্যাখ্যা: মোট বল = $4 + 5 = 9$ টি।

 \therefore ৩টি বল উঠালে সবকটি কালো হওয়ার সম্ভাব্যতা = $\frac{{}^5C_3}{{}^9C_3} = \frac{5}{42}$

Ans : A.

 ১৮. $4x^2 + 4y^2 - 8x - 16y + 19 = 0$ বৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক কত?

- A. (2, 1) B. (2, 4) C. (1, 2) D. (4, 2)

 ব্যাখ্যা: $4x^2 + 4y^2 - 8x - 16y + 19 = 0$

$$\Rightarrow x^2 - y^2 - 2x - 4y + \frac{19}{4} = 0$$

 \therefore কেন্দ্রের স্থানাঙ্ক (1, 2)

Ans : C.

 ১৯. $|2x - 7| = 5$ হলে x এর মান কত?

- A. -1, -6 B. 1, 6
C. 2, 4 D. -2, -4

 ব্যাখ্যা: $|2x - 7| = 5$

$$\Rightarrow \pm(2x - 7) = 5 \Rightarrow 2x - 7 = \pm 5 \Rightarrow 2x = \pm 5 + 7 \Rightarrow 2x = 12, 2$$

 $\therefore x = 6, 1$

Ans : B.

 ২০. $\cos 15^\circ$ এর মান কোনটি?

- A. $\frac{\sqrt{3}-1}{2\sqrt{2}}$ B. $\frac{\sqrt{3}+1}{\sqrt{2}}$
C. $\frac{\sqrt{3}}{2\sqrt{2}}$ D. $\frac{\sqrt{3}+1}{2\sqrt{2}}$

 ব্যাখ্যা: $\cos 15^\circ = \cos(45^\circ - 30^\circ)$

$$= \cos 45^\circ \cos 30^\circ + \sin 45^\circ \sin 30^\circ$$

$$= \frac{1}{\sqrt{2}} \cdot \frac{\sqrt{3}}{2} + \frac{1}{\sqrt{2}} \cdot \frac{1}{2} = \frac{\sqrt{3}+1}{2\sqrt{2}}$$

Ans : D.

 ২১. $\tan^{-1} \frac{6}{7} + \tan^{-1} \frac{1}{13}$ এর মান কত?

- A. $\frac{\pi}{3}$ B. $\frac{\pi}{4}$ C. $\frac{\pi}{6}$ D. $\frac{\pi}{2}$

$$\begin{aligned} \text{ব্যাখ্যা: } \tan^{-1} \frac{6}{7} + \tan^{-1} \frac{1}{13} &= \tan^{-1} \frac{\frac{6}{7} + \frac{1}{13}}{1 - \frac{6}{7} \times \frac{1}{13}} \\ &= \tan^{-1} 1 = \frac{\pi}{4} \end{aligned}$$

Ans : B.

 ২২. জটিল সংখ্যা $\frac{3+4i}{4-3i}$ এর মান কত?

- A. 1 B. -1 C. i D. -2i

$$\begin{aligned} \text{ব্যাখ্যা: } \frac{a+ib}{c+id} &= p+iq \text{ হলে, } p = \frac{ac+bd}{c^2+d^2}, q = \frac{bc-ad}{c^2+d^2} \\ \therefore \frac{3+4i}{4-3i} &= \frac{12-12}{4^2+3^2} + i \frac{16+9}{4^2+3^2} = i \end{aligned}$$

Ans : C.

২৩. 1500 m প্রশস্ত একটি নদী ঘণ্টায় 5 km/hr বেগে প্রবাহিত হচ্ছে। একজন সাঁতারু ঘণ্টায় 6 km/hr বেগে সাঁতার কেটে ন্যূনতম কত সময়ে নদীটি পার হতে পারবে?

- A. 10 min B. 15 min C. 45 sec D. 27 min

 ব্যাখ্যা: এখানে, দূরত্ব, $d = 1500 \text{ m} = 1.5 \text{ km}$

$$\begin{aligned} \therefore \text{ন্যূনতম সময়ে পাড়ি দেওয়ার সময়} &= \frac{\text{দূরত্ব}}{\text{বেগের উপাংশ}} \\ &= \frac{1.5}{1.5} = \frac{1.5}{1.5} = \frac{1.5}{6 \sin \theta} \\ &= \frac{5 \cos 90^\circ + 6 \cos(90^\circ - \theta)}{6 \sin \theta} \\ &= \frac{1}{4} \text{ hour} = 15 \text{ min} \end{aligned}$$

[$\sin \theta = 1$ হলে বেগ সর্বোচ্চ হয় অর্থাৎ সময় কম হয়]

Ans : B.

 ২৪. $y = 2x^2 + 4x + 17$ হলে y এর সর্বনিম্ন মান কত?

- A. 15 B. -1 C. 17 D. 23

 ব্যাখ্যা: $ax^2 + bx + c$ এর সর্বনিম্ন/ন্যূনতম মান = $\frac{4ac-b^2}{4a}$ [যদি $a > 0$]

$$\therefore \text{সর্বনিম্ন মান} = \frac{4 \cdot 2 \cdot 17 - 4^2}{4 \cdot 2} = 15$$

Ans : A.

 ২৫. $\int_0^a (2x+3)dx = -2$ হলে a এর মান কত?

- A. -2, -1 B. -2, 1 C. 2, -1 D. 2, 1

$$\text{ব্যাখ্যা: } \int_0^a (2x+3)dx = -2 \Rightarrow \left[x^2 + 3x \right]_0^a = -2$$

$$\Rightarrow a^2 + 3a = -2$$

$$\Rightarrow a^2 + 3a + 2 = 0$$

$$\Rightarrow (a+1)(a+2) = 0$$

$$\therefore a = -1, -2$$

Ans : A.

জীববিজ্ঞান

১. স্নায়ুতন্ত্র কোন জীবীয় স্তর থেকে উৎপন্ন হয়?

- A. এন্ডোডার্ম B. মেসোগ্লিয়া C. মেসোডার্ম D. এন্টোডার্ম

ব্যাখ্যা : তিনটি জীবীয় স্তরের পরিণতি-

জীবীয় স্তর	পূর্ণাঙ্গ প্রাণিদেহে যে অংশ গঠিত হয়
এন্টোডার্ম	১. ত্বকের এপিডার্মাল অংশ এবং ত্বকীয় গ্রন্থি, চুল, পালক, নখ, ক্ষুর, এক ধরনের শিং ও আইশ। ২. চোখ ও অভ্যন্তরীণ। ৩. পায়ুর আবরণ। ৪. দাঁতের এনামেলসহ মৌখিক গহ্বর। ৫. সমগ্র স্নায়ুতন্ত্র ও কিছু পেশি।
মেসোডার্ম	১. অধিকাংশ পেশি; মেদটিস্যু ও অন্যান্য যোজক টিস্যু। ২. ডার্মিস, কয়েক ধরনের আইশ ও শিং এবং দাঁতের ডেন্টিন। ৩. কঙ্কালতন্ত্র, রক্ত সংবহনতন্ত্র ও লসিকাতন্ত্র। ৪. রেচন-জননতন্ত্রের অধিকাংশ। ৫. পৌষ্টিকনালির বহিঃস্তর
এন্ডোডার্ম	১. পৌষ্টিকনালির অন্তঃস্তর। ২. পাকস্থলি ও অন্ত্রের গ্রন্থিসমূহ। ৩. শ্বসনতন্ত্র, থাইরয়েড ও থাইমাস গ্রন্থি, যকৃত ও অগ্ন্যাশয়। ৪. মধ্যকর্ণের আবরণ (কখনও কখনও)। ৫. রেচন-জননতন্ত্রের কিছু অংশ (কখনও কখনও)।

Ans : D.

২. কোন প্রাণীতে হিপনোটিক্সিন পাওয়া যায়?

- A. জেলি মাছ B. হাইড্রা C. জোক D. কোবরা সাপ

ব্যাখ্যা : হাইড্রার নেমাটোসিস্টে প্রোটিন ও ফেনল দিয়ে গঠিত হিপনোটিক্সিন নামক বিষাক্ত রস থাকে। হাইড্রা শিকারের দেহে সূত্রক বিদ্ধ করে বিষাক্ত হিপনোটিক্সিন প্রবেশ করিয়ে তাকে অর্ধশ করে ফেলে।

Ans : B.

৩. নিম্ন কোন প্রাণীর শিশু দশা?

- A. ঘাস ফড়িং B. মৌমাছি C. সমুদ্র শসা D. ডেঙ্গু মশা

ব্যাখ্যা : পতঙ্গের রূপান্তর বা মেটামরফসিস দুভাবে ঘটে-

(i) অসম্পূর্ণ রূপান্তর (Incomplete metamorphosis) : এ ধরনের রূপান্তরে একটি পতঙ্গ ডিম ফুটে বেরিয়ে কয়েকটি নিম্ফ (শিশু) দশা অতিক্রম করে পূর্ণাঙ্গ পতঙ্গে পরিণত হয়। অসম্পূর্ণ রূপান্তরে শিশু অবস্থায় প্রাণীকে নিম্ফ (nymph) বলে।

উদাহরণ : ঘাসফড়িং ও তেলাপোকার রূপান্তর।

(ii) সম্পূর্ণ রূপান্তর (Complete metamorphosis) : এ ধরনের রূপান্তরে শিশু প্রাণী ও পূর্ণাঙ্গ প্রাণীর মধ্যে কোনো আঙ্গিক মিল থাকে না এবং ব্যাপক পরিবর্তনের মাধ্যমে শিশুপ্রাণী পূর্ণাঙ্গ অবস্থাপ্রাপ্ত হয়। সম্পূর্ণ রূপান্তরে শিশু অবস্থায় প্রাণীকে লার্ভা (larva) বলে।

উদাহরণ : মৌমাছি ও প্রজাপতির রূপান্তর।

Ans : A.

৪. সিকিলিসের জীবাণুর গণ কোনটি?

- A. Treponema B. Neisseria
C. Plasmodium D. Vibrio

ব্যাখ্যা : Treponema pallidum (সিকিলিস জীবাণু)
Neisseria gonorrhoeae (গনোরিয়া জীবাণু)
Plasmodium - এর প্রজাতিসমূহ (ম্যালেরিয়া জীবাণু)
Vibrio cholerae (কলেরা জীবাণু)

Ans : A.

৫. প্রতিটি অ্যান্টিবডি হল-

- A. ইমিউনোগ্লোবিন B. ভ্যাক্সিন
C. অ্যান্টিবায়োটিক D. কেমোটক্সিন

ব্যাখ্যা : দেহের প্রতিরক্ষাতন্ত্র থেকে উৎপন্ন এক ধরনের দ্রবপদার্থ গ্রাইকোপ্রোটিন যা রোগ-ব্যাধি সৃষ্টিকারী নির্দিষ্ট অ্যান্টিজেনকে (যেমন: ভাইরাস, ব্যাকটেরিয়া) ধ্বংস করে তাকে অ্যান্টিবডি বলে। প্রত্যেকটি অ্যান্টিবডি হচ্ছে ইমিউনোগ্লোবিউলিন নামে বিশেষ ধরনের একককটি প্রোটিন অণু। প্লাজমা কোষ থেকে অ্যান্টিবডি উৎপন্ন হয়।

Ans : A.

৬. সালোকসংশ্লেষণে সূর্যালোকের কোন কণা ব্যবহৃত হয়?

- A. ইলেকট্রন B. ফোটন
C. ইলেকট্রন ও প্রোটন D. প্রোটন

Ans : B.

৭. ব্যাকটেরিওফায় এক ধরনের-

- A. ব্যাকটেরিয়া B. ভাইরাস
C. ছত্রাক D. এককোষী উদ্ভিদ

ব্যাখ্যা : যে সমস্ত ভাইরাস ব্যাকটেরিয়াকে আক্রমণ করে তথা ব্যাকটেরিয়ার দেহভাঙ্গরে বাস করে এবং ব্যাকটেরিয়া কে ধ্বংস করে তাদেরকে ব্যাকটেরিওফায় বলে।

উদাহরণ : T₂ ব্যাকটেরিওফায়।

Ans : B.

৮. কোনটি In situ conservation এর এলাকা নহে?

- A. অভয়ারণ্য B. জাতীয় উদ্যান
C. জিন ব্যাঙ্ক D. সাকারি পার্ক

ব্যাখ্যা : In-situ conservation (ইন-সিটু সংরক্ষণ) :

- ন্যাশনাল পার্ক/জাতীয় উদ্যান
- ইকোপার্ক
- সাকারি পার্ক
- গেম রিজার্ভ
- বিশ্ব ঐতিহ্য
- মৎস্য অভয়ারণ্য

Ex-situ conservation (এক্স-সিটু সংরক্ষণ) :

- বীজ ব্যাংক বা সীড ব্যাংক
- ফিল্ড জিন ব্যাংক
- জিন ব্যাংক
- চিড়িয়াখানা
- DNA ব্যাংক
- টিস্যু কালচার ব্যাংক
- ইন-ভিট্রো সংরক্ষণ
- নিম্ন তাপমাত্রায় সংরক্ষণ
- উদ্ভিদ উদ্যান বা বোটানিক্যাল গার্ডেন

Ans : C.

৯. ক্যাপসিডের একক কোনটি?

- A. কনিডিয়া B. গ্যামিটোসাইট
C. স্পোরোজোয়েট D. ক্যাপসোসিমিয়ার

ব্যাখ্যা : ভৌতভাবে ভাইরাস নিউক্লিক অ্যাসিড (DNA বা RNA) ও ক্যাপসিড তথা প্রোটিন আবরণে গঠিত। ক্যাপসিডের প্রোটিন অণুর বিন্যাসই ভাইরাসের আকার-আকৃতি নিয়ন্ত্রণ করে। ক্যাপসিড কতগুলো সাবইউনিট নিয়ে গঠিত। সাবইউনিটকে বলা হয় ক্যাপসোসিমিয়ার (Capsomere)।

Ans : D.

১০. দ্বিপদ নামকরণ পদ্ধতি প্রবর্তন করেন কে?

- A. থিওফ্রাস্টাস B. বেনথাম-হকার
C. লিনিয়াস D. ল্যামার্ক

ব্যাখ্যা : সুইডিশ বিজ্ঞানী কারোলাস লিনিয়াস সর্বপ্রথম নামকরণের একটি পদ্ধতি প্রবর্তন করেন। এটি দ্বিপদ নামকরণ পদ্ধতি (Binomial Nomenclature) বিজ্ঞানী Schlegel দ্বিপদ নামকরণ পদ্ধতি প্রবর্তন করেন।

Ans : C.

১১. ইক্ষু কোন গোত্রের উদ্ভিদ?

- A. Poaceae B. Lamiaceae
C. Orchidaceae D. Asteraceae

ব্যাখ্যা : বাঁশ, ধান, আখ/ইক্ষু, গম, ছট্টা, যব বা বার্লি, লেমন ঘাস, নলখাগড়া, বাঁড়ুঘাস, দুর্বাঘাস ইত্যাদি Poaceae (Gramineae) গোত্রের গুরুত্বপূর্ণ উদ্ভিদ।

Ans : A.

১২. কোনটি বিলুপ্তপ্রায় উদ্ভিদ?

- A. Brassica napus B. Euphorbia hirta
C. Pisum sativum D. Corypha taliera

ব্যাখ্যা : বাংলাদেশের কতিপয় বিলুপ্তপ্রায় উদ্ভিদ-

শ্রেণি	বৈজ্ঞানিক নাম	স্বরূপ	প্রাতিস্থান
ফার্নবর্গীয় উদ্ভিদ	১। <i>Psilotum triquetrum</i>	পরশ্রয়ী	বরিশাল, পটুয়াখালী ও খুলনা
	২। <i>Tectaria chattagramica</i>	হুলজ	চট্টগ্রাম
নগ্নবীজী উদ্ভিদ	১। <i>Cycas pectinata</i>	গুল্ম	চট্টগ্রাম, বাড়িয়াঢালা, গারো পাহাড়
	২। <i>Podocarpus nerifolia</i>	বৃক্ষ	চট্টগ্রাম
	৩। <i>Gnetum funiculare</i>	লতা গুল্ম	চট্টগ্রাম, কক্সবাজার, সিলেট
আবৃত্তবীজী উদ্ভিদ	১। <i>Aldrovanda vesiculosa</i> (মল্লিকা বাঁকি)	জলজ, পতঙ্গভুক	রাজশাহী, পারনা
	২। <i>Aquilaria agallocha</i> (আগর)	বৃক্ষ	পাথারিয়া বন-মৌলভীবাজার
	৩। <i>Corypha taliera</i> (ভালিগাম)	তাল জাতীয় বৃক্ষ	ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা*
	৪। <i>Knema bengalensis</i> (কুন্দে বড়লা)	বৃক্ষ	ডুলাহাজরা-কক্সবাজার (এভেমিক)
	৫। <i>Licuala peltata</i> (কোরন্দ)	তাল জাতীয় বৃক্ষ	চট্টগ্রাম, কাসালং-রাসমাটি, সিলেট
	৬। <i>Rotala simpliciuscula</i> (রোটোলা)	উভচর জাতীয় উদ্ভিদ	চট্টগ্রাম (এভেমিক)
	৭। <i>Rosa involucrata</i> (জংলি গোলাপ)	জলজ, গুল্ম	সিলেট এর হাওড়

Ans : D.

১৩. কোনটিকে 'রামসার সাইট' ঘোষণা করা হয়েছে?

- A. চলন বিল B. কাংলার হাওড়
C. কক্সবাজার সৈকত D. টাংগার হাওড়

ব্যাখ্যা : টাঙ্গুর হাওড় সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যবলি-

- বাংলাদেশের একটি প্রখ্যাত ওয়েটল্যান্ড (জলাভূমি) হলো টাঙ্গুর হাওড়।
- এটি সুনামগঞ্জ জেলার ধর্মপাশা ও তাহিরপুর উপজেলায় অবস্থিত।
- ৫১টি জলমহাল নিয়ে টাঙ্গুর হাওড় গঠিত।
- স্থানীয়ভাবে এটি "হয় কুড়ি বিল নয় কুড়ি কান্দা" নামে পরিচিত।
- টাঙ্গুর হাওড়ের আয়তন ১০০ বর্গ কিলোমিটার।
- টাঙ্গুর হাওড়কে ১৯৯৯ সালে ইকোলজিক্যালি ক্রিটিক্যাল এরিয়া হিসেবে বিবেচনা করা হয় এবং ২০০০ সালে একে Ramsar Site (রামসার কনভেনশন) ঘোষণা করা হয়।

Ans : D.

১৪. কোনটি কোষীয় বর্জ্য পদার্থ?

- A. শর্করা B. নেকটার
C. পিগমেন্ট D. অ্যালকালয়েড

ব্যাখ্যা : • কোষীয় সঞ্চিত বস্তু : শর্করা (কার্বোহাইড্রেট), আমিষ (প্রোটিন) এবং চর্বি (লিপিড)

মনে রাখার কৌশল: CPL (C-Carbohydrate, P-Protein, L-Lipid)

• কোষীয় নিঃসৃত বস্তু : পিগমেন্ট, এনজাইম এবং নেকটার

মনে রাখার কৌশল: PEN (P-Pigment, E-Engzyme, N-Nectar)

• কোষীয় বর্জ্য পদার্থ : রেজিন, ট্যানিন, গাম, ল্যাটেক্স, অ্যালকালয়েড, অর্গানিক অ্যাসিড, উদ্যায়ী তেল এবং খনিজ কৃষ্টাল।

Ans : D.

১৫. কোষ বিভাজনের কোন পর্যায়ে ক্রোমোসোমগুলো বিদ্যুতীয় অক্ষলে বিন্যস্ত থাকে?

- A. প্রোফেজ B. মেটাফেজ
C. অ্যানাফেজ D. টেলোফেজ

ব্যাখ্যা : মেটাফেজ পর্যায়ে সমস্ত ক্রোমোসোম স্পিন্ডল যন্ত্রের বিদ্যুতীয় অক্ষলে অবস্থান করে। স্পিন্ডল যন্ত্রের দু'মেরুর মধ্যবর্তী স্থানকে বিদ্যুতীয় বা নিরক্ষীয় অঞ্চল বলা হয়। স্পিন্ডল যন্ত্রের বিদ্যুতীয় অক্ষলে ক্রোমোসোমের বিন্যস্ত হওয়াকে মেটাকাইনেসিস বলে। এ পর্যায়ে ক্রোম্যাটিডগুলো সবচেয়ে বেশি মোটা, খাটো ও স্পষ্ট দেখা যায়।

Ans : B.

১৬. ইমাসকুলেশনে কী অপসারণ করা হয়?

- A. দলমণ্ডল B. শ্রীভবক
C. পুংস্তবক D. মধুরিপত্র

ব্যাখ্যা : মাতৃপুষ্প (উভলিঙ্গ) পরিপক্ব হওয়ার আগেই পুষ্প থেকে পুংকেশরকে অপসারণ বা মেরে ফেলা বা সরিয়ে ফেলাকে ইমাসকুলেশন বলা হয়। এতে করে উদ্ভিদে স্বপরাগায়ন ঘটতে পারে না।

Ans : C.

১৭. ডেঙ্গু ভাইরাস হল-

- A. TIV B. DNA ভাইরাস
C. RNA ভাইরাস D. T₂ ভাইরাস

ব্যাখ্যা : ডেঙ্গু একটি ভাইরাসঘটিত রোগ। ভাইরাসের নাম ম্যালিভাইরাস বা ডেসীভাইরাস। এটি RNA ভাইরাস। এর পোষকদেহ মানুষ এবং বাহক হল *Aedes aegypti* L. ও *Aedes albopictus* নামক মশকী।

Ans : C.

১৮. মানবদেহের কোন স্থানে হেনলি'র লুপ অবস্থিত?

- A. হৃৎপিণ্ড B. ফসফুস C. কিডনি D. যকৃৎ

ব্যাখ্যা : নেফ্রনের রেনাল টিউবিউলস বা বৃক্কীয় নালিকার অংশ হচ্ছে নেফ্রন ফাঁস বা হেনলি'র লুপ। প্রক্সিমাল প্যাচানো নালিকার শেষ প্রান্ত সোজা হয়ে বৃক্কের মেডুলা অঞ্চলে প্রবেশ করে এবং একটি U-আকৃতির ফাঁস বা লুপ (Loop) গঠন করে পুনরায় কর্টেক্স অঞ্চলে ফিরে আসে।

Ans : C.

১৯. কোনটি প্রভু গ্রন্থি নামে পরিচিত?

- A. থাইমাস B. থাইরয়েড
C. পিটুইটারি D. পিনিয়াল

ব্যাখ্যা : পিটুইটারি গ্রন্থি মস্তিষ্কের নিচের অংশে অবস্থিত। দেহের সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ নালিবিহীন গ্রন্থি হলেও এটি আকারে সবচেয়ে ক্ষুদ্র। এই গ্রন্থি থেকে গোনাদোট্রপিক, সোমোট্রপিক, থাইরয়েড উদ্দীপক হরমোন, অ্যাড্রেনোকোর্টিকোট্রপিক হরমোন ইত্যাদি নিঃসৃত হয়। এই গ্রন্থি থেকে নিঃসৃত হরমোন সংখ্যায় যেমন বেশি, অপরিদিকে বিভিন্ন গ্রন্থির উপর এসব হরমোনের প্রভাবও বেশি। সেজন্য পিটুইটারিকে প্রধান গ্রন্থি বা প্রভু গ্রন্থি বা প্রভু রাজ গ্রন্থি (Principal/Master Gland) বলে।

Ans : C.

২০. Annelida এর রেচন অঙ্গ কোনটি?

- A. কক্সাল গ্রন্থি B. অ্যান্টেনাল গ্রন্থি
C. ম্যালপিজিয়ান নালিকা D. নেফ্রিডিয়া

ব্যাখ্যা :

পর্ব	রেচন অঙ্গ
Platyhelminthes	রেচননালি ও শিখা কোষ (Flame Cell)
Annelida	নেফ্রিডিয়া (nephridia)
Arthropoda	ম্যালপিজিয়ান নালিকা, কক্সাল, অ্যান্টেনাল বা ম্যাক্সিলারি গ্রন্থি।
Echinodermata	রেচনতন্ত্র নেই।

Ans : D.

২১. হুইল অঙ্গবাহী প্রাণী কোনটি?

- A. Lungfish B. Ascaris
C. Branchiostoma D. Bat

Ans : C.

২২. কোনটি মাছ নয়?

- A. তিমি B. হাঙর
C. কুচিয়া D. কাতলা

ব্যাখ্যা : তিমি সিটাসিয়া বর্গভুক্ত জলজ স্তন্যপায়ী যারা না ডলফিন না গুগু। তিমি মাছ নয়, কারণ তাদের শ্বাস নেয়ার জন্য ফুসফুস আছে এবং এরা এদের শাবকদের স্তন পান করায়। তাই তিমি স্তন্যপায়ী প্রাণী।

Ans : A.

২৩. DNA পলিমারেজ এর কাজ কোনটি?

- A. RNA থেকে DNA সংশ্লেষণ B. DNA থেকে DNA সংশ্লেষণ
C. DNA থেকে RNA সংশ্লেষণ D. RNA থেকে RNA সংশ্লেষণ

ব্যাখ্যা :

DNA হতে DNA তৈরী DNA পলিমারেজ → রেকপিকেশন/অনুলিপি।
DNA হতে RNA তৈরী RNA পলিমারেজ → ট্রান্সক্রিপশন।
mRNA হতে DNA তৈরী অ্যাকটিভেটিং এনজাইম → ট্রান্সলেশন
RNA হতে DNA ট্রান্সফরমেশন → রিভার্স ট্রান্সক্রিপটেজ

Ans : B.

২৪. কোথায় গ্লাইকোলাইসিস সংঘটিত হয়?

- A. সাইটোপ্লাজমে B. সেল মেমব্রেনে
C. নিউক্লিয়াসে D. ক্রোমোসোমে

ব্যাখ্যা : • গ্লাইকোলাইসিস সাইটোপ্লাজমিক প্রক্রিয়া।

- ক্রেবস চক্র বা TCA মাইটোকন্ড্রিয়াল ম্যাট্রিক্স প্রক্রিয়া।
- ইলেকট্রন ট্রান্সপোর্ট সিস্টেম বা ETS একটি মাইটোকন্ড্রিয়াল মেমব্রেন প্রক্রিয়া।

Ans : A.

২৫. ভিটামিনের রক্ত জালিকায় কী শোষিত হয়?

- A. পানি B. লবণ
C. গ্লুকোজ D. সবগুলো

ব্যাখ্যা : মানবদেহের ক্ষুদ্রান্ত্রের অন্তঃপ্রাচীরে অবস্থিত অসংখ্য ক্ষুদ্র অভিক্ষেপ বা ভিলাই পরিণোষণ তল হিসেবে কাজ করে। মানুষের অন্ত্রে প্রায় ৫০ হাজার ভিলাই থাকে। এখানে খাদ্যের শর্করা, আমিষ, লিপিড, পানি, খনিজ লবণ, ভিটামিন শোষিত হয়।

Ans : D.

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

শিক্ষাবর্ষ: ২০১৯-২০; A-Unit (বিকাল)

বাংলা

০১. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে লেখক মানুষের জীবনকে কিসের সঙ্গে তুলনা করেছেন?

- A. পাখির B. নদীর
C. বৃক্ষের D. মাটির

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

Ans : C.

০২. কবি জীবনানন্দ দাশের মায়ের নাম কী?

- A. মীনাকুমারী দাশ B. কুমুমলতা দাশ
C. কুমুমকুমারী দাশ D. কুমকুম দাশ

ব্যাখ্যা : নির্জনতম কবি জীবনানন্দ দাশ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:

- জীবনানন্দ দাশের পিতা- সত্যানন্দ দাশ এবং মাতা- কুমুমকুমারী দাশ।
- জীবনানন্দ দাশের কবিতাকে রবীন্দ্রনাথ বলেছেন- চিত্রের পময়।
- উপমা, চিত্রকল্প এবং প্রতীক সৃজন তাঁর কবিতাকে দান করেছে- অসাধারণত্ব।
- তিনি একাধারে কবি, প্রাবন্ধিক, ঔপন্যাসিক এবং ছোট গল্পকার।
- বঙ্গোপকূল, ধূসর পাণ্ডুলিপি, বনলতা সেন, মহাপৃথিবী ইত্যাদি তাঁর- কাব্যগ্রন্থ।
- 'কবিতার কথা' তাঁর-প্রবন্ধগ্রন্থ এবং 'মাল্যবান ও সুতীর্থ' তাঁর- উপন্যাস।
- জীবনানন্দ দাশের জন্ম- ১৮৯৯ এবং মৃত্যু- ১৯৫৪ সালে কলকাতায়।

Ans : C.

০৩. কে 'ভানু সিংহ ঠাকুর' ছদ্মনামে লিখেছিলেন?

- A. রবীন্দ্রনাথ ঠাকুর B. সত্যেন্দ্রনাথ ঠাকুর
C. জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর D. অবনীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা : বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:

- রবীন্দ্রনাথ ঠাকুর এর জন্ম ১৮৬১ জ্যোতিষাঠা এবং মৃত্যু ১৯৪১ সালে কলকাতায়।
- তিনি কবি নামে পরিচিত হলেও মূলত একজন সব্যসাচী লেখক।
- রবীন্দ্রনাথ ঠাকুর এর ছদ্মনাম- ভানুসিংহ ঠাকুর।
- বাংলা ছোটগল্পের জনক- রবীন্দ্রনাথ ঠাকুর।
- পূর্ববঙ্গের জমিদারী দেখার ভার পরেছিলো- রবীন্দ্রনাথের উপর।
- তিনি একাধারে একজন- কবি, গল্পকার, গদ্যকার, ঔপন্যাসিক, সংগীত লেখক, সুরকার, সমালোচক।

Ans : A.

০৪. 'অপরিচিতা' গল্পের রচয়িতা কে?

- A. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় B. রবীন্দ্রনাথ ঠাকুর
C. মানিক বন্দ্যোপাধ্যায় D. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত 'অপরিচিতা' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য:

- অনুপম জগন্নাথর কামনা করেছে- পণ্ডিত মশাইকে প্রতিশোধ নিবে বলে।
- অনুপমের পিতার প্রথম এবং শেষ বিশ্রাম- মৃত্যু।
- কাঁচা চুল এবং গোঁফে পাক ধরেছে- শঙ্কুনাথ বাবুর।
- দেনাপাওনা (বিয়ের যৌতুক এবং দানসামগ্রী) একটি- বিয়ের স্থল অংশ।
- মা ও মামার হাসির কারণ- কনে পক্ষের নাকাল অবস্থার ভাবনা।
- ঠাট্টার সম্পর্ক স্থায়ী করতে চান না - শঙ্কুনাথ বাবু।
- মামা দুই চোখ বড়ো করিয়া মেলিয়া অবাক হয়ে চেয়ে থাকলেন- বিয়ে ভাঙ্গা।

Ans : B.

পানকৌড়ি

CU: 2019-2020 (157)

০৫. 'আমার অদৃষ্ট আর কল্যাণের মাঝখানে শুধু দেয়াল আর দেয়াল।' - সিরাজউদ্দৌলা নাটকে উক্তিটি কার?

- A. আমিনা বেগম B. লুৎফুল্লিসা
C. মোহনলাল D. সিরাজ

ব্যাখ্যা : সিকান্দার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের গুরুত্বপূর্ণ কিছু উক্তি:

- ঘসেটি- অদৃষ্টের পরিহাস-তাই ভুল করেছিলাম।..... সিরাজকে প্রাসাদ-চত্বরে আঁছড়ে মেরে ফেলতে কিছুমাত্র দ্বিধা করতাম না।
- আমিনা- কী হয়েছে তোমার? পুত্রবধুর সামনে এরকম রূঢ় ব্যবহার করছ কেন?
- লুৎফা- সে টাকাতো তিনি ব্যক্তিগত প্রয়োজনে ব্যয় করেননি।
- আমিনা- সিরাজ তোমার কোন ক্ষতি করেনি বড় আপা।
- ঘসেটি- বৃদ্ধ নবাবকে ছলনায় জুলিয়ে তোমরা সিংহাসন দখল করেছ।
- সিরাজ- আমার অদৃষ্ট আর কল্যাণের মাঝখানে শুধু দেয়াল আর দেয়াল।

Ans : D.

০৬. মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃপ্রদত্ত নাম কোনটি?

- A. হরিহর বন্দ্যোপাধ্যায় B. তপন বন্দ্যোপাধ্যায়
C. প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায় D. কৈলাস বন্দ্যোপাধ্যায়

ব্যাখ্যা : মানিক বন্দ্যোপাধ্যায় সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:

- তাঁর জন্ম- দুমকায় ১৯০৮ সালে এবং মৃত্যু- ১৯৫৬ সালে নীলরতন সরকারি হাসপাতালে।
- পিতা- হরিহর বন্দ্যোপাধ্যায়, মাতা- নীরদা সুন্দরী দেবী।
- পিতৃপ্রদত্ত নাম প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়। গায়ের বর্ণ কালো হওয়ার ডাকনাম হয় কালামানিক। এরপর মানিক বন্দ্যোপাধ্যায় নামে পরিচিতি পায়।
- পৈত্রিক নিবাস ছিলো- ঢাকার বিক্রমপুরের মালপদিয়া গ্রামে।
- জন্ম পত্রিকায় তাঁর নাম ছিলো- অধরচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
- মানিকেরা ছিলেন চৌদ্দ ভাইবোন (আট ভাই এবং ছয় বোন)।
- মানিক বন্দ্যোপাধ্যায় ছিলেন তাঁর পিতার পঞ্চম পুত্র।

Ans : C.

০৭. 'উত্তরীলা কাতরে রাবণি'- কাকে রাবণি বলা হয়েছে?

- A. মেঘনাদ B. লক্ষ্মণ
C. রাম D. বিভীষণ

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন রচিত 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার ব্যবহৃত মেঘনাদের বিভিন্ন নাম- অরিন্দম, বাসববিজয়ী, বাসবপ্রাস, ধীমান, রাবণি, দাস, রাবণ-আত্মজ, বীরেন্দ্র বলী, ইন্দ্রজিৎ, জিতেন্দ্রিয়।

Ans : A.

০৮. 'জাদু' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

- A. আরবি B. ফারসি
C. সংস্কৃত D. তুর্কি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু ফারসি শব্দ:

- প্রশাসনিক শব্দ- কাগজ, কারখানা, আফগান, আঙ্গুর, বাগান, দরবার, তোশক, আরাম, আমেজ, চশমা, দোকান, গোয়ান্দা, দস্তখত, জবানবন্দি, গালিচা, বাদশা, বেগম, নালিশ, সিপাহি, পেয়াদা, বন্দি, হুশিয়ার, তরীখ ইত্যাদি।
- সাংস্কৃতিক শব্দ- কারিগর, ওস্তাদ, কারুলি, একতারা, আগুয়াজ, জাদু ইত্যাদি।
- ধর্মসংক্রান্ত শব্দ- খোদা, ফেরেসতা, পরগম্বর, নামায, রোযা, বেহেশত, গুনাহ, দোষখ ইত্যাদি।

Ans : B.

০৯. 'সৎকর্ম' শব্দটি কোন সমাসের উদাহরণ?

- A. দ্বন্দ্ব B. বহুব্রীহি
C. তৎপুরুষ D. কর্মধারয়

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সাধারণ কর্মধারয় সমাস:

- সৎকর্ম - সৎ যে কর্ম।
- সদাচরণ - সৎ যে আচরণ।
- কুর্কর্ম - কু (কদ) যে কর্ম।
- কদর্ঘ - কু (কদ) যে অর্থ।
- কদাচার - কু (কদ) যে আচার।
- নরাধম - অধম যে নর।
- আলুসিদ্ধ - সিদ্ধ যে আলু।
- মহাকীর্তি - মহতী যে কীর্তি।
- মহারাজ - মহান যে রাজা।
- সুন্দরলতা - সুন্দরী যে লতা।

Ans : D.

১০. প্রত্যয়ের মূল কাজ কোনটি?

- A. বাক্যস্থিত শব্দে অর্থের স্থাপন B. সমাসবদ্ধ করণ
C. অর্থ সম্প্রসারণ D. নতুন শব্দ গঠন

ব্যাখ্যা : প্রত্যয় সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:

- সংজ্ঞা- শব্দ গঠনের উদ্দেশ্যে শব্দ বা নাম প্রকৃতির এবং ক্রিয়া প্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয় তাকে প্রত্যয় বলে।
- উদ্দেশ্য- নতুন নতুন শব্দ গঠন করা।
- প্রকারভেদ- i. তদ্ধিত প্রত্যয়, ii. কৃৎ প্রত্যয়।
- তদ্ধিতাংশ শব্দ- তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দকে বলে।
- কৃদন্ত শব্দ- কৃৎ প্রত্যয় সাধিত শব্দকে বলে।

Ans : D.

ইংরেজি

1. By the time we get to the airport, the plane will have _____.

- A. taken out B. taken off
C. taken in D. taken of

ব্যাখ্যা : • Take off - উড্ডয়ন করা।

এখানে 'উড্ডয়ন' করা অর্থে taken off হবে।

কিছু গুরুত্বপূর্ণ group verb :

- Go for - পছন্দ করা।
- Make up - ক্ষতিপূরণ।
- Put off - স্থলে ফেলা।
- Put on - পরিধান করা।
- Set up - স্থাপন করা।
- Stand by - পাশে দাঁড়ানো।

Ans : B.

2. The adjective of the word "heart" is _____.

- A. hurt B. heartening
C. hearten D. heartfully

ব্যাখ্যা : • Heart (N) - হৃদয়।

• Heartening (Adj.) - উৎসাহজনক।

এখানে, heart এর adj. form হবে heartening. Heart এর আরো কিছু adjective - Hearty, Heartless, Hearted, Heartiest.

Ans : B.

3. He asked me _____ sheep were there in the field.

- A. how many B. what a lot of
C. what great number of D. how much

ব্যাখ্যা : Sheep এর singular এবং plural দুটি form একই। Sheep countable noun এবং এখানে plural অর্থে বুঝানো হয়েছে। Plural countable noun এর পরিমাণ জানতে question করা হলে How many এবং uncountable noun হলে How much হয়। সুতরাং এখানে gap এ How many বসবে।

Ans : A.

পানবোডি

CU: 2019-2020 (158)

4. You should not run _____ debt.
A. in B. into C. to D. with

ব্যাখ্যা : • Run into debt – ঋণী হওয়া।

কিছু গুরুত্বপূর্ণ Phrase :

- As though - যেনো
- At arms length - নিরাপদ দূরত্ব
- At a loss - হতবুদ্ধি
- All in - ক্রান্ত
- Get Along - মানিয়ে চলা
- For good - চিরতরে

Ans : B.

5. New words are constantly being invented _____ new objects and concepts.
A. to describe B. a description of
C. they describe D. describe

ব্যাখ্যা : To describe – বর্ণনা করতে। বাক্যটির অর্থ হবে, “প্রতিনিয়ত নতুন শব্দ আবিষ্কৃত হচ্ছে নতুন বিষয় এবং ধারণা বর্ণনা করতে”। এখানে ‘বর্ণনা করতে’ বুঝাতে ‘to describe’ হবে।

Ans : A.

6. “Of the thousands of known volcanoes in the world, the overwhelming majority are dormant”. Which of the following words best fits the underlined word?
A. unpredictable B. minor C. inactive D. uncharted

ব্যাখ্যা : • Dormant – সুপ্ত।

- Unpredictable - অনিশ্চিত
- Minor – ক্ষুদ্র।
- Uncharted – অচিহ্নিত
- Inactive – সুপ্ত/নিষ্ক্রিয়।

Dormant এর কিছু Synonym এবং Antonym :

Synonym : Asleep, Inactive, Inert, Latent, Dozing.

Antonym : Active, Awake, Lively, Alert, Wakeful.

Ans : C.

7. The antonym of the word ‘frugal’ is _____.
A. economical B. spendthrift
C. meticulous D. economic

ব্যাখ্যা : Frugal – মিতব্যয়ী।

Frugal এর কিছু Synonym এবং Antonym :

Synonym : Canny, Careful, Meticulous, Stingy, Thrifty.

Antonym : Spendthrift, Lavish, Prodigal, Incautious.

Ans : B.

8. He will explain it to you when he _____ back.
A. comes B. came
C. will have come D. would come

ব্যাখ্যা : বাক্যে একটি clause future indefinite হলে পরের clause টি present indefinite হয়ে থাকে।

Structure: sub + shall/will + obj. + C.M (clause marker) + sub + verb (present) + obj.

Example : I will go if he comes.

অনুরূপভাবে, He will explain it to you when he comes back.

Ans : A.

9. My sister had lived in France for two years and my niece _____ there.
A. borned B. born
C. was borned D. was born

ব্যাখ্যা : সাধারণত জন্ম নেওয়া বুঝাতে born হয় এবং যেহেতু অন্য কেউ জন্ম দিয়ে থাকে তাই passive হয়।

Example : I was born.

অনুরূপভাবে, my niece was born হবে।

Ans : D.

10. Let's go on a picnic, _____?
A. shall we B. won't you
C. isn't it D. did we

ব্যাখ্যা : Tag question এ let's থাকলে সাধারণত shall we দিয়ে tag question করতে হয়।

Example : Let's go the beach, shall we?

অনুরূপভাবে, Let's go on a picnic, shall we?

Ans : A.

11. I don't know where _____ so early in the morning.
A. could he go B. could he have gone
C. he could have gone D. did he go

ব্যাখ্যা : এটি Embedded question এর Example, Embedded question এ wh word এরপর sub + verb (base) হয়।

Structure : Sub + verb + wh word + sub + verb (base)....

Example : I know who he is.

অনুরূপভাবে, I don't know where he could have gone so early in the morning.

Ans : C.

12. “You are welcome to order the goods now.”
“But payment should be made _____.”
A. for advance B. advancing
C. to advance D. in advance

ব্যাখ্যা : • In advance – অগ্রিম।

এখানে payment অগ্রিম পরিশোধ অর্থে in advance বনবে।

গুরুত্বপূর্ণ কিছু phrase :

- Fresh blood – নতুন সভ্য
- Give in – পরাজয় স্বীকার করা
- Maiden speech – প্রথম বক্তৃতা
- Kith and kin – আত্মীয়
- Make good – ক্ষতিপূরণ
- Out and out – সম্পূর্ণরূপে

Ans : D.

13. “It is not very cold. I don't think we need these big jackets.” “I don't think so _____.”
A. anyway B. neither
C. either D. too

ব্যাখ্যা : এটি Negative agreement এর Example.

Structure :

Negative statement + { sub + negative auxiliary or be + either
neither + positive auxiliary or be + sub }

Example : He doesn't like cake and I don't either.

অনুরূপভাবে, I don't think we need these big jackets, I don't think so either হবে।

Ans : C.

14. Total color blindness, _____, is the result of a defect in the retina.
A. a rare condition that B. that a rare condition
C. is a rare condition D. a rare condition

ব্যাখ্যা : সাধারণত দুইটি ক্রমার মধ্যে বাক্যের কোনো একটি অংশকে modify করা হয়ে থাকে। এক্ষেত্রে Relative pronoun + auxiliary + Extension বসে অথবা Relative pronoun + auxiliary না বসে শুধু Extension বসে।

Example : (i) Football, which is a popular sport, is very good for health. or,

(ii) Football, a popular sport, is very good for health.

Ans : D.

পানবোডি

CU: 2019-2020 (159)

15. If I knew the answer, _____ tell you.

- A. I can B. I had C. I'd D. I'll

 ব্যাখ্যা : এটি 2nd conditional এর Example-

Structure : If + sub + verb (past) + ... sub + would + V (base).

 Example : If he studied hard, he would pass the exam.
অনুরূপভাবে, If I knew the answer, I'd tell you.

Ans : C.

পদার্থবিদ্যা

১. কে তত্ত্বীয়ভাবে মহাকর্ষ তরঙ্গের ধারণা প্রস্তাব করেন?

- A. কিপ থর্ন B. নিউটন C. আইনস্টাইন D. এলেন ওথ

ব্যাখ্যা : মহাকর্ষ তরঙ্গের ধারণা প্রকৃতপক্ষে প্রথম প্রস্তাব করেন হেনরি পয়েনকার। আইনস্টাইন এই তরঙ্গের উপস্থিতি সম্পর্কে সাধারণ আপেক্ষিকতার তত্ত্বের উপর ভিত্তি করে ভবিষ্যৎবাণী করেন।

Ans : C.

২. কোন pn সংযোগে সম্মুখ বৌক প্রয়োগ করলে তা

- A. ডিপ্রেসন অঞ্চল প্রসারিত করে
-
- B. ডিপ্রেসন অঞ্চলের আড়াআড়ি বিভব পার্থক্য বাড়ায়
-
- C. n-পার্শ্ব দাতার সংখ্যা বাড়ায়
-
- D. ডিপ্রেসন অঞ্চলে বৈদ্যুতিক ক্ষেত্র বাড়ায়

ব্যাখ্যা : কোন pn জংশন ডায়োডে সম্মুখ বৌক প্রয়োগ করলে ডিপ্রেসন অঞ্চল সংকুচিত হয় এবং তাই ডিপ্রেসন অঞ্চলে বিদ্যমান বাধাদানকারী বৈদ্যুতিক ক্ষেত্র দুর্বল হয়ে পড়ে। pn সংযোগটিতে দাতা ও গ্রহীতা পরমাণুর সংখ্যা একই থাকে।

অতএব, একমাত্র গ্রহণযোগ্য সত্য অপশন (B)।

Ans : B.

৩. একটি কণা a বিস্তার ও E মোট শক্তির সরল ছন্দিত গতি সম্পাদন

 শুরু করে। একটি অবস্থানে এর গতিশক্তি $\frac{3E}{4}$ হলে এর সরণ কত?

- A.
- $y = \frac{a}{2}$
- B.
- $y = \frac{a}{\sqrt{2}}$
-
- C.
- $y = \frac{a\sqrt{3}}{2}$
- D.
- $y = a$

ব্যাখ্যা : মনে করি, সরণ = y

$$\therefore y \text{ অবস্থানে স্থিতিশক্তি} = \frac{1}{2}ky^2 [k \text{ ফ্রিক}]$$

$$\text{প্রশ্নমতে, } y \text{ অবস্থানে গতিশক্তি} = \frac{3E}{4}$$

$$\therefore y \text{ অবস্থানে স্থিতিশক্তি} = \text{মোট শক্তি} - \text{গতিশক্তি} = E - \frac{3E}{4} = \frac{E}{4}$$

$$\text{আবার, সর্বোচ্চ বিস্তার a বলে, } E = \frac{1}{2}ka^2$$

$$\therefore y \text{ অবস্থানে স্থিতিশক্তি, } \frac{1}{2}ky^2 = \frac{E}{4} = \left(\frac{1}{2}ka^2\right)$$

$$\Rightarrow y^2 = \frac{a^2}{4} \Rightarrow y = \frac{a}{2}$$

Ans : A.

৪. কোয়ার্কের কয় ধরনের বর্ণ আছে?

- A. 3 B. 6
-
- C. 2 D. 4

ব্যাখ্যা : • কোয়ার্কের ছয়টি রঙের আছে- আপ, ডাউন, চার্ম, স্ট্রেন, টম ও বটম।

• কোয়ার্কের তিনটি বর্ণ রয়েছে- লাল, নীল ও সবুজ।

Ans : A.

৫. তাপ গতিবিদ্যার দ্বিতীয় সূত্রের গাণিতিক সংজ্ঞা কোনটি?

- A.
- $dT = QdS$
- B.
- $dS = QdT$
-
- C.
- $dQ = SdT$
- D.
- $dQ = TdS$

ব্যাখ্যা : তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্রানুসারে,

$$\text{একটি পরিবর্তন } dS = \frac{dQ}{T} \Rightarrow dQ = TdS$$

Ans : D.

 ৬. একটি কণার $\vec{r} = 4m, \vec{p} = 2Nsec$ এবং \vec{r} ও \vec{p} এর মধ্যে অন্তর্গত কোন 30° হলে, কণাটির কৌণিক ভরবেগ কত?

- A.
- $2 \text{ kgm}^2\text{s}^{-1}$
- B.
- $4 \text{ kgm}^2\text{s}^{-1}$
-
- C.
- $4 \text{ kg}^2\text{ms}^{-1}$
- D.
- $8 \text{ kgm}^2\text{s}^{-1}$

 ব্যাখ্যা : কৌণিক ভরবেগ, $\vec{L} = \vec{r} \times \vec{p}$

$$L = rpsin\theta = 0.04 \times 2 \times \sin 30^\circ = 0.04 \text{ kgm}^2\text{s}^{-1}$$

Ans : B.

৭. সূর্যে হাইড্রোজেন থেকে হিলিয়াম তৈরি হয় কোন পদ্ধতিতে?

- A. তেজস্ক্রিয় ক্ষয় B. ফিউশন
-
- C. ফিশন D. ভাঙ্গন

ব্যাখ্যা : ফিউশন বিক্রিয়ায় তুলনামূলক কম পারমাণবিক সংখ্যাবিশিষ্ট একাধিক পরমাণু মিলিত হয়ে অপেক্ষাকৃত ভারী ও অধিক পারমাণবিক সংখ্যাবিশিষ্ট পরমাণু তৈরি করে। সূর্যে হাইড্রোজেন থেকে হিলিয়াম তৈরি হয় এ পদ্ধতিতেই।

Ans : B.

৮. একটি অসীম পাতল শীটের চার্জিত পরিবাহীর নিকট বিন্দুতে বৈদ্যুতিক ক্ষেত্রের পরিমাণ কত?

- A.
- $\epsilon_0\sigma$
- B.
- $\frac{\sigma}{\epsilon_0}$
- C.
- $\frac{\sigma}{2\epsilon_0}$
- D.
- $\frac{\sigma\epsilon_0}{2}$

Ans : C.

৯. একটি মোবাইল ফোনকে কোন সংযোগ ছাড়া কি উপায়ে চার্জ প্রদান করা যাবে?

- A. পরিবহন B. আবেশন
-
- C. পরিচলন D. অভরণ

ব্যাখ্যা : আবেশন প্রক্রিয়ার মাধ্যমে কোন সংযোগ ছাড়াই একটি বস্তুকে চার্জিত করা সম্ভব।

Ans : B.

১০. X-Z তলে একটি বিন্দুর অবস্থান ভেক্টর কোনটি?

- A.
- $\vec{r} = y\hat{i} + z\hat{k}$
- B.
- $\vec{r} = x\hat{i} + y\hat{j}$
-
- C.
- $\vec{r} = x\hat{i} + z\hat{k}$
- D.
- $\vec{r} = x\hat{i} + y\hat{j} + z\hat{k}$

 ব্যাখ্যা : X-Z তলের একক ভেক্টরসমূহ হল \hat{i} ও \hat{k} । তাই X-Z তলে কোন বিন্দুর অবস্থান ভেক্টর $\vec{r} = x\hat{i} + z\hat{k}$

Ans : C.

পানকোডি

CU: 2019-2020 (160)

১১. ধারকত্বযুক্ত AC সার্কিটে প্রবাহ ও বিভবের দশা পার্থক্য কত?

- A. 90° B. 180°
C. 45° D. 0°

ব্যাখ্যা : রোধযুক্ত AC সার্কিটে প্রবাহ ও বিভবের দশা পার্থক্য = 0°
ধারকত্বযুক্ত AC সার্কিটে প্রবাহ ও বিভবের দশা পার্থক্য = 90°
আবেশকত্বযুক্ত AC সার্কিটে বিভব ও প্রবাহের দশা পার্থক্য = 90°

Ans : A.

১২. নক্ষত্র সৃষ্টির শুরুতে কোন দু'টি গ্যাস অবদান রাখে?

- A. হাইড্রোজেন ও নাইট্রোজেন B. হাইড্রোজেন ও হিলিয়াম
C. হাইড্রোজেন ও অক্সিজেন D. নাইট্রোজেন ও হিলিয়াম

ব্যাখ্যা : নক্ষত্র সৃষ্টির শুরুতে বিদ্যমান ধূলিমেষের প্রায় ৭৫% হাইড্রোজেন, ২৪% হিলিয়াম এবং অন্যান্য পদার্থসমূহ ১% গঠন করে।

Ans : B.

১৩. আমরা যদি পৃথিবীকে 6400 km ব্যাসার্ধ বিশিষ্ট একটি পরিবাহী গোলক বিবেচনা করি তবে এর ধারকত্ব কোন ক্রমের হবে?

- A. mF B. μ F
C. F D. kF

ব্যাখ্যা : ধারকত্ব, $C = 4\pi\epsilon_0 R = \left(\frac{1}{9 \times 10^9} \times 6400 \times 10^3\right) F$
 $= \left(\frac{6.4}{9} \times 10^{-3}\right) F = 0.71 \text{ mF} = 710 \mu F$

Ans : B.

১৪. 500 eV শক্তি সম্পন্ন একটি ইলেকট্রনের ডি ব্রাগলি তরঙ্গদৈর্ঘ্য কত?

- A. 0.55 Å B. 1.55 Å
C. 3.55 Å D. 2.55 Å

ব্যাখ্যা : $E = \frac{hc}{\lambda} \Rightarrow \lambda = \frac{hc}{E} = \left(\frac{6.626 \times 10^{-34} \times 3 \times 10^8}{500 \times 1.6 \times 10^{-19}}\right) \text{ m}$
 $= 24.8 \text{ Å}$

Ans : নাই।

 ১৫. সীসার ঘনত্ব 12 gm/cc। একটি সীসা ইটের ভর 1.5 kg এবং এর আয়তন $10 \text{ cm} \times 5 \text{ cm} \times 4 \text{ cm}$ । এটি-

- A. 25% থেকে 50% পর্যন্ত খালি
B. 75% এর বেশী খালি
C. 0% থেকে 25% পর্যন্ত খালি
D. 50% থেকে 75% পর্যন্ত খালি

ব্যাখ্যা : 1.5 kg ভর সীসার আয়তন = $\frac{\text{ভর}}{\text{ঘনত্ব}} = \frac{1500 \text{ gm}}{12 \text{ gm/cc}} = 125 \text{ cc}$

প্রদত্ত ইটের আয়তন = $(10 \times 5 \times 4) \text{ cm}^3 = 200 \text{ cm}^3$

\therefore খালি আয়তন = $(200 - 125) \text{ cm}^3 = 75 \text{ cm}^3$

\therefore খালি আয়তনের শতকরা পরিমাণ = $\frac{75}{200} \times 100\% = 37.5\%$

Ans : A.

১৬. একটি ইলেক্ট্রন এবং একটি প্রোটন বৃত্তাকার পথে একই বেগে এবং একই চৌম্বক ক্ষেত্রে ঘুরছে। প্রোটনের ঘূরার পথের ব্যাসার্ধ হবে-

- A. ইলেক্ট্রনের পথের ব্যাসার্ধের সমান
B. ইলেক্ট্রনের পথের ব্যাসার্ধের একটু বড়
C. ইলেক্ট্রনের পথের ব্যাসার্ধের ছোট
D. ইলেক্ট্রনের পথের ব্যাসার্ধের চেয়ে প্রায় 2000 গুণ বড়

 ব্যাখ্যা : আমরা জানি, $F = qVB$

 আবার, ঘূর্ণায়মান গতির ক্ষেত্রে, $F = \frac{mv^2}{r}$

$$\therefore r = \frac{mV^2}{F} = \frac{mV^2}{qVB} = \frac{mV}{qB}$$

$$\therefore r_e = \frac{m_e V_e}{q_e B_e} \text{ [ইলেক্ট্রনের ক্ষেত্রে]} \dots\dots\dots (1)$$

$$\text{এবং } r_p = \frac{m_p V_p}{q_p B_p} \text{ [প্রোটনের ক্ষেত্রে]} \dots\dots\dots (2)$$

$$(2) \text{ কে } (1) \text{ দ্বারা ভাগ করে, } \frac{r_p}{r_e} = \frac{m_p V_p q_e B_e}{m_e V_e q_p B_p}$$

প্রশ্নমতে, $V_e = V_p$, $B_e = B_p$ এবং আমরা জানি, $q_e = q_p$

$$\therefore \frac{r_p}{r_e} = \frac{m_p}{m_e} \approx 2000 \text{ [প্রোটন ইলেক্ট্রনের তুলনায় প্রায় 2000 গুণ ভারি]}$$

$$\therefore r_p = r_e \times 2000$$

Ans : D.

১৭. গঠনমূলক ব্যতিচারে দুইটি তরঙ্গের মধ্যে দশা পার্থক্য কত?

- A. π এর বিজোড় গুণিতক B. π এর জোড় গুণিতক
C. $\pi/2$ এর বিজোড় গুণিতক D. $\pi/2$ এর জোড় গুণিতক

ব্যাখ্যা : গঠনমূলক ব্যতিচারের জন্য পথপার্থক্য = $n\lambda$

$$\text{আবার, দশা পার্থক্য} = \frac{2\pi}{\lambda} \times \text{পথপার্থক্য} = \frac{2\pi}{\lambda} \times n\lambda = 2n\pi$$

অতএব, দশা পার্থক্য π এর $2n$ অর্থাৎ জোড় গুণিতক হতে হবে।

Ans : B.

১৮. একটি চার্জিত বালি গোলকের অভ্যন্তরে বৈদ্যুতিক তীব্রতা কত?

- A. $E_0 \sigma$ B. σ/E_0
C. $E_0/2$ D. শূন্য

ব্যাখ্যা : ফাঁপা গোলকের অভ্যন্তরে আবদ্ধ চার্জের পরিমাণ শূন্য। তাই গোলকের অভ্যন্তরে বৈদ্যুতিক তীব্রতাও শূন্য হবে।

Ans : D.

 ১৯. \vec{A} এবং \vec{B} ভেক্টরদ্বয়ের প্রত্যেকের মান 3 এবং

$\vec{A} \times \vec{B} = -5\hat{k} + 2\hat{i}$ হলে \vec{A} এবং \vec{B} এর মধ্যবর্তী কোণ কত?

- A. $\cos^{-1}\left(\frac{\sqrt{29}}{9}\right)$ B. $\tan^{-1}\left(\frac{-5}{2}\right)$
C. $\sin^{-1}\left(\frac{2}{5}\right)$ D. $\sin^{-1}\left(\frac{\sqrt{29}}{9}\right)$

ব্যাখ্যা : $|\vec{A} \times \vec{B}| = AB \sin \theta$

$$\therefore |-5\hat{k} + 2\hat{i}| = 3.3 \sin \theta \quad [\because \vec{A}, \vec{B} \text{ উভয়ের মান } 3]$$

$$\Rightarrow \sqrt{5^2 + 2^2} = 9 \sin \theta \Rightarrow \sin \theta = \frac{\sqrt{29}}{9}$$

$$\therefore \theta = \sin^{-1}\left(\frac{\sqrt{29}}{9}\right)$$

Ans : D.

পানকৌড়ি

CU: 2019-2020 (161)

২০. কোনটি সংরক্ষণশীল বল নয়?

- A. তড়িৎ বল
B. অভিকর্ষ বল
C. সান্দ্র বল
D. চৌম্বক বল

ব্যাখ্যা : সান্দ্র বল ঘর্ষণ বলের ন্যায় একটি অসংরক্ষণশীল বল।

Ans : C.

২১. একটি নিউক্লিয়াসের ভর ক্রটি 0.0377 amu হলে এর বন্ধন শক্তি কত?

- A. 35.1 MeV
B. 37.7 MeV
C. 931 MeV
D. 3.51 MeV


ব্যাখ্যা : $\Delta m = 0.0377 \text{ amu} = 0.0377 \times 1.66 \times 10^{-27} \text{ kg}$
 \therefore বন্ধনশক্তি, $\Delta mc^2 = 0.0377 \times 1.66 \times 10^{-27} \times (3 \times 10^8)^2 \text{ J}$
 $= \frac{0.0377 \times 1.66 \times 10^{-27} \times 9 \times 10^{16}}{1.6 \times 10^{-19}} \text{ eV} = 35.1 \text{ MeV}$

Ans : A.

২২. একটি NAND গেট এর বুলিয়ান বীজগণিত কোনটি?

- A. $A + B = Y$
B. $\overline{A + B} = Y$
C. $A \cdot B = Y$
D. $\overline{A \cdot B} = Y$

ব্যাখ্যা : NAND gate :


 এখানে $Y = \overline{A \cdot B}$

Ans : C.

২৩. কোনটি দ্বারা আলোর আড় তরঙ্গ ধর্ম প্রমাণিত হয়?

- A. আলোর ব্যতিচার
B. আলোর প্রতিসরণ
C. আলোর অপবর্তন
D. আলোর সমবর্তন

ব্যাখ্যা : আড় তরঙ্গের ক্ষেত্রে কণাসমূহ তরঙ্গের গতিপথের সাথে লম্বদিক বরাবর কম্পিত হয়। এই আড় তরঙ্গ বা অনুপ্রস্থ তরঙ্গ তাই সমাবর্তন প্রদর্শন করে। অতএব, আলোর সমাবর্তনের মাধ্যমে আলোর আড় তরঙ্গ ধর্মটি প্রমাণিত হয়।

Ans : D.

২৪. যখন বৃত্তাকার পথে ঘূর্ণায়মান একটি ট্রেনের গতি দ্বিগুণ করা হয় তখন ট্রেনটির কেন্দ্রমুখী বল-

- A. সমান থাকে
B. ২ গুণ বৃদ্ধি পায়
C. ৪ গুণ বৃদ্ধি পায়
D. ৮ গুণ বৃদ্ধি পায়

ব্যাখ্যা : কেন্দ্রমুখী বল $F = \frac{mv^2}{r}$ অর্থাৎ $F \propto v^2$

 \therefore v দ্বিগুণ করলে, F চারগুণ হবে।

Ans : D.

২৫. ৯০ দিন পর একটি তেজস্ক্রিয় বস্তুর ২৫% অবশিষ্ট থাকলে বস্তুর অর্ধজীবন কত?

- A. ২০ দিন
B. ৪০ দিন
C. ৩০ দিন
D. ৪৫ দিন

ব্যাখ্যা : ধরি, বস্তুর অর্ধায়ু x দিন।

 \therefore x দিন পর অবশিষ্ট থাকে = $\frac{100}{2} \% = 50\%$

 আরো x দিন পর অর্থাৎ মোট 2x দিন পর অবশিষ্ট থাকে = $\frac{50}{2} \% = 25\%$

 প্রশ্নমতে, $2x = 90 \Rightarrow x = 45$

Ans : D.

রসায়ন

১. কোন যৌগটি হাইড্রোজেন বন্ধন গঠন করতে পারে না?

- A. $\text{CH}_3\text{-NH}_2$
B. $\text{CH}_3\text{-CH}_2\text{-F}$
C. H-COOH
D. $\text{C}_6\text{H}_{12}\text{O}_6$

ব্যাখ্যা : ছোট আকারের তীব্র তড়িৎ ঋণাত্মক মৌলের পরমাণু যেমন: N, O এবং F এর সঙ্গে সমযোজী বন্ধনে আবদ্ধ থাকা অবস্থায় হাইড্রোজেন পরমাণু, অন্য একটি সমজাতীয় বা ভিন্ন অণুর তীব্র তড়িৎ ঋণাত্মক মৌলের পরমাণুর সঙ্গে তড়িৎ আকর্ষণে আবদ্ধ হয়ে অণু দুটির মধ্যে যে বন্ধনের সৃষ্টি করে তাকে হাইড্রোজেন বন্ধন বলে। যেমন: H_2O , HF , CH_3OH অণুর মধ্যে H বন্ধন ঘটে।

H বন্ধন গঠনের শর্ত :

- অণুর মধ্যে হাইড্রোজেন পরমাণুর সঙ্গে যুক্ত অন্য পরমাণুটির তড়িৎ ঋণাত্মকতার মান বেশি হওয়া প্রয়োজন।
 B. সাসপেনশন
 C. ফোম
 D. সল

ব্যাখ্যা :

শ্রেণী	উদাহরণ
দ্রবণ	NaCl , MgCl_2
কলয়েড	দুধ, বাটার, রং, জেলি, শ্যাম্পু
সাসপেনশন	রক্ত, কলেরা ডায়াকসিন, লোশন

Ans : A.

18. নিচের কোনটি ইউরিয়ার আইসোমার?

- A. KCNO
 B. C_6H_6
 C. NH_4NO_3
 D. NH_4CNO

ব্যাখ্যা : ইউরিয়া এর সংকেত $(\text{NH}_2-\text{CO}-\text{NH}_2)$ । এটি একটি একক যৌগ। NH_4CNO এর পুনর্বিন্যাস বিক্রিয়ায় ইউরিয়া উৎপন্ন হয়।

Ans : D.

 19. হেবার পদ্ধতিতে অ্যামোনিয়ার (NH_3) শিল্পোৎপাদনে ব্যবহৃত কাঁচামাল-

- A. N_2 এবং H_2
 B. $\text{R}-\text{NH}_2$ এবং NaOH
 C. বাতাস এবং $\text{R}-\text{NH}_2$
 D. বাতাস এবং প্রাকৃতিক গ্যাস

ব্যাখ্যা :

উৎপন্ন বস্তু	পদ্ধতি	বিক্রিয়া
অ্যামোনিয়া (NH_3)	হেবার বস	$\text{N}_2 + 3\text{H}_2 \rightleftharpoons 2\text{NH}_3$ $\Delta H = -92.4 \text{ kJ}$
H_2SO_4	স্পর্শ পদ্ধতি	$\text{SO}_2 + \text{O}_2 \rightleftharpoons \text{SO}_3$ $\Delta H = -192.46 \text{ kJ}$ $\text{SO}_3 + \text{H}_2\text{O} \rightleftharpoons \text{H}_2\text{SO}_4$
নাইট্রিক এসিড	বার্কল্যান্ড আইড	$\text{N}_2 + \text{O}_2 \rightleftharpoons 2\text{NO}$ $\Delta H = +180.75 \text{ kJ}$ $2\text{NO} + \text{O}_2 \rightarrow 2\text{NO}_2$ $2\text{NO}_2 + 2\text{H}_2\text{O} \rightarrow 2\text{HNO}_3 + \text{H}_2$

Ans : A.

 20. রাদারফোর্ডের পরীক্ষায় ব্যবহৃত α (আলফা) বিকিরণে বিদ্যমান পদার্থের সংকেত হচ্ছে-

- A. H_2
 B. He
 C. He^{2+}
 D. He^{2+}

Ans : D.

21. একটি জারক পদার্থ-

- A. ইলেকট্রন গ্রহণ করে
 B. ইলেকট্রন ত্যাগ করে
 C. প্রোটন দান করে
 D. প্রোটন গ্রহণ করে

 ব্যাখ্যা : জারক/বিজারক \rightarrow ইলেকট্রন দান

 বিজারক/জারক \rightarrow ইলেকট্রন গ্রহণ

Ans : A.

 22. 1 Kg $\text{Na}_2\text{CO}_3 \cdot 10\text{H}_2\text{O}$ ($\text{Mr} = 286$) এর মধ্যে বিদ্যমান পদার্থের সংকেত হচ্ছে-

- A. $\frac{13 \times 1000 \times 6.023 \times 10^{23}}{286}$
 B. $13 \times 1000 \times 6.023 \times 10^{23} \times 286$
 C. 13
 D. $\frac{13 \times 6.023 \times 10^{23}}{286}$

 ব্যাখ্যা : $1 \text{ mol } \text{Na}_2\text{CO}_3 \cdot 10\text{H}_2\text{O} \equiv 13 \text{ mol}$ অক্সিজেন পরমাণু

$$\therefore n = \frac{w}{M} = \frac{1000}{286}$$

$$\text{অর্থাৎ } \frac{1000}{286} \text{ mol } \text{Na}_2\text{CO}_3 \cdot 10\text{H}_2\text{O} \equiv \frac{13 \times 1000}{286} \text{ mol অক্সিজেন পরমাণু}$$

$$\equiv \frac{13 \times 1000 \times 6.02 \times 10^{23}}{286} \text{ টি অক্সিজেন পরমাণু}$$

Ans : A.

23. নিচের কোনটি বেনজিন ডায়াজেনিয়াম ক্রোমাইডের সাথে যুত যৌগ গঠন করে না?

- A. অ্যানিলিন
 B. ফেনল
 C. β -ন্যাপথল
 D. বেনজাইল অ্যালকোহল

ব্যাখ্যা : কাপলিং বিক্রিয়ার শর্ত-

বেনজিন ডায়াজেনিয়াম ক্রোমাইড অর্থাৎ ও প্যারা অবস্থানের সক্রিয় ইলেকট্রনের সাথে যুগল বিক্রিয়া করে ফেনল, অ্যানিলিন, β -ন্যাপথল এর অ্যারো-প্যারা অবস্থান সক্রিয় কিন্তু বেনজাইল অ্যালকোহল এর মেটা অবস্থান সক্রিয়। তাই বেনজাইল অ্যালকোহলের সাথে কাপলিং বিক্রিয়া করে না।

Ans : D.

পানকোডি

CU: 2018-2019 (189)

24. আইসোটোনিক দ্রবণ হচ্ছে-

- A. যাদের একই স্কটনাংক
B. যাদের একই বাষ্পচাপ
C. যাদের একই গলনাংক
D. যাদের একই অভিস্রবনীয় চাপ

ব্যাখ্যা : • হাইপোটোনিক দ্রবণ : দ্রবণ এর কঠিন উপাদান বিবেচ্য দ্রবণ অপেক্ষা কম।

- হাইপারটোনিক দ্রবণ : দ্রবণ এর কঠিন উপাদান বিবেচ্য দ্রবণ অপেক্ষা বেশি।
• আইসোটোনিক দ্রবণ : দ্রবণদ্বয়ের অভিস্রবণ চাপ সমান।

Ans : D.

 25. নাইট্রাস অক্সাইড (N_2O) হলো-

- A. অগ্নীয়
B. ক্ষারীয়
C. নিরপেক্ষ
D. উদ্ভবীয়

 ব্যাখ্যা : নিরপেক্ষ অক্সাইড $\rightarrow CO, N_2O, NO$
এছাড়া ধাতুর অক্সাইড ক্ষারীয় এবং অধাতুর অক্সাইড অগ্নীয়।

Ans : C.

গণিত

 1. $-8 - 6\sqrt{-1}$ এর বর্গমূল হল-

- A. $\pm(1+i)$
B. $\pm(1-3i)$
C. $\pm(1-2i)$
D. $\pm(1+4i)$

 ব্যাখ্যা : $-8 - 6i = 1 - 2.1.3i + (3i)^2 = (1 - 3i)^2$
 $\therefore \sqrt{-8 - 6i} = \pm(1 - 3i)$

Ans : B.

 2. $x^3 + 7x^2 + cx + c = 0$ সমীকরণের একটি মূল 0 হলে c এর মান কত?

- A. 0
B. 2
C. -1
D. 3

 ব্যাখ্যা : $x^3 + 7x^2 + cx + c = 0$ সমীকরণের একটি মূল 0 হলে,
 $x = 0$ দ্বারা সমীকরণটি সিদ্ধ হবে।

 $\therefore 0 + 7.0 + c.0 + c = 0 \Rightarrow c = 0$

Ans : A.

 3. $\vec{A} = \hat{i} - \hat{j} + \hat{k}$, $\vec{B} = -\hat{i} + \hat{j} + 2\hat{k}$ ভেক্টর দুটির অন্তর্ভুক্ত কোণ কত?

- A. 0°
B. 30°
C. 90°
D. 45°

 ব্যাখ্যা : $\vec{A} \cdot \vec{B} = 1 \times (-1) - 1.1 + 1.2 = -1 - 1 + 2 = 0$
 $\Rightarrow |\vec{A}||\vec{B}| \cos\theta = 0 \Rightarrow \theta = 90^\circ$

Ans : C.

 4. নির্ণায়ক $\begin{vmatrix} 1 & 7 & 8 \\ 2 & 9 & 11 \\ 3 & 4 & 7 \end{vmatrix}$ এর মান-

- A. 0
B. 7
C. 90
D. 10

ব্যাখ্যা : নির্ণায়কটির মান :

$$\begin{aligned} & 1(9 \times 7 - 11 \times 4) - 7(2 \times 7 - 11 \times 3) + 8(4 \times 2 - 9 \times 3) \\ &= (63 - 44) - 7(14 - 33) + 8(8 - 27) \\ &= 19 - 7 \times (-19) + 8 \times (-19) \\ &= 19 + 7 \times 19 - 8 \times 19 \\ &= 19(1 + 7 - 8) = 0 \end{aligned}$$

Ans : A.

 5. $y = \log(\log x)$; $\frac{dy}{dx} = ?$

- A. $\frac{1}{\log x}$
B. $\frac{1}{2 \log x}$
C. $\frac{1}{x \log x}$
D. $\frac{2}{\log x}$

 ব্যাখ্যা : $y = \log(\log x)$

$$\therefore \frac{dy}{dx} = \frac{1}{\log(x)} \cdot \frac{1}{x} = \frac{1}{x \log x}$$

Ans : C.

 6. $1 + 2 + 3 + 4 + \dots + n$ ধারাটির যোগফল হবে-

- A. $\frac{n(n-1)}{2}$
B. $\frac{n(n+1)}{2}$
C. $2n(n+1)$
D. $\frac{n(2n+1)}{2}$

 ব্যাখ্যা : i) $1 + 2 + 3 + \dots + n = \frac{n(n+1)}{2}$

 ii) $1^2 + 2^2 + 3^2 + \dots + n^2 = \frac{1}{6} n(n+1)(2n+1)$

 iii) $1^3 + 2^3 + 3^3 + \dots + n^3 = \left\{ \frac{n(n+1)}{2} \right\}^2$

Ans : B.

 7. $5x^2 + y^2 = 7$ সমীকরণটি নির্দেশ করে একটি-

- A. বৃত্ত
B. উপবৃত্ত
C. পরাবৃত্ত
D. কোনটিই নয়

 ব্যাখ্যা : দ্বিঘাত সাধারণ সমীকরণের, $ab - h^2 > 0$ হলে উপবৃত্ত নির্দেশ করে।

 এখানে, $a = 5$, $b = 1$, $h = 0$
 $\therefore ab - h^2 = 5 \times 1 - 0^2 = 5 > 0$, যা উপবৃত্ত।

Ans : B.

 8. $\int_0^1 x e^x dx$ এর মান কত?

- A. 0
B. 1
C. -1
D. $\frac{1}{2}$

 ব্যাখ্যা : $\int_0^1 x e^x dx = x \int e^x dx - \int \left[\frac{d}{dx}(x) \cdot \int e^x dx \right] dx$

$$\begin{aligned} &= x \cdot e^x - \int e^x dx = x e^x - e^x = [x e^x]_0^1 - [e^x]_0^1 \\ &= 1 \cdot e - 0 - e + 1 = 1 \end{aligned}$$

Ans : B.

 9. যদি $f(x) = x + 3$ এবং $g(x) = x^2 + 3x + 4$ হয়, $f(g(2))$ এর মান নির্ণয় কর।

- A. 12
B. 15
C. 17
D. 20

 ব্যাখ্যা : $f(x) = x + 3$, $g(x) = x^2 + 3x + 4$

$$\begin{aligned} \therefore f(g(2)) &= f(4 + 3 \cdot 2 + 4) = f(4 + 6 + 4) \\ &= f(14) = 14 + 3 = 17 \end{aligned}$$

Ans : C.

পানকৌড়ি

CU: 2018-2019 (190)

 10. ${}^{16}C_r = {}^{16}C_{r+2}$ হলে r এর মান কত?

- A. 2 B. 5 C. 7 D. 8

 ব্যাখ্যা: ${}^{16}C_r = {}^{16}C_{r+2}$

 এখন, $16 - r = r + 2 \Rightarrow 2r = 14 \Rightarrow r = 7$

Ans : C.

11. 7টি সবুজ, 4টি নীল এবং 2টি লাল কমলা এক সারিতে কত রকমে সাজানো যেতে পারে?

- A. 27504 B. 25704
-
- C. 24750 D. 25740

 ব্যাখ্যা: $\frac{13!}{7! \times 4! \times 2!} = 25740$

Ans : D.

12. 191 সংখ্যাটিকে দ্বিমিক পদ্ধতিতে প্রকাশ করলে কোনটি সঠিক?

- A. 10101111 B. 10101010
-
- C. 10111111 D. 11111101

ব্যাখ্যা:

$$\begin{array}{r} 2 \overline{)191} \\ \underline{2 \overline{)95} - 1} \\ 2 \overline{)47} - 1 \\ 2 \overline{)23} - 1 \\ 2 \overline{)11} - 1 \\ 2 \overline{)5} - 1 \\ 2 \overline{)2} - 1 \\ 2 \overline{)1} - 0 \\ 0 - 1 \end{array}$$

 $= (10111111)_2$

Ans : C.

13. (1, 1) ও (3, 3) বিন্দুদ্বয়ের সংযোগকারী সরলরেখার সমীকরণ কোনটি?

- A.
- $x = y$
- B.
- $y = 2x$
-
- C.
- $y = x + 1$
- D.
- $y = x - 1$

 ব্যাখ্যা: $\frac{x-1}{1-3} = \frac{y-1}{1-3} \Rightarrow x-1 = y-1 \Rightarrow x = y$

Ans : A.

 14. যদি $U = \{1, 2, 3, \dots, 10\}$, $X = \{1, 3, 5\}$ এবং $Y = \{2, 4, 6\}$ হয় তাহলে $(X \cap Y)'$ কোনটি?

- A.
- ϕ
- B. X C. Y D. U

 ব্যাখ্যা: $(X \cap Y) = \{1, 3, 5\} \cap \{2, 4, 6\} = \phi$
 $\therefore (X \cap Y)' = U - (X \cap Y) = U - \phi = U$

Ans : D.

 15. $\int e^x(x+1)dx$ এর মান কোনটি?

- A.
- $x e^x + k$
- B.
- $e^x + x + k$
-
- C.
- $e^x \cdot x^2 + k$
- D.
- $e^x - x + k$

 ব্যাখ্যা: $\int e^x(x+1)dx = \int e^x \cdot x dx + \int e^x dx$
 $= x \int e^x dx - \int \left[\frac{d}{dx}(x) \int e^x dx \right] dx + e^x$
 $= x e^x - \int e^x dx + e^x = x e^x - e^x + e^x = x e^x$

Ans : A.

 16. $2x^2 + 5x + 3 - k = 0$ সমীকরণের দু'টি বাস্তব অসম বীজ থাকলে k এর মানের সীমা নির্ণয় কর।

- A.
- $\frac{1}{2} < k < 7$
- B.
- $0 < k < \frac{3}{2}$
-
- C.
- $k = 10$
- D.
- $k > -\frac{1}{8}$

 ব্যাখ্যা: মূলদ্বয় বাস্তব ও অসমান হলে, $b^2 - 4ac > 0$
 $\therefore (5)^2 - 4 \cdot 2 \cdot (3 - k) > 0 \Rightarrow 25 - 24 + 8k > 0 \Rightarrow k > -\frac{1}{8}$

Ans : D.

 17. $y^2 = 8x - 8y$ পরাবৃত্তের দিকাক্ষের সমীকরণ নির্ণয় কর:

- A.
- $y = 7$
- B.
- $x + y = 4$
-
- C.
- $x = -4$
- D.
- $yy_1 = 4x - 4y$

 ব্যাখ্যা: $y^2 = 8x - 8y \Rightarrow y^2 + 8y = 8x$
 $\Rightarrow y^2 + 2 \cdot y \cdot 4 + 16 = 8x + 16$
 $\Rightarrow (y+4)^2 = 4 \cdot 2 \cdot (x+2)$
 $\therefore a = 2, y+4 = Y, x+2 = X$

 দিকাক্ষ: $X = -a$
 $\therefore x+2 = -2 \Rightarrow x = -2-2 \Rightarrow x = -4$

Ans : C.

 18. $\int_0^{\pi/2} (1 + \cos x)^2 \sin x dx$ এর মান নির্ণয় কর:

- A.
- $\frac{7}{3}$
- B.
- $\frac{\pi}{2}$
- C. 0 D. 713

 ব্যাখ্যা: $\int_0^{\pi/2} (1 + \cos x)^2 \sin x dx$

 ধরি, $1 + \cos x = z$
 $\therefore -\sin x dx = dz$
 $\therefore \int_2^1 -z^2 dz = -\int_2^1 z^2 dz = -\left[\frac{z^3}{3} \right]_2^1 = \frac{-1}{3} (1-8) = \frac{7}{3}$

Ans : A.

19. কোন অংক দুইবার ব্যবহার না করে 0, 1, 2, 3 অংক চারটি দ্বারা 1000 থেকে বড় কতগুলো সংখ্যা গঠন করা যায়?

- A. 72 B. 18 C. 96 D. 112

 ব্যাখ্যা: প্রথম অঙ্কে 1, 2, 3 এর যেকোন 1টি বসতে পারে ${}^3P_1 = 3$ উপায়ে।

 বাকি 3 টি স্থানে 3টি অঙ্ক দিয়ে সাজানো যায় ${}^3P_3 = 6$ উপায়ে

 \therefore মোট সংখ্যা $= 6 \times 3 = 18$ টি

Ans : B.

 20. $f: x \rightarrow x+1$ দ্বারা সংজ্ঞায়িত হলে g ফাংশনটি নির্ণয় কর যেন

 $f(g(x)) \rightarrow x^2 + 5x + 5$ হয়।

- A.
- $x+5$
- B.
- x^2+5
-
- C.
- $\frac{x+1}{x-1}$
- D.
- x^2+5x+4

 ব্যাখ্যা: $f(x) = (x+1)$; $f(g(x)) = x^2 + 5x + 5$
 $= (x^2 + 5x + 4) + 1$
 $\therefore g(x) = x^2 + 5x + 4$

Ans : D.

21. $y = x \sin x$ হলে নিচের কোনটি $\frac{d^2y}{dx^2} + y$ এর মান নির্দেশ করে?

- A. $\sin^{-1}x$ B. $2 \sin x$
C. $2 \cos x$ D. $\cos x + x$

ব্যাখ্যা : $y = x \sin x$

$$\therefore \frac{dy}{dx} = x \cos x + \sin x$$

$$\therefore \frac{d^2y}{dx^2} = -x \sin x + \cos x + \cos x = -x \sin x + 2 \cos x$$

$$\therefore \frac{d^2y}{dx^2} + y = -x \sin x + 2 \cos x + x \sin x = 2 \cos x$$

Ans : C.

22. 1010001 কে 1001 দ্বারা ভাগ করলে ভাগফল-

- A. 1001 B. 101 C. 10001 D. 11

$$\begin{array}{r} 1001 \overline{) 1010001} \\ \underline{1001} \\ 0001 \\ \underline{0001} \\ 0000 \\ \underline{0000} \\ 0000 \\ \underline{0000} \\ 0000 \\ \underline{0000} \\ 0000 \\ \underline{0000} \\ 0000 \end{array}$$

Ans : A.

23. $A = \begin{pmatrix} -1 & -5 \\ -2 & 3 \end{pmatrix}$ হলে A^{-1} এর মান নির্ণয় কর:

- A. $\begin{pmatrix} -1 & 2 \\ 1 & -1 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 0 & -5 \\ -2 & 3 \end{pmatrix}$
C. $-\frac{1}{13} \begin{pmatrix} 3 & 5 \\ 2 & -1 \end{pmatrix}$ D. $\begin{pmatrix} 1 & 1 \\ 0 & 0 \end{pmatrix}$

$$\text{ব্যাখ্যা : } A = \begin{pmatrix} -1 & -5 \\ -2 & 3 \end{pmatrix}$$

$$\therefore A^{-1} = \frac{1}{-13} \begin{pmatrix} 3 & 5 \\ 2 & -1 \end{pmatrix}$$

Ans : C.

24. $h(x) = \sqrt{25 - x^2}$ ফাংশনটির ডোমেন নির্ণয় কর।

- A. $-5 \leq x \leq 5$ B. $-5 \leq x < 5$
C. $0 \leq x < 5$ D. $-5 < x \leq 5$

$$\text{ব্যাখ্যা : } 25 - x^2 \geq 0 \Rightarrow -x^2 \geq -25$$

$$\Rightarrow x^2 \leq 25 \Rightarrow -5 \leq x \leq 5$$

Ans : A.

25. একটি ছক্কা পর পর দুইবার হুঁড়লে কমপক্ষে একবার জোড় সংখ্যা পাওয়ার সম্ভাবনা কত?

- A. $\frac{1}{2}$ B. $\frac{13}{36}$ C. $\frac{4}{3}$ D. $\frac{3}{4}$

ব্যাখ্যা : কোনবারই জোড় না পাওয়ার সম্ভাব্যতা

$$= \text{দুইবারই বেজোড় এর সম্ভাব্যতা} = \frac{1}{2} \times \frac{1}{2} = \frac{1}{4}$$

$$\therefore \text{কমপক্ষে একবার জোড় পাওয়ার সম্ভাব্যতা} = 1 - \frac{1}{4} = \frac{4-1}{4} = \frac{3}{4}$$

Ans : D.

জীববিজ্ঞান

1. সুন্দরী গাছের বৈজ্ঞানিক নাম-

- A. *Nipa fruticans* B. *Heritiera fomes*
C. *Excoecaria agallocha* D. *Phoenix paludosa*

ব্যাখ্যা : সুন্দরবনে প্রাপ্ত উদ্ভিদ সমূহ :

- i) সুন্দরী : *Heritiera fomes*.
ii) কেওড়া : *Sonneratia apetala*
iii) বাইন : *Avicennia alba*
iv) গোলপাতা : *Nipa fruticum*, *Aegiceras carniculatum*
v) হেতাল : *Shoenix paliudosa*
vi) গরান : *Ceriops decandra*

Ans : B.

2. সায়ানোব্যাকটেরিয়া কোনটি?

- A. *Nostoc* B. *Bacillus*
C. *Streptomyces* D. *Staphylococcus*

ব্যাখ্যা : সায়ানো ব্যাকটেরিয়াসমূহ : *Nostoc*, *Anabaena*, *Aulubira*

Ans : A.

3. উদ্ভিদে সবচেয়ে বেশী পরিমাণে থাকে কোনটি?

- A. সেলুলোজ B. হেমিসেলুলোজ
C. স্টার্চ D. লিগনিন

ব্যাখ্যা : সেলুলোজ : কোষ প্রাচীরের প্রধান উপাদান হল সেলুলোজ। সেলুলোজ একটি পলিস্যাকারাইড। ১-৩০০০ সেলুলোজ অণু মিলিত হয়ে একটি সেলুলোজ চেইন গঠিত হয়।

Ans : A.

4. অসম্পূর্ণ ছত্রাক শ্রেণি কোনটি?

- A. Basidiomycetes B. Ascomycetes
C. Oomycetes D. Deuteromycetes

ব্যাখ্যা : অসম্পূর্ণ ছত্রাক শ্রেণি হলো Deuteromycetes

Ans : D.

5. কোনটিকে কোষের 'রান্নাঘর' বলা হয়?

- A. মাইটোকন্ড্রিয়া B. রাইবোজোম
C. ক্রোমোপ্লাস্ট D. গলজি দ্রব্য

ব্যাখ্যা : কোষের বিভিন্ন অঙ্গাণুর নাম-

মাইটোকন্ড্রিয়া	পাওয়ার হাউজ
রাইবোজোম	প্রোটিন ফ্যাক্টরী
লাইসোজোম	সুইসাইডাল স্কোয়াড
নিউক্লিয়াস	প্রাণকেন্দ্র
ক্রোমোপ্লাস্ট	রান্নাঘর
গলজি বস্তু	ট্রাফিক পুলিশ

Ans : C.

6. জলজ ইকোসিস্টেমের প্রাথমিক উৎপাদক হল-

- A. জুপ্রাকটন B. সামুদ্রিক আগাছা
C. ছত্রাক D. ফাইটোপ্লাংকটন

ব্যাখ্যা : দ্রুদ ও আণুবীক্ষণিক ফাইটোপ্লাংকটন, শৈবাল ইত্যাদি জলজ ইকোসিস্টেমের উৎপাদক হিসেবে কাজ করে।

Ans : D.

7. ক্যাসপারিয়ান ফিতা থাকে-

- A. কর্টিক্যাল কোষ এ B. সংগী কোষ এ
C. এন্ডোডার্মিস এ D. ট্র্যাকিড এ

ব্যাখ্যা : একবীজপত্রী উদ্ভিদের মূলের শনাক্তকারী বৈশিষ্ট্য-

- ১। অধঃত্বক অনুপস্থিত।
২। জাইলেম ফ্লোয়েমের সংখ্যা ৬ এর অধিক।
৩। পরিচক্র একসারি কোষ দিয়ে গঠিত।
৪। ভাস্কুলার বান্ডল অরীয়।
৫। ক্যাসপেরিয়ান ফিতাযুক্ত এন্ডোডার্মিস বিদ্যমান।

Ans : C.

8. DNA পলিমারেজ এনজাইম এর কাজ হলো-

- A. RNA থেকে DNA তৈরিতে সাহায্য করা
B. DNA থেকে RNA তৈরিতে সাহায্য করা
C. RNA থেকে RNA তৈরিতে সাহায্য করা
D. DNA থেকে DNA তৈরিতে সাহায্য করা

ব্যাখ্যা :

প্রক্রিয়া	নাম	এনজাইম
DNA থেকে mRNA	ট্রান্সক্রিপশন	RNA পলিমারেজ
DNA থেকে DNA	রেপ্লিকেশন	DNA পলিমারেজ

Ans : D.

9. গ্যামেটোফাইটিক উদ্ভিদ হলো-

- A. হ্যাগ্রয়েড B. ডিপ্লয়েড
C. ট্রিপ্লয়েড D. টেট্রাপ্লয়েড

ব্যাখ্যা : • গ্যামেটোফাইটিক উদ্ভিদ হল- হ্যাগ্রয়েড।

- স্পোরোফাইটিক উদ্ভিদ হল- ডিপ্লয়েড।

Ans : A.

10. পাটের আঁশ সৃষ্টি হয়-

- A. পেরিসাইকেল থেকে B. কর্টেক্স থেকে
C. ফ্লোয়েম থেকে D. জাইলেম থেকে

ব্যাখ্যা : সেকেন্ডারী ফ্লোয়েমে অবস্থিত স্ক্লেরেনকাইমা ফাইবারকে ফ্লোয়েম ফাইবার বলা হয়। এরা বাস্ট ফাইবার নামেও পরিচিত। পাটের আঁশ বাস্ট ফাইবারের উৎকৃষ্ট উদাহরণ। সেকেন্ডারী বৃদ্ধির সময় এ ফাইবার তৈরি হয়।

Ans : C.

11. নিচের কোনটি ইকোলজিক্যাল ক্রিটিক্যাল অঞ্চল?

- A. হালদা নদী B. হাকালুকি হাওড়
C. কুয়াকাটা ইকোপার্ক D. ডুলাহাজরা সাফারি পার্ক

ব্যাখ্যা : বাংলাদেশের ইকোলজিক্যাল ক্রিটিক্যাল অঞ্চলসমূহ-

- ১। সুন্দরবন ২। সেন্ট-মার্টিন দ্বীপ
৩। হাকালুকি হাওড় ৪। তুরাগ নদ
৫। বুড়িগঙ্গা নদী ৬। কক্সবাজার (দক্ষিণ-পূর্ব)
৭। গুলশান-বারিধারা লেক ইত্যাদি

Ans : B.

12. কেরাটিন পাওয়া যায়-

- A. চুলে B. তরুণাঙ্গিতে
C. হাঁড়ে D. লিগামেন্টে

ব্যাখ্যা : বিভিন্ন প্রকার প্রোটিন ও প্রাপ্তিস্থান-

প্রোটিনের নাম	প্রাপ্তিস্থান	প্রোটিনের নাম	প্রাপ্তিস্থান
গুটেলিন	গম	অরাইজেনিন	চাল
জেইন	ভুট্টা	হার্ডিন	বার্লি
কেরাটিন	চুল	কোলাজিন, ইলাস্টিন	হাড়

Ans : A.

13. কোন অণুজীব জেনেটিক ইঞ্জিনিয়ারিং এ ব্যবহৃত হয়?

- A. *Azotobacter* B. *Agrobacterium tumefaciens*
C. *Mycobacterium* D. *Vibrio*

ব্যাখ্যা : *Agrobacterium tumefaciens* জেনেটিক ইঞ্জিনিয়ারিং এ বহুল ব্যবহৃত অণুজীব। এর প্লাজমিডকে ভেক্টর হিসেবে ব্যবহৃত হয়।

Ans : B.

14. দ্বি-অরীয় প্রতিসম প্রাণীর উদাহরণ হলো-

- A. *Volvox* B. *Metridium*
C. *Ceoloplana* D. *Cliona*

ব্যাখ্যা : বিভিন্ন প্রকার প্রতিসাম্যতা-

- ১। অপ্রতিসাম্য : *Pila globosa*, *Spongilla*, *Cliona celata*
২। গোলায় প্রতিসাম্য : *Volvox*, *Heliozoa*, *Radiolaria*
৩। দ্বিপার্শ্বীয় প্রতিসাম্য : *Chordata*, *Platyhelminthes*, *Arthropoda* পর্বের প্রাণী।
৪। অরীয় প্রতিসাম্য : *Hydra*, *Aurelia*, *Metridium*
৫। দ্বি-অরীয় : *Ctenophora (Ceoloplana)* ও *Anthozoa* জাতীয় প্রাণী।

Ans : C.

15. রুই মাছের বক্ষ পাখনার রশ্মির সংখ্যা-

- A. ১৮-২০ টি B. ১৬-১৭ টি
C. ৫-৬ টি D. ৩০-৩৫ টি

ব্যাখ্যা : • পৃষ্ঠ পাখনায় পাখনারশ্মির সংখ্যা ১৫-১৬ টি।

- বক্ষ পাখনায় পাখনারশ্মির সংখ্যা ১৬-১৭ টি।

- শ্রোণী পাখনায় পাখনারশ্মির সংখ্যা ৯ টি।

- পায়ু পাখনার রশ্মি সংখ্যা ৭ টি।

- পুচ্ছ পাখনার রশ্মির সংখ্যা ১৯ টি।

Ans : B.

16. প্রোটোজাইটিক এনজাইম কোনটি?

- A. পেপসিন B. টায়ালিন
C. লেসিথিন D. সুক্রজ

ব্যাখ্যা: প্রোটোজাইটিক এনজাইম সমূহ- পেপসিন, রেনিন, জিলেটিনেজ, ট্রিপসিন, কোলাজিনেজ, কাইমোট্রিপসিন ইত্যাদি।

Ans : A.

17. শ্বেত রক্তকণিকার আয়ুষ্কাল-

- A. ১-১৫ দিন B. ২০-৩০ দিন
C. ৪-৬ ঘন্টা D. ১২০ দিন

ব্যাখ্যা :

কণিকা	আয়ুষ্কাল
লোহিত কণিকা	১২০ দিন
নিউট্রোফিল	২-৪ দিন
ইউসিনোফিল	৮-১২ দিন
বেসোফিল	১২-১৫ দিন
লিম্ফোসাইট	কয়েক ঘন্টা থেকে ১ দিন
মনোসাইট	জানা নেই
অনুচক্রিকা	৫-১০ দিন অথবা ৩-১০ দিন
শ্বেত রক্তকণিকা	১-১৫ দিন

Ans : A.

পানকোল্ডি

CU: 2018-2019 (193)

18. হায়ালিন তরুণাঙ্গি পাওয়া যায়-

- A. হিউমেরাস ও ফিমারের মস্তকে B. শ্বাসনালি ও স্বরযন্ত্রে
C. পিনা ও ইউস্টেশিয়ান নালিতে D. কোনটিতেই নয়

ব্যাখ্যা :

তরুণাঙ্গি	প্রাপ্তিস্থান
স্বচ্ছ বা হায়ালিন	নাক, স্বরযন্ত্র, শ্বাসনালি, পর্দাকার প্রান্তভাগ, অস্থিসন্ধি, ব্যাঙ ও হাঙরের জনীয় কঙ্কাল ইত্যাদি।
পীততন্ত্রময় বা স্থিতিস্থাপক	বহিকর্ন বা পিনা, নাসিকার অগ্রভাগ, আল জিহ্বা, ইউস্টেশিয়ান নালি ইত্যাদি।
শ্বেত তন্ত্রময়	অস্তি ও টেনডনের সংযোগস্থল, গ্রিনয়েড গহ্বর ইত্যাদি।
চুনময় বা ক্যালসিফাইড	হিউমেরাস ও ফিমারের মস্তক।

Ans : B.

19. অক্সিটোসিন নিঃসৃত হয়-

- A. থাইরয়েড গ্রন্থি থেকে B. অ্যাড্রেনাল গ্রন্থি থেকে
C. থাইমাস গ্রন্থি থেকে D. পিটুইটারি গ্রন্থি থেকে

ব্যাখ্যা :

গ্রন্থি	হরমোন
পিটুইটারি	STH, TSH, ACTH, GTH, LH, MSH, ADH, অক্সিটোসিন।
থাইরয়েড	থাইরক্সিন, T ₃ , T ₄ , ক্যালসিটোনিন।
থাইমাস	থাইমোসিন।
আইলেটস অব ল্যাপারহাস	গ্লোকাগন, ইনসুলিন, সোম্যাটোস্ট্যাটিন, পেনক্রিয়েটিক পলিপেপটাইড।

Ans : D.

20. নিচের কোনটি মায়ের দুধে পাওয়া যায়?

- A. IgG B. IgA
C. IgM D. IgD

ব্যাখ্যা :

অ্যান্টিবডি নাম	প্রাপ্তিস্থান/অবস্থান
IgG	রক্ত, লসিকা, অঙ্গ ইত্যাদি
IgM	রক্ত ও লসিকা
IgA	মায়ের দুধ, পরিপাকতন্ত্র, শ্বাসতন্ত্র ইত্যাদি
IgD	রক্ত, লসিকা, লিম্ফোসাইট-B কোষ
IgE	মাস্ট কোষ, বেসোফিল ইত্যাদি।

Ans : B.

21. Hydra-র কোন অংশে গুটিন্যান্ট পাওয়া যায়?

- A. কর্ণিকায় B. নেমাটোসিস্টে
C. হাইপোস্টোমে D. নিডোসাইটে

ব্যাখ্যা : নেমাটোসিস্ট এর প্রকারভেদ-

- (i) স্টিনোটিল/পেনিট্র্যান্ট : বৃহত্তম, সূত্রক লম্বা, ফাঁপা, শীর্ষ উন্মুক্ত, বাট প্রশস্ত। হিপনোটিক্সিন নামক বিষাক্ত রস ধারণ করে।
(ii) ডলভেস্ট : ছোট, সূত্রক খাটো, কাটাবিহীন।
(iii) স্ট্রেপটোলিন গুটিন্যান্ট : সূত্রক লম্বা, কাটায়ুক্ত।
(iv) স্টেরিওলিন গুটিন্যান্ট : সূত্রক লম্বা, অস্পষ্ট কাটা যুক্ত।

Ans : B.

22. ঘাস ফড়িং এর রূপান্তর কোন ধরনের?

- A. সম্পূর্ণ রূপান্তর B. অসম্পূর্ণ রূপান্তর
C. মেটাবোলাস D. হেমিমেটাবোলাস

ব্যাখ্যা :

রূপান্তর	উদাহরণ
সম্পূর্ণ	মৌমাছি, প্রজাপতি
অসম্পূর্ণ বা হেমিমেটাবোলাস	ঘাস ফড়িং

Ans : B & D.

23. পেশীকে অস্থির সাথে যুক্তকারীকে বলে-

- A. অ্যাডাল্টর B. অ্যাবডাল্টর
C. লিগামেন্ট D. টেন্ডন

ব্যাখ্যা : একটি পেশি একটি অস্থির সাথে কন্ডরা বা টেন্ডন দ্বারা আটকানো থাকে।

Ans : D.

24. একজন পূর্ণবয়স্ক মানুষের বৃক্কে নেফ্রনের সংখ্যা কত?

- A. ৮-১০ লক্ষ B. ১০-১২ লক্ষ
C. ১২-১৪ লক্ষ D. ১৪-১৬ লক্ষ

ব্যাখ্যা : নেফ্রন :

- বৃক্কের গাঠনিক ও কার্যিক একক নেফ্রন।
- মানুষের প্রত্যেক বৃক্কে ১০-১২ লক্ষ নেফ্রন রয়েছে।
- প্রতিটি নেফ্রন প্রায় ৩ সে.মি. লম্বা।
- সম্মিলিতভাবে প্রতিটি বৃক্কে নেফ্রনের দৈর্ঘ্য ৩৬ কি.মি.।

Ans : B.

25. রক্তনালী প্রাচীরের পেশী কোন ধরনের?

- A. রৈখিক B. মসৃণ
C. ঐচ্ছিক D. মিশ্র

ব্যাখ্যা :

পেশি	অবস্থান
ঐচ্ছিক বা রৈখিক	ত্বকের নিচে, হাতে, পায়ে, ডায়াফ্রাম, চোখ, জিহ্বা, গলবিল ইত্যাদি।
অঐচ্ছিক বা মসৃণ	শ্বাসনালী, রক্তনালী, পৌষ্টিক নালী, সূত্রনালি, জরায়ু, পিত্তথলী।
হৃদপেশি	গুধুমাত্র হৃদপিণ্ডের প্রাচীর।

Ans : B.

!!! বের হয়েছে !!!

পানকোল্ডি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর শতভাগ

ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক

- ♦ বিজ্ঞান - A Unit
- ♦ মানবিক - B Unit
- ♦ বিবিএ - E Unit
- ♦ বিজ্ঞান - D Unit
- ♦ মানবিক - C Unit
- ♦ আইবিএ

!!! বের হয়েছে !!!

পানকোল্ডি

শতভাগ ব্যাখ্যা সম্বলিত অধ্যায়ভিত্তিক একমাত্র প্রশ্নব্যাংক

- ♦ গুচ্ছ ভর্তি পরীক্ষা
(বিজ্ঞান - A Unit, মানবিক - B Unit, বাণিজ্য - C Unit)
- ♦ সমন্বিত কৃষি বিশ্ববিদ্যালয়

**PDF
CREDIT** ➤ **@Admission Stuffs**

টেলিগ্রামে আমাদের সাথে যুক্ত হোন

 | **@AdmissionStuffs**



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (A Unit)
শিক্ষাবর্ষ : ২০১৭-১৮

বাংলা

০১. 'চন্ডালে বসাও আনি _____ আলয়ে' শূন্যস্থানে কোন শব্দ বসবে?
- A. তরুরের B. রাজার
C. বাঘের D. সিংহের

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার আলোচ্য লাইন-

নিজগৃহপথ, তাত, দেখাও তরুরে?
চন্ডালে বসাও আনি রাজার আলয়ে?
কিন্তু নাহি গঞ্জি তোমা, ওরুজন তুমি।

Ans : B.

০২. 'যে আছে মাটির কাছাকাছি/সে কবির বাণী - লাগি কান পেতে আছি।' - পঙ্ক্তি গুলি কোন কবির কবিতাংশ?
- A. রবীন্দ্রনাথ B. নজরুল C. জীবনানন্দ D. জসীম উদ্দীন

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বিভিন্ন গুরুত্বপূর্ণ পঙ্ক্তি-

- 'যে আছে মাটির কাছাকাছি,
সে কবির বাণী-লাগি কান পেতে আছি।' - *জন্মদিন*
- 'মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে
মানবের মাঝে আমি বাঁচিবার চাই' - *কড়ি ও কোমল*
- 'বিপদে মোরে রক্ষা কর/এ নহে মোর প্রার্থনা,
বিপদে আমি না ঘেন করি ভর' - *আত্মপ্রাণ*
- 'তোমার কীর্তির চেয়ে তুমি যে মহৎ...
পশ্চাতে ফেলিয়া যায় কীর্তিরে তোমার বারংবার
— চিহ্ন তব পড়ে আছে তুমি হেথা নাই' - *শাজাহান*
- 'গ্রহণ করেছে যত ঋণী তত করেছে আমায়' - *শেষের কবিতা*
- 'ওরে নবীন, ওরে আমার কাঁচা,...
আধ-মরাদের যা মেরে ভুই বাঁচা' - *সবুজের অভিযান*

Ans : A.

০৩. ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে কোন শতাব্দীতে বাংলা ভাষার উন্মেষ ঘটে?
- A. ৬ষ্ঠ B. ৭ম C. ৮ম D. ৯ম

ব্যাখ্যা : • সুনীতিকুমার চট্টোপাধ্যায় এর মতে বাংলাভাষার গঠনকাল ৭০০-৯০০ খ্রিস্টাব্দে। তার মতে মাগধী অপভ্রংশ থেকে বাংলা ভাষার জন্ম।

• ডক্টর মুহম্মদ শহীদুল্লাহর মতে বাংলাভাষার জন্ম ৬৫০ খ্রিস্টাব্দের কাছাকাছি কোন সময়ে অর্থাৎ সপ্তম শতকে। তার মতে বাংলা ভাষার উৎস 'গৌড়ী প্রাকৃত' থেকে।

Ans : B.

০৪. "স্বল্পপ্রাণ স্থূলবুদ্ধি ও জবরদস্তি প্রিয় মানুষে সংসার পরিপূর্ণ।" - কোন প্রবন্ধের অংশ?
- A. জীবন ও বৃক্ষ B. আত্মচরিত
C. আমার পথ D. মানব - কল্যাণ

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

Ans : A.

০৫. 'জবানবন্দি' শব্দটি কোন ভাষা থেকে আগত?
- A. আরবি B. ফার্সি C. ফরাসি D. পর্তুগিজ

ব্যাখ্যা: ফার্সি ভাষা থেকে আগত গুরুত্বপূর্ণ কিছু শব্দ-

খোদা, গুনাহ, দোষ, ফরমান, জবানবন্দি, নালিশ, দরবার, দফতর, আন্দাজ, কামান, খরচ, জিন্দাবাদ, রফতানি, জঙ্গল, রসদ, কারবার, পেরেশান ইত্যাদি।

Ans : B.

০৬. কোন কাব্যটি জীবনানন্দ দাশের মৃত্যু- পরবর্তী সময়ে প্রকাশিত?
- A. ঝরা পালক B. ধূসর পাতুলিপি
C. সাতটি তারার তিমির D. রূপসী বাংলা

ব্যাখ্যা : জীবনানন্দ দাশ সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য-

- জন্ম- ১৭ ফেব্রুয়ারী ১৮৯৯, বরিশালে, মৃত্যু- ২২ অক্টোবর ১৯৫৪, কলকাতায়।
- তার উপাধি- রূপসী বাংলার কবি, তিমির হনের কবি, ধূসরতার কবি, শুদ্ধতম কবি।
- প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ- ঝরাপালক
- কবির জীবদ্দশায় তার রচিত একটি গ্রন্থও প্রকাশিত হয়নি যদিও মৃত্যু পূর্বে তিনি প্রায় ২১টি উপন্যাস, ১০৮টি ছোটগল্প ও অসংখ্য কবিতা রচনা করেছিলেন।
- উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ- ঝরাপালক, ধূসর পাতুলিপি, বনলতা সেন, মহাপৃথিবী, সাতটি তারার তিমির, রূপসী বাংলা, বেলা অবেলা কালবেলা।
- উপন্যাস- মাল্যবান, সতীর্থ, চারজন।

Ans : D.

০৭. 'দুর্নীতি' শব্দের সন্ধি -বিচ্ছেদ কোনটি?
- A. দুঃ + নীতি B. দুঃ + নীতি
C. দুঃ + নীতি D. দুঃ + নীতি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বিসর্গ সন্ধির উদাহরণ-

দুঃ + নীতি = দুর্নীতি	দুঃ + কর = দুস্কর
তিরঃ + কার = তিরস্কার	ভপঃ + বন = ভপোবন
দুঃ + অন্ত = দুঃস্বপ্ন	নিঃ + নয় = নির্ণয়

Ans : C.

০৮. কোনটি কৃৎ প্রত্যয়সম্বন্ধিত শব্দ?
- A. রাখাল B. জেলে
C. ঢাকাই D. পড়ন্ত

ব্যাখ্যা : • যখন ধাতুর সাথে প্রত্যয় যোগ হয় তখন তা কৃৎপ্রত্যয়।

✓কর (ধাতু) + আ (প্রত্যয়) = করা (কৃৎ প্রত্যয়)

✓রাধ (ধাতু) + অনা = রাধনা > রান্না (কৃৎ প্রত্যয়)

• যখন শব্দের সাথে প্রত্যয় যোগ হয় তখন তা তদ্ধিত প্রত্যয়

ঢাকা (শব্দ) + আই (প্রত্যয়) = ঢাকাই (তদ্ধিত প্রত্যয়)

নগর (শব্দ) + য় (প্রত্যয়) = নাগর (তদ্ধিত প্রত্যয়)

• তদ্ধিত প্রত্যয়ের প্রদত্ত শব্দ দ্বারা নাম বোঝাবে।

• তদ্ধিত প্রত্যয়ের 'প্রকৃতি' নাম শব্দ হবে এবং √যুক্ত হবে না।

ঘরোয়া → ঘর + ওয়া (তদ্ধিত প্রত্যয়)

দৈনিক → দিন + ইক (তদ্ধিত প্রত্যয়)

√পড় + অন্ত = পড়ন্ত

—√রাখ্ + আল = রাখাল

জাল + ইয়া = জালিয়া > জেলে;

ঢাক + আই = ঢাকাই

Ans : A ও D.

০৯. কাজী নজরুল ইসলামের রচনা নয় কোনটি?
- A. প্রলয়োন্মাস B. সন্ধ্যা
C. মরুভাস্কর D. আমি অনাহারী

ব্যাখ্যা : 'আমি অনাহারী' শামসুর রাহমানের বিখ্যাত কাব্যগ্রন্থ।

Ans : D.

১০. কোন বাক্যটি শুদ্ধ নয়?

- A. চাঁদ উঠেছে B. বাঁশি বাজে
C. তাহারা গান করবে D. আমরা দাড়ুইয়া থাকিবো

ব্যাখ্যা : সাধু ও চলিত ভাষার মিশ্রণকে গুরুত্বপূর্ণ দোষ বলা হয়।

• ভুল- তাহারা গান করবে।

• শুদ্ধ- তারা গান করবে। অথবা তাহারা গান করিবে।

Ans : C.

ইংরেজী

1. Why _____ use the medieval Bengali legend in the poem ?

- A. The poet B. is the poet
C. does the poet D. do every poet

ব্যাখ্যা: Sentence টিকে Interrogative থেকে Asserative করতে হবে। এক্ষেত্রে সাধারণ Structure টি হলো-
WH Question + auxiliary/modal verb + subject + main verb.

Example: The poet uses the medieval Bengali legend in the poem.

Interrogative: Why does the poet use the medieval Bengali legend in the poem?

Ans : C.

2. She sees a group of teenage girls _____ the street in _____ conversation.

- A. Walking down _____ animated
B. Walking along _____ hasteful
C. hurrying up _____ remaining
D. walk through _____ rhapsody

ব্যাখ্যা: Animated - জীবন্ত।

Hasteful - তিক্ত।

Remaining - বাকী থাকা।

Rhapsody - প্রাণোচ্ছল/উচ্ছ্বাসিত।

Sentence টির অর্থ দাঁড়াবে- একদল কিশোরী মেয়ে রাস্তায় উচ্ছ্বাসিত কথোপকথনে হেঁটে যাচ্ছে। এরূপ বুঝাতে option (D) perfect হবে।

Ans : D.

3. We human beings tend to forget _____ we have come as a species in a relatively short period of time.

- A. what close B. how far
C. that far D. so close

ব্যাখ্যা : এখানে sentence টির অর্থ দাঁড়াবে- আমরা মানুষ জাতি ভুলে যাচ্ছি কিভাবে আমরা অতি স্বল্প সময়ের মধ্যে একটি প্রজাতি হিসেবে এতদূর এগিয়েছি। এখানে এতদূর বুঝাতে “how far” হবে।

Ans : B.

4. She boasted that no other car could run _____.

- A. so fast like her car
B. as fast as her car
C. as fast like the car of her
D. as fast like her car

ব্যাখ্যা: এটি positive degree এর example. Positive degree এর ক্ষেত্রে দুই ব্যক্তি বা বস্তু মধ্য সাদৃশ্য বুঝাতে affirmative বাক্যে as..... as এবং বৈসাদৃশ্য/Negative বাক্যে so/as..... as ব্যবহৃত হয়। সুতরাং এখানে as fast as হবে।

Ans : B.

5. I left my phone switched on in case my brother _____.

- A. called B. had called
C. calling D. will be calling

ব্যাখ্যা : পুরো sentence টি দেখলে বুঝা যায় এটি past tense এ আছে, সুতরাং এখানে answer হবে option (A).

Ans : A.

6. The proverb 'blood is thicker than water' means:

- A. Two different things cannot mix
B. Blood and water are two different things
C. Family relationship are stronger than any others.
D. Blood is heavier than water

ব্যাখ্যা: 'Blood is thicker than water'- আত্মীয়তার সম্পর্ক সবচেয়ে বড় সম্পর্ক।

Waste not, want not- অপচয় করো না, অভাব হবে না।

To kill the goose that lays golden eggs - অতি লোভে ভাঁতি নষ্ট।

To carry coal to new castle- তেলা মাথায় তেল দেয়া।

Black will take no other hue - কয়লা ধুইলেও ময়লা যায় না।

Too many cooks spoil the broth - অধিক সন্ধ্যাসীতে গাজল নষ্ট।

Ans : C.

7. It is high time we all _____ students to study science.

- A. encouraged B. encourage
C. encouraging D. to encourage

ব্যাখ্যা : It is time, it is high time এর ক্ষেত্রে কোন কাজ করা উচিত ছিল এবং তাতে কিছুটা দেরি হয়ে গেছে। এরূপ বুঝাতে-

It's (High) time + past tense

Example: It is high time we all encouraged students to study science.

আর যদি কোন কাজ এখনি করা উচিত এরূপ বুঝালে-

It's (High) time + to + verb

Example : It is time to go to bed.

Ans : A.

8. The more we _____ mathematical problems

- A. solve _____ the less we get clever
B. do not solve _____ the more we get clever
C. solve _____ the less we feel shaky
D. solved _____ the more we feel shaky

ব্যাখ্যা : সমানুপাতিক বৃদ্ধি বা হ্রাস প্রকাশ করতে the + comparative degree..... + the + comparative degree..... এই structure টি ব্যবহৃত হয়।

• The more we solve mathematical problems the less we feel shaky.

• The greater the demand, the higher the price.

Ans : C.

9. The antonym of 'opaque' is _____.

- A. obscure B. dark
C. hazy D. transparent

ব্যাখ্যা : 'Opaque' অর্থ অস্বচ্ছ, অন্ধকারাচ্ছন্ন

Transparent- স্বচ্ছ

Synonym : Cloudy, Blurred, Hazy, Misty.

Antonym : Transparent, Translucent, Clear.

Ans : D.

10. The manager recommended that _____.

- A. the employee should given two day's leave
B. the employee should give two days' leave
C. the employee be given two day's leave
D. the employee be given two days' leave

পানকৌড়ি

CU: 2017 - 2018 (196)

ব্যাখ্যা : "Recommend" subjunctive word, আরও কিছু subjunctive word-

advise	demand	prefer	require
ask	insist	propose	stipulate
command	more	recommend	suggest
decree	order	request	urge

এই word গুলো থাকলে structure টি হবে-

sub + verb + that + subject + [verb in simple]

- The judge insisted that the jury return a verdict
- The manager recommended that the employee be given two days' leave.

Ans : D.

পদার্থবিদ্যা

১. কোন ভেক্টরটি $\vec{A} = 4\hat{i} + 3\hat{j}$ এর উপর লম্ব?

- A. $3\hat{i} + 4\hat{j}$ B. $6\hat{i}$ C. $7\hat{k}$ D. $4\hat{i} - 3\hat{j}$

ব্যাখ্যা : দুটি ভেক্টর পরস্পর লম্ব হলে তাদের ডট গুণফল শূন্য হবে।

$\therefore 7\hat{k}$ ভেক্টরটি $\vec{A} = 4\hat{i} + 3\hat{j}$ এর উপর লম্ব কারণ $(4\hat{i} + 3\hat{j}) \cdot (7\hat{k}) = 0$

Ans : C.

২. কোয়ান্টাম তত্ত্ব আবিষ্কার করেন কোন বিজ্ঞানী?

- A. টমাস ইয়ং B. আর্নেস্ট রাদারফোর্ড
C. ম্যাক্স প্লাঙ্ক D. এলবার্ট আইনস্টাইন

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ তত্ত্ব-

বিজ্ঞানী	তত্ত্ব	আবিষ্কার সাল
ম্যাক্স প্লাঙ্ক	কোয়ান্টাম তত্ত্ব	১৯০০
জে. থমসন	থমসন মডেল বা কিসমিস পুডিং মডেল বা পাম পুডিং মডেল বা তরমুজ মডেল।	১৮৯৮
রাদারফোর্ড	পরমাণুর সৌর মডেল।	১৯১১
নীলস বোর	বোরের পরমাণু মডেল।	১৯১৩

Ans : C.

৩. টর্কের মাত্রা কোনটি?

- A. $[ML^2 T^{-2}]$ B. $[ML^2 T^{-2}]$
C. $[M^2 LT^{-2}]$ D. $[ML^{-2} T^2]$

ব্যাখ্যা : ঘূর্ণায়মান কোন কনার ব্যাসার্ধ ভেক্টর এবং কণার উপর প্রযুক্ত বলের ভেক্টর গুণফলকে টর্ক বা বলের ভ্রামক বলে।

টর্ক, $\vec{\tau} = \vec{r} \times \vec{F}$

মাত্রা : $ML^2 T^{-2}$

একক : Nm

Ans : A.

৪. এক কিলোগ্রাট - আওয়ার (Kwh) সমান কত জুল?

- A. 550 J B. 746 J C. 3.6×10^6 J D. 9.8 J

ব্যাখ্যা : এক নজরে-

- 1 Kwh = 3.6×10^6 J
- 1 H.P = 746 Watt
- 1 eV = 1.6×10^{-19} J
- 1 Calorie = 4.2 J

Ans : C.

৫. একটি রাইফেলের গুলির বেগ যদি দ্বিগুন করা হয় তাহলে এর গতিশক্তি কতগুণ হবে?

- A. ২ গুন B. ৪ গুন C. ৪ গুন D. ১৬গুন

ব্যাখ্যা : $E_k = \frac{1}{2}mv^2$ অর্থাৎ $E_k \propto v^2$

তাহলে বেগ দ্বিগুন করলে $E_k \propto 2^2 \Rightarrow E_k \propto 4$

অর্থাৎ গতিশক্তি চারগুণ হবে।

Ans : C.

৬. একটি ভূ-স্থির উপগ্রহের পর্যায়কাল কত?

- A. 0 hr B. 24 hrs C. 12 hrs D. 365 days

ব্যাখ্যা : ভূ-স্থির উপগ্রহ: পৃথিবীর কেন্দ্রের সাথে এককেন্দ্রিকভাবে নিরক্ষরেখায় যে কৃত্রিম উপগ্রহ পৃথিবীর আবর্তন কালের সমান আবর্তন কাল নিয়ে পৃথিবী পরিভ্রমণ করে তাকে ভূ-স্থির উপগ্রহ বলে।

সুতরাং, ভূ-স্থির উপগ্রহের পর্যায়কাল 24 hrs

Ans : B.

৭. 10^8 Nm^{-2} পীড়নের প্রয়োগে 1 m দীর্ঘ একটি তারের দৈর্ঘ্য 10^{-3} m বৃদ্ধি পেল। তারটির ইয়ং-এর গুণাঙ্ক কত?

- A. 10^5 Nm^{-2} B. 10^{-11} Nm^{-2}
C. 10^{-5} Nm^{-2} D. 10^{11} Nm^{-2}

ব্যাখ্যা : পীড়ন = $\frac{F}{A}$

$$Y = \frac{F}{A} \times \frac{L}{\Delta L} = 10^8 \times \frac{1}{10^{-3}} = 10^{11} \text{ Nm}^{-2}$$

Ans : D.

৮. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য কত?

- A. $L = \frac{g}{\pi^2}$ B. $L = \frac{g^2}{\pi^2}$ C. $L = \frac{\pi^2}{g}$ D. $L = \pi^2 g$

ব্যাখ্যা : যে সরল দোলকের দোলনকাল ২ সেকেন্ড তাকে সেকেন্ড দোলক বলে।

$$T = 2\pi \sqrt{\frac{L}{g}} \Rightarrow 2 = 2\pi \sqrt{\frac{L}{g}} \Rightarrow L = \frac{g}{\pi^2}$$

Ans : A.

৯. কোন স্থির তরঙ্গের পরস্পর দুটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব 75 cm। এর তরঙ্গ দৈর্ঘ্য কত?

- A. 1.5 m B. 0.375 Hz
C. 3.75 m D. 0.75 m

ব্যাখ্যা : শব্দ তরঙ্গের উপরিপাতন :

- বিপরীত দশা সম্পন্ন দুটি কণার মধ্যবর্তী দূরত্ব = $\lambda/2$
- একই দশা সম্পন্ন দুটি কণার মধ্যবর্তী দূরত্ব = λ
- একটি সুস্পন্দ ও একটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব = $\lambda/4$
- পরপর দুইটি সুস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব = $\lambda/2$
- পরপর দুইটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব = $\lambda/2$
- দুইটি সুস্পন্দ ও একটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব = $\lambda/2$
- পরপর তিনটি সুস্পন্দ বা নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব = λ
- পরপর দুটি তরঙ্গ চূড়ার মধ্যবর্তী দূরত্ব = λ

$$\text{এখানে, } \frac{\lambda}{2} = 0.75 \text{ m} \Rightarrow \lambda = 1.5 \text{ m}$$

Ans : A.

১০. 2 m তরঙ্গদৈর্ঘ্যের একটি তরঙ্গের বেগ 300 ms^{-1} হলে এর কম্পাঙ্ক কত?

- A. 300 Hz B. 150 Hz C. 600 Hz D. 350 Hz

$$\text{ব্যাখ্যা : } v = f\lambda \Rightarrow f = \frac{v}{\lambda} = \frac{300}{2} = 150 \text{ Hz}$$

Ans : B.

সমন্বিত

CU: 2017 - 2018 (197)

১১. দুটি উৎসের কম্পাঙ্ক যথাক্রমে f_1 ও f_2 এবং $f_1 > f_2$ হলে প্রতি সেকেন্ডে উৎপন্ন বিট সংখ্যা কত?

- A. $f_1 f_2$ B. f_1/f_2 C. $f_1 + f_2$ D. $f_1 - f_2$

ব্যাখ্যা : টেকনিক : প্রতি সেকেন্ডে উৎপন্ন বিট $N = f_1 - f_2$

ভর	বিট	f_1	f_2
+	+	ছোট	বড়
+	-	বড়	ছোট
-	+	বড়	ছোট
-	-	ছোট	বড়
+	অপরিবর্তিত	ছোট	বড়
-	অপরিবর্তিত	বড়	ছোট

এখানে, • f_1 হল যার ভর পরিবর্তন করা হচ্ছে তার কম্পাঙ্ক।

• '+' চিহ্ন দিয়ে বৃদ্ধি এবং '-' চিহ্ন দিয়ে হ্রাস বুঝায়।

∴ $f_1 > f_2$ হলে বিট সংখ্যা, $N = f_1 - f_2$

Ans : D.

১২. কোন সূত্র ব্যবহার করে হাইটস্টোন ব্রিজ নীতি প্রতিপাদন করা যায়?

- A. কুলম্বের সূত্র B. কিশোরের সূত্র
C. ফ্যারাডের সূত্র D. অ্যাম্পিয়ারের সূত্র

ব্যাখ্যা : ভিডিও বর্তনীতে কিশোরের সূত্রের ব্যবহার-

১। বিদ্যুৎ প্রবাহ ও বিভব পার্থক্য নির্ণয়। ২। হাইটস্টোন ব্রিজ।

৩। বিদ্যুৎ কোষের শ্রেণী সমবায়ের ক্ষেত্রে।

৪। বিদ্যুৎ কোষের সমান্তরাল সমবায়ের ক্ষেত্রে।

Ans : B.

১৩. ধ্রুৱসাত্ত্বক ব্যতিচারের জন্য পথ পার্থক্য কি হবে?

- A. $n\lambda$ B. $\frac{n\lambda}{2}$ C. $(2n+1)\frac{\lambda}{2}$ D. $(n+1)\frac{\lambda}{2}$

ব্যাখ্যা : • গঠনমূলক ব্যতিচার : তরঙ্গ দুটির পথ পার্থক্য $\frac{\lambda}{2}$ এর জোড় গুণিতক হবে।

∴ পথ পার্থক্য = $2n\frac{\lambda}{2}$

• ধ্রুৱসাত্ত্বক ব্যতিচার : তরঙ্গ দুটির পথ পার্থক্য $\frac{\lambda}{2}$ এর বিজোড় গুণিতক হবে।

∴ পথ পার্থক্য = $(2n+1)\frac{\lambda}{2}$

Ans : C.

১৪. 6650 \AA তরঙ্গদৈর্ঘ্যের ফোটনের গতিশক্তি কত?

- A. 1.869 eV B. 1.532 eV C. 2.021 eV D. 2.50 eV

$$\text{ব্যাখ্যা : } E = \frac{hc}{\lambda} = \frac{6.63 \times 10^{-34} \times 3 \times 10^8}{6650 \times 10^{-10}} = 2.99 \times 10^{-19} \text{ J}$$

$$= \frac{2.99 \times 10^{-19}}{1.6 \times 10^{-19}} \text{ eV} = 1.869 \text{ eV}$$

Ans : A.

১৫. যদি 1 coulomb মানের দুটি আধান বাতাসে পরস্পরের সাথে 1 metre দূরত্বে রেখে অবস্থান করে, তবে তাদের মধ্যবর্তী বল কত?

- A. 2.2 N B. $8.85 \times 10^{12} \text{ N}$
C. $1.6 \times 10^{19} \text{ N}$ D. $9 \times 10^9 \text{ N}$

$$\text{ব্যাখ্যা : } F = \frac{1}{4\pi\epsilon_0} \frac{q_1 q_2}{d^2} = 9 \times 10^9 \times \frac{1 \times 1}{1} = 9 \times 10^9 \text{ N}$$

Ans : D.

১৬. 400Ω এবং 800Ω এর দুটি রোধ একটি 6.0 volt ব্যাটারির সাথে শ্রেণীতে সংযুক্ত করা আছে। এ বর্তনীতে প্রবাহমাত্রা মাপার জন্য একটি 10Ω রোধের অ্যামিটার ব্যবহার করা হল। অ্যামিটারের পাঠ কত হবে?

- A. 4.96 mA B. 5.96 mA C. 2.60 mA D. 1.92 mA

$$\text{ব্যাখ্যা : } R_s = 400 \Omega + 800 \Omega = 1200 \Omega$$

$$I_m = \frac{E}{R_s + R_m} = \frac{6}{1200 + 10} = 4.96 \times 10^{-3} \text{ A} = 4.96 \text{ mA}$$

Ans : A.

১৭. দুটি মৌলকে আইসোটোন বলা হবে যদি তাদের পরমাণু সমূহের-

- A. একই সংখ্যক প্রোটন কিন্তু ভিন্ন ভিন্ন ভর থাকে
B. একই সংখ্যক নিউট্রন কিন্তু ভিন্ন ভিন্ন ভর থাকে
C. একই সংখ্যক ইলেকট্রন কিন্তু ভিন্ন ভিন্ন ভর থাকে
D. একই পারমাণবিক ভর থাকে

ব্যাখ্যা : • আইসোটোপ : যে সব পদার্থের পারমাণবিক সংখ্যা সমান কিন্তু ভর সংখ্যা ভিন্ন তাদেরকে বলা হয় আইসোটোপ।

• আইসোবার : যে সমস্ত মৌলের পরমাণুর ভর সংখ্যা সমান কিন্তু পারমাণবিক সংখ্যা ভিন্ন তাদেরকে আইসোবার বলে।

• আইসোটোন : যে সমস্ত পরমাণুর নিউট্রন সংখ্যা সমান তাদেরকে আইসোটোন বলে।

• আইসোমার : যে সমস্ত পরমাণুর পারমাণবিক সংখ্যা ও ভর সংখ্যা সমান কিন্তু তাদের অভ্যন্তরীণ গঠন ভিন্ন তাদেরকে আইসোমার বলে।

Ans : B.

১৮. তেজস্ক্রিয়তা হল-

- A. পরমাণুর স্বতঃস্ফূর্ত ভাঙ্গন
B. পরমাণুর নিউক্লিয়াসের স্বতঃস্ফূর্ত ভাঙ্গন
C. নিউক্লিয়াসস্থ প্রোটন সমূহের স্বতঃস্ফূর্ত ভাঙ্গন
D. নিউক্লিয়াসস্থ ইলেকট্রন সমূহের স্বতঃস্ফূর্ত ভাঙ্গন

ব্যাখ্যা : তেজস্ক্রিয়তা-

• যে সকল মৌলের পারমাণবিক সংখ্যা 82 এর বেশি, কেবল সে সকল পরমাণু তেজস্ক্রিয় হতে পারে। ব্যতিক্রম ${}^{14}_6\text{C}$ তেজস্ক্রিয় মৌল।

• তেজস্ক্রিয় পদার্থ সাধারণত আলফা, বিটা ও গামা রশ্মি নিঃসরণ করে।

• তেজস্ক্রিয়তা একটি সম্পূর্ণ নিউক্লীয় ঘটনা এবং এর মাধ্যমে নিউক্লিয়াসের ভাঙ্গনের ফলে একটি মৌল আর একটি নতুন মৌল রূপান্তরিত হয়।

• তেজস্ক্রিয়তার এস.আই একক বেকেরেল (Bq)

Ans : B.

১৯. যদি কোন বাস্তব স্থির ভর m_0 এবং বস্তুটি V বেগে চলমান হলে তার ভর m হয়, তবে m হচ্ছে-

- A. $m_0 \left[1 - \frac{v^2}{c^2} \right]$ B. $\frac{m_0}{[1 - c^2]}$
C. $m_0 c^2$ D. $\frac{m_0}{\sqrt{1 - \frac{v^2}{c^2}}}$

$$\text{ব্যাখ্যা : (i) আপেক্ষিক ভর, } m = \frac{m_0}{\sqrt{1 - v^2/c^2}}$$

$$\text{(ii) দৈর্ঘ্য সংকোচন, } L = L_0 \sqrt{1 - \frac{v^2}{c^2}}$$

$$\text{(iii) কাল দীর্ঘায়ন, } t = \frac{t_0}{\sqrt{1 - v^2/c^2}}$$

(iv) কার্ল সোয়ার্জহাইন্ড অথবা, শোয়ার্জশিল্ড ব্যাসার্ধ অথবা সংকট

$$\text{ব্যাসার্ধ, } R_s = \frac{2GM}{C^2}$$

Ans : D.

২০. একটি p - type সিলিকনের ক্ষেত্রে কোনটি সঠিক?

- A. ইলেকট্রনসমৃদ্ধ সংখ্যাগরিষ্ঠ বাহক এবং ত্রিযোজী পরমাণুসমৃদ্ধ ডোপ্যান্ট
 B. ইলেকট্রনসমৃদ্ধ সংখ্যাগরিষ্ঠ বাহক এবং পঞ্চযোজী পরমাণুসমৃদ্ধ ডোপ্যান্ট
 C. হোলসমৃদ্ধ সংখ্যাগরিষ্ঠ বাহক এবং পঞ্চযোজী পরমাণুসমৃদ্ধ ডোপ্যান্ট
 D. হোলসমৃদ্ধ সংখ্যাগরিষ্ঠ বাহক এবং ত্রিযোজী পরমাণুসমৃদ্ধ ডোপ্যান্ট

ব্যাখ্যা : □ p-টাইপ অর্ধপরিবাহক (জার্মেনিয়াম বা সিলিকন) এর ক্ষেত্রে-

- হোল গরিষ্ঠ আধান বাহক।
 - ইলেকট্রন লঘিষ্ঠ আধান বাহক।
 - ত্রিযোজী পরমাণুসমৃদ্ধ ডোপ্যান্ট।
- n-টাইপ অর্ধপরিবাহক (জার্মেনিয়াম বা সিলিকন) এর ক্ষেত্রে-
- ইলেকট্রন গরিষ্ঠ আধান বাহক।
 - হোল লঘিষ্ঠ আধান বাহক।
 - পঞ্চযোজী পরমাণুসমৃদ্ধ ডোপ্যান্ট।

Ans : D.

রসায়ন

১. একটি 4 ডিজিট ব্যালেন দিয়ে _____ পর্যন্ত ভর সূক্ষ্মভাবে পরিমাপ করা যায়।

- A. 0.1 mg B. 0.01 mg
 C. 0.001 mg D. 0.0001 mg

ব্যাখ্যা : বিভিন্ন প্রকার ব্যালেনের ব্যবহার :

- পল-বুদ্বি ব্যালেন : i) 0.0001 gm ওজন মাপা যায়।
 ii) চারটি অংশ থাকে।

- ১। বেদী সজ্জিত ব্যালেন কক্ষ। ২। স্তম্ভ
 ৩। তুলাদন্ড ও পাল্লা ৪। আরোহী ও আরোহী বাহক।

□ ডিজিট ব্যালেন-

• 2-ডিজিট ব্যালেন :

- i) ± 0.001 g ওজন মাপা যায়।
 ii) সংশ্লেষণ কার্জকর্মে, বিকারক প্রস্তুতি এবং নিষ্কাশন প্রক্রিয়ার ব্যবহার হয়।

• 4-ডিজিট ব্যালেন :

- i) এ ধরনের ব্যালেনের সূক্ষ্মতা ± 0.0001 g ± 0.1 mg
 ii) মাইক্রো অ্যানালিটিক্যাল পদ্ধতি, আয়তনিক বিশ্লেষণের ক্ষেত্রে ব্যবহার হয়।

Ans : A.

২. হাইড্রোজেনের পরমাণু বর্ণালীতে দিয়ে কোন সিরিজের লাইন দেখা যায় না?

- A. থমসন সিরিজ B. প্যাচেন সিরিজ
 C. ব্রাকেট সিরিজ D. ফুন্ড সিরিজ


ব্যাখ্যা : হাইড্রোজেনের বিভিন্ন বর্ণালী-

উচ্চ কক্ষপথ	নিম্ন কক্ষপথ	সিরিজ
$n_2 = 2, 3, 4, \dots$	$n_1 = 1$	লাইমেন
$n_2 = 3, 4, 5, \dots$	$n_1 = 2$	বামার
$n_2 = 4, 5, 6, \dots$	$n_1 = 3$	প্যাচেন
$n_2 = 5, 6, 7, \dots$	$n_1 = 4$	ব্রাকেট
$n_3 = 6, 7, 8, \dots$	$n_1 = 5$	ফুন্ড

Ans : A.

 ৩. অম্লীয় দ্রবণে H_2S চালনা করলে কোনটির অধঃক্ষেপ পড়বে না?

- A. Hg^{2+} B. Cd^{2+} C. Bi^{3+} D. Fe^{3+}



Ans : D.

৪. কোনটি তড়িৎ বিশ্লেষ্য নয়?

- A. CH_3COOH B. NH_4Cl C. CCl_4 D. $CaCl_2$

ব্যাখ্যা : তড়িৎ বিশ্লেষ্য-

- তীব্র এসিড: H_2SO_4 , HCl , HNO_3 ইত্যাদি
- তীব্র ক্ষার: $NaOH$, KOH ইত্যাদি
- মৃদু জৈব যৌগ: CH_3COOH , NH_4OH ইত্যাদি
- লবণ: $NaCl$, KCl , $CuSO_4$ ইত্যাদি

Ans : C.

৫. ফুন্ড অবস্থায় পানির pH কত?

- A. 0 B. 7 C. 7 অপেক্ষা সামান্য কম D. 7 অপেক্ষা সামান্য বেশি

 ব্যাখ্যা : $H_2O \rightarrow H^+ + OH^-$; $\Delta H = 214$ kJ/mol

$$K_w = [H^+] \times [OH^-]$$

তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে K_w এর মান বৃদ্ধি পাবে তাই $[H^+]$ এবং $[OH^-]$ ঘনমাত্রা বৃদ্ধি পায়। তাই pH এবং pOH এর মান 7 এর কম হয় কিন্তু দ্রবণ এসিডিক বা ক্ষারীয় কিছুই হয় না।

Ans : C.

৬. যে পদার্থ প্রোটিন দান করতে পারে তাকে এসিড বলে - এটি অম্ল-ক্ষারক সম্পর্কিত কোন তত্ত্ব?

- A. আরহেনিয়াস তত্ত্ব B. লাব্র - ফ্রাড তত্ত্ব
 C. লুইস তত্ত্ব D. ব্রনস্টেড তত্ত্ব

ব্যাখ্যা : এসিড এবং ক্ষারের বিভিন্ন মতবাদ-

মতবাদ	অম্ল	ক্ষার
আরহেনিয়াস	যে জলীয় দ্রবণে $[H^+]$ দান করতে পারে।	যে জলীয় দ্রবণে $[OH^-]$ দান করতে পারে।
ব্রনস্টেড লাব্রি	যে অন্য পদার্থকে $[H^+]$ দান করতে পারে।	যে অন্য পদার্থকে $[OH^-]$ দান করতে পারে।
লুইস	যে ইলেকট্রন যুগল গ্রহণ করতে পারে।	যে ইলেকট্রন যুগল দান করতে পারে।

Ans : D.

৭. বায়ুমন্ডলে ওজন স্তর থাকে-

- A. ট্রোপোস্ফিয়ারে B. থার্মোস্ফিয়ারে C. মেসোস্ফিয়ারে D. স্ট্রাটোস্ফিয়ারে

ব্যাখ্যা : বায়ুমন্ডলের বিভিন্ন স্তর :



Ans : D.

৮. কোন যৌগটি বেশি ক্ষারধর্মী?

- A. অ্যামোনিয়া B. প্রাইমারি এমিন
 C. সেকেন্ডারি এমিন D. এনিলিন

 ব্যাখ্যা : • অ্যামিন সমূহের ক্ষারকীয় ক্ষমতার ক্রম : $2^\circ > 1^\circ > 3^\circ$

• অ্যালকাইল ফ্রী রেডিক্যাল এর স্থায়িত্ব ক্রম : $CH_3^\bullet < R-CH_2^\bullet < R_2-CH^\bullet < R_3-C^\bullet$

• অ্যালকোহলের অম্লধর্মীতার ক্রম : $1^\circ > 2^\circ > 3^\circ$


• অ্যালকোহলের সক্রিয়তার ক্রম : $1^\circ < 2^\circ < 3^\circ$

• অ্যালকোহলের স্ফুটনাংক : $3^\circ > 2^\circ > 1^\circ$

• এসিড জাতকের সক্রিয়তার ক্রম :



• অ্যালকাইল মূলকের প্রভাব :



• আবেশী প্রভাব :



Ans : C.


পানকোডি

CU: 2017 - 2018 (199)

৯. গ্লিসারিন এর কার্যকরী মূলক হচ্ছে -

A. -OH B. -CHO C. -CO- D. -COOH

ব্যাখ্যা : গ্লিসারিনের গাঠনিক সংকেত :




∴ এর কার্যকরী মূলক -OH

Ans : A.

১০. এসিটোন বিজারিত হয়ে কি উৎপন্ন করে?

 A. প্রোপাইল এলকোহল B. আইসোপ্রোপাইল এলকোহল
C. এরাইল এলকোহল D. বিউটাইল এলকোহল

ব্যাখ্যা :



এসিটোন

 ২-প্রোপানল বা
আইসো প্রোপাইল
অ্যালকোহল

Ans : B.

 ১১. কোনটি আয়রন (II) Fe^{2+} আয়ন এর ইলেকট্রন বিন্যাস?

 A. $[\text{Ar}] 3d^5 4s^1$ B. $[\text{Ar}] 3d^6$
C. $[\text{Ar}] 3d^5 4s^2$ D. $[\text{Ar}] 3d^6 4s^2$


 ব্যাখ্যা : $\text{Fe} = [\text{Ar}] 3d^6 4s^2$
 $\text{Fe}^{2+} = [\text{Ar}] 3d^6$
 $\text{Fe}^{3+} = [\text{Ar}] 3d^5$
Ans : B.

 ১২. $2\text{C}_6\text{H}_5\text{CHO} + \text{NaOH} \rightarrow \text{C}_6\text{H}_5\text{CH}_2\text{OH} + \text{C}_6\text{H}_5\text{COONa}$

এ বিক্রিয়ার নাম কি?

 A. ক্যানিজারো বিক্রিয়া B. হফম্যান বিক্রিয়া
C. অ্যালডল ঘনীভবন D. উটজ বিক্রিয়া

 ব্যাখ্যা : • α কার্বন এ হাইড্রোজেন যুক্ত অ্যালডিহাইড এর সাথে ক্ষার (NaOH) এর বিক্রিয়াকে অ্যালডল ঘনীভবন বিক্রিয়া বলে।

 • α কার্বনে হাইড্রোজেনবিহীন অ্যালডিহাইড এর সাথে ক্ষার (NaOH) এর বিক্রিয়াকে ক্যানিজারো বিক্রিয়া বলে।

Ans : A.

১৩. সবচেয়ে বেশি তড়িৎ ধনাত্মক মৌল কোনটি?

A. Al B. K C. Mg D. Ca

ব্যাখ্যা : পর্যায় ভিত্তিক ধর্মের তুলনা-

একই পর্যায়ের বাম হতে ডানে বাড়তে	একই পর্যায়ের বাম হতে ডানে কমে
আয়নীকরণ শক্তি	পরমাণুর আকার
ইলেকট্রন আসক্তি	ধাতব বৈশিষ্ট্য
তড়িৎ ঋণাত্মকতা	তড়িৎ ধনাত্মকতা
অধাতব বৈশিষ্ট্য	দ্রাব্যতা

পর্যায় সারণীর উপর হতে নিচে গেলে বাড়তে	পর্যায় সারণীর উপর হতে নিচে গেলে কমে
পারমাণবিক আকার	আয়নীকরণ শক্তি
ধাতব বৈশিষ্ট্য	ইলেকট্রন আসক্তি
আয়নীকরণ প্রবণতা	তড়িৎ ঋণাত্মকতা
দ্রাব্যতা	

Ans : B.


১৪. কোনটি জৈব যৌগ নয়?

 A. CS_2 B. HCHO C. CaC_2 D. HCO_2H
Ans : A.

১৫. কোনটি জারণ-বিজারণ বিক্রিয়া নয়?

 A. $2\text{Cu}(\text{NO}_3)_2 \rightarrow 2\text{CuO} + 4\text{NO}_2 + \text{O}_2$
B. $2\text{Na} + \text{Cl}_2 \rightarrow 2\text{NaCl}$
C. $\text{Na}_2\text{SO}_3 + 2\text{HCl} \rightarrow 2\text{NaCl} + \text{SO}_2 + \text{H}_2\text{O}$
D. $\text{Mg} + \text{H}_2\text{SO}_4 \rightarrow \text{MgSO}_4 + \text{H}_2$

ব্যাখ্যা : জারণ-বিজারণ বিক্রিয়ায় জারণ সংখ্যার পরিবর্তন হয়।



এই বিক্রিয়াটি প্রশমন বিক্রিয়া এসিড এবং ক্ষার যোগ হয়ে লবণ এবং পানি উৎপন্ন হয় এবং এখানে জারণ সংখ্যার কোন পরিবর্তন হয় না।

Ans : C.

 ১৬. HCl -এর জলীয় দ্রবণে এক ঘন্টা যাবত 0.5 অ্যাম্পিয়ার মাত্রার তড়িৎ প্রবাহিত করলে কত মোল H_2 উৎপন্ন হবে?

 A. $\frac{0.5 \times 3600}{2 \times 96500}$ B. $\frac{0.5 \times 96500}{2 \times 3600}$ C. $\frac{2 \times 96500}{0.5 \times 3600}$ D. $\frac{96500}{2 \times 0.5 \times 3600}$

 ব্যাখ্যা : $2\text{H}^+ + 2e^- \rightarrow \text{H}_2(\text{g})$
 $2 \times 96500 \text{c প্রবাহে সঞ্চিত হয় } 1 \text{ mol } \text{H}_2$

 ∴ $0.5 \times 60 \times 60 \text{c প্রবাহে সঞ্চিত হয় } \frac{0.5 \times 3600}{2 \times 96500} \text{ mol } \text{H}_2$
Ans : A.

১৭. কোন যৌগটিতে হাইড্রোজেন বন্ধন নেই?

 A. $\text{CH}_3-\text{CH}_2-\text{OH}$ B. CH_3-CHO
C. $\text{H}-\text{COOH}$ D. CH_3-NH_2

ব্যাখ্যা : হাইড্রোজেন বন্ধন : পোলার অণুসমূহের মধ্যে ধনাত্মক ও ঋণাত্মক প্রান্তে নতুনভাবে এক আকর্ষণ বল সৃষ্টি হলে তাকে হাইড্রোজেন বন্ধন বলে।

 যেমন : $\text{H}-\text{COOH}$, H_2O , HF , $\text{CH}_3-\text{CH}_2-\text{OH}$, CH_3OH

যৌগে হাইড্রোজেন বন্ধন বিদ্যমান।

 • CH_3NH_2 হলো পোলার অণু এবং অণুতে H বন্ধন, ডাইপোল-ডাইপোল আকর্ষণ বল ও বিস্তারণ বল থাকে।

Ans : B.

 ১৮. এক ফোঁটা পানিতে বিদ্যমান মোট পরমাণুর সংখ্যা কত? (এক ফোঁটা পানির আয়তন 0.05 cm^3 , ঘনত্ব 1 g/cm^3 , আণবিক ভর 18 এবং এভোগেড্রো সংখ্যা 6×10^{23})

 A. $\frac{3 \times 0.05}{18}$ B. $\frac{3 \times 6 \times 10^{23}}{18 \times 0.05}$
C. $\frac{0.05 \times 6 \times 10^{23}}{18 \times 3}$ D. $\frac{0.05 \times 3 \times 6 \times 10^{23}}{18}$

 ব্যাখ্যা : এক মোল H_2O -এ ২টি H পরমাণু ও ১টি O পরমাণু অর্থাৎ মোট 3 টি পরমাণু বিদ্যমান।

 $W = 0.05 \text{ g}$ [∵ $\rho = 1 \text{ gm/cm}^3$]

 ∴ $\frac{W}{M} = \frac{N}{N_A} \Rightarrow N = \frac{W \times N_A}{M} = \frac{0.05 \times 3 \times 6.02 \times 10^{23}}{18}$
Ans : D.

পানকোডি

CU: 2017-2018 (200)

 ১৯. 98% বিজ্ঞ H₂SO₄ (আপেক্ষিক গুরুত্ব = 1.80 ; আণবিক ভর = 98)
-এর মোলারিটি কত?

A. 9.8 M B. 0.98 M C. 1.0 M D. 18 M

ব্যাখ্যা : আপেক্ষিক গুরুত্ব = 1.80 gm/cc

$$= \frac{1.80 \times 10^3 \text{ gm}}{\text{L}} = \frac{1.80 \times 10^3}{98} \text{ mol} = 18.37 \text{ mol L}^{-1}$$

Ans : D.

২০. কোন গ্যাসটি গ্রীন-হাউজ প্রভাবের জন্য দায়ী নয়?

 A. CFC gas B. Krypton gas
C. CH₄ gas D. CO₂ gas

ব্যাখ্যা : বিভিন্ন প্রকার গ্যাসের প্রভাব-

গ্যাস	অবদান/প্রভাব	গ্যাস	অবদান/প্রভাব
CO ₂	50%	CH ₄	19%
CFC	16%	O ₃	8%
N ₂ O	5%	H ₂ O(g)	2%

Ans : B.

গণিত

 ১. যদি $64^{12} = 2^{a-3}$ হয়, তবে a এর মান কত?

A. 12 B. 69 C. 75 D. 62

 ব্যাখ্যা : $64^{12} = 2^{a-3} \Rightarrow 2^{72} = 2^{a-3} \Rightarrow a-3 = 72 \Rightarrow a = 75$

Ans : C.

 ২. $\lim_{x \rightarrow 0} \frac{\cos 2x - \cos 3x}{x^2}$ এর মান কত?

 A. 0 B. $\frac{5}{2}$ C. 5 D. ∞

$$\begin{aligned} \text{ব্যাখ্যা : } \lim_{x \rightarrow 0} \frac{\cos 2x - \cos 3x}{x^2} &= \lim_{x \rightarrow 0} \frac{-2 \sin 2x + 3 \sin 3x}{2x} \\ &= \lim_{x \rightarrow 0} \frac{-4 \cos 2x + 9 \cos 3x}{2} = \frac{-4 + 9}{2} = \frac{5}{2} \end{aligned}$$

Ans : B.

 ৩. $(3 + kx)^9$ এর বিস্তৃতিতে x^3 এবং x^4 এর সহগ দুটি সমান হলে, k এর মান কত?

A. 3 B. 2 C. 7 D. 5

 ব্যাখ্যা : সহগ নির্ণয় : $(ax^m + bx^k)^n$ এর বিস্তৃতিতে,

 (i) $(r+1)$ তম = $\left(\frac{m \times n - p}{m - k} + 1 \right)$ তম পদে x^p আছে

 (ii) x^p এর সহগ = ${}^nC_r \cdot a^{n-r} \cdot b^r$ [এখানে, $r = \frac{m \times n - p}{m - k}$]

$$\therefore {}^9C_3 \cdot 3^{9-3} \cdot k^3 = {}^9C_4 \cdot 3^{9-4} \cdot k^4 \Rightarrow k = 2$$

Ans : B.

৪. u বেগে অনুভূমিকের সাথে 30° কোণে নিক্ষেপিত বস্তুকণার সর্বোচ্চ উচ্চতা কত হবে?

 A. $\frac{u^2}{2g}$ B. $\frac{u^2}{4g}$ C. $\frac{u^2}{8g}$ D. $\frac{u^2}{16g}$

$$\text{ব্যাখ্যা : } H = \frac{u^2 \sin^2 \alpha}{2g} = \frac{u^2 \sin^2 30^\circ}{2g} = \frac{u^2}{8g}$$

Ans : C.

 ৫. x একটি পূর্ণ সংখ্যা হলে এবং $A = \{x \mid 0 < x \leq 10\}$, $B = \{x \mid 3x + 1 \leq 20\}$ এবং $C = \{x \mid x^2 > 31\}$ হলে, $A \cap B \cap C$ হচ্ছে-

 A. {7} B. Φ C. {6} D. 0

 ব্যাখ্যা : $A = \{x \mid 0 < x \leq 10\} = \{1, 2, \dots, 10\}$
 $B = \{x \mid 3x + 1 \leq 20\} = \{1, 2, 3, 4, 5, 6\}$
 $C = \{x \mid x^2 > 31\} = \{6, 7, 8, 9, 10, \dots\}$
 $\therefore A \cap B \cap C = \{6\}$

Ans : C.

৬. একটি পায়ে ৪ টি লাল, ৪ টি কালো এবং ৩ টি সাদা বল আছে। ৩ টি বল দৈবভাবে নেয়া হলে এর মধ্যে কমপক্ষে ২ টি লাল বল হবার সম্ভাব্যতা কত?

 A. $\frac{1}{15}$ B. $\frac{36}{65}$ C. $\frac{1}{2}$ D. $\frac{8}{15}$

ব্যাখ্যা : মোট বল = 15টি

 \therefore কমপক্ষে ২টি লাল বল হওয়ার সম্ভাবনা

$$= \frac{{}^8C_2 \times {}^7C_1 + {}^8C_3}{{}^{15}C_3} = \frac{252}{455} = \frac{36}{65}$$

Ans : B.

 ৭. যদি $A = \begin{bmatrix} 2 & -3 \\ 4 & -1 \end{bmatrix}$ হয়, তবে A^{-1} কোনটি?

 A. $\begin{bmatrix} -1 & -3 \\ -4 & 2 \end{bmatrix}$

 B. $\begin{bmatrix} 3 & -1 \\ 2 & -4 \end{bmatrix}$

 C. $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

 D. $\frac{1}{10} \begin{bmatrix} -1 & 3 \\ -4 & 2 \end{bmatrix}$

 ব্যাখ্যা: টেকনিক : $A = \begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$ হলে, $A^{-1} = \frac{1}{ad-bc} \begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix}$
এখানে, $A^{-1} = \frac{1}{2(-1) - (-3) \cdot 4} \begin{bmatrix} -1 & 3 \\ -4 & 2 \end{bmatrix} = \frac{1}{10} \begin{bmatrix} -1 & 3 \\ -4 & 2 \end{bmatrix}$

Ans : D.

 ৮. অসমতা $x^2 - 3x + 2 \leq 0$ -এর সমাধান হচ্ছে-

 A. $(-\infty, 1)$ B. $(1, 2)$ C. $[1, 2]$ D. $[2, \infty)$

 ব্যাখ্যা : $x^2 - 3x + 2 \leq 0 \Rightarrow (x-1)(x-2) \leq 0$
 $\therefore x \geq 1$ এবং $x \leq 2$ অর্থাৎ $x = [1, 2]$

Ans : C.

 ৯. ফাংশন $f(x) = \sqrt{x(2-x)}$ এর ডোমেইন হচ্ছে-

 A. $(2, \infty)$ B. $[0, 2]$ C. $[0, 2)$ D. $[2, 0]$

 ব্যাখ্যা : $f(x) = \sqrt{x(2-x)}$
 $\therefore x(2-x) \geq 0 \Rightarrow x \geq 0$ এবং $x \leq 2$ অর্থাৎ $x = [0, 2]$

Ans : B.

 ১০. $x^2 + y^2 - 4x - 6y = 7$ বৃত্তটির কেন্দ্র এবং ব্যাসার্ধ হচ্ছে-

 A. (2, 3) এবং 4 B. (2, 3) এবং 5
C. (2, -3) এবং $2\sqrt{5}$ D. (2, 3) এবং $2\sqrt{5}$

 ব্যাখ্যা : বৃত্তের সাধারণ সমীকরণ, $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$

 i) কেন্দ্রের স্থানাংক $(-g, -f)$

 ii) ব্যাসার্ধ = $\sqrt{g^2 + f^2 - c}$
 \therefore কেন্দ্র (2, 3) এবং ব্যাসার্ধ = $\sqrt{2^2 + 3^2 - (-7)} = 2\sqrt{5}$

Ans : D.

পানকৌড়ি

CU: 2017 - 2018 (201)

১১. ফাংশন $f(x) = x^2 + 2$ এবং $g(x) = (x-1)^2$ হলে $(g \circ f)(x)$ হচ্ছে-
- A. $x^4 + 2x^2 + 1$ B. $x^4 - 2x^2 + 1$
C. $x^4 - x^2 + 1$ D. $x^4 - 2x - 3$

 ব্যাখ্যা : $g \circ f(x) = g(f(x))$

$$= g(x^2 + 2) = (x^2 + 2 - 1)^2 = x^4 + 2x^2 + 1$$

Ans : A.

১২. $\frac{\sin A}{1 + \cos A} + \frac{1 - \cos A}{\sin A}$ এর মান হচ্ছে-

- A. $2 \operatorname{cosec} A$ B. $2 \tan \frac{A}{2}$ C. $2 \cot A$ D. $2 \sec A$

$$\text{ব্যাখ্যা: } \frac{\sin A}{1 + \cos A} + \frac{1 - \cos A}{\sin A} = \frac{2 \sin \frac{A}{2} \cos \frac{A}{2}}{2 \cos^2 \frac{A}{2}} + \frac{2 \sin^2 \frac{A}{2}}{2 \sin \frac{A}{2} \cos \frac{A}{2}} \\ = \tan \frac{A}{2} + \tan \frac{A}{2} = 2 \tan \frac{A}{2}$$

Ans : B.

১৩. $3 + 2i$ কোন দ্বিঘাত সমীকরণের একটি মূল হলে সমীকরণটি হচ্ছে-

- A. $x^2 + 6x - 13 = 0$ B. $x^2 + 6x + 9 = 0$
C. $x^2 + 6x + 13 = 0$ D. $x^2 - 6x + 13 = 0$

 ব্যাখ্যা : একটি মূল $3 + 2i$ হলে, অপরটি $3 - 2i$

$$\therefore \text{সমীকরণটি } x^2 - (3 + 2i + 3 - 2i)x + (3 + 2i)(3 - 2i) = 0 \\ \Rightarrow x^2 - 6x + 13 = 0$$

Ans : D.

১৪. $\sqrt[3]{a^4} \sqrt[4]{a^5} \sqrt[5]{a^7}$ এর মান হচ্ছে-

- A. a^3 B. $a^{\frac{13}{4}}$ C. $a^{\frac{15}{4}}$ D. $a^{\frac{11}{4}}$

$$\text{ব্যাখ্যা : } \sqrt[3]{a^4} \sqrt[4]{a^5} \sqrt[5]{a^7} = a^{\frac{4}{3}} \cdot a^{\frac{5}{4}} \cdot a^{\frac{7}{5}} = a^{\frac{45}{12}} = a^{\frac{15}{4}}$$

Ans : C.


১৫. যদি $\cos A = \frac{13}{14}$ হয়, তবে $\tan A$ -এর মান কত?

- A. $\frac{3\sqrt{3}}{14}$ B. $-\frac{3\sqrt{3}}{14}$ C. $\pm \frac{3\sqrt{3}}{14}$ D. $\pm \frac{3\sqrt{3}}{13}$

$$\text{ব্যাখ্যা : } \cos A = \frac{13}{14}$$

$$\therefore \tan A = \pm \frac{3\sqrt{3}}{13}$$

Ans : D.



১৬. $(4, -1)$ বিন্দুগামী এবং $2x + y = 4$ সরলরেখার উপর লম্ব রেখাটির সমীকরণ হচ্ছে-

- A. $x - 2y - 6 = 0$ B. $x + 2y - 6 = 0$
C. $x + 2y + 6 = 0$ D. $x - 2y + 6 = 0$

 ব্যাখ্যা : ধরি, $2x + y = 4$ এর লম্বরেখার সমীকরণ, $x - 2y + k = 0$ রেখাটি $(4, -1)$ বিন্দুগামী হলে, $4 + 2 + k = 0 \therefore k = -6$

$$\therefore \text{রেখাটি } x - 2y - 6 = 0$$

Ans : A.

১৭. $\log_x 1728 = 6$ হলে x এর মান হচ্ছে-

- A. $3\sqrt{2}$ B. $4\sqrt{3}$ C. $3\sqrt{3}$ D. $2\sqrt{3}$

$$\text{ব্যাখ্যা : } \log_x 1728 = 6 \Rightarrow x^6 = 1728 \Rightarrow x^6 = 2^6 \cdot 3^3 \Rightarrow x = 2\sqrt{3}$$

Ans : D.

১৮. $\int f(x) dx = x + e^{2x}$ হলে $f(x)$ কোনটি?

D. did E. doing

ব্যাখ্যা : নিচে Causative verb গুলোর ব্যাখ্যা দেয়া হল

Make :-

• Make এর পরে person or thing যাই থাকুক না কেন Verb এর simple base form বসাতে হবে।

• Infinitive বা ing যুক্ত কোন verb use করা যাবে না।

Exam :- She made the baby take a nap.

George had made his son be quiet in the theater.

Get :- Get+person+ (verb+to infinitive)

Get + thing+ (verb এর past participle form)

Exam :- Marry got her dog to bring her the newspaper.

I want to get the house painted before winter.

Have :- Have+person+ (verb এর base form)

Have+thing+(verb এর past participle form)

Exam :- Mary has had a friend type all of her papers.

We are going to have our car mended

Dr. Karim had his nurse take the operation.

Let :- Let+thing+(verb এর base form)

Let+person+ (verb এর base form)

Exam :- I will not let this machine work.

We are going to let her write the letter.

Help :- Help এর verb এর simple form অথবা infinitive form দুটিই বসতে পারে। Person অথবা Thing এ কোন পরিবর্তন হবে না।

Exam :- Karim helped Rahim wash the car

Karim helped Rahim to wash the car

Causative verb 'Have' এর পর বস্তুবাচক object থাকলে পরবর্তী verb টি simple form হয়।

Ans: B.

উদ্ভিদ বিজ্ঞান- ২৫

১. হ্যাগলেড আবাদ কোনটি?

- ক. জ্রণ আবাদ খ. অঙ্গ আবাদ
গ. ক্যালাস আবাদ ঘ. প্রোটোপ্লাস্ট আবাদ
ঙ. পরাগধানী আবাদ

সঠিক উত্তর : ঙ.

২. কোন উদ্ভিদের পক্ষল সচুড় যৌগ পত্র?

- ক. আম খ. জাম গ. তেঁতুল
ঘ. গোলাপ ঙ. জবা

ব্যাখ্যা : • অচুড় পক্ষল → বাদর লাঠি

• সচুড় পক্ষল → তেঁতুল, কামিনী

• দ্বিপক্ষল → লজ্জাবতী, বাবলা, কৃষ্ণচূড়া

• ত্রিপক্ষল → নিম, সজিনা

সঠিক উত্তর : গ.

৩. সরিষার পুষ্পবিন্যাসের ধরন কি?

- ক. রেসিম খ. স্প্যাডিক্স গ. স্পাইক
ঘ. করিম্ব ঙ. আবেল

ব্যাখ্যা : পুষ্পবিন্যাস বা পুষ্পমঞ্জরী :

রেসিমোস ধরণ	উদাহরণ	সাইমোস ধরণ	উদাহরণ
রেসিম	সরিষা	হাইপেনথোডিয়াম	ডুমুর
স্পাইক	রজনীগন্ধা		
স্পাইকলেট	ধান, গম, ঘাস		
করিম্ব	কালকাসুন্দা		
আবেল	গাজর, ধনিয়া		
ক্যাটকিন	মুন্ডাবুড়ি		
ক্যাপিটেট	লজ্জাবতী, বাবলা		
স্প্যাডিক্স	কলা, নারকেল		
ক্যাপিচুলাম	গাদা, সূর্যমুখী		

সঠিক উত্তর : ক.

৪. সালোকসংশ্লেষণের C_3 ও C_4 উভয় চক্রই কোন উদ্ভিদের পত্র দেখা যায়?

- ক. ধান খ. গম গ. আলু
ঘ. ভুট্টা ঙ. মটর

সঠিক উত্তর : ঘ.

৫. কোনটি ব্যাকটেরিয়া ঘটিত রোগ?

- ক. আমাশয় খ. হু গ. ডেংগু
ঘ. হাম ঙ. ইবোলা রক্তক্ষরণ জ্বর (EHF)

ব্যাখ্যা : ব্যাকটেরিয়া ঘটিত রোগ সমূহ :

- আমাশয় • কলেরা • যক্ষ্মা
• ডিপথেরিয়া • নিউমোনিয়া • ধনুস্টংকার
• টাইফয়েড • হুগিংকাশি • অ্যানথ্রাক্স
• মেনিনজাইটিস • লেপটোসাইটিস • আনডিউলেটেড ফিভার

সঠিক উত্তর : ক.

৬. উদ্ভিদ টিস্যু কালচার-এর প্রবর্তক কে?

- ক. হকার খ. হেবারল্যান্ড গ. রুডল্ফ ভারকো
ঘ. বেভা ঙ. ডারউইন

ব্যাখ্যা : • বায়োটেকনোলজির প্রবর্তক = কার্ল এরেলি

• টিস্যু কালচার এর প্রবর্তক = হেবারল্যান্ড

সঠিক উত্তর : খ.

৭. উদ্ভিদ কোষে সাধারণত কোনটি অনুপস্থিত?

- ক. রাইবোজোম খ. এন্ডোপ্লাজমিক রেটিকুলাম
গ. মাইটোকন্ড্রিয়া ঘ. সেন্ট্রিওল
ঙ. গলজি বডি

ব্যাখ্যা :



সঠিক উত্তর : ঘ.

৮. উদ্ভিদ কোষের বহিরাবরণ হল.....

- ক. টেনোস্প্রস্ট খ. প্লাজমা মেমব্রেন গ. কোষ প্রাচীর
ঘ. পিট প্রাচীর ঙ. কোনোটি নয়


ব্যাখ্যা : উদ্ভিদকোষের বাইরের শক্ত আবরণটি হলো কোষ প্রাচীর। ১৬৬৫ সালে বিজ্ঞানী রবার্ট হুক এটি আবিষ্কার করেন।

সঠিক উত্তর : গ.

৯. অলিগোস্যাকারাইডে থাকে.....

- ক. একটি মনোস্যাকারাইড
খ. ২-১০ টি মনোস্যাকারাইড
গ. ১১-২৯ টি মনোস্যাকারাইড
ঘ. ৩০-এর অধিক মনোস্যাকারাইড
ঙ. অসংখ্য মনোস্যাকারাইড

ব্যাখ্যা :



সঠিক উত্তর : খ.

১০. জবা কোন পরিবারের উদ্ভিদ?

- ক. Fabaceae খ. Poaceae গ. Moraceae
ঘ. Malvaceae ঙ. Solanaceae

ব্যাখ্যা: Malvaceae গোত্রের উদ্ভিদ সমূহ :

- জবা • কেনাফ-মস্তাপাট • ডেডুস
• মেস্তা-পাট • কার্পাস তুলা • স্থল পদ্ম

সঠিক উত্তর : ঘ.

১১. এনজাইম হলো মূলত.....

- ক. প্রোটিন খ. চর্বি গ. শর্করা
ঘ. ভিটামিন ঙ. সবগুলো

ব্যাখ্যা : এনজাইমের বৈশিষ্ট্য :

- ১) এনজাইম হলো প্রোটিন।
- ২) জীবকোষে এনজাইম কলয়েড রূপে অবস্থান করে।
- ৩) কার্যকারী pH দ্বারা নিয়ন্ত্রিত।
- ৪) তাপ প্রবণ
- ৫) খুব অল্প পরিমাণ বিদ্যমান থেকে বিক্রিয়ার হারকে ত্বরান্বিত করে।
- ৬) কার্যকারীতা সুনির্দিষ্ট।
- ৭) কেবলমাত্র বিক্রিয়ার হারকে ত্বরান্বিত করে কিন্তু সাম্যাবস্থার পরিবর্তন ঘটায় না।

সঠিক উত্তর : ক.

১২. কোষের পাওয়ার হাউজ হলো.....

- ক. রাইবোজোম খ. নিউক্লিয়াস গ. কোষ গহ্বর
ঘ. মাইটোকন্ড্রিয়া ঙ. গলজি বডি

ব্যাখ্যা : মাইটোকন্ড্রিয়াকে কোষের "পাওয়ার হাউজ" বা শক্তিশ্বর বলা হয়। কারণ, শ্বসনের ক্রেবস চক্র, ইলেক্ট্রন ট্রান্সপোর্ট সিস্টেমে এই ধাপসমূহ মাইটোকন্ড্রিয়ায় সম্পন্ন হয়ে শক্তি উৎপন্ন করে।

সঠিক উত্তর : ঘ.

১৩. মাশরুম কোন গ্রুপের অন্তর্ভুক্ত?

- ক. শৈবাল খ. ছত্রাক গ. ব্রায়োফাইটা
ঘ. লাইকেন ঙ. ব্যাকটেরিয়া

ব্যাখ্যা : "মাশরুম" এর অপর নাম "Agaricus"। ছত্রাক জাতীয় এই উদ্ভিদ 'ব্যাকের হাতা' নামেও পরিচিত। এরা ভেজা মাটিতে, মাঠে-ময়দানে, গোবর, খড় ইত্যাদি পচনশীল স্থানে জন্মায়।

সঠিক উত্তর : খ.

১৪. টেরিডোফাইটের স্পোর হলো.....

- ক. হ্যাপ্লয়েড খ. ডিপ্লয়েড গ. ট্রিপ্লয়েড
ঘ. টেট্রাপ্লয়েড ঙ. কোনোটিই নয়

ব্যাখ্যা : ক্যাপসিউলের ভেতর থাকে স্পোরোজেনাস টিস্যু। এই টিস্যু হতে স্পোর মাতৃকোষ (2n) তৈরি হয়। মায়োসিস বিভাজনের মাধ্যমে স্পোর মাতৃকোষ হতে হ্যাপ্লয়েড (n) স্পোর তৈরি হয়। একটি স্পোরোজিয়াম হতে ৬৪ টি স্পোর তৈরি হয়।

সঠিক উত্তর : ক.

১৫. এন্ডোস্পোর গঠিত হয়.....

- ক. ডিফিনিট নিউক্লিয়াস থেকে খ. এন্টিপোডাল সেল থেকে
গ. সিনারজিড থেকে ঘ. ডিম্বানু নিউক্লিয়াস থেকে
ঙ. কোনোটিই নয়

ব্যাখ্যা :

নিষেকের আগে	নিষেকের পরে
গর্ভাশয়	ফল
গর্ভাশয় প্রাচীর	ফলত্বক
ডিম্বক	বীজ
ডিম্বক বহিঃত্বক/এন্ডোইন	টেস্ট
ডিম্বক অন্তঃত্বক/ইন্টাইন	টেগমেন
নিউসেলাস/জগপোষক টিস্যু	নিঃশেষ হয়/পেরিস্পার্ম হয়
ডিম্বাণু	জগ
সেকেন্ডারি নিউক্লিয়াস	এন্ডোস্পোর
সিনারজিড ও প্রতিপাদ কোষ	নষ্ট হয়ে যায়
ডিম্বকরন্ধ্র	বীজরন্ধ্র
ডিম্বকনভী	বীজনভী
ক্যালাজা/ডিম্বকমূল	নষ্ট হয় (বীজমূল)

সঠিক উত্তর : ঘ.

পানকৌড়ি

CU:2015 - 2016 (243)

১৬. ক্যাসপারিয়ান ফিতা কোথায় থাকে?

- ক. এপিডার্মিস-এ খ. জাইলেম-এ গ. ফ্লোয়েম-এ
ঘ. পেরিসাইকেল-এ ঙ. এডোডার্মিস-এ

ব্যাখ্যা : অন্তঃত্বক বা Endodermis এর কোষগুলোর ভেতরের প্রাচীর ফিতার ন্যায় লিগনিন ও সুবেরিনের আন্তর দিয়ে বেষ্টিত থাকে। এই আন্তরণকে ক্যাসপেরিয়ান স্ট্রিপ বলে।

সঠিক উত্তর : ঙ.

১৭. পাটের আঁশ উৎপন্ন হয়.....

- ক. পেরিসাইকেল থেকে খ. কর্টেক্স থেকে গ. ফ্লোয়েম থেকে
ঘ. জাইলেম থেকে ঙ. এডোডার্মিস থেকে

ব্যাখ্যা : পাটের আঁশ উৎপন্ন হয় ফ্লোয়েম ফাইবার হতে। যা 'বাস্ট ফাইবার' নামেও পরিচিত।

সঠিক উত্তর : গ.

১৮. কোন কোষাঙ্গাণু ক্রান্তির মেমব্রেন দ্বারা আবৃত?

- ক. ক্রোরোপ্লাস্ট খ. গলজি কমপ্লেক্স গ. লাইসোজোম
ঘ. রাইবোজোম ঙ. পারঅক্সিজোম

ব্যাখ্যা : ক্রোরোপ্লাস্টের গঠন :

- (ক) আবরণী ঝিল্লি : (i) দুইস্তর বিশিষ্ট
(ii) লিপিড ও প্রোটিন দ্বারা গঠিত।
(খ) স্ট্রোমা : (i) পানিগ্রাহী ম্যাট্রিক্স
(ii) এতে ৭০S রাইবোসোম, অসমোফিলিক দানা ও গ্লুকোজ তৈরির এনজাইম থাকে।
(গ) থাইলাকয়েড ও গ্রানাম : (i) সংখ্যা ৪০ - ৬০টি
(ii) আকার ০.৩ - ১.৭μm

- (ঘ) স্ট্রোমা ল্যামেলি
(ঙ) ফটোসিনথেটিক ইউনিট ও ATP synthases

সঠিক উত্তর : ক.

১৯. কোন উদ্ভিদে জাইলেম ভেসেল অনুপস্থিত?

- ক. আম খ. কাঁঠাল গ. বেল
ঘ. সেগুন ঙ. পাইন

ব্যাখ্যা : নগ্নবীজি উদ্ভিদের বৈশিষ্ট্য :

- (১) উদ্ভিদ বহুবর্ষ জীব, স্পোরোফাইটিক, অসমরগু প্রসু।
(২) রেণুপত্র ঘনসজ্জিত হয়ে স্ট্রোবিলাস বা কোন তৈরি করে।
(৩) গর্ভাশয় নেই, তাই ফল হয় না।
(৪) ভিষক নগ্ন অবস্থায় থাকে।
(৫) যিনিষেক ঘটে না (ব্যতিক্রম Ephedra) তাই শীশ হ্যাগ্রয়েড।
(৬) জাইলেমে ভেসেল এবং ফ্লোয়েমে সঙ্গীকোষ অনুপস্থিত।
উদাহরণ : Cycas, Pinus.

সঠিক উত্তর : ঙ.

২০. সেক্সুয়াল কোষ প্রাচীরের কোন উপাদানকে রঞ্জিত করে?

- ক. সেলুলোজ খ. কাইটিন গ. লিগনিন
ঘ. পেকটিন ঙ. কোনটি নয়

সঠিক উত্তর : ক.

২১. গ্রাইকোলাইটিক প্রক্রিয়া কোষের কোথায় ঘটে?

- ক. মাইটোকন্ড্রিয়ার ঝিল্লিতে খ. মাইটোকন্ড্রিয়ার মেট্রিক্সে
গ. সাইটোপ্লাজমে ঘ. গ্রাইঅক্সিজোমে
ঙ. লাইসোজোমে

ব্যাখ্যা : সবাত শ্বসনের ধাপ ৪টি।

- ক) গ্রাইকোলাইসিস : সাইটোপ্লাজমে হয়।
খ) অ্যাস্টিটাইল কো-এ সৃষ্টি : সাইটোপ্লাজমে হয়।
গ) ক্রেবস চক্র : মাইটোকন্ড্রিয়ায় হয়।
ঘ) ETS : মাইটোকন্ড্রিয়ায় হয়।

সঠিক উত্তর : গ.

২২. ক্রসিং ওভার কোষ বিভাজনের কোন পর্যায়ে ঘটে?

- ক. লেন্টোটিন খ. জাইগোটিন গ. প্যাকাইটিন
ঘ. মেটাফেজ ঙ. অ্যানাফেজ

ব্যাখ্যা :

- লেন্টোটিন → i) অল বিয়োজন
ii) অণুবীক্ষণে দৃষ্টিগোচরক্ষম ক্রোমোজোম
জাইগোটিন → i) বাইভ্যালেট সৃষ্টি
ii) হোমোলোগাস ক্রোমোসোমের মধ্যে 'সিনাপসিস'
প্যাকাইটিন → i) সেন্ট্রোমিয়ার ব্যতিত ক্রোমোসোমের বিভক্তি
ii) টেট্রাড সৃষ্টি
iii) নন-সিস্টার ক্রোমোটিতে "ক্যাজমা" সৃষ্টি
iv) 'ক্রসিং ওভার' ঘটে।
ডিপ্রোটিন → i) ক্যাজমার মধ্যবর্তী অংশে 'লুপ' সৃষ্টি হয়।
ii) প্রাণীকরণ হয়।
ডায়াকাইনেসিস → i) ক্রোমোসোমের উপর ধাত্র জমে
ii) নিউক্লিওলাস অদৃশ্য হয়।
iii) নিউক্লিয়ার এনভেলপ এর অবলুপ্তি ঘটে।
iv) প্রাণীকোষের কেন্দ্রে সেন্ট্রিওল মেরুতে পৌছে।

সঠিক উত্তর : গ.

২৩. প্রিনস কি?

- ক. RNA খ. DNA গ. প্রোটিন
ঘ. ডাইরাস ঙ. রোগ সৃষ্টিকারী প্রোটিন

ব্যাখ্যা : প্রিনস:

- শূন্য প্রোটিন আবরণ।
- ডাইরাস অপেক্ষা ১০০ গুণ ছোট।
- প্রাণীর স্নায়ুতন্ত্রে আক্রমণ করে।
- মানুষের কুরু রোগ ও গরুর ম্যাড কাউ রোগের জন্য দায়ী।

সঠিক উত্তর : ঙ.

২৪. অরীয় পরিবহন কলাপে দেখা যায়.....

- ক. কাণ্ডে খ. পত্রের গ. শাখায়
ঘ. মূলে ঙ. পুষ্পদণ্ডে

ব্যাখ্যা :



সঠিক উত্তর : ঘ.

২৫. বাংলাদেশে সংকটাপন্ন উদ্ভিদ প্রজাতি কোনটি?

- ক. তাল খ. খেজুর গ. গোলপাতা
ঘ. সুন্দরী ঙ. সাইলোটাম

সঠিক উত্তর : ঙ.

প্রাণিবিদ্যা-২৫

১. প্রাণমিড কি?

- ক. ক্রোমাটিডের অংশ খ. রৈখিক DNA গ. প্রাথমিক প্রোটিন
ঘ. RNA ঙ. চক্রাকার DNA

ব্যাখ্যা : প্রাণমিড : ক্রোমোসোম বহির্ভূত বৃত্তাকার DNA

• Laderberg ১৯৫২ সালে E-coli ব্যাকটেরিয়ার সর্বপ্রথম প্রাণমিড আবিষ্কার করেন।

- সংখ্যা : ১ - ১০০০ পর্যন্ত
- স্বাধীনভাবে অনুলিখনক্ষম
- জৈব প্রযুক্তির মৌলিক হাতিয়ার।

সঠিক উত্তর : ঙ.

২. জেলিফিস কোন গ্রুপের প্রাণী?

- ক. Hydrozoa খ. Scyphozoa গ. Anthozoa
ঘ. Siphonophora ঙ. Alcyonaria

ব্যাখ্যা : Cnidaria পর্বে মোট ৪টি শ্রেণী দেখা যায় :

- (i) Hydrozoa : *Hydra viridis* (হাইড্রা)
- (ii) Scyphozoa : *Aurelia aurita* (জেলী ফিশ)
- (iii) Cubozoa : *Carybdea alata*
- (iv) Anthozoa : *Pennatula aculeata* (সমুদ্র পালক)

সঠিক উত্তর : খ.

৩. সাধারণ কৈচো কোন order ভুক্ত?

- ক. Plesiopora খ. Prosopora গ. Opisthopora
ঘ. Errantia ঙ. Sedentaria

ব্যাখ্যা : সাধারণত কৈচো Haplotaxida অর্ডারভুক্ত।

সঠিক উত্তর : নাই.

৪. পতঙ্গের পায়ে Coxa এর পরে কোন অংশ?

- ক. Claw খ. Arolium গ. Trochanter
ঘ. Tibia ঙ. Femur

ব্যাখ্যা : পতঙ্গের পায়ের অংশসমূহ যথাক্রমে :

- কব্জা (তিনকোণা)
- ট্রোক্যান্টার (ত্রিভুজাকার)
- ফিমার (নলাকার)
- টিবিয়া (সর)
- টার্সাস ও টার্সোমেয়ার

সঠিক উত্তর : গ.

৫. সাবফেমেলি নামের (Subfamily name) শেষ অংশ.....

- ক. ---idae খ. ---formes গ. ---zoa
ঘ. ---idea ঙ. ---inae

ব্যাখ্যা : Subfamily নামের শেষ অংশে 'inae' থাকে।

সঠিক উত্তর : ঙ.

৬. নিচের কোনটি prokaryotic কোষের বৈশিষ্ট্য অথবা উদাহরণ নয়?

- ক. আকার ১-১০ nm
খ. ক্রোমাটিনে DNA অথবা RNA থাকে
গ. মাইটোসিস কোষ বিভাজন হয় না
ঘ. মাইটোকন্ড্রিয়া উপস্থিত
ঙ. ব্যাকটেরিয়া

ব্যাখ্যা : প্রোক্যারিওটিক কোষের বৈশিষ্ট্য-

- i) আকৃতি : $1 - 10 \mu m$
 - ii) সুনির্দিষ্ট নিউক্লিয়াস নেই।
 - iii) DNA বিদ্যমান।
 - iv) রাইবোসোম ছাড়া অন্য কোন অঙ্গানু নেই।
 - v) জেনমোসোম, প্লাসিডি প্রকৃতির।
 - vi) অ্যামাইটোসিস প্রক্রিয়ায় কোষ বিভাজন হয়।
- উদাহরণ : ব্যাকটেরিয়া

সঠিক উত্তর : ঘ.

৭. কোন ফেজ এ ইকুয়েটরিয়াল প্লেইট দেখা যায়?

- ক. প্রোফেজ গ. মেটাফেজ ঙ. এনাফেজ
ঘ. টেলোফেজ ঙ. ইটারফেজ

ব্যাখ্যা : প্রোফেজের শেষ পর্যায়ে উদ্ভিদকোষে কতগুলো তন্ত্রময় প্রোটিনের সমন্বয়ে দু'মেরুযুক্ত সিপডল যন্ত্রের সৃষ্টি হয় যার মধ্যবর্তী স্থানকে ইকুয়েটর বলে এবং মেটাফেজ ধাপে এসে এই ইকুয়েটরিয়াল প্লেট স্পষ্ট হয়।

সঠিক উত্তর : D.

৮. মেডেলের গবেষণা কর্ম প্রথম প্রকাশিত হয়েছিল.....

- ক. ১৮৩৩ সালে খ. ১৮৫৫ সালে গ. ১৮৬৬ সালে
ঘ. ১৮৯৯ সালে ঙ. ১৯৬৬ সালে

ব্যাখ্যা : অস্ট্রিয়ান ধর্মযাজক ফ্রেগর জোহান মেডেল সর্বপ্রথম ১৮৫৭ সালে ৩৪ প্রকার মটরগর্ত সংগ্রহ করে গির্জা সংলগ্ন বাগানে পরীক্ষা শুরু করেন। ১৮৬৫ সালে তাঁর সমস্ত কাগজপত্র ব্রুন ন্যাচারাল হিস্ট্রি সোসাইটিতে জমা দেন।

সঠিক উত্তর : গ.

৯. কোনটি যোজক কলা?

- ক. রক্ত খ. পেশী গ. স্নায়ুকলা
ঘ. তুকের মালপিজিয়ান স্তর ঙ. এন্টোডার্ম

ব্যাখ্যা :




সঠিক উত্তর : ক.

১০. কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের অংশ নয়.....

- ক. সেরিব্রাম খ. সেরিবেলাম গ. স্নায়ু রজ্জু
ঘ. করোটিক স্নায়ু ঙ. অপটিক লোব

ব্যাখ্যা :



সঠিক উত্তর : ঘ.

পানকৌড়ি

CU:2015 - 2016 (245)

১১. কোথায় হ্যাভারসিয়ান ক্যানাল পাওয়া যায়?

- ক. অস্থিতে খ. কার্টিলেজ এ গ. রক্তকোষে
ঘ. মাংসপেশীতে ঙ. স্নায়ুকোষে

ব্যাখ্যা: নিরেট অস্থির ম্যাট্রিক কতগুলো স্তরে (৫-১০টি) সাজানো যা ল্যামেলি নামে পরিচিত। ল্যামেলি একটি সুস্পষ্ট নালীর চারদিকে বিন্যস্ত। কেন্দ্রীয় এ নালীকে হ্যাভারসিয়ান নালী বলে। প্রত্যেক ল্যামেলায় ল্যাকুনা নামে কতগুলো ক্ষুদ্র গহ্বর পাওয়া যায়।

সঠিক উত্তর : ক.

১২. রক্ত জমাট বাঁধায় সাহায্য করে কোন রক্ত কণিকা?

- ক. এরিথ্রোসাইট খ. লিউকোসাইট গ. লিম্ফোসাইট
ঘ. মনোসাইট ঙ. প্লাটিলেটস

ব্যাখ্যা: অনুচক্রিকার কাজ-

- রক্ত জমাট বাঁধা।
- হিমোস্ট্যাটিক প্রাণ গঠন করে রক্তক্ষরণ বন্ধ করা।
- সেরাটোনি উৎপন্ন করা।
- ফ্যাগোসাইটোসিস পদ্ধতিতে কার্বন কণা, ইমিউন কমপ্লেক্স ও ভাইরাস ডাক্তার করা।

সঠিক উত্তর : ঙ.

১৩. Transcription কোথায় সংঘটিত হয়?

- ক. নিউক্লিয়াস খ. সাইটোপ্লাজমে গ. রাইবোজোম
ঘ. mRNA ঙ. গলজি বডি

ব্যাখ্যা : রেপ্লিকেশন : DNA → DNA

ট্রান্সক্রিপশন : DNA → mRNA (নিউক্লিয়াসে হয়)

ট্রান্সলেশন : RNA → প্রোটিন (সাইটোপ্লাজমে)

সঠিক উত্তর : ক.

১৪. মানুষের দেহ কোষে ক্রোমোসোমের স্বাভাবিক সংখ্যা কত?

- ক. ৪২ খ. ৪৪ গ. ৪৬
ঘ. ৫৫ ঙ. ৬৪

ব্যাখ্যা : মানুষের দেহকোষে ৪৬টি বা ২৩ জোড়া ক্রোমোসোম বিদ্যমান। যার মধ্যে ২২ জোড়া অটোসোম আর ১ জোড়া সেক্স ক্রোমোসোম।

সঠিক উত্তর : গ.

১৫. নিচের কোনটি Sex linked inheritance?

- ক. বর্ণান্ধতা খ. এইডস গ. ব্লাড ক্যান্সার
ঘ. যৌন বাহিত রোগ ঙ. ডায়াবেটিস

ব্যাখ্যা : Sex linked inheritance সমূহ :

- বর্ণান্ধতা
- হিমোফিলিয়া
- এস্টেডার্মাল ডিসপ্রেজিয়া
- স্প্যাডটিক প্যারাপেলজিয়া
- রাতকানা
- অপটিক অ্যাট্রফি
- জুভেনাইল গ্লুকোমা
- হোয়াইট ফোরলক
- মায়োপিয়া
- মাসকুলার ডিসট্রফি

সঠিক উত্তর : ক.

১৬. ম্যান্টল কার বৈশিষ্ট্য?

- ক. শামুক খ. তারা মাছ গ. প্রবাল
ঘ. কেঁচো ঙ. জেলিফিশ

ব্যাখ্যা : Mollusca পর্বের প্রাণীর পৃষ্ঠীয় দেহপ্রাচীর 'ম্যান্টল' নামক একজোড়া ভাঁজের সৃষ্টি করে, যা ম্যান্টল গহ্বরকে ঘিরে রাখে।

উদাহরণ : শামুক, ঝিনুক।

সঠিক উত্তর : ক.

১৭. কোন বৈশিষ্ট্যটি পাখিদের দেহ হালকা করে?

- ক. পাখা খ. পালক গ. ঠোঁট
ঘ. বায়ু কূটুরিযুক্ত অস্থি ঙ. গিজার্ড

ব্যাখ্যা : 'Aves' শ্রেণীর বৈশিষ্ট্য :

- দেহ পালকে আবৃত।
- অগ্রপদ ডানায় রূপান্তরিত হয়।
- বায়ুকূটুরিযুক্ত অস্থি থাকে ফলে দেহ হালকা হয়।
- চোয়াল দন্তহীন চঞ্চুতে পরিণত হয়।

সঠিক উত্তর : ঘ.

১৮. Plasmodium vivax এর জীবনচক্রে Schizont থেকে কি দশা হয়?

- ক. Merozoite খ. Sporozoite গ. Oocyte
ঘ. Oocyst ঙ. Ookinete

ব্যাখ্যা : Plasmodium vivax এর জীবনচক্র :

Trophozoite → signet ring → Anaeboid trophozoite
→ schizont → Merozoite → Gametocyte.

সঠিক উত্তর : ক.

১৯. ট্রিপসিনোজেনকে সক্রিয় করে.....

- ক. HCl খ. পেপসিন
গ. এন্টেরোকাইনেজ ঘ. ইরাপসিন
ঙ. ট্রিপসিনোঅ্যাকটিভেজ

ব্যাখ্যা : ট্রিপসিনোজেন একটি অপ্রাথমিক নিষ্ক্রিয় এনজাইম যা এন্টেরোকাইনেজ এনজাইমের উপস্থিতিতে সক্রিয় হয়।

সঠিক উত্তর : গ.

২০. কোনটি অভ্যন্তরীণ গ্রন্থি থেকে নিঃসৃত হয়?

- ক. এমাইলেজ খ. টায়ালিন গ. পেপসিন
ঘ. গ্যাস্ট্রিন ঙ. মিউসিন

ব্যাখ্যা : • এনজাইম : বহিঃক্ষরা গ্রন্থি নিঃসৃত রস।

উদাহরণ : এমাইলেজ, টায়ালিন, পেপসিন।

• হরমোন : অভ্যন্তরীণ গ্রন্থি নিঃসৃত রস।

উদাহরণ : গ্যাস্ট্রিন

সঠিক উত্তর : ঘ.

২১. মানুষের হৃদযন্ত্রের কোন অংশে কেবলমাত্র অক্সিজেন যুক্ত রক্ত থাকে?

- ক. উপরের অংশে খ. নিচের অংশে গ. বাম অংশে
ঘ. ডান অংশে ঙ. সাইনাস ভেনোসাস-এ

ব্যাখ্যা : মানুষের হৃদপিণ্ডের ডান অ্যাট্রিয়াম ও ডান ভেন্ট্রিকল CO₂ সমৃদ্ধ রক্ত এবং বাম অ্যাট্রিয়াম ও বাম ভেন্ট্রিকলে O₂ সমৃদ্ধ রক্ত থাকে।

সঠিক উত্তর : গ.

২২. অ্যালার্জি প্রতিরোধ করে কোনটি?

- ক. নিউট্রোফিল খ. লিম্ফোসাইট
গ. লোহিত রক্ত কণিকা ঘ. ইওসিনোফিল
ঙ. অনুচক্রিকা

ব্যাখ্যা: খেতরজ কণিকার কাজ :

মনোসাইট + নিউট্রোফিল : ফ্যাগোসাইটোসিস

লিম্ফোসাইট : অ্যান্টিবডি তৈরি।

দানাদার লিউকোসাইট : হিস্টামিন তৈরি।

ইউসিনোফিল : কৃমির লার্ভা ও অ্যালার্জিক অ্যান্টিবডি ধ্বংস করে।

সঠিক উত্তর : ঘ.

পানশেডি

CU:2015 - 2016 (246)

২৩. চোখের কোন ধরনের কোষ রত্ন বস্ত্র দেখতে সাহায্য করে?

- ক. রড কোষ খ. কোন কোষ গ. রড কোষ ও কোন কোষ
ঘ. কর্ণিয়া কোষ ঙ. আইরিস কোষ

ব্যাখ্যা : রেটিনায় দুই ধরনের কোষ বিদ্যমান:

(i) রড কোষ, (ii) কোণ কোষ।

বিষয়	রড কোষ	কোণ কোষ
সংখ্যা	১২ কোটি ৫০ লক্ষ	৭০ লক্ষ
প্রোটিন	রোডপসিন	আয়োডপসিন
কাজ	অনুজ্ঞা আলোতে দর্শন উপযোগী	রত্ন বস্ত্র দর্শনে সহায়তা করে।

সঠিক উত্তর : খ.

২৪. আমাজন বন কোন অঞ্চল ভুক্ত?

- ক. Neotropical খ. Ethiopian গ. Oriental
ঘ. Palaearctic ঙ. Nearctic

ব্যাখ্যা : প্রাণিভৌগিক অঞ্চলসমূহ:

উপনাম / বৈশিষ্ট্য	প্রাণিভৌগিক অঞ্চল	অন্তর্ভুক্ত এলাকা
বৃহত্তম প্রাণিভৌগিক অঞ্চল	প্যালিআর্কটিক	ইউরোপ, উত্তর আফ্রিকা ও এশিয়া
এখানে কোন এন্ডেমিক পাখি নেই	নিআর্কটিক অঞ্চল	উত্তর আমেরিকার অধিকাংশ, গ্রীণল্যান্ড ও আইসল্যান্ড
পাখিদের মহাদেশ	নিওট্রপিক্যাল	সমগ্র দক্ষিণ আমেরিকা এবং অধিকাংশ মধ্য আমেরিকা
আমাজন অঞ্চল	ইথিওপিয়ান অঞ্চল	সাহারার দক্ষিণমুখী আফ্রিকা এবং সংলগ্ন মাদাগাস্কার দ্বীপ
• দিন-রাত্রি সমান • বৃহত্তম ম্যানগ্রোভ	ওরিয়েন্টাল অঞ্চল	বুটান, ইন্ডিয়া, আফগানিস্তান, নেপাল, শ্রীলংকা, মায়ানমার, থাইল্যান্ড, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ফিলিপিন্স, তাইওয়ান, ইন্দোনেশিয়া
• ক্যাস্পিয়ান দেশ • জীবন্ত জীবাশ্ম পাওয়া যায়	অস্ট্রেলিয়ান অঞ্চল	অস্ট্রেলিয়া, ভাস্কোনিয়া, নিউজিল্যান্ড, নিউগিনি এবং ইন্দোনেশিয়ার পূর্বাংশের দ্বীপগুলো

সঠিক উত্তর : ক.

২৫. উটপাখি কোন মহাদেশে পাওয়া যায়?

- ক. অস্ট্রেলিয়া খ. আফ্রিকা গ. এশিয়া
ঘ. এন্টার্কটিকা ঙ. আমেরিকা

ব্যাখ্যা: আফ্রিকা মহাদেশের উল্লেখযোগ্য প্রাণী সমূহ: গরিলা, শিম্পানজী, লেমুর, হাতি, উটপাখি, গভার, জেব্রা, জলহুঁটী, বাজ, শকুন, সারস, ক্যাটফিশ, লাথকিস।

সঠিক উত্তর : খ.

!!! বের হয়েছে !!!

পানশেডি

শতভাগ ব্যাখ্যা সম্বলিত অধ্যয়নভিত্তিক একমাত্র প্রশ্নব্যাংক

♦ গুচ্ছ ভর্তি পরীক্ষা

(বিজ্ঞান - A Unit, মানবিক - B Unit, বাণিজ্য - C Unit)

♦ সমন্বিত কৃষি বিশ্ববিদ্যালয়

রসায়ন- ২৫

 ১. 10% মাত্রার Na_2CO_3 এর দ্রবণের ঘনমাত্রা-

- ক. 0.9 M খ. 0.95 M গ. 0.94 M
ঘ. 0.10 M ঙ. 1.0 M

$$\text{ব্যাখ্যা : } S = \frac{\% \times 10}{M} = \frac{10 \times 10}{106} = 0.94M$$

সঠিক উত্তর : গ.

২. কাগজের মূল উপাদান-

- ক. লিগনিন খ. সেলুলোজ গ. শর্করা
ঘ. আমিষ ঙ. শর্করা ও আমিষের মিশ্রণ

 ব্যাখ্যা: পাল্প হল কাগজ তৈরির মূল উপাদান। পাল্পের মূল রাসায়নিক উপাদান হল সেলুলোজ। সেলুলোজ হল β - D গ্লুকোজের সরল শিকল পলিমার। পাল্প দুই প্রকার। যথা (i) যান্ত্রিক পাল্প (ii) রাসায়নিক পাল্প
সঠিক উত্তর : খ.


৩. সাবানের রাসায়নিক নাম-

- ক. ট্রাই অ্যাসাইল গ্লিসারল খ. গ্লিসারিন
গ. ফ্যাটি এসিডের সোডিয়াম লবন ঘ. কস্টিক সোডা
ঙ. কস্টিক পটাশ

 ব্যাখ্যা : সাবান হচ্ছে উচ্চতর ফ্যাটি এসিডের সোডিয়াম বা পটাশিয়াম লবন।
সঠিক উত্তর : গ.

৪. কোনটি টারশিয়ারি অ্যামিনের উদাহরণ?

- ক. N, N ডাই মিথাইল অ্যামিন
খ. N মিথাইল অ্যানিলিন
গ. 2- অ্যামিনো প্রোপেন
ঘ. টেট্রা মিথাইল অ্যামোনিয়াম ক্লোরাইড
ঙ. অ্যামিনো বেনজিন

 ব্যাখ্যা : টারশিয়ারি (3°) অ্যামিনে নাইট্রোজেনের সাথে 3টি জৈব প্রতিস্থাপক থাকে।


Ans : Blank.

৫. COD পানির-

- ক. দূষণের পরিমাপক খ. বিস্কৃততার পরিমাপক
গ. BOD এর পরিপূরক ঘ. উপরের সবকটি
ঙ. কোনটিই নয়

 ব্যাখ্যা : পানির নমুনায় পচনশীল ও অপচনশীল সব ধরনের দূষক পদার্থ দূর করতে প্রয়োজনীয় অক্সিজেনকে COD বলে। একে mg/L দ্বারা প্রকাশ করা হয়। COD এর মান BOD এর থেকে বেশী হয়। COD পানিতে উপস্থিত দূষণের মাত্রা তথা বিস্কৃততার পরিমাপক।
সঠিক উত্তর : খ.

পানকোর্ডি

CU:2015 - 2016 (247)

৬. 100 ml 0.075 M দ্রবণ তৈরিতে কি পরিমাণ Na_2CO_3 প্রয়োজন?
ক. 10.60g খ. 1.59g গ. 0.80 g
ঘ. 2.18 g ঙ. 0.53 g

$$\text{ব্যাখ্যা: } S = \frac{1000W}{MV} \Rightarrow W = \frac{SMV}{1000} = \frac{0.075 \times 106 \times 100}{1000} = 0.80 \text{ g}$$

সঠিক উত্তর : গ.

৭. কোনটি আলোক সক্রিয় যৌগ?
ক. বেনজয়িক এসিড খ. ল্যাকটিক এসিড গ. ফরমিক এসিড
ঘ. সালফিউরিক এসিড ঙ. অ্যাসিটিক এসিড

ব্যাখ্যা : ল্যাকটিক এসিড আলোক সক্রিয় কারণ এতে কাইরাল কার্বন আছে।
সঠিক উত্তর : খ.

৮. নিচের কোনটি আবশ্যিক অ্যামাইনো এসিড নয়?
ক. ভ্যালিন খ. আরজিনিন গ. হিসটিডিন ঘ. গ্লুটামিন ঙ. লিওসিন

ব্যাখ্যা : এসেনসিয়াল বা আবশ্যিক অ্যামাইনো এসিডসমূহ হল:
(বন্ধনীর মধ্যে নামের প্রতীক):

- | | |
|-----------------------|----------------------------|
| ১. ভ্যালিন (val) | ২. লিওসিন (leu) |
| ৩. আইসো লিউসিন (ileu) | ৪. ফিনাইল এলানিন (phe) |
| ৫. লাইসিন (lys) | ৬. থ্রিয়োনিন (thr) |
| ৭. মিথিয়োনিন (met) | ৮. ট্রিপটোফেন (try বা trp) |
| ৯. আরজিনিন (arg) | ১০. হিসটিডিন (his) |

• নন-এসেনসিয়াল বা অনাবশ্যিক অ্যামাইনো এসিডসমূহ হল:
(বন্ধনীর মধ্যে নামের প্রতীক):

- | | |
|------------------------|--------------------------|
| ১. গ্লাইসিন (gly) | ২. এলানিন (ala) |
| ৩. টাইরোসিন (tyr) | ৪. সিরিন (Ser) |
| ৫. প্রোলিন (pro) | ৬. এসপারাজিন (asn) |
| ৭. সিস্টিন (cys) | ৮. গ্লুটামিন (gln) |
| ৯. এসপারটিক এসিড (asp) | ১০. গ্লুটামিক এসিড (glu) |

সঠিক উত্তর : ঘ.

৯. 5.0 g পানিতে অক্সিজেনের পরমাণুর সংখ্যা কত?
ক. 1.88×10^{23} খ. 6.023×10^{23} গ. 1.673×10^{23}
ঘ. 3.346×10^{23} ঙ. 6.532×10^{23}

ব্যাখ্যা : 18g পানিতে অক্সিজেন পরমাণু আছে 6.023×10^{23} টি

$$\therefore 5 \text{ g পানিতে অক্সিজেন পরমাণু আছে} = \frac{6.023 \times 10^{23} \times 5}{18} = 1.673 \times 10^{23} \text{ টি}$$

সঠিক উত্তর : গ.

১০. বেনজিন অণুর পরমাণু কোন ধরনের সংকরিত?
ক. sp সংকরিত খ. sp^2 সংকরিত গ. sp^3 সংকরিত
ঘ. অসংকরিত ঙ. কোনটিই নয়

সঠিক উত্তর : খ.

১১. নিচের কোন ঘন এসিডের মিশ্রণটি রাজ-অম্ল?
ক. $\text{H}_2\text{PO}_4 + \text{H}_2\text{SO}_4$ খ. $3\text{HNO}_3 + \text{HCl}$
গ. $3\text{HCl} + \text{HNO}_3$ ঘ. $3\text{HNO}_3 + \text{H}_2\text{SO}_4$
ঙ. $\text{H}_2\text{SO}_4 + 2\text{HNO}_3$

ব্যাখ্যা: এক মোল গাঢ় নাইট্রিক এসিড (HNO_3) ও তিন মোল গাঢ় হাইড্রোক্লোরিক এসিডের আনুপাতিক মিশ্রণকে রাজ-অম্ল বা অ্যাকোয়া রেজিয়া বলে। এই অনুপাতের এসিড মিশ্রণ অভিজাত ধাতুকে (গোল্ড, প্রাটিনাম, ইরিডিয়াম প্রভৃতি) দ্রবীভূত করতে পারে।

সঠিক উত্তর : গ.

১২. নিউক্লিক এসিড নিচের কোন যৌগের পলিমার?
ক. α - অ্যামাইনো এসিড খ. নিউক্লিওটাইড গ. নিউক্লিওসাইড
ঘ. α -D গ্লুকোজ ঙ. ফ্যাটি এসিড

সঠিক উত্তর : খ.

১৩. পেট্রোলে অ্যাক্টিনক হিসাবে যোগ করা হয় নিচের কোন যৌগটি?
ক. SnCl_4 খ. $(\text{C}_2\text{H}_5)_4\text{Pb}$ গ. AlCl_3
ঘ. PbCl_4 ঙ. FeCl_3

ব্যাখ্যা : পেট্রোলের অক্টিনক হিসেবে ট্রেটো ইথাইল লেড, ট্রেটো মিথাইল লেড, আয়রন পেণ্টা কার্বনিল $\text{Fe}(\text{CO})_5$ বা টলুইন মেশানো হয়।
সঠিক উত্তর : খ.

১৪. লিবিগ মেথড ব্যবহৃত হয় নিচের কোনটির সনাক্তকরণে?
ক. Nitrogen খ. Carbon and hydrogen
গ. Sulfur ঘ. Chlorine ঙ. Bromine

ব্যাখ্যা : কার্বন ও হাইড্রোজেন সনাক্তকরণে লিবিগ পীতক মেথড ব্যবহার করা হয়।
সঠিক উত্তর : খ.

১৫. মিথেনের ক্লোরিনেশন বিক্রিয়াটি কোন ধরনের?
ক. অপসারণ বিক্রিয়া খ. প্রতিস্থাপন বিক্রিয়া
গ. সংযোজন বিক্রিয়া ঘ. জারণ বিক্রিয়া
ঙ. বিজারণ বিক্রিয়া

ব্যাখ্যা : মিথেনের ক্লোরিনেশন একটি প্রতিস্থাপন বিক্রিয়া।
সঠিক উত্তর : খ.

১৬. নিচের কোন যৌগটি সব চেয়ে কম অম্লধর্মী?
ক. O-Nitrophenol খ. m-Nitrophenol
গ. p-Nitrophenol ঘ. Phenol
ঙ. 2, 4- Dinitrophenol

সঠিক উত্তর : ঘ.


১৭. লোহাকে মরিচার হাত হতে রক্ষা করার জন্য কোন ধাতুর প্রলেপ দেওয়া হয়?
ক. Zn খ. Ti গ. Pb
ঘ. Hg ঙ. Au

ব্যাখ্যা: লোহার উপর জিকের প্রলেপ দিয়ে লোহার সৃষ্ট ক্ষয়কারী মরিচাকে প্রতিরোধ করা যায়।

সঠিক উত্তর : A.

১৮. নিচের কোন বিক্রিয়ায় কার্বক্সিলিক এসিড তৈরি হয়?
ক. এলডল বিক্রিয়া খ. হফম্যান ডিগ্রেশন বিক্রিয়া
গ. ক্যানিজারো বিক্রিয়া ঘ. ফ্রিডেল ক্রাফট বিক্রিয়া
ঙ. রাইমার-টাইম্যান বিক্রিয়া

ব্যাখ্যা: ক্যানিজারো বিক্রিয়ায় গাঢ় NaOH এর উপস্থিতিতে α -হাইড্রোজেন বিহীন অ্যালডিহাইডের যুগপৎ জারণ-বিজারণ ক্রিয়ার ফলে কার্বক্সিলিক এসিডের সোডিয়াম লবণ ও অ্যালকোহল উৎপন্ন হয়।



সঠিক উত্তর : গ.



@AdmissionStuffs


পানফোড়ি

CU:2015-2016 (248)

 ১৯. ফেনলে কয়টি π ইলেকট্রন আছে?

- ক. ১০ টি খ. ৬ টি গ. ৮ টি
ঘ. ৫ টি ঙ. ৮ টি

ব্যাখ্যা :



ফেনলে হাকেল নীতি অনুসারে ৬ টি π ইলেকট্রন আছে।
সঠিক উত্তর : খ.

 ২০. $^{56}_{26}\text{Fe}^{2+}$, $^{52}_{24}\text{Cr}$, $^{59}_{27}\text{Co}^{3+}$ এর মধ্যে রয়েছে-

- i) সমান সংখ্যক ইলেকট্রন
ii) একই ইলেকট্রন বিন্যাস
iii) ভিন্ন প্রোটন সংখ্যা
নিচের কোনটি সঠিক?

- ক. i খ. ii গ. i, ii
ঘ. iii ঙ. i, ii ও iii



ব্যাখ্যা : $^{56}_{26}\text{Fe}^{2+}$, $^{52}_{24}\text{Cr}$, $^{59}_{27}\text{Co}^{3+}$ এদের প্রত্যেকটিতে ২৪ টি ইলেকট্রন আছে; এদের ইলেকট্রন বিন্যাস একই ও ভিন্ন প্রোটন সংখ্যা।
সঠিক উত্তর : ঙ.

২১. দ্রবণে আয়নগুলোর ঘনমাত্রার গুণফল যদি-

- i) দ্রাব্যতার গুণফলের সমান হয়, তবে দ্রবণটি সম্পৃক্ত
ii) দ্রাব্যতার গুণফলের কম, তবে দ্রবণটি অতিপৃক্ত
iii) দ্রাব্যতার গুণফলের বেশী হয়, দ্রব অধঃক্ষিপ্ত হবে
নিচের কোনটি সঠিক?

- ক. i, ii খ. i, iii গ. ii, iii
ঘ. i, ii ও iii ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা : দ্রবণে আয়নগুলোর ঘনমাত্রার গুণফল যদি :


- (i) দ্রাব্যতা গুণফলের চেয়ে কম হলে দ্রবণটি অসম্পৃক্ত হবে।
(ii) দ্রাব্যতা গুণফলের সমান হলে দ্রবণটি সম্পৃক্ত হবে।
(iii) দ্রাব্যতা গুণফলের বেশী হলে পদার্থটি অধঃক্ষিপ্ত হবে।

সঠিক উত্তর : খ.

২২. ইলেকট্রন আসক্তির সঠিক ক্রম-

- ক. $\text{F} > \text{Cl} > \text{Br} > \text{I}$ খ. $\text{Cl} > \text{F} > \text{Br} > \text{I}$
গ. $\text{F} > \text{Cl} > \text{I} > \text{Br}$ ঘ. $\text{I} > \text{Br} > \text{Cl} > \text{F}$
ঙ. $\text{Br} > \text{I} > \text{F} > \text{Cl}$

ব্যাখ্যা : পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে পরমাণুর আকার বাড়ে তাই ইলেকট্রন আসক্তি কমে। কিন্তু হ্যালোজেনের ক্ষেত্রে ফ্লুরিনের আকার ছোট বলে ইলেকট্রন সমূহের বিকর্ষণ বেশী হয়। তাই ইলেকট্রন আসক্তি কম হয়।



সঠিক উত্তর : খ.

!!! বের হয়েছে !!!

পানফোড়ি

শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক

- | | |
|---------------------|--------------------|
| ◆ ঢাবি (সকল ইউনিট) | ◆ জাবি (সকল ইউনিট) |
| ◆ চবি (সকল ইউনিট) | ◆ রাবি (সকল ইউনিট) |
| ◆ গুচ্ছ (সকল ইউনিট) | ◆ সমন্বিত কৃষি |

 ২৩. ০.১ M ১০০ মি.লি মিথানোয়িক এসিড দ্রবণে ১.২৫ গ্রাম সোডিয়াম মিথানোয়েট যোগ করে বাফার দ্রবণ তৈরি করা হলো ($K_a = 1.8 \times 10^{-4}$), উক্ত বাফার দ্রবণের pH কত?

- ক. ৩.৮৭৫ খ. ৪.০০২৫ গ. ৪.০০৯১
ঘ. ৪.০৪৪২ ঙ. কোনটিই নয়

 ব্যাখ্যা : $\text{pH} = \text{pK}_a + \log \frac{[\text{লবণ}]}{[\text{অম্ল}]}$

$$= -\log (1.8 \times 10^{-4}) + \log \frac{1.25}{0.1 \times 100} = 3.745 + \log \frac{68}{1000} = 4.0091$$

সঠিক উত্তর : গ.

২৪. ভিনেগার সম্পর্কে নিচের কোনটি সত্য নয়?

- ক. ইথানোয়িক এসিডের ৬ – ১০% জলীয় দ্রবণ
খ. খাবার ও দেহের pH এর সমতা বজায় রাখে
গ. খাবারের ব্যাকটেরিয়া ধ্বংসের জন্য যথেষ্ট
ঘ. খাদ্য প্রকৃয়াজাত করণের জন্য বাষ্পায়িত হয় না
ঙ. কৃত্রিম বা রাসায়নিক ফুড প্রিজারভেটিব

ব্যাখ্যা : ভিনেগার :

- (i) ইথানোয়িক এসিডের ৬ – ১০% জলীয় দ্রবণ।
(ii) খাবার ও দেহের pH সমতা বজায় রাখে।
(iii) pH এর মান প্রায় ২.৪ হয় যা ব্যাকটেরিয়া ধ্বংস করে।
(iv) সহজে বাষ্পায়িত হয় না।
(v) খাদ্যের পানির সাথে সহজে মিশে যায়।
(vi) ভিনেগার প্রাকৃতিক খাদ্য সংরক্ষক।

সঠিক উত্তর : ঙ.

২৫. আর্সেনিক বিষক্রিয়ার কারণ-

- ক. ATP উৎপাদনে বাধা দেয়া
খ. শ্বাস প্রশ্বাসে বাধা দেয়া
গ. O_2 সরবরাহে বাধা দেয়া
ঘ. CO_2 পরিবহনে বাধা দেয়া
ঙ. উপরের সবকটি

ব্যাখ্যা : As এর বিষক্রিয়ার কারণ :

- (i) প্রোটিনকে জমাট বাধায়।
(ii) কো-এনজাইমের সাথে জটিল যৌগ গঠন করে।
(iii) ATP উৎপাদন হ্রাস করে।
(iv) AsH_3 লিগ্যান্ড গঠন করে রক্তে O_2 বহন হ্রাস করে।
(v) CO_2 পরিবহনে বাধা দেয়।
(vi) শ্বাস-প্রশ্বাসে বাধা দেয়।

সঠিক উত্তর : ঙ.

গণিত- ২৫

 ১. $y = \log \sin x^2$ হলে $\frac{dy}{dx} =$ কত?

- ক. $\frac{1}{\sin x^2}$ খ. $\frac{1}{\cos x^2}$ গ. $2x \cot x^2$
 ঘ. $2x \cot x$ ঙ. $e^{\sin x^2}$

 ব্যাখ্যা : $y = \log \sin x^2$

$$\Rightarrow \frac{dy}{dx} = \frac{1}{\sin x^2} \cdot \cos x^2 \cdot 2x = 2x \cot x^2$$

সঠিক উত্তর : গ.

 ২. $\int_{-2}^2 \frac{dx}{x^2 + 4} = ?$

- ক. $\tan \frac{x}{2}$ খ. $\frac{\pi}{4}$ গ. 2π
 ঘ. 0 ঙ. নির্ণয়যোগ্য নহে

$$\begin{aligned} \text{ব্যাখ্যা : } \int_{-2}^2 \frac{dx}{x^2 + 4} &= \int_{-2}^2 \frac{dx}{2^2 + x^2} = \left[\frac{1}{2} \tan^{-1} \frac{x}{2} \right]_{-2}^2 \\ &= \frac{1}{2} [\tan^{-1} 1 - \tan^{-1}(-1)] = \frac{1}{2} \left(\frac{\pi}{4} + \frac{\pi}{4} \right) = \frac{\pi}{4} \end{aligned}$$

সঠিক উত্তর : খ.

 ৩. ম্যাট্রিক্স P নির্ণয় কর যদি $P^2 = \begin{pmatrix} 17 & 8 \\ 8 & 17 \end{pmatrix}$ হয়।

- ক. $\begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$ খ. $\begin{pmatrix} 7 & 8 \\ 9 & 6 \end{pmatrix}$ গ. $\begin{pmatrix} 4 & 1 \\ 1 & 4 \end{pmatrix}$
 ঘ. $\begin{pmatrix} 1 & 4 \\ 1 & 4 \end{pmatrix}$ ঙ. $\begin{pmatrix} 0 & 2 \\ 3 & 1 \end{pmatrix}$

$$\text{ব্যাখ্যা : } P^2 = \begin{pmatrix} 17 & 8 \\ 8 & 17 \end{pmatrix}$$

$$\begin{aligned} \text{অপশন (গ) হতে, } \begin{pmatrix} 4 & 1 \\ 1 & 4 \end{pmatrix} \begin{pmatrix} 4 & 1 \\ 1 & 4 \end{pmatrix} &= \begin{pmatrix} 16+1 & 4+4 \\ 4+4 & 1+16 \end{pmatrix} \\ &= \begin{pmatrix} 17 & 8 \\ 8 & 17 \end{pmatrix} \end{aligned}$$

সঠিক উত্তর : গ.

 ৪. $\int \frac{e^x(1+x)}{\cos^2(xe^x)} dx$ এর মান নির্ণয় কর।

- ক. e^x খ. $\tan(xe^x)$ গ. $\sec^2(xe^x)$
 ঘ. xe^x ঙ. $\log(xe^x)$

$$\text{ব্যাখ্যা : } \int \frac{e^x(1+x)}{\cos^2(xe^x)} dx$$

$$\text{ধরি, } xe^x = z \Rightarrow e^x(1+x) dx = dz$$

$$\begin{aligned} \therefore \int \frac{e^x(1+x)}{\cos^2(xe^x)} dx &= \int \frac{dz}{\cos^2 z} = \int \sec^2 z dz = \tan z + C \\ &= \tan(xe^x) + C \end{aligned}$$

সঠিক উত্তর : খ.

 ৫. $y = f(x)$ এর গ্রাফে $(1, f(1))$ বিন্দুতে অবস্থিত স্পর্শকের ঢাল হচ্ছে-

- ক. $f(1)$ খ. $f'(1)$ গ. $f''(1)$
 ঘ. $f(0)$ ঙ. পূর্ববর্তী একটিও নয়

$$\text{ব্যাখ্যা : } y = f(x) \text{ বক্ররেখার স্পর্শকের ঢাল, } \frac{dy}{dx} = f'(x)$$

$$\therefore (1, f(1)) \text{ বিন্দুতে স্পর্শকের ঢাল} = f'(1)$$

সঠিক উত্তর : খ.

 ৬. $A = \{2, 3, 4, 7, 9, 10\}$ এবং $B = \{3, 6, 9, 12\}$ হলে $(B \setminus A)$ হয়-

- ক. $\{3, 9, 12\}$ খ. $\{6, 12\}$ গ. $\{2, 7, 4, 7, 10\}$
 ঘ. $\{\emptyset\}$ ঙ. $\{6, 7, 12\}$

$$\text{ব্যাখ্যা : } B \setminus A = \{3, 6, 9, 12\} - \{2, 3, 4, 7, 9, 10\} = \{6, 12\}$$

সঠিক উত্তর : খ.

 ৭. যদি $(x-3, 5) = (2, y+1)$ হয় তবে $(x, y) = ?$

- ক. $(5, 4)$ খ. $(4, 5)$ গ. $(3, 5)$
 ঘ. $(5, -3)$ ঙ. $(4, 4)$

$$\text{ব্যাখ্যা : } x - 3 = 2 \Rightarrow x = 5$$

$$y + 1 = 5 \Rightarrow y = 4$$

সঠিক উত্তর : ক.

 ৮. $f(x) = x^2 + 1$ এবং $g(x) = \sqrt{x+1}$ হলে $(f \circ g)(x)$ হবে

- ক. $\sqrt{x^2+1}$ খ. $\sqrt{x^2+2}$ গ. $x+3$
 ঘ. $x+2$ ঙ. $x-3$

$$\text{ব্যাখ্যা : } (f \circ g)(x) = f(\sqrt{x+1})$$

$$= (\sqrt{x+1})^2 + 1 = x + 2.$$

সঠিক উত্তর : ঘ.

পানকৌড়ি

CU:2015 - 2016 (250)

৯. যদি $f(x) = \frac{1-x}{1+x}$ হয় তবে $f(1+x)$ এর মান হবে :

- ক. $\frac{x(x+1)}{x+2}$ খ. $\frac{x+2}{x(x+1)}$ গ. $\frac{x+1}{x(x+2)}$
 ঘ. $\frac{x}{(x+1)(x+2)}$ ঙ. $\frac{x}{x+2}$

ব্যাখ্যা : $f(1+x) = \frac{1-(1+x)}{1+(1+x)} = \frac{1+1-x}{1+1+x} = \frac{x}{(1+x)(x+2)}$
 সঠিক উত্তর : ঘ.

১০. $\lim_{x \rightarrow -1} \frac{\sqrt{x^2+8}-3}{x+1}$ এর মান হবে-

- ক. $\frac{1}{3}$ খ. $-\frac{1}{3}$ গ. $\frac{1}{6}$ ঘ. 1 ঙ. 0

ব্যাখ্যা : $\lim_{x \rightarrow -1} \frac{\sqrt{x^2+8}-3}{x+1} = \lim_{x \rightarrow -1} \frac{1}{2\sqrt{x^2+8}} \cdot 2x = \frac{-1}{3}$
 সঠিক উত্তর : খ.

১১. ম্যাট্রিক্স $P = \begin{pmatrix} 2 & 5 \\ 3 & 8 \end{pmatrix}$ এর P^{-1} হয়-

- ক. $\begin{pmatrix} 8 & -5 \\ 3 & -2 \end{pmatrix}$ খ. $\begin{pmatrix} 8 & 5 \\ 3 & 2 \end{pmatrix}$ গ. $\begin{pmatrix} -8 & -5 \\ 3 & 2 \end{pmatrix}$
 ঘ. $\begin{pmatrix} 8 & -5 \\ -3 & 2 \end{pmatrix}$ ঙ. $\begin{pmatrix} 5 & 8 \\ -3 & 2 \end{pmatrix}$

ব্যাখ্যা : $P^{-1} = \frac{1}{2 \times 8 - 5 \times 3} \begin{pmatrix} 8 & -5 \\ -3 & 2 \end{pmatrix} = \begin{pmatrix} 8 & -5 \\ -3 & 2 \end{pmatrix}$
 সঠিক উত্তর : ঘ.

১২. $P = \begin{pmatrix} 1 & -1 \\ 2 & 3 \end{pmatrix}$ হলে, $P^2 = ?$

- ক. $\begin{pmatrix} -1 & 4 \\ 8 & 7 \end{pmatrix}$ খ. $\begin{pmatrix} 1 & -4 \\ -8 & 7 \end{pmatrix}$ গ. $\begin{pmatrix} -1 & -4 \\ 7 & 8 \end{pmatrix}$
 ঘ. $\begin{pmatrix} -1 & -4 \\ -8 & 7 \end{pmatrix}$ ঙ. $\begin{pmatrix} -1 & -4 \\ 8 & 7 \end{pmatrix}$

ব্যাখ্যা : $P^2 = \begin{pmatrix} 1 & -1 \\ 2 & 3 \end{pmatrix} \begin{pmatrix} 1 & -1 \\ 2 & 3 \end{pmatrix} = \begin{pmatrix} 1-2 & -1-3 \\ 2+6 & -2+9 \end{pmatrix} = \begin{pmatrix} -1 & -4 \\ 8 & 7 \end{pmatrix}$
 সঠিক উত্তর : ঙ.

১৩. বিমিক সংখ্যা 110111 এবং 101001 এর যোগফল হচ্ছে:

- ক. 1010000 খ. 1001000 গ. 1000000
 ঘ. 1100000 ঙ. 1110000

ব্যাখ্যা : $(110111)_2 + (101001)_2 = (1100000)_2$
 সঠিক উত্তর : ঘ.

১৪. $\int_0^4 \frac{dx}{\sqrt{2x+1}}$ এর মান হবে-

- ক. $\frac{1}{2}$ খ. 1 গ. $\frac{2}{3}$
 ঘ. -2 ঙ. 2

ব্যাখ্যা : $\int_0^4 \frac{dx}{\sqrt{2x+1}} = \left[2\sqrt{2x+1} \cdot \frac{1}{2} \right]_0^4 = [\sqrt{9} - \sqrt{1}] = 2$
 সঠিক উত্তর : ঙ.

১৫. $2x + 3y = 7$ এবং $5x - py = 2$ দ্বারা নির্দেশিত সরলরেখা দুইটি পরস্পর লম্ব হলে $p = ?$

- ক. 3 খ. $\frac{5}{3}$ গ. $\frac{10}{3}$
 ঘ. $\frac{3}{10}$ ঙ. $\frac{7}{10}$

ব্যাখ্যা : $2x + 3y = 7$ এবং $5x - py = 2$ রেখাদ্বয় পরস্পর লম্ব হলে,
 $2 \times 5 + 3(-p) = 0 \Rightarrow p = \frac{10}{3}$
 সঠিক উত্তর : গ.

১৬. "Arrange" শব্দের অক্ষরগুলো কত প্রকারে সাজানো যায় যদি 'r' দুইটি পাশাপাশি না থাকে?

- ক. 550 খ. 850 গ. 1020
 ঘ. 900 ঙ. 750

ব্যাখ্যা : 'r' দুইটি পাশাপাশি না রেখে সাজানো সংখ্যা = $\frac{7!}{2!2!} - \frac{6!}{2!} = 900$
 সঠিক উত্তর : ঘ.

১৭. জ্যামিতিতে $3x^2 + 6y^2 = 18$ কিসের সমীকরণ নির্দেশ করে?

- ক. বৃত্ত খ. উপবৃত্ত গ. পরাবৃত্ত
 ঘ. অধিবৃত্ত ঙ. সরলরেখা

ব্যাখ্যা : এখানে, $a = 3, b = 6, h = 0$
 $\therefore ab - h^2 = 3 \times 6 - 0^2 = 18 > 0$, যা উপবৃত্ত।
 সঠিক উত্তর : খ.

১৮. $x^2 - 6x + y^2 + 8y = 0$ বক্ররেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল হবে-

- ক. 25π খ. π^2 গ. $2\pi^2$
 ঘ. 75π ঙ. $25\pi^2$

ব্যাখ্যা : $x^2 - 6x + y^2 + 8y = 0$ বৃত্তের ব্যাসার্ধ $= \sqrt{3^2 + 4^2} = 5$
 \therefore ক্ষেত্রফল $= \pi \times 5^2 = 25\pi$
 সঠিক উত্তর : ক.

পানকৌড়ি

CU:2015 - 2016 (251)

১৯. 5 এর গুণিতক এবং 50 থেকে ছোট সংখ্যা নিচের কোনটি ঘরা প্রকাশ করা যায়?

- ক. ϕ
 খ. $\{0, 5, 10, 50\}$
 গ. $\{5, 10, 15, \dots, 50\}$
 ঘ. $\{x|x = 5k \text{ \& } x \leq 50\}$
 ঙ. পূর্ববর্তী কোনটিই নয়

সঠিক উত্তর : ঙ.

 ২০. উপকেন্দ্র $(a, 0)$ এবং দিকাক্ষ $x + a = 0$ বিশিষ্ট পরাবৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

- ক. $x^2 = 4ay$ খ. $x^2 + y^2 = 2xy$ গ. $y^2 = 4ax$
 ঘ. $x - 7 = y$ ঙ. $y = 0$

ব্যাখ্যা :

বিষয়	$y^2 = 4ax$	$x^2 = 4ay$
শীর্ষবিন্দুর স্থানাংক	$(0, 0)$	$(0, 0)$
উপকেন্দ্রের স্থানাংক	$(a, 0)$	$(0, a)$
দিকাক্ষের সমীকরণ	$x + a = 0$	$y + a = 0$
অক্ষরেখার সমীকরণ	$y = 0$	$x = 0$
উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য	$4a$	$4a$
উপকেন্দ্রিক লম্বের সমীকরণ	$x - a = 0$	$y - a = 0$

সঠিক উত্তর : গ.

 ২১. $\left(2 - \frac{1}{x^2}\right)^8$ এর বিকৃতিতে x^{-10} এর সহগ নির্ণয় কর।

- ক. -448 খ. 448 গ. 16
 ঘ. -16 ঙ. 50

$$\text{ব্যাখ্যা : } \left(2 - \frac{1}{x^2}\right)^8 = (2x^0 - x^{-2})^8$$

$$r = \frac{0 \times 8 - (-10)}{0 - (-2)} = 5$$

$$\therefore x^{-10} \text{ এর সহগ} = {}^8C_5 \cdot 2^{8-5} \cdot (-1)^5 = -448$$

সঠিক উত্তর : ক.

 ২২. $2x^2 - y^2 = 4$ অধিবৃত্তে উৎকেন্দ্রিকতা e এর মান নির্ণয় কর।

- ক. $\frac{1}{4}$ খ. $\frac{2}{3}$ গ. $\frac{\sqrt{3}}{2}$
 ঘ. $\sqrt{3}$ ঙ. $\frac{1}{\sqrt{2}}$

$$\text{ব্যাখ্যা : } 2x^2 - y^2 = 4 \Rightarrow \frac{x^2}{2} - \frac{y^2}{4} = 1$$

$$\therefore e = \sqrt{1 + \frac{b^2}{a^2}} = \sqrt{1 + \frac{4}{2}} = \sqrt{3}$$

সঠিক উত্তর : ঘ.

 ২৩. যদি $\vec{P} = 24\mathbf{i} + 7\mathbf{j}$ এবং $\vec{Q} = 20\mathbf{i} + 15\mathbf{j}$ হয় ভেক্টর দুইটির অন্তর্গত কোণ নির্ণয় কর।

- ক. 30° খ. 45.45° গ. 12°
 ঘ. 37° ঙ. 20.6°

$$\text{ব্যাখ্যা : } \cos \theta = \frac{(24\mathbf{i} + 7\mathbf{j}) \cdot (20\mathbf{i} + 15\mathbf{j})}{\sqrt{24^2 + 7^2} \cdot \sqrt{20^2 + 15^2}}$$

$$\Rightarrow \theta = 20.6^\circ$$

সঠিক উত্তর : ঙ.

 ২৪. যদি A এবং B দুইটি ঘটনা এবং $P(A) = 0.6$, $P(B) = 0.3$ ও $P(A \cup B) = 0.8$ হয়, তাহলে $P(A \cap B)$ এর মান নির্ণয় কর।

- ক. 1 খ. 0 গ. 0.5
 ঘ. 0.1 ঙ. 0.7

$$\begin{aligned} \text{ব্যাখ্যা : } P(A \cap B) &= P(A) + P(B) - P(A \cup B) \\ &= 0.6 + 0.3 - 0.8 \\ &= 0.1 \end{aligned}$$

সঠিক উত্তর : ঘ.

২৫. একজন সীতার স্রোতের বেগের দুই গুণ বেগে সীতার দিয়ে একটি নদীর অপর তীরে যাত্রাবিন্দুর বিপরীত বিন্দুতে পৌছল। স্রোতের সাথে তার দিক নির্ণয় কর।

- ক. 90° খ. 45° গ. -45°
 ঘ. 30° ঙ. 120°

$$\begin{aligned} \text{ব্যাখ্যা : } \alpha &= \cos^{-1} \left(\frac{\text{স্রোতের বেগ}}{\text{সীতার বেগ}} \right) \\ &= \cos^{-1} \left(\frac{-P}{2P} \right) = 120^\circ \end{aligned}$$

সঠিক উত্তর : ঙ.

2 in 1

ঢাকা বিশ্ববিদ্যালয়-এর শতভাগ ব্যাখ্যা সম্বলিত

পানকৌড়ি প্রশ্নব্যাংক এবং Written সাজেশন

- ♦ বিজ্ঞান - A Unit ♦ ব্যবসায় - C Unit
 ♦ মানবিক (কলা, আইন ও সামাজিক বিজ্ঞান) - B Unit
 (বিগত চারি 'D Unit' এর প্রশ্ন ও ব্যাখ্যা সংযোজিত)

!!! বের হয়েছো !!!
পানকৌড়ি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর শতভাগ

ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক

- ♦ বিজ্ঞান - A Unit ♦ বিজ্ঞান - D Unit
 ♦ মানবিক - B Unit ♦ মানবিক - C Unit
 ♦ বিবিএ - E Unit ♦ আইবিএ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (A Unit)
শিক্ষাবর্ষ: ২০১৪-১৫
বাংলা-১০
১. বাংলা ভাষায় প্রকাশিত প্রথম সংবাদ পত্র কোনটি?

- ক. সওগাত খ. বঙ্গদর্শন গ. আজাদ
ঘ. বেঙ্গল গেজেট ঙ. সমাচার দর্পণ

ব্যাখ্যা :

পত্রিকা	ধরণ	সম্পাদক	প্রথম প্রকাশ
দিগদর্শন	প্রথম বাংলা সাময়িকী	জন ক্লার্ক মার্শম্যান	১৮১৮
বঙ্গাল গেজেট	সাংবাদিক পত্রিকা	গঙ্গা কিশোর ভট্টাচার্য	১৮১৮
সমাচার দর্পণ	প্রথম বাংলা সংবাদপত্র	জন ক্লার্ক মার্শম্যান	১৮১৮
বঙ্গদর্শন	মাসিক পত্রিকা	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়	১৮৭২

সঠিক উত্তর : ঙ.
২. 'ধর্ম' কোন ভাষা থেকে আগত শব্দ?

- ক. সংস্কৃত খ. ফার্সি গ. আরবি ঘ. উর্দু ঙ. ফরাসি

ব্যাখ্যা : সংস্কৃত বা তৎসম হতে আগত গুরুত্বপূর্ণ কিছু শব্দ:

চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মনুষ্য, কষ্ট, জল, পৃথিবী, নিমন্ত্রণ, ব্যাকরণ, শ্রাদ্ধ, ফল, ভাষা, ক্ষুধা, বায়ু, চন্দ্র, ইত্যাদি।

সঠিক উত্তর : ক.
৩. 'কদর্ব এশীয়' বইটির লেখক কে?

- ক. রশীদ করিম খ. প্রতিভা বসু গ. শম্ভু ঘোষ
ঘ. সৈয়দ ওয়ালীউল্লাহ ঙ. সৈয়দ মনজুরুল ইসলাম

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহ-

জন্ম- ১৯২২ সালে; মৃত্যু- ১৯৭১ সালে (প্যারিসে)

জন্মস্থান- বোলশহর, চট্টগ্রাম।

গল্পগ্রন্থ- নয়নচারা, দুই তীর ও অন্যান্য গল্প

নাটক- বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ।

উপন্যাস- লালসালু, কাদো নদী কাদো, চাঁদের অমাবস্যা, কদর্ব এশীয়।

সঠিক উত্তর : ঘ.
৪. 'চাঁদের হাট' অর্থ কী?

- ক. আত্মীয় সমাগম খ. বন্ধুদের সমাগম গ. প্রিয়জন সমাগম
ঘ. গণ্যমান্যদের সমাগম ঙ. বিদ্বানদের সমাগম

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বাগধারা-

আদিখ্যেতা - ন্যাকামি; কাঠের পুতুল- নিজীব;
চাঁদের হাট- প্রিয়জনের সমাগম; আটকপালে- হতভাগ্য;
গদাই লঙ্কর চাল- আলসেমি; তুলসী বনের বাঘ- ভয় সাধু;
চাকের কাঠি- তোষামুদে; চাকের বাঁয়া- মূল্যহীন;
কাক ভূষণী- সম্পূর্ণ ভেজা; গোয়ার গোবিন্দ- নির্বোধ অথচ হঠকারী;
সঠিক উত্তর : গ.

৫. শুদ্ধ বানান কোনটি?

- ক. অনুশাশন খ. অনুশাশন গ. অনুশাষণ
ঘ. অনুশাসন ঙ. অনুশাষন

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বানান-

নমস্কার	নিষ্ক্রিয়	অনুশাসন	দীর্ঘজীবী	ব্যঞ্জন
স্বচ্ছ	দারিদ্র্য	শ্রদ্ধাস্পদ	জন্মান্তর	ক্ষুণ্ণ

শুদ্ধরূপ- অনুশাসন

সঠিক উত্তর : ঘ.
৬. 'পর্বত' -এর প্রতিশব্দ কোনটি?

- ক. হিমালয় খ. অশা গ. অর্দি ঘ. ক্ষিতি ঙ. অংশু

ব্যাখ্যা : পর্বত- গিরি, শৈল, অর্দি, ভূধর, মহীধর, নগ, ক্ষিতিধর।

সঠিক উত্তর : গ.
৭. 'হাঙর নদী খেনেড' উপন্যাসটির রচয়িতা কে?

- ক. রশীদ করিম খ. জহির রায়হান গ. সেলিনা হোসেন
ঘ. আহমেদ ছকা ঙ. আবদুল হাই

ব্যাখ্যা : সেলিনা হোসেনের উল্লেখযোগ্য-

উপন্যাস- জলোচ্ছ্বাস, হাঙর নদী খেনেড, মগ্ন চৈতন্য শিশু, যাপিত জীবন, নীল ময়ূরের জীবন, পোকামাকড়ের ঘরবসতি, অপেক্ষা, টানপোড়ন ইত্যাদি।

সঠিক উত্তর : গ.
৮. 'দেশে বিদেশে' বইটিতে কোন্ শহরের কাহিনী প্রাধান্য পেয়েছে?

- ক. তেহরান খ. রিয়াদ গ. লাহোর ঘ. কাবুল ঙ. কলকাতা

ব্যাখ্যা : সৈয়দ মুজতবা আলী রচিত 'দেশে বিদেশে' তার বিখ্যাত রম্যরচনা। এটি আফগানিস্তানের কাবুল শহরে লেখকের ভ্রমণ নিয়ে বইটি লেখা হয়েছে।

সঠিক উত্তর : ঘ.
৯. কোনটি শুদ্ধ?

- ক. সৌজন্য খ. সৌজনতা গ. সৌজনতা
ঘ. সৌজন্যতা ঙ. সৌযনতা

ব্যাখ্যা : তা এবং ত্ব হল বিশেষ্যবাচক প্রত্যয় যা শুধু বিশেষণের সাথে বসে কিন্তু বিশেষ্যের সাথে বসে না। সৌজন্য হল বিশেষ্য তাই এর সাথে তা যুক্ত হবে না।

সঠিক উত্তর : ক.
১০. রবীন্দ্রনাথের কোন্ গ্রন্থটি নাটক?

- ক. চোখের বালি খ. রক্ত কবরী গ. ঘরে বাইরে
ঘ. বলাকা ঙ. শব্দভঙ্গু

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর এর-

- ♦ আত্মজীবনীঃ- আমার ছেলেবেলা, জীবনস্মৃতি, বিদ্যাসাগর চরিত।
- ♦ নাটকঃ অচলায়তন, চিরকুমার সভা, তাপসী, তাসের দেশ, রক্ত কবরী, কালের যাত্রা, রাজা, বাঁশরী, মুক্তধারা, বাল্মীকি প্রতিভা ইত্যাদি।
- ♦ ছোট গল্পঃ গল্পগুচ্ছ, তিন সঙ্গী, গল্পসঙ্গ ইত্যাদি।
- ♦ উপন্যাসঃ বৌ ঠাকুরাণীর হাট, রাজর্ষি, চোখের বালি, নৌকাডুবি, গোরা, ঘরে বাইরে, যোগাযোগ, শেষের কবিতা, চতুর্দশ, দুই বোন, মালঞ্চ ইত্যাদি।

সঠিক উত্তর : খ.
English-15
1. I saw a _____ of monkeys in the forest.

- A. swarm B. herd C. group
D. flock E. troop

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ Group words দেওয়া হল।

A troop of monkeys
A band of gorillas
A bunch of flowers
A swarm/drift/hive/erst of bees.
A herd of cattle/goats/giraffes/cranes.
A school of dolphins.
A shoal of fish.
A barren of mules.
A flock of sheep/birds.

Ans: E.
2. The word 'homogeneous' means _____.

- A. of the same kinds B. of the same place
C. of the same time D. of the same home
E. None of these

ব্যাখ্যা : Homogeneous→ (Adj.) Of the same kind.

Homogeneity→ (N)

Heterogeneous → (Adj.) Of the Different kinds

Heterogeneity→ (N)

Ans: A.


3. A process involving too much official formality is called _____.

- A. Nepotism B. Diplomacy C. Red-tapism
D. Bureaucracy E. Aristocracy

ব্যাখ্যা : Nepotism → (N) স্বজনপ্রীতি।

Diplomacy → (N) কূটনীতি।

Red-tapism → (N) নিয়মকানুনের প্রতি অধিক মনোযোগ।

Bureaucracy → (N) আমলাতন্ত্র।

Aristocracy → (N) অভিজাততন্ত্র।

Ans: C.

4. Misanthropist is a person who _____.

- A. flirts with ladies B. has narrow views
C. hates mankind D. believes in God
E. looks at the darker sides of life

ব্যাখ্যা : Mis = Hate (ঘৃণা করা)

One who hates man → Misanthropist.

One who hates woman → Misogynist.

One who hates marriage → Misogamist.

One who hates mankind → Misanthropist.

Ans: C.

5. _____ is hire a tutor who can help them with their math skills.

- A. What they do B. What should they do
C. What they should do D. What do they should
E. Whatever they should do

ব্যাখ্যা : Fill in the gap এ Noun Clause হবে।

Ans: C.

6. Identify the word in the plural form:

- A. Radii B. Stadium C. Physics
D. Civics E. Agendum

ব্যাখ্যা : বিস্তারিত: F ইউনিট (২০১৫-১৬) এর (০২) নং দেখ।

Ans: A.

7. Choose the correct sentence:

- A. My friend was in hospital for six weeks during the summer.
B. In summer during six weeks my friend was in hospital.
C. My friend was in a hospital during six weeks in summer.
D. My friend was in hospital six weeks in summer.
E. My friend had been in hospital during six weeks in summer.

Ans: A.

8. A cartographer makes _____.

- A. clothes B. maps C. graphs D. medicines E. snacks

ব্যাখ্যা : A person who draws/makes maps → Cartographer.

A person who mends shoes → Cobbler

A person who carves on stones → Sculptor.

A person who collects stamps → philatelist.

A person who sells flower → Florist.

A person who mends waterpipes → Plumber.

A person who writes shorthand → Stenographer.

A person in charge of a museum → Curator.

A person who rides the horses in races → Jockey.

A person who reads the palm → Palmist.

A person who makes earthen pots → Potter.

Ans: B.

9. Which of the following is analogous to "Refinery : Petroleum"?

- A. mill : grain B. mine : ore
C. generator : electricity D. forest : lumber
E. warehouse : merchandise

Ans: A.

10. I don't bear any grudge against you. What does the underlined word mean?

- A. love B. anger and dislike C. respect
D. affection E. love and respect

ব্যাখ্যা : Grudge → Anger and dislike.

Ans: B.

11. The feminine form of 'tailor' is _____.

- A. seamstress B. tailoress C. tailorix
D. she-tailor E. None of these

ব্যাখ্যা : Tailor- দর্জি। এটি feminine হচ্ছে seamstress- মহিলা দর্জি।

Masculine	Feminine
Sun	The moon
Death	Peace
War	Mercy
Thunder	spring
Time	Spinster
Bachelor	Maid
Wizard	Witch
Executor	Executrix
Emperor	Empress
Tiger	Tigeress
Milkman	Milkmaid
Peacock	Peahen
Landlord	Land lady
Ram	Ewe

Ans: A.

12. Will you mind _____ the accounts one more time?

- A. checking B. to check C. checked
D. check E. to have checked

ব্যাখ্যা : mind gerund word তাই পরের verb টি ing যুক্ত হবে।

Ans: A.

13. What is the antonym of 'sluggish'?

- A. boring B. dull C. animated D. heavy E. slow

ব্যাখ্যা : Sluggish- (Adj) মল্লগতি।

Synonyms : Inactive, Indolent, Inert, Lazy, Lethargic, Slothful, Torpid, Apathetic.

Antonyms : Lively, Active, Animated, Energetic, Enthusiastic, Spirited, Vivid.

Ans: C.

14. The synonym of 'perplexed' is _____.

- A. angry B. annoyed C. aroused
D. unhappy E. confused

ব্যাখ্যা : Perplexed- (Adj.) হতবুদ্ধি।

Synonyms : Confused, Addled, Bewildered, Puzzled, Jumbled.

Antonyms : Organized, Controlled, Methodical, Disciplined.

Ans: E.

15. He gave up _____ football when he got married.

- A. of playing B. to play C. playing
D. play E. played

Ans: C.

পদার্থবিদ্যা - ২৫

১. একটি ইলেকট্রন কোন সুষম চৌম্বক ক্ষেত্রে কত কোণে প্রবেশ করলে এটি সর্বোচ্চ চৌম্বক বল অনুভব করবে ?

ক. 0° খ. 90° গ. 45° ঘ. 135° ঙ. 179°

ব্যাখ্যা : $F = qvB\sin\theta$ বলের মান সর্বোচ্চ হবে যখন $\sin\theta$ এর মান 1 হবে, অর্থাৎ $\theta = 90^\circ$ হবে।

সঠিক উত্তর : খ.

২. বিন্দু ভরের জন্য মহাকর্ষীয় বিভব কৌণ্টি ?

ক. $-\frac{GM}{r}$ খ. $-\frac{GM}{r^2}$ গ. $\frac{GM}{r^2}$ ঘ. $\frac{GM}{r}$ ঙ. $\frac{GM}{r^3}$

ব্যাখ্যা : বিন্দু ভরের জন্য মহাকর্ষীয় বিভব, $V = -\frac{Gm}{r}$ ।

এই ঋণাত্মক চিহ্ন নির্দেশ করে যে মহাকর্ষীয় বিভব সর্বোচ্চ হবে অসীমে এবং অসীমে এর সর্বোচ্চ মান শূন্য।

সঠিক উত্তর : ক.

৩. স্থির তরঙ্গের পরপর দুইটি নিম্পন্দ বিন্দু বা সুস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব কত ?

ক. $\frac{\lambda}{2}$ খ. λ গ. $\frac{\lambda}{4}$ ঘ. $\frac{\lambda}{8}$ ঙ. 2λ

ব্যাখ্যা :

• স্থির তরঙ্গে পরপর দুটি সুস্পন্দ বা পরপর দুটি নিম্পন্দ বিন্দুর দূরত্ব $= \frac{\lambda}{2}$

• স্থির তরঙ্গে একটি নিম্পন্দ বিন্দু ও তার পরবর্তী সুস্পন্দ বিন্দুর দূরত্ব $= \frac{\lambda}{4}$

সঠিক উত্তর : ক.

৪. একটি সমতল দর্পণের বিষ় বিবর্ধন -----।

ক. 0 খ. 1 গ. 2 ঘ. ∞ ঙ. 0 থেকে ∞

ব্যাখ্যা : বিবর্ধন $= \frac{m}{n} = 1$ (যেহেতু বস্তুর দৈর্ঘ্য ও প্রতিবিম্বের দৈর্ঘ্য সমান)

সঠিক উত্তর : খ.

৫. একটি বল 48.0 ms^{-1} বেগে ঝাড়া উপরের দিকে নিক্ষেপ করা হল। বলটি সর্বোচ্চ কত উচ্চতায় উঠবে ($g = 9.8 \text{ ms}^{-2}$) ?

ক. 116.55m খ. 117.55m গ. 118.55m ঘ. 119.55m ঙ. 115.55m

ব্যাখ্যা : $H = \frac{u^2}{2g} = \frac{48^2}{2 \times 9.8} = 117.55 \text{ m}$

সঠিক উত্তর : খ.

৬. $1\mu\text{F}$ ধারকত্বের কোন ধারক 100V বিশিষ্ট কোন বিদ্যুৎ উৎসের সাথে সংযুক্ত করলে ধারকে সঞ্চিত আধান কত কুলম্ব হবে ?

ক. 10^{-4} খ. 10^{-3} গ. 10^{-2} ঘ. 10^{-1} ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা : $Q = cv = 1 \times 10^{-6} \times 100 = 10^{-4}$

সঠিক উত্তর : ক.

৭. র‍্যাডনের অর্ধায়ু 3.82 দিন। কত দিনে ঐ পদার্থের 75% ক্ষয় প্রাপ্ত হবে ?

ক. 7.64 খ. 8.64 গ. 6.63 ঘ. 5.73 ঙ. 1.91

ব্যাখ্যা : টেকনিক : কোন মৌলিক পদার্থের n অংশ ক্ষয় হতে প্রয়োজনীয়

সময়, $t = \frac{-\ln(1-n)}{0.693} \times T_{1/2}$ [(1-n) = অপরিবর্তিত অংশ]

$\therefore t = \frac{-\ln\left(\frac{25}{100}\right)}{0.693} \times 3.82 = 7.64$

সঠিক উত্তর : ক.

৮. সরল দোলন গতিসম্পন্ন কোন কণার ত্বরণ-----।

ক. $a = \omega x^2$ খ. $a = \omega^2 x$ গ. $a = -\omega^2 x$

ঘ. $a = \omega^2 x^2$ ঙ. $a = \frac{\omega}{x}$

সঠিক উত্তর : গ.

৯. একটি গাড়ী 10 ms^{-1} দ্রুত গতিতে 100m ব্যাসার্ধের বৃত্তাকার পথে চললে এর ত্বরণ -----।

ক. 0.1 ms^{-2} খ. 1 ms^{-2} গ. 10 ms^{-2}

ঘ. 100 ms^{-2} ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা : $a = \frac{v^2}{r} = \frac{10^2}{100} = 1 \text{ ms}^{-2}$

সঠিক উত্তর : খ.

১০. যদি $\vec{A} = \hat{i}$, $\vec{B} = \hat{j}$, $\vec{C} = \hat{k}$ হয় তবে $\vec{A} \cdot (\vec{B} \times \vec{C}) = ?$

ক. 0 খ. 1 গ. 2 ঘ. -1 ঙ. -2

ব্যাখ্যা : $\vec{A} \cdot (\vec{B} \times \vec{C}) = \hat{i} \cdot (\hat{j} \times \hat{k}) = \hat{i} \cdot \hat{i} = 1$

সঠিক উত্তর : খ.

১১. এক অশ্ব-শক্তি সমান -----ওয়াট।

ক. 746 খ. 846 গ. 546 ঘ. 446 ঙ. 946

সঠিক উত্তর : ক.

১২. সান্দ্রতা সহগের মাত্রা সমীকরণ কৌণ্টি?

ক. $[MLT^{-1}]$ খ. $[M^{-1}LT]$ গ. $[ML^{-1}T]$

ঘ. $[ML^{-1}T^{-1}]$ ঙ. $[M^{-1}L^{-1}T^{-1}]$

ব্যাখ্যা : সান্দ্রতা সহগের মাত্রা : $ML^{-1}T^{-1}$

এবং একক : Nsm^{-2} বা Pas

সঠিক উত্তর : ঘ.

১৩. একটি ধাতব দণ্ডের ইয়ং-এর গুণাংক $2.0 \times 10^{11} \text{ Nm}^{-2}$ এবং স্বর্ণত্ব $2.0 \times 10^3 \text{ Kg m}^{-3}$ । ধাতব দণ্ডটিতে শব্দের দ্রুতি কত ?

ক. $1.0 \times 10^2 \text{ ms}^{-1}$ খ. $1.0 \times 10^3 \text{ ms}^{-1}$ গ. $1.0 \times 10^4 \text{ ms}^{-1}$

ঘ. $2.0 \times 10^3 \text{ ms}^{-1}$ ঙ. $4.0 \times 10^3 \text{ ms}^{-1}$

ব্যাখ্যা : $v = \sqrt{\frac{Y}{\rho}} = \sqrt{\frac{2 \times 10^{11}}{2 \times 10^3}} = 1 \times 10^4 \text{ ms}^{-1}$

সঠিক উত্তর : গ.

১৪. একমুখী বিদ্যুৎ প্রবাহের কম্পাংক কত?

ক. 0 Hz খ. 50 Hz গ. 55 Hz

ঘ. 60 Hz ঙ. 50 থেকে 60Hz

ব্যাখ্যা : দিক পরিবর্তী প্রবাহ বা AC প্রবাহ কম্পাংকের উপর নির্ভরশীল কিন্তু, একমুখী প্রবাহ বা DC প্রবাহ কম্পাংকের উপর নির্ভরশীল নয়।

সঠিক উত্তর : ক.

১৫. আলোক বর্ণালীর কোন্ রঙটির শক্তি সবচেয়ে বেশি?

ক. লাল খ. সবুজ গ. বেগুনী ঘ. হলুদ ঙ. কমলা

ব্যাখ্যা : আলোক বর্ণালীতে লাল বর্ণের তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশী বলে এটি সবচেয়ে শক্তিশালী।

সঠিক উত্তর : ক.

১৬. নীচের কোন জোড়ায় মাত্রা সমান ?

ক. কাজ ও শক্তি খ. বল ও গীড়ন গ. কাজ ও বল

ঘ. বল ও শক্তি ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা : কাজ ও শক্তি উভয়ের একক জুল এবং মাত্রা mL^2T^{-2}

সঠিক উত্তর : ক.

১৭. একটি নিখুঁত অসংনম্য বস্তুর পয়সন অনুপাত -----।

ক. -1 খ. -0.5 গ. 0 ঘ. 0.25 ঙ. 0.5

সঠিক উত্তর : গ.

পানকৌড়ি

CU, 2014 - 2015 (255)

১৮. প্রমাণ তাপমাত্রা ও চাপে কোন আদর্শ গ্যাসের এক মোলের আয়তন-----।
 ক. 0.0224 m^3 খ. 0.224 m^3 গ. 2.24 m^3
 ঘ. 22.4 m^3 ঙ. 224 m^3

ব্যাখ্যা : প্রমাণ তাপমাত্রা ও চাপে অর্থাৎ 0°C বা 273 K তাপমাত্রা ও 1 atm চাপে এক মোল আদর্শ গ্যাসের আয়তন 22.414 লিটার বা $22.4 \times 10^{-3} \text{ m}^3 = 0.0224 \text{ m}^3$
 সঠিক উত্তর : ক.

১৯. যে তাপমাত্রায় কোন ফেরো-চৌম্বক পদার্থের চুম্বকত্ব শূন্য হয়, সে তাপমাত্রাকে বলা হয় -----?
 ক. পরম শূন্য তাপমাত্রা খ. ফার্মি তাপমাত্রা গ. সংকট তাপমাত্রা
 ঘ. কুরি তাপমাত্রা ঙ. ডিভাই তাপমাত্রা

ব্যাখ্যা : যে তাপমাত্রায় কোন ফেরোচৌম্বক পদার্থের চুম্বকত্ব শূন্য হয় বা শূন্য হয়, সে তাপমাত্রাকে কুরি তাপমাত্রা বলে।
 সঠিক উত্তর : ঘ.

২০. 30 cm ফোকাস দূরত্ব বিশিষ্ট একটি উত্তল লেন থেকে কত দূরে কোন বস্তু স্থাপন করলে বস্তুর বিবর্ত আকার বস্তুর আকারের তিন গুণ হবে?
 ক. 60 cm খ. 30 cm গ. 40 cm ঘ. 50 cm ঙ. 20 cm

ব্যাখ্যা : $u = \frac{m+1}{m} \times f = \frac{3+1}{3} \times 30 = 40 \text{ cm}$

সঠিক উত্তর : গ.

২১. পৃথিবীর বায়ুমন্ডলে সবচেয়ে বেশি পরিমাণে থাকে -----।
 ক. অক্সিজেন খ. নাইট্রোজেন গ. আর্গন
 ঘ. জলীয় বাষ্প ঙ. কার্বন ডাইঅক্সাইড

ব্যাখ্যা : বায়ুমন্ডলের গ্যাসের পরিমাণ-

$\text{N}_2 \rightarrow 78.084\%$ $\text{CO}_2 \rightarrow 0.04\%$
 $\text{O}_2 \rightarrow 20.946\%$ others $\rightarrow 0.037680\%$
 $\text{Ar} \rightarrow 0.9340\%$

সঠিক উত্তর : খ.

২২. কাজের পরিমাণ সবচেয়ে বেশি হবে যখন প্রযুক্ত বল ও সরণের মধ্যে কোণের পরিমাণ-----।
 ক. 0° খ. 45° গ. 90° ঘ. 30° ঙ. 60°

ব্যাখ্যা : $w = F s \cos\theta$. এখানে $\cos\theta$ সবচেয়ে বড় হবে, যদি $\cos\theta = 1$ বা, $\theta = 0^\circ$ হয়।

সঠিক উত্তর : ক.

২৩. 2Ω আন্তরোধের একটি কোষের প্রান্তদ্বয় 8Ω রোধের সাথে যুক্ত করলে 0.3 A বিদ্যুৎ প্রবাহিত হয়। কোষটির তড়িৎচালক বল কত?
 ক. 3 V খ. 6 V গ. 2 V ঘ. 5 V ঙ. 4 V

ব্যাখ্যা : $I = \frac{E}{R+r} \Rightarrow 0.3 = \frac{E}{8+2} \Rightarrow E = 3 \text{ V}$

সঠিক উত্তর : ক.

২৪. ^1_1H পরমাণুতে কয়টি প্রোটন ও কয়টি নিউট্রন?
 ক. ০, ১ খ. ১, ০ গ. ০, ২ ঘ. ১, ১ ঙ. ১, ২

ব্যাখ্যা : ^1_1H পরমাণুতে প্রোটন ১ টি এবং নিউট্রন $(1-1) = 0$

সঠিক উত্তর : খ.

২৫. পৃথিবীর পৃষ্ঠে কোন বস্তুর ভর 1 kg । পৃথিবীর কেন্দ্রে এর মান কত?
 ক. 0 kg খ. 1 kg গ. 9.81 kg
 ঘ. 981 kg ঙ. ∞

ব্যাখ্যা : কোন বস্তুর অবস্থান পরিবর্তন করলেও এর ভরের কোন পরিবর্তন হয় না।

সঠিক উত্তর : খ.

রসায়ন-২৫

১. নিচের কোন যৌগটিতে অলিগিনিক দ্বিবন্ধন আছে?

ক. সোবান খ. চর্বি গ. তেল ঘ. কার্বনিক এসিড ঙ. টিগলিন

ব্যাখ্যা : Olefins অর্থ হল তেল উৎপাদনকারী পদার্থ। সুতরাং তেল এ অলিগিনিক দ্বিবন্ধন আছে।

সঠিক উত্তর : গ.

২. NH_4Cl এবং NH_4OH এর জলীয় মিশ্রণ দ্বারা গঠিত সল্য সাসন অধঃক্ষেপিত হয়?

ক. Al^{3+} খ. Zn^{2+} গ. Mg^{2+} ঘ. Ca^{2+} ঙ. Ni^{2+}

ব্যাখ্যা : অ্যালুমিনিয়াম লবণ সোদন AlCl_3 এর দ্রবণে NH_4Cl দ্রবণ ও NH_4OH দ্রবণ যোগ করলে $\text{Al}(\text{OH})_3$ এর সাদা চটচটে অধঃক্ষেপ পড়ে। এর ফলে Al^{3+} এর উপস্থিতি নির্দিষ্ট করা যায়।

সঠিক উত্তর : ক.

৩. (i) HNO_3 , (ii) BF_3 , (iii) NaCl , (iv) AlCl_3 এবং (v) $\text{C}_2\text{H}_5 - \text{O} - \text{C}_2\text{H}_5$ যৌগ সমূহের মধ্যে লুইস অম্ল হল-----।

ক. (i) এবং (ii) খ. (ii) এবং (v) গ. (iii) এবং (iv)
 ঘ. (iv) এবং (v) ঙ. (ii) এবং (iv)

ব্যাখ্যা : লুইস মতবাদ:

- ক. $\begin{pmatrix} 8 & 15 \\ 11 & 10 \end{pmatrix}$ খ. $\begin{pmatrix} 8 & 15 \\ -11 & 10 \end{pmatrix}$ গ. $\begin{pmatrix} 8 & -15 \\ 11 & 10 \end{pmatrix}$
ঘ. $\begin{pmatrix} 8 & 15 \\ 11 & -10 \end{pmatrix}$ ঙ. $\begin{pmatrix} -8 & 15 \\ 11 & 10 \end{pmatrix}$

$$\text{B্যাখ্যা : } AB = \begin{pmatrix} 5 & 0 & -1 \\ 2 & 1 & 3 \end{pmatrix} \begin{pmatrix} 2 & 3 \\ 1 & 4 \\ 2 & 0 \end{pmatrix} = \begin{pmatrix} 10+0-2 & 15+0-0 \\ 4+1+6 & 6+4+0 \end{pmatrix} = \begin{pmatrix} 8 & 15 \\ 11 & 10 \end{pmatrix}$$

সঠিক উত্তর : ক.

 ৫. $\vec{A} = 2i + \lambda j + k$ এবং $\vec{B} = i - 2j + 3k$ ভেক্টরদ্বয় পরস্পর লম্ব হলে λ -এর মান হয় ---।

- ক. $\frac{5}{2}$ খ. $\frac{7}{2}$ গ. $\frac{9}{2}$
ঘ. $\frac{11}{2}$ ঙ. $\frac{3}{2}$

 ব্যাখ্যা : লম্ব হলে, $\vec{A} \cdot \vec{B} = 0 \Rightarrow 2 - 2\lambda + 3 = 0$

$$\therefore \lambda = \frac{5}{2}$$

সঠিক উত্তর : ক.

পানকৌড়ি

CU: 2014 - 2015 (270)


৬. ছয়টি ক্রমিক বিজোড় সংখ্যার যোগফল ইহাদের সর্বোচ্চটির দ্বিগুণের থেকে ৩৪ বেশী। সংখ্যা ছয়টির যোগফল নির্ণয় কর।
ক. ৪৩ খ. ৫০ গ. ৬৪ ঘ. ৭২ ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা: $x + x + 2 + x + 4 + x + 6 + x + 8 + x + 10 = 2(x + 10) + 38$
 $\Rightarrow 6x + 30 = 2x + 20 + 38 \Rightarrow 4x = 28$
 $\therefore x = 7$
 \therefore তাদের যোগফল $= 6x + 30 = 6 \times 7 + 30 = 72$
 সঠিক উত্তর : ঘ.

৭. $\sin A = \frac{12}{13}$ হলে $\tan A$ এর মান হয়--

ক. $\frac{12}{5}$ খ. $\pm \frac{13}{12}$ গ. $\pm \frac{5}{13}$ ঘ. $\pm \frac{5}{12}$ ঙ. $\pm \frac{12}{5}$

ব্যাখ্যা: $\sin A = \frac{12}{13}$
 $\therefore \tan A = \pm \frac{12}{5}$
 সঠিক উত্তর : ঙ.



৮. $x^2 + y^2 - 4x - 6y = 3$ বৃত্তের কেন্দ্র এবং ব্যাসার্ধ--
 ক. (২, ৩) এবং ৫ খ. (৩, ২) এবং ৫ গ. (৩, ২) এবং ৪
 ঘ. (২, ৩) এবং ৪ ঙ. (২, ৩) এবং ৬

ব্যাখ্যা: $x^2 + y^2 - 4x - 6y - 3 = 0$
 কেন্দ্র (২, ৩)
 ব্যাসার্ধ $= \sqrt{2^2 + 3^2 + 3} = 4$
 সঠিক উত্তর : ঘ.

৯. $f(x) = x^2 + 4$, $g(x) = 2x + 1$ হলে $g(f(2))$ --
 ক. ১৩ খ. ১৫ গ. ১৭ ঘ. ১৭ ঙ. ১৬

ব্যাখ্যা: $g(f(2)) = g(2^2 + 4) = g(8) = 2 \times 8 + 1 = 17$
 সঠিক উত্তর : ঘ.

১০. ZIGZAG শব্দটির অক্ষরগুলিকে মোট কত প্রকারে ভিন্ন ভিন্নভাবে সাজানো যায়?
 ক. ৭২০ খ. ২২০ গ. ৩৬০ ঘ. ১৮০ ঙ. ৯০

ব্যাখ্যা: সাজানোর উপায় $= \frac{6!}{2!2!} = 180$
 সঠিক উত্তর : ঘ.

১১. ${}^{18}C_r = {}^{18}C_{r+2}$ হলে r এর মান হয়--

ক. ২ খ. ৫ গ. ৭ ঘ. ৮ ঙ. ৯

ব্যাখ্যা: ${}^{18}C_r = {}^{18}C_{r+2} \Rightarrow r + r + 2 = 18 \Rightarrow r = 8$
 সঠিক উত্তর : ঘ.

১২. যদি $3^{x+y} = 1$ এবং $7^{3x-y} = 49$ হয়, তবে x^y এর মান সংখ্যায় প্রকাশ কর।
 ক. 3^2 খ. 3^7 গ. ০ ঘ. $y \log x$ ঙ. $\sqrt{2}$

ব্যাখ্যা: $3^{x+y} = 1 \Rightarrow x + y = 0 \Rightarrow x = -y$
 $7^{3x-y} = 49 \Rightarrow 3x - y = 2 \Rightarrow -4y = 2 \therefore y = -\frac{1}{2}$
 $\therefore x = \frac{1}{2}$
 $\therefore x^y = \left(\frac{1}{2}\right)^{-\frac{1}{2}} = \sqrt{2}$
 সঠিক উত্তর : ঙ.

১৩. $f(x) = \frac{x^2}{2} - 2x$, $-1 \leq x \leq 6$, ফাংশনটির রেঞ্জ বের কর।
 ক. $-1 < f(x) < 0$ খ. $f(x) = -3$ গ. $f(x) = 3$
 ঘ. $-2 \leq f(x) < 6$ ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা: $f(x) = \frac{x^2}{2} - 2x$
 $\therefore f(-1) = \frac{1}{2} - 2 = -\frac{3}{2}$
 $f(6) = \frac{6^2}{2} - 2 \cdot 6 = 6$
 $f(2) = \frac{2^2}{2} - 2 \cdot 2 = -2$
 \therefore রেঞ্জ $= -2 \leq f(x) \leq 6$
 সঠিক উত্তর : ঘ.

১৪. $(3 + kx)^9$ এর বিস্তৃতিতে x^3 এবং x^4 এর সহগ সমান হলে k এর মান নির্ণয় কর।
 ক. ২ খ. ৫৪৯০ গ. ৯১২ ঘ. ০ ঙ. -২

ব্যাখ্যা: টেকনিক: $(a + bx)^n$ এর বিস্তৃতিতে x^p ও x^q এর সহগ সমান হলে, $\frac{p!(n-p)!}{q!(n-q)!} = \frac{a}{b}$ হবে।
 $\frac{3!(9-3)!}{4!(9-4)!} = \frac{3}{k} \Rightarrow \frac{6}{4} = \frac{3}{k} \therefore k = 2$
 সঠিক উত্তর : ক.

১৫. যদি $\frac{1}{x} + y = 2$ এবং $x + \frac{1}{y} = 3$ হয় তবে $x:y = ?$

ক. ১:২ খ. ২:৩ গ. ৩:২ ঘ. ৭:৪ ঙ. ১১:১৩

ব্যাখ্যা: $\frac{1}{x} + y = 2 \Rightarrow 1 + xy = 2x$
 $x + \frac{1}{y} = 3 \Rightarrow xy + 1 = 3y$
 $\therefore 2x = 3y \Rightarrow \frac{x}{y} = \frac{3}{2} \Rightarrow x:y = 3:2$
 সঠিক উত্তর : গ.

১৬. $y = \tan^{-1} \sqrt{\frac{1 - \cos x}{1 + \cos x}}$ হলে $\frac{dy}{dx}$ নির্ণয় কর।

ক. $\frac{1}{1+x^2}$ খ. $\frac{x}{2}$ গ. $\frac{1}{2}$
 ঘ. $1 - \cos x$ ঙ. $\sin^2 x$

ব্যাখ্যা: $y = \tan^{-1} \sqrt{\frac{1 - \cos x}{1 + \cos x}} = \tan^{-1} \sqrt{\frac{2 \sin^2 \frac{x}{2}}{2 \cos^2 \frac{x}{2}}}$
 $= \tan^{-1} \tan \frac{x}{2} = \frac{x}{2}$
 $\therefore \frac{dy}{dx} = \frac{1}{2}$
 সঠিক উত্তর : গ.

গানকৌড়ি

CU: 2014 - 2015 (271)

১৭. $\int \frac{dx}{e^x + e^{-x}} = ?$

- ক. 1 খ. $\tan e^{-x}$ গ. $\sec^2 e^x$
 ঘ. $\tan^{-1} e^x$ ঙ. $\tan^{-1} e^x + c$

ব্যাখ্যা : $\int \frac{dx}{e^x + e^{-x}}$

$$= \int \frac{e^x}{(e^x)^2 + 1} dx \quad \left| \begin{array}{l} e^x = z \\ \Rightarrow e^x dx = dz \end{array} \right.$$

$$= \int \frac{dz}{z^2 + 1} = \tan^{-1} z + c = \tan^{-1}(e^x) + c$$

সঠিক উত্তর : ঙ.

১৮. $\int_0^{\pi/2} \sin x \sin 2x dx =$ কত হবে?

- ক. $\frac{2}{3}$ খ. $\frac{3}{2}$ গ. 0 ঘ. $2\sin^2 2x$ ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা : $\int_0^{\pi/2} \sin x \sin 2x dx = \int_0^{\pi/2} 2\sin^2 x \cdot \cos x dx$

$$= \left[2 \cdot \frac{\sin^3 x}{3} \right]_0^{\pi/2} = \frac{2}{3} - 0 = \frac{2}{3}$$

সঠিক উত্তর : ক.

১৯. $11010000 \div 1000 = ?$

- ক. $(11010)_2$ খ. $(1101)_2$ গ. 1001
 ঘ. 10000 ঙ. 11111_2

ব্যাখ্যা : Calculator ব্যবহার কর।

সঠিক উত্তর : ক.

২০. m এর কোন মানের জন্য $4x^2 + 8xy + my^2 = 9$, এক জোড়া সরল রেখা প্রকাশ করে?

- ক. 0 খ. 1 গ. $\frac{3}{2}$ ঘ. $\frac{9}{4}$ ঙ. 4

 ব্যাখ্যা : $m = 4$ হলে,

$$4x^2 + 8xy + 4y^2 = 9 \Rightarrow 4(x+y)^2 = 9 \Rightarrow x+y = \pm \frac{3}{2}$$

একজোড়া সরলরেখা নির্দেশ করে।

সঠিক উত্তর : ঙ.

২১. যদি A এবং B স্বাধীন, $P(A) = \frac{1}{3}$ এবং $P(B) = \frac{3}{4}$ হয় তবে

 $P(A \cup B)$ এর মান নির্ণয় কর।

- ক. $\frac{1}{2}$ খ. $\frac{1}{3}$ গ. $\frac{5}{6}$
 ঘ. $\frac{9}{16}$ ঙ. $\frac{3}{20}$

ব্যাখ্যা : $P(A \cup B) = P(A) + P(B) - P(A) \times P(B)$

$$= \frac{1}{3} + \frac{3}{4} - \frac{1}{3} \times \frac{3}{4} = \frac{1}{3} + \frac{3}{4} - \frac{1}{4} = \frac{5}{6}$$

সঠিক উত্তর : গ.

২২. $\sqrt{\frac{1-\sin A}{1+\sin A}} = ?$

- ক. $\cos A$ খ. $\sec A + \tan A$ গ. $\tan A - \sec A$
 ঘ. $\sec A - \tan A$ ঙ. $\operatorname{cosec} A$

ব্যাখ্যা : $\sqrt{\frac{1-\sin A}{1+\sin A}} = \sqrt{\frac{(1-\sin A)^2}{1-\sin^2 A}} = \frac{1-\sin A}{\cos A}$

$$= \sec A - \tan A$$

সঠিক উত্তর : ঘ.

২৩. $A = \begin{pmatrix} 3 & 7 \\ 2 & 5 \end{pmatrix}$ এবং $B = \begin{pmatrix} -3 & 2 \\ 4 & -1 \end{pmatrix}$ হলে, যাদি C নির্ণয়

 কর যাতে $5C + 2B = A$ হয়।

- ক. $\frac{1}{5} \begin{pmatrix} 9 & 3 \\ -6 & 7 \end{pmatrix}$ খ. $\begin{pmatrix} 9 & 3 \\ -6 & 7 \end{pmatrix}$ গ. $\begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$
 ঘ. $\begin{pmatrix} -3 & -7 \\ -2 & -5 \end{pmatrix}$ ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা : $5C + 2B = A \Rightarrow C = \frac{1}{5}(A - 2B)$

$$= \frac{1}{5} \left[\begin{pmatrix} 3 & 7 \\ 2 & 5 \end{pmatrix} - 2 \begin{pmatrix} -3 & 2 \\ 4 & -1 \end{pmatrix} \right]$$

$$= \frac{1}{5} \begin{pmatrix} 9 & 3 \\ -6 & 7 \end{pmatrix}$$

সঠিক উত্তর : ক.

২৪. $\begin{vmatrix} 1 & 1 & 1 \\ a & b & c \\ a^2 & b^2 & c^2 \end{vmatrix}$ এর মান নির্ণয় কর।

- ক. $(a-b)(b-c)(c-a)$ খ. $a^2 - b^2 - c^2$
 গ. $a + b + c$ ঘ. $a^2 + b^2 + c^2$
 ঙ. $\frac{a^2 - b^2}{(b-c)(c-a)}$

সঠিক উত্তর : ক.

২৫. যদি $y = a \sin nx + b \cos nx$ হয় তবে $\frac{d^2y}{dx^2}$ এর মান নির্ণয় কর।

- ক. $an^2 \sin nx$ খ. 0 গ. $n \sin x + b \cos x$
 ঘ. $\frac{a}{b} \cot nx$ ঙ. $-n^2 y$

ব্যাখ্যা : $y = a \sin nx + b \cos nx$

$$\Rightarrow \frac{dy}{dx} = an \cos nx - bn \sin nx$$

$$\Rightarrow \frac{d^2y}{dx^2} = -an^2 \sin nx - bn^2 \cos nx$$

$$\Rightarrow \frac{d^2y}{dx^2} = -n^2 (a \sin nx + b \cos nx)$$

$$\therefore \frac{d^2y}{dx^2} = -n^2 y$$

সঠিক উত্তর : ঙ.

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (A Unit)
শিক্ষাবর্ষ: ২০১৩-২০১৪

বাংলা-১০

১. 'পেয়ারা' কোন্ ভাষা থেকে আগত শব্দ?

ক. হিন্দি খ. উর্দু গ. আরবি ঘ. ফারসি ঙ. পর্তুগীজ

ব্যাখ্যা : পর্তুগীজ শব্দ-আনারস, আলপিন, আলমারি, গামলা, চাবি, জানালা, পাউরুটি, পেয়ারা, বোতাম, বারান্দা, সাবান, নিলাম ইত্যাদি।
সঠিক উত্তর: ঙ.

২. 'সোনার তরী' কবিতাটি কোন্ ছন্দে রচিত?

ক. গদ্য খ. অক্ষরবৃত্ত গ. স্বরবৃত্ত ঘ. মিশ্র ঙ. মাত্রাবৃত্ত

ব্যাখ্যা : 'সোনার তরী' কবিতার কতিপয় তথ্য :

- কবি - রবীন্দ্রনাথ ঠাকুর। • উৎস - 'সোনার তরী' কাব্যগ্রন্থ।
- চরণ - ৪২টি। • স্তবক - ৬টি।
- ছন্দ - মাত্রাবৃত্ত।

সঠিক উত্তর: ঙ.

৩. কোনটি মৌলিক শব্দের উদাহরণ?

ক. চাঁদ খ. বাঁশি গ. উপহার ঘ. সন্দেশ ঙ. পঙ্কজ

ব্যাখ্যা : মৌলিক শব্দ - যে সব শব্দ বিশ্লেষণ করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে।

উদাহরণ- গোলাপ, নাক, লাল, চাঁদ ইত্যাদি।

সাধিত শব্দ - যে সব শব্দকে বিশ্লেষণ করা হলে অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে।

উদাহরণ - চাঁদমুখ, নীলাকাশ, চলন্ত, গরমিল ইত্যাদি।

সঠিক উত্তর: ক.

৪. 'উনপঞ্চাশ বায়ু' এর অর্থ কি?

ক. সৌখিন খ. চৌকস গ. কর্তব্যবিমুখ ঘ. পাগলামী ঙ. ষড়যন্ত্র

ব্যাখ্যা : উনপঞ্চাশ বায়ু - পাগলামী
উনপাঁজুরে - হতভাগ্য, দুর্বল
উড়নচন্ডী - অমিতব্যয়ী

সঠিক উত্তর: ঘ.

৫. বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক কে?

ক. রিজিয়া রহমান খ. মহাশ্বেতা দেবী গ. নাসরিন জাহান
ঘ. বেগম রোকেয়া ঙ. স্বর্ণকুমারী দেবী

ব্যাখ্যা : স্বর্ণকুমারী দেবী আধুনিক বাংলা সাহিত্যের প্রথম ঔপন্যাসিক।
• ১৮৭৭ সালে তিনি ভারতী পত্রিকা সম্পাদনা করেন।

সঠিক উত্তর: ঙ.

৬. বাংলা সাহিত্যের ইতিহাসে প্রাচীনতম মুসলমান কবি —।

ক. শাহ মোহাম্মদ সগীর খ. সৈয়দ সুলতান গ. শেখ ফয়জুল্লাহ
ঘ. আলাওল ঘ. মুহম্মদ কবির

ব্যাখ্যা : • শাহ মুহম্মদ সগীর ১৪ থেকে ১৫ দশক এর কবি।
• তার বিখ্যাত কাব্যগ্রন্থ - ইউসুফ জোলেখা।

সঠিক উত্তর: ক.

৭. 'Origin and Development of Bengali Language' এর লেখক —।

ক. মুহম্মদ আবদুল হাই খ. ডঃ সুনীতি কুমার চট্টোপাধ্যায়
গ. ডঃ মুহাম্মদ শহীদুল্লাহ ঘ. ডঃ দীনেশ চন্দ্র সেন
ঙ. ডঃ সুকুমার সেন

সঠিক উত্তর: খ.

৮. 'তুফান' শব্দটি কোন্ ভাষা থেকে বাংলায় এসেছে?

ক. জাপানি খ. ফারসি গ. হিন্দি ঘ. আরবি ঙ. চীনা

ব্যাখ্যা : আরবি শব্দ: গোসল, তসবি, উকিল, এজলাস, কলম, কিতাব, খারিজ, কিতাব, খারিজ, দোয়াত, রায়, তুফান, শরবত, আক্কেল, আজব ইত্যাদি।
সঠিক উত্তর: ঘ.

৯. 'বাগাড়ম্বর' শব্দের সন্ধি বিচ্ছেদ-

ক. বাক + অম্বর খ. বাগ + আড়ম্বর গ. বাগ + আম্বর
ঘ. বাগ্ + আড়ম্বর ঙ. বাক্ + আড়ম্বর

ব্যাখ্যা : বাক্ + আড়ম্বর = বাগাড়ম্বর; অনুরূপ - দিক্ + অন্ত = দিগন্ত, গিজন্ত, যড়ানন, বাগীশ, তদন্ত, সদুপায় ইত্যাদি।
সঠিক উত্তর: ঙ.

১০. পানিনি কে ছিলেন?

ক. বৈয়াকরণিক খ. চিন্তাবিদ গ. ঔপন্যাসিক ঘ. ভাষাবিদ ঙ. পরিকল্পনাবিদ

সঠিক উত্তর: ক.

English- 15

1. One who eats everything is called _____

A. omnipresent B. omnipotent C. omnivorous
D. omnibus E. omniscient

ব্যাখ্যা : One who is all powerful - Omnipotent

One who is all knowing - Omniscient.

One who is present all over - Omnipresent

One who eats all kinds of food - Omnivorous.

A book containing all the published work of an author - Omnibus.

Ans: C.

2. The science of heredity is _____

A. Radiology B. Entomology C. Pathology
D. Orthopaedics E. Genetics

ব্যাখ্যা : Heredity - বংশগতি

Study of heredity - Genetics (বংশগতি বিদ্যা)

Study of birds - Ornithology (পক্ষী বিজ্ঞান)

Study of human development - Antropology

Study of science of insects - Entomology

Study of living things - Biology

Study of animals - Zoology

Ans: E.

3. Which one is correct?

A. I wish I had been in Europe
B. I wish I was in Europe
C. I wish I have been in Europe
D. I wish I were in Europe
E. I wish I am in Europe

ব্যাখ্যা : (i) Wish + past simple is used to express that we want a situation in the present (or future) to be different.

Example :

• I wish I spoke Italian. (I don't speak Italian)

• I wish I had a big car. (I don't have a big car)

• I wish I were on a beach. (I'm in the office)

(ii) Wish + past continuous is used to express that we want to be doing a different action in the present (or future).

Example :

• I wish I were lying on a beach now. (I'm sitting in the office)

• I wish you weren't leaving tomorrow. (you are leaving tomorrow)

Ans: D.

4. The boy takes _____ his grandfather.

A. up B. with C. to D. of E. after

ব্যাখ্যা : Take after - দেখতে একই মনে হওয়া

Take away - সরিয়ে নেওয়া Take down - লেখা

Take form - মনে করা Take off - খুলে ফেলা

Take over - গ্রহণ করা Take to - অভ্যাস করা, আসক্ত হওয়া

Ans: E.

পানকৌড়ি

CU: 2013 - 2014 (273)

5. Identify the word in the singular form:

- A. Index B. Data C. Agenda
D. Criteria E. Stadia

ব্যাখ্যা : বিস্তারিত: A (২০১৪-১৫) এর (০৮) নং দেখ।

Ans: A.

6. Antonym of the word 'meticulous' is _____.

- A. meritorious B. careless C. ordinary
D. careful E. brave

ব্যাখ্যা : Meticulous – অতি সতর্ক

Synonym – Cautious, Fastidious

Antonym – Careless, Sloppy

Ans: B.

7. 'Authoritarian' means _____.

- A. elderly B. Autocratic C. potential
D. senior E. democratic

ব্যাখ্যা : Authoritarian – ব্যক্তি স্বাধীনতা উপেক্ষা করে কড়ত্ব নেয়া

Autocratic – স্বৈচ্ছাচারী

Ans: B.

8. She will discuss the issue with the officer _____ phone.

- A. by B. on C. in D. through E. over

Ans: A.

9. The synonym of 'nightmare' is _____.

- A. hallucination B. delight C. owl
D. story E. journey

ব্যাখ্যা : Nightmare – ভীতিকর স্বপ্ন বা অভিজ্ঞতা, দুঃস্বপ্ন।

Hallucination – অবাস্তব বা কল্পিত কিছু দেখা।

Ans: A.

10. He asked me _____.

- A. when did I go there B. when went I
C. when I went there D. that when I did go there
E. when gone I

ব্যাখ্যা : Interrogative sentence কে Indirect speech এ রূপান্তর করতে w/h question word এর পরে subject এবং তার পরে verb বসে।

Example – I asked why he was getting wet in the train.

অনুরূপভাবে – He asked me when I went there.

Ans: C.

11. It is time that the children _____.

- A. went to bed B. went to their bed
C. go to bed D. go to their bed
E. go to the bed

ব্যাখ্যা : It is time, It is high time এর পরে subject থাকলে verb এর Past tense হয়। আর subject না থাকলে to + verb হয়।

Example – It is time you forgot the matter.

অনুরূপভাবে – It is time that the children went to bed.

Ans: A

 12. Plans for a new bridge across the river are in the pipeline. The underlined idiom means:

- A. Plans are being prepared and are public
B. Plans are inside the pipeline
C. Plans are public
D. Plans are being prepared but are not public yet
E. Plans are not prepared

ব্যাখ্যা : In the pipeline – On process but not open for public yet.

Ans: D.

13. Complete the following sentence:

No sooner did the thief see the policeman _____.

- A. when he ran away B. he ran away
C. than he ran away D. he had run away
E. then he ran away

ব্যাখ্যা : No sooner থাকলে Sentence এর structure হবে নিম্নরূপ:

 No sooner + auxiliary + subject + verb + than + subject + verb
তাই, No sooner did the thief see the policeman than he ran away.

Ans: C.

14. A lexicographer writes _____.

- A. dictionaries B. biographies C. letters
D. novels E. stories

ব্যাখ্যা :

A Person who writes dictionaries – Lexicographer.

A Person who writes one's life story – Biography (জীবনী)

A Person who writes his own life story – Autobiography (অত্মজীবনী)

Art of good handwriting – Calligraphy.

Ans: A.

15. United we stand, divided we _____.

- A. slide B. jump C. stumble D. fall E. slip

Ans: D.

পদার্থ - ২৫

১. ৪০ গিগাবাইটে (GB) কত বাইট (B) ?

- ক. 8.0×10^7 খ. 8.0×10^8 গ. 8.0×10^9
ঘ. 8.0×10^{10} ঙ. 8.0×10^6

 ব্যাখ্যা : $1 \text{ GB} = 1 \times 10^9 \text{ B}$
 $\therefore 80 \text{ GB} = 80 \times 10^9 = 8 \times 10^{10} \text{ B}$

সঠিক উত্তর: ঘ.

২. কৌণিক ভরবেগ ও কৌণিক বেগের মধ্যে সম্পর্ক কোন্টি?

- ক. $L = v\omega$ খ. $L = I\omega^2$ গ. $L = I\omega$ ঘ. $L = \frac{\omega}{r}$ ঙ. $L = r\omega$

 ব্যাখ্যা : কৌণিক ভরবেগ ও কৌণিক বেগের মধ্যে সম্পর্ক : $L = I\omega$

সঠিক উত্তর: গ.

৩. কোন্টি ভূমি রাশি (Base quantity) নয়?

- ক. ঘনত্ব খ. সময় গ. তাপমাত্রা ঘ. ভর ঙ. দৈর্ঘ্য

ব্যাখ্যা : ভূমি রাশি (৭টি): সময়, তাপমাত্রা, ভর, দৈর্ঘ্য, বিদ্যুৎ প্রবাহ, দীপন তীব্রতা, মোল সংখ্যা।

সঠিক উত্তর: ক.

৪. নিচের কোন্টি ক্ষমতার মাত্রা?

- ক. $[ML^{-2}T^{-3}]$ খ. $[ML^{-2}T^{-2}]$ গ. $[ML^3T^{-2}]$
ঘ. $[ML^2T^2]$ ঙ. $[ML^2T^{-3}]$

 ব্যাখ্যা : কাজ ও শক্তির মাত্রা : $[ML^2T^{-2}]$

 ক্ষমতার মাত্রা : $[ML^2T^{-3}]$

সঠিক উত্তর: ঙ.

৫. পৃথিবী পৃষ্ঠে মুক্তি বেগের মান প্রায় ____।

- ক. 9.8 km/s খ. 9.8 m/s গ. 112 km/s
ঘ. 11.2 km/s ঙ. 11.2 m/s

 ব্যাখ্যা : পৃথিবী পৃষ্ঠে মুক্তি বেগের মান প্রায় 11.2 km s^{-1}

অথবা 7 mile/sec অথবা 25000 mile/hr

সঠিক উত্তর: ঘ.

পানহোডি

CU: 2013 - 2014 (274)

৬. পান সাপেক্ষে কাঁচের প্রতিসরাঙ্ক ৯/৮ এবং বায়ু সাপেক্ষে কাঁচের প্রতিসরাঙ্ক ৩/২ হলে বায়ু সাপেক্ষে পানির প্রতিসরাঙ্ক কত?
- ক. ৪/৯ খ. ৩/৪ গ. ২৭/১৬
ঘ. ৪/৩ ঙ. ২/৩

$$\text{ব্যাখ্যা: } {}_w\mu_g = \frac{{}_a\mu_g}{{}_a\mu_w} \Rightarrow {}_a\mu_w = \frac{{}_a\mu_g}{{}_w\mu_g} = \frac{3/2}{9/8} = \frac{4}{3}$$

সঠিক উত্তর: ঘ.

৭. কোন্টি শব্দোত্তর তরঙ্গ?

- ক. ২০Hz এর নিচে খ. ২০kHz গ. ২০kHz এর উপরে
ঘ. ২০Hz ঙ. ২০Hz থেকে ২০kHz

ব্যাখ্যা: ২০Hz এর নিচে কম্পাঙ্ক বিশিষ্ট শব্দ তরঙ্গকে শব্দোত্তর তরঙ্গ এবং ২০,০০০Hz এর উপরে কম্পাঙ্ক বিশিষ্ট শব্দ তরঙ্গকে শব্দোত্তর তরঙ্গ বলে।

সঠিক উত্তর: গ.

৮. অভিকর্ষজ ত্বরণ g এর ক্ষেত্রে নিচের কোন্টি সঠিক?

- ক. g পৃথিবীর ঘূর্ণন গতির উপর নির্ভরশীল নয়
খ. g সার্বজনীন ধ্রুবক
গ. g উচ্চতার উপর নির্ভরশীল
ঘ. g অক্ষাংশের উপর নির্ভরশীল নয়
ঙ. সবগুলোই সঠিক

ব্যাখ্যা: অভিকর্ষজ ত্বরণ ধ্রুব নয়। এর তারতম্য ঘটে -

- i) উচ্চতার কারণে ii) অক্ষাংশের কারণে iii) পৃথিবীর ঘূর্ণনের কারণে

সঠিক উত্তর: গ.

৯. পৃথিবীর কেন্দ্রে কোন বস্তুর ওজন -

- ক. পৃথিবী পৃষ্ঠে বস্তুর ওজনের সমান
খ. অসীম
গ. শূন্য
ঘ. পৃথিবী পৃষ্ঠে বস্তুর ওজনের চেয়ে বেশি
ঙ. উপরের সবগুলোই ভুল

ব্যাখ্যা: যেহেতু কেন্দ্রে $g = 0$ তাহলে ওজন $w = mg = m \times 0 = 0$

সঠিক উত্তর: গ.

১০. প্রতি ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা বৃদ্ধিতে বায়ুতে শব্দের বেগ কত বৃদ্ধি পায় প্রায় -

- ক. ৬.১ m/s খ. ১১.২ m/s গ. ০.০৬ m/s
ঘ. ৬১ m/s ঙ. ০.৬১ m/s

ব্যাখ্যা: প্রতি ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা বৃদ্ধিতে বায়ুতে শব্দের বেগ ০.৬১ m/s বৃদ্ধি পায়।

সঠিক উত্তর: ঙ.

১১. $\vec{j} \cdot (2\vec{i} - 3\vec{j} + \vec{k})$ এর মান কত?

- ক. -২ খ. ৩ গ. ১ ঘ. ২ ঙ. -৩

ব্যাখ্যা: $\vec{j} \cdot (2\vec{i} - 3\vec{j} + \vec{k}) = -3$

সঠিক উত্তর: ঙ.

১২. একটি কম্পমান তারের টান ৪ গুণ বাড়ালে তারটির দৈর্ঘ্য ২ গুণ বাড়ে। তারটির কম্পাঙ্ক -

- ক. ৪ গুণ কমে খ. অপরিবর্তিত থাকে গ. ৪ গুণ বাড়ে
ঘ. ২ গুণ বাড়ে ঙ. ২ গুণ কমে

$$\text{ব্যাখ্যা: } n_1 = \frac{1}{2l_1} \sqrt{\frac{T_1}{M}} \quad n_2 = \frac{1}{2l_2} \sqrt{\frac{T_2}{m}}$$

$$\therefore \frac{n_2}{n_1} = \frac{l_1 \sqrt{T_2}}{l_2 \sqrt{T_1}} = \frac{l_1 \sqrt{4T_1}}{2l_2 \sqrt{T_1}} = \frac{2}{2}$$

$\therefore n_2 = n_1$

সঠিক উত্তর: খ.

১৩. সাধারণ তাপমাত্রায় পানির পৃষ্ঠ শক্তি কত?

- ক. $72 \times 10^{-3} \text{ J/m}^2$ খ. $62 \times 10^{-4} \text{ J/m}^2$
গ. $62 \times 10^{-3} \text{ J/m}^2$ ঘ. $72 \times 10^{-4} \text{ J/m}^2$
ঙ. $82 \times 10^{-4} \text{ J/m}^2$

ব্যাখ্যা: পানির পৃষ্ঠটান বা পৃষ্ঠ শক্তি $= 72 \times 10^{-3} \text{ J/m}^2$

সঠিক উত্তর: ক.

১৪. ফারেনহাইট স্কেলে তাপমাত্রা 212° হলে সেলসিয়াস স্কেলে এর মান কত?

- ক. 100° খ. 32° গ. 212° ঘ. 0° ঙ. 80°

$$\text{ব্যাখ্যা: } \frac{C}{5} = \frac{F - 32}{9} \Rightarrow \frac{C}{5} = \frac{212 - 32}{9} \Rightarrow C = 100^\circ \text{C}$$

সঠিক উত্তর: ক.

১৫. পারমাণবিক সংখ্যা ১২ এবং ভর সংখ্যা ২৫ বিশিষ্ট একটি নিউক্লিয়াসে কয়টি প্রোটন ও কয়টি নিউট্রন আছে?

- ক. ১৩, ১২ খ. ১২, ১৩ গ. ২৫, ১২ ঘ. ১২, ২৫ ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা: পারমাণবিক সংখ্যা-ই প্রোটন সংখ্যা নির্দেশ করে।

\therefore প্রোটন ১২ টি

এবং নিউট্রন = ভর সংখ্যা - প্রোটন সংখ্যা = $25 - 12 = 13$

সঠিক উত্তর: খ.

১৬. একটি তাপ ইঞ্জিনের কর্মদক্ষতা ৮০%। গ্রাহকের তাপমাত্রা 127°C হলে উৎসের তাপমাত্রা কত?

- ক. 2200 K খ. 2100 K গ. 2000 K ঘ. 2300 K ঙ. কোনটিই নয়

$$\text{ব্যাখ্যা: } \eta = 1 - \frac{T_2}{T_1} \Rightarrow 0.8 = 1 - \frac{(127 + 273)}{T_1} \therefore T_1 = 2000 \text{ K}$$

সঠিক উত্তর: গ.

১৭. কঠিন পদার্থের মধ্যে শব্দের বেগ, ইয়ং-এর গুণাঙ্ক ও মাধ্যমের ঘনত্বের মধ্যে সম্পর্ক কোন্টি?

$$\text{ক. } \frac{\sqrt{Y}}{\rho^2} \quad \text{খ. } v = \rho Y \quad \text{গ. } v = \frac{\sqrt{Y}}{\rho}$$

$$\text{ঘ. } v = \sqrt{\frac{Y}{\rho}} \quad \text{ঙ. } v = \frac{Y}{\rho}$$

ব্যাখ্যা: শব্দের বেগ, ইয়ং-এর গুণাঙ্ক ও মাধ্যমের ঘনত্ব এর মধ্যে সম্পর্ক, $v = \sqrt{\frac{Y}{\rho}}$

সঠিক উত্তর: ঘ.

১৮. দৃশ্যমান আলোক বর্ণালীতে কোন্টির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশি?

- ক. সবুজ খ. নীল গ. কমলা ঘ. লাল ঙ. হলুদ

ব্যাখ্যা: লাল আলোর তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বেশী তাই বিচ্যুতি কম।

অপরপক্ষে বেগুনী আলোয় তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে কম তাই বিচ্যুতি বেশী।

সঠিক উত্তর: ঘ.

১৯. P, Q, R, S ও T বস্তুর সমূহের রোধকত্ব যথাক্রমে $1.0 \times 10^{-8} \Omega \text{m}$, $2.0 \times 10^{-8} \Omega \text{m}$, $3.0 \times 10^{-8} \Omega \text{m}$, $4.0 \times 10^{-8} \Omega \text{m}$ এবং $5.0 \times 10^{-8} \Omega \text{m}$ । এদের মধ্যে কোন্টি সবচেয়ে ভাল পরিবাহক?

- ক. Q খ. P গ. T ঘ. S ঙ. R

ব্যাখ্যা: যার রোধকত্ব যত কম সেটি তত ভাল পরিবাহক। এখানে সবচেয়ে কম রোধকত্ব P এর এবং বেশী T এর। তাহলে ভাল পরিবাহক হবে P।

সঠিক উত্তর: খ.

২০. ১ অশ্ব-ক্ষমতা সমান -

- ক. ৭৪৬ ওয়াট খ. ৭৬৪ ওয়াট গ. ৬৪৭ ওয়াট
ঘ. ৪৭৬ ওয়াট ঙ. ৬৭৪ ওয়াট

ব্যাখ্যা: ১ H.P = ৭৪৬ Watt

সঠিক উত্তর: ক.

পানশেডি

CU: 2013 - 2014 (275)

২১. $4\mu F$ ধারকত্ব বিশিষ্ট একটি ধারককে $9.0V$ ব্যাটারী দ্বারা চার্জিত করলে এতে সঞ্চিত শক্তির পরিমাণ —।

- ক. $1.82 \times 10^{-5} J$ খ. $1.72 \times 10^{-4} J$ গ. $1.72 \times 10^{-5} J$
ঘ. $1.62 \times 10^{-5} J$ ঙ. $1.62 \times 10^{-4} J$

ব্যাখ্যা : $U = \frac{1}{2} CV^2 = \frac{1}{2} \times (4 \times 10^{-6}) \times 9^2 = 1.6 \times 10^{-4} J$

সঠিক উত্তর: ঙ.

২২. একটি কোষের তড়িচ্চালক বল $1.5V$ এবং অভ্যন্তরীণ রোধ 2Ω । এর প্রান্তদ্বয় 10Ω রোধের একটি তার দ্বারা যুক্ত করলে তড়িৎ প্রবাহের মান —।

- ক. $0.125A$ খ. $0.321A$ গ. $0.251A$ ঘ. $0.145A$ ঙ. $0.231A$

ব্যাখ্যা : $I = \frac{E}{R + r} = \frac{1.5}{2 + 10} = 0.125A$

সঠিক উত্তর: ক.

২৩. যে তাপমাত্রায় কোনো ফেরো-চৌম্বক পদার্থের চুম্বকত্ব শূন্য হয়, সে তাপমাত্রাকে বলা হয় —।

- ক. রৈখিক তাপমাত্রা খ. স্বাভাবিক তাপমাত্রা গ. পরম তাপমাত্রা
ঘ. কুরি তাপমাত্রা ঙ. নিরপেক্ষ তাপমাত্রা

ব্যাখ্যা : যে তাপমাত্রায় কোন ফেরোচৌম্বক পদার্থের চুম্বকত্ব লোপ পায় বা শূন্য হয়, সে তাপমাত্রাকে কুরি তাপমাত্রা বলে।

সঠিক উত্তর: ঘ.

২৪. কোন স্থানের ভৌগোলিক মধ্যতল ও চৌম্বক মধ্যতলের মধ্যবর্তী কোণকে বলা হয় —।

- ক. চৌম্বক অক্ষ খ. বিনতি গ. চৌম্বক দ্বিমেরু ঘ. চৌম্বক মেরু ঙ. বিচ্যুতি

ব্যাখ্যা : বিচ্যুতি কোণ: কোনো স্থানের ভৌগোলিক মধ্যতল ও চৌম্বক মধ্যতলের মধ্যবর্তী কোণকে ভূ-চুম্বকত্বের বিচ্যুতি কোণ বলে।

বিনতি কোণ: পৃথিবীর কোন স্থানে ভারকেন্দ্র দিয়ে মুক্তভাবে ঝুলন্ত চুম্বকের চৌম্বক অক্ষ অনুভূমিকের সাথে যে কোণ উৎপন্ন করে তাকে বিনতি বলে।

সঠিক উত্তর: ঙ.

২৫. একটি ট্রান্সফর্মারের মুখ্য কুন্ডলীর ভোল্টেজ $10V$ এবং তড়িৎ প্রবাহ $4A$ । যদি গৌণ কুন্ডলীর ভোল্টেজ $20V$ হয়, তবে এতে তড়িৎ প্রবাহের মান —।

- ক. $0.5A$ খ. $1A$ গ. $2A$ ঘ. $3A$ ঙ. $5A$


ব্যাখ্যা : $\frac{E_s}{E_p} = \frac{I_p}{I_s} \Rightarrow I_s = \frac{E_p}{E_s} \times I_p = \frac{10 \times 4}{20} = 2A$

সঠিক উত্তর: গ.

রসায়ন-২৫

১. $CH_2 = CH_2$ এর সাথে Br_2/H_2O যোগ করলে উৎপন্ন হবে —।

- ক. $HCHO$ খ. CH_3CHO গ. $BrCH_2-CH_2OH$
ঘ. $BrCH_2-CH_2Br$ ঙ. CH_3CH_2OH



সঠিক উত্তর: গ + ঘ.

২. নিচের কোনটি অনার্দ্র $AlCl_3$ এর উপস্থিতিতে বেনজিনের সাথে বিক্রিয়া করে টলুইন উৎপন্ন করবে?

- ক. CH_3Cl খ. CH_3OH গ. CH_3CH_2Cl
ঘ. CH_3CN ঙ. CH_3COCl

ব্যাখ্যা : বিস্তারিত: F ইউনিট (২০১৪-১৫) এর (২৪) নং দেখ।

সঠিক উত্তর: ক.

৩. নিচের কোন আয়নটি HCl এর অম্লীয় দ্রবণ থেকে H_2S দ্বারা অধঃক্ষিপ্ত হবে?

- ক. Ni^{2+} খ. Fe^{2+} গ. Sr^{2+} ঘ. Mg^{2+} ঙ. Cd^{2+}

ব্যাখ্যা : • গ্রুপ II এর নয়টি ক্ষারকীয় মূলক বা ক্যাটায়ন আছে। এগুলো হল Pb^{2+} , Cu^{2+} , Cd^{2+} , Hg^{2+} , Sb^{3+} , As^{3+} , Sn^{2+} , Bi^{3+} , Sn^{3+} । এসব ক্যাটায়নকে সালফাইট লবণ হিসেবে অধঃক্ষিপ্ত করা হয়। এদের অধঃক্ষেপণের জন্য গ্রুপ বিকারক হল HCl এসিডের উপস্থিতিতে H_2S গ্যাস।

• গ্রুপ III B এর চারটি ক্ষারকীয় মূলক যেমন Zn^{2+} , Co^{2+} , Ni^{2+} , Mn^{2+} আছে। এদের সালফাইট লবণের দ্রাব্যতা গুণফল গ্রুপ II ক্যাটায়নের সালফাইটের দ্রাব্যতা গুণফলের মান থেকে অনেক বেশি। এদের অধঃক্ষেপণের জন্য গ্রুপ বিকারক হল NH_4OH এর উপস্থিতিতে H_2S গ্যাস।

সঠিক উত্তর: ঙ.

৪. কোন দ্রবণের pH 4 হতে 5 এ পরিবর্তিত হলে দ্রবণটির হাইড্রোজেন আয়ন (H^+) এর ঘনমাত্রা —।

- ক. অপরিবর্তিত থাকে খ. দ্বিগুণ বেড়ে যায় গ. ১০ গুণ কমে যায়
ঘ. ১০ গুণ বেড়ে যায় ঙ. অর্ধেক হয়ে পড়ে

ব্যাখ্যা : $[H^+] = 10^{-4} = 10^{-1}$

∴ Power ঋণাত্মক বলে হাইড্রোজেন আয়ন $[H^+]$ এর ঘনমাত্রা ১০ গুণ হ্রাস পায়।

সঠিক উত্তর: গ.

৫. প্রোটিন চেন গঠনে ব্যবহৃত নির্ধারিত এমাইনো অ্যাসিডের সংখ্যা —।

- ক. 25 খ. 35 গ. 15 ঘ. 30 ঙ. 20

সঠিক উত্তর: ঙ.

৬. নিচের কোনটি আদর্শ গ্যাস?

- ক. O_2 খ. He গ. N_2 ঘ. CO_2 ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা : যে গ্যাস সব তাপমাত্রা ও চাপে গ্যাস সূত্রসমূহ যথা বয়েল, চার্লস এবং আভোগেদ্রো সূত্র পূরোপুরি মেনে চলে, তাকে আদর্শ গ্যাস বলে। যখন কোন গ্যাস গ্যাসীয় সূত্রসমূহ মেনে চলে তখন তার আচরণ $PV = nRT$ সমীকরণ দ্বারা নিয়ন্ত্রিত হয়।

বাস্তবে কোন গ্যাস আদর্শভাবে আচরণ করে না এবং আদর্শ গ্যাস একটি কাল্পনিক ধারণা মাত্র।

সঠিক উত্তর: ঙ.

৭. ম্যাগনেটাইট যে ধাতুর আকরিক, তা হল —।

- ক. Mg খ. Mn গ. Zn ঘ. Fe ঙ. Cu

ব্যাখ্যা : আয়রনের (Fe) আকরিকসমূহ:

- i) ম্যাগনেটাইট (Fe_3O_4) ii) রেড হেমাটাইট (Fe_2O_3)
iii) লিমোনাইট ($2Fe_2O_3 \cdot 3H_2O$) iv) স্প্যাথোজ ($FeCO_3$)


** আয়রন পাইরাইটস (FeS_2) খনিজ হলেও আকরিক নয়।

সঠিক উত্তর: ঘ.

৮. নিচের কোন যৌগটির জ্যামিতিক সমানুতা প্রদর্শন করে?

- ক. CH_3-CH_2-OH খ. CH_3-CHO গ. CH_3-CH_3
ঘ. $CHCl=CHCl$ ঙ. $CH_2=CH_2$

ব্যাখ্যা : সাধারণত প্রতিস্থাপিত অ্যালকিনসমূহ এবং চক্রিক যৌগসমূহ জ্যামিতিক সমানুতা প্রদর্শন করে। প্রতিস্থাপিত অ্যালকিনের জ্যামিতিক সমানু দুটির সাধারণ সংকেত $ab.c = c.ab$ অথবা $ab.c = c.ba$ এর মত হয়ে থাকে। তাদের একটিকে সিস সমানু ও অপরটিকে ট্রান্স সমানু বলে।



সঠিক উত্তর: ঘ.

৯. লুকাস বিকারক হল —।

- ক. $(KOH + ZnCl_2)$ খ. $(H_2SO_4 + ZnCl_2)$
গ. $(NaOH + ZnCl_2)$ ঘ. $(H_2O + ZnCl_2)$
ঙ. $(HCl + ZnCl_2)$

ব্যাখ্যা : গাঢ় HCl এ অনার্দ্র $ZnCl_2$ এর দ্রবণকে লুকাস বিকারক বলা হয়। অর্থাৎ লুকাস বিকারক = $[HCl + ZnCl_2]$

ব্যবহার : প্রাইমারী (১°), সেকেন্ডারী (২°) এবং টারসিয়ারী (৩°) অ্যালকোহলের মধ্যে পার্থক্য করার জন্য ব্যবহৃত হয়।

সঠিক উত্তর: ঙ.

পানকৌড়ি

CU: 2013 - 2014 (276)

১০. STP তে কোন গ্যাসের 1L এ কত মোল গ্যাস থাকে?


ক. 2.24 খ. 0.224 গ. 4.5 ঘ. 0.045 ঙ. 0.45

ব্যাখ্যা : 22.4L গ্যাসে থাকে = 1 মোল


$$\therefore 1L \quad " \quad " = \frac{1}{22.4} = 0.045 \text{ মোল}$$

সঠিক উত্তর: ঘ.

১১. নিচের কোন যৌগটি O₃ এর সাথে বিক্রিয়া করে?



ব্যাখ্যা :



সঠিক উত্তর: ক.

১২. সবচেয়ে শক্তিশালী অজৈব অম্ল হল —।

ক. HClO₄ খ. HNO₃ গ. HClO₃ ঘ. H₂SO₄ ঙ. HCl

ব্যাখ্যা : এসিডের কেন্দ্রীয় মৌলের জারণ সংখ্যা যত বেশি এসিডটি তত বেশী অম্লীয়।

i) $\text{HClO}_4 = 1 + x + (-2) \times 4 = 0 \Rightarrow x = +7$

ii) $\text{HNO}_3 = 1 + x + (-2) \times 3 = 0 \Rightarrow x = +5$

iii) $\text{HClO}_3 = 1 + x + (-2) \times 3 = 0 \Rightarrow x = +5$

iv) $\text{H}_2\text{SO}_4 = 1 \times 2 + x + (-2) \times 4 = 0 \Rightarrow x = +6$

v) $\text{HCl} = 1 + x = 0 \Rightarrow x = -1$

সঠিক উত্তর: ক.

১৩. 5ml 2N NaOH এবং 2ml 5N NaOH কে একত্রে মিশালে দ্রবণের ঘনমাত্রা হবে —।

ক. 3.5N খ. 2.86N গ. 3N ঘ. 3.7N ঙ. 2.5N

ব্যাখ্যা : $V_1 \times M_1 = V_2 \times M_2$

$$\Rightarrow (5 \times 2) + (2 \times 5) = (5 + 2) \times M_2 \Rightarrow M_2 = \frac{20}{7} = 2.86N$$

সঠিক উত্তর: খ.

১৪. 4.4g CO₂ এ কার্বন পরমাণুর সংখ্যা —।

ক. 2.24×10^{22} খ. 2.24×10^{23} গ. 6.023×10^{22}
ঘ. 6.023×10^{23} ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা : 44g CO₂ এ অণুর সংখ্যা = 6.023×10^{23} টি

$$4.4 \quad " \quad " \quad " = \frac{6.023 \times 10^{23} \times 4.4}{44} \text{ টি}$$

$$= 6.023 \times 10^{22} \text{ টি}$$

আবার, 1 অণু CO₂ এ কার্বন রয়েছে = 1 টি

$$6.023 \times 10^{22} \quad " \quad " \quad " = 1 \times 6.023 \times 10^{22} \quad "$$

$$= 6.023 \times 10^{22} \text{ টি}$$

সঠিক উত্তর: গ.

১৫. NaCl পানিতে দ্রবীভূত হলে পাওয়া যায় —।


ক. HClO + Na খ. NaOCl + H₂
গ. Na⁺(H₂O) + Cl⁻(H₂O) ঘ. H⁺ + OH⁻
ঙ. NaOH + HCl

ব্যাখ্যা : NaCl পানিতে দ্রবীভূত হলে এটি আয়নে বিশ্লেষিত হয়ে যাবে।

সঠিক উত্তর: গ.

১৬. H₂SO₄ + K₂Cr₂O₇ + KI এর বিক্রিয়ায় প্রধান উৎপাদটি হল —।

ক. I₂ খ. Cr₂(SO₄)₃ গ. K₂SO₄ ঘ. Cr₂O₃ ঙ. CrI₃



** এ বিক্রিয়ার প্রধান উৎপাদ হল I₂

সঠিক উত্তর: ক.

১৭. (CH₃)₄C যৌগটির IUPAC নাম —।

ক. 2, 2-dimethylpropane খ. n-pentane
গ. neo-pentane ঘ. Tetramethylcarbon
ঙ. iso-pentane

সঠিক উত্তর: ক.

১৮. নিচের কোনটি প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ?

ক. Na₂S₂O₃ খ. CH₂OH-CHOH-CH₂OH গ. NaOH
ঘ. KMnO₄ ঙ. HOOC-(CH₂)₂-COOH

ব্যাখ্যা : বিস্তারিত: F ইউনিট (২০১৪-১৫) এর (২৩) নং দেখ।

সঠিক উত্তর: ঙ.

১৯. K₂Cr₂O₇ যৌগে Cr এর জারণ সংখ্যা —।

ক. +12 খ. +14 গ. +3 ঘ. +4 ঙ. +6

$$\text{K}_2\text{Cr}_2\text{O}_7 \Rightarrow 1 \times 2 + x \times 2 + (-2) \times 7 = 0$$


$$\Rightarrow x = +6$$

সঠিক উত্তর: ঙ.

২০. ড্যানিয়েল বিদ্যুৎ কোষে দস্তা ও এসিডের রাসায়নিক বিক্রিয়ায় উৎপন্ন হয় —।

ক. ZnSO₄ খ. Zn(HSO₄)₂ গ. Zn₃(PO₄)₂
ঘ. Zn(HCO₃)₂ ঙ. ZnCO₃


সঠিক উত্তর: ক.



ক. ২ খ. ১ গ. ০.৫ ঘ. ০ ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা : একটি বিক্রিয়ার যে কোনো একটি বিক্রিয়ক এর ঘনমাত্রা পরিবর্তন করে প্রথম ক্রম বিক্রিয়া না হওয়া সত্ত্বেও ১ম ক্রম বিক্রিয়ার পরিণত করাকে ছয় প্রথম ক্রম বিক্রিয়া বলে।

যেমন:



সঠিক উত্তর: খ.

২২. আদর্শ দ্রবণ কোন সূত্রটি মেনে চলে?

ক. বয়েল এর সূত্র খ. ডাল্টন এর সূত্র গ. হেস এর সূত্র
ঘ. চার্লস এর সূত্র ঙ. রাউল্ট এর সূত্র

ব্যাখ্যা : আদর্শ তরল তরল দ্রবণ : যে তরল-তরল দ্রবণের প্রত্যেক উপাদান সকল তাপমাত্রায় ও মোল ভগ্নাংশ ঘনমাত্রায় রাউল্টের সূত্র মেনে চলে, তাকে আদর্শ তরল-তরল দ্রবণ বলা হয়।

যেমন: (১) n-হেক্সেন ও n-হেক্টেন এর মিশ্রণ

(২) ইথিলিন ক্লোরাইড ও ইথিলিন ব্রোমাইড এর মিশ্রণ।

সঠিক উত্তর: ঙ.

২৩. একটি তরল পদার্থকে উত্তপ্ত করলে সেটি তখনই ফুটতে আরম্ভ করে, যখন —।

ক. তরলের উপর বায়ুর বেগ বৃদ্ধি পায়
খ. তরলের উপর বায়ুর চাপ বৃদ্ধি পায়
গ. তরলের আয়তন বৃদ্ধি পায়
ঘ. তরলের উষ্ণতা বায়ুমন্ডলীয় উষ্ণতাকে অতিক্রম করে
ঙ. তরলের বাষ্পীয় চাপ বায়ুমন্ডলীয় চাপের সমান হয়

সঠিক উত্তর: ঙ.

২৪. শিখা পরীক্ষায় বেগুনী বর্ণের শিখা প্রদর্শন করে —।

ক. K খ. Mg গ. Ba ঘ. Na ঙ. Ca

ব্যাখ্যা : বিস্তারিত: G ইউনিট (২০১৪-১৫) এর (১৭) নং দেখ।

সঠিক উত্তর: ক.

পানকৌড়ি

CU: 2013 - 2014 (277)

২৫. নিচের কোনটি অবস্থান্তর ধাতু?

ক. Ba খ. Zn গ. Rn ঘ. Pb ঙ. Ti

 ব্যাখ্যা: যেসব d ব্লক মৌল অত্যন্ত এমন একটি আয়ন গঠন করে, যার ইলেকট্রন বিন্যাসে d-অরবিটাল আংশিকভাবে পূর্ণ (d^{1-9}) থাকে, তাদেরকে অবস্থান্তর মৌল বলা হয়।

সঠিক উত্তর: ঙ.

গণিত-২৫

 1. $g(y) = e^{-y} + x \cos y + \sin t$ এর y সাপেক্ষে অন্তরক সহগ হচ্ছে —।

 ক. $-x \sin y + \cos t$ খ. $-e^{-y} - x \sin y$

 গ. $-e^{-y} + \cos y - x \sin y$ ঘ. $\cos y$

 ঙ. $e^{-y} + \cos y - x \sin y + \cos t$

 ব্যাখ্যা: $g(y) = e^{-y} + x \cos y + \sin t$

$$\frac{d}{dy}(g) = -e^{-y} - x \sin y$$

সঠিক উত্তর: খ.

 2. $\frac{d}{dx}\{e^{2 \log x + 1}\} =$ কত?

 ক. $\frac{1}{x} e^{2 \log x + 1}$ খ. $x^2 e^{\frac{2}{x}}$ গ. $e e^{2 \log x}$

 ঘ. $2 \log x e^{2 \log x}$ ঙ. $2xe$

 ব্যাখ্যা: $\frac{d}{dx}\{e^{2 \log x + 1}\} = \frac{d}{dx} e^{2 \log x} \cdot e = \frac{d}{dx} e^{x^2} = 2xe$

সঠিক উত্তর: ঙ.

 3. $\lim_{x \rightarrow -1} \frac{\log(2+2x+x^2)}{(x+1)^2}$ এর মান কত?

 ক. 1 খ. 0 গ. 5 ঘ. $\frac{1}{2}$ ঙ. 2

 ব্যাখ্যা: $\lim_{x \rightarrow -1} \frac{\log(2+2x+x^2)}{(x+1)^2} = \lim_{x \rightarrow -1} \frac{\frac{1}{2+2x+x^2} \cdot 2(1+x)}{2(1+x)} = \lim_{x \rightarrow -1} \frac{1}{2+2x+x^2} = \frac{1}{2-2+1} = 1$

সঠিক উত্তর: ক.

 4. $f(x) = \sqrt{x^3 + 8}$ ফাংশনটির ডোমেইন ও রেঞ্জ যথাক্রমে —।

 ক. $(8, -\infty)$, $[0, \infty)$ খ. $[0, \infty]$, $(0, \infty]$

 গ. $(-\infty, \infty)$, $[1, \infty)$ ঘ. $(-2, \infty)$, $[0, \infty)$ ঙ. $[-2, \infty)$, $[0, \infty)$

 ব্যাখ্যা: $f(x) = \sqrt{x^3 + 8}$

 • ডোমেইন $= x^3 + 8 \geq 0 \Rightarrow x^3 \geq -8 \Rightarrow x \geq -2 \Rightarrow x = [-2, \infty)$

 • রেঞ্জ $= [0, \infty)$

সঠিক উত্তর: ঙ.

 5. $S = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & -1 \end{pmatrix}$, $\alpha = \begin{pmatrix} i & 0 \\ 0 & i \end{pmatrix}$ হলে $S\alpha^2$ হবে —।

 ক. $-S$ খ. $\alpha^3 S$ গ. $S^2 \alpha$ ঘ. S ঙ. α

 ব্যাখ্যা: $S\alpha^2 = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & -1 \end{pmatrix} \begin{pmatrix} i & 0 \\ 0 & i \end{pmatrix} \begin{pmatrix} i & 0 \\ 0 & i \end{pmatrix} = -\begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix} i \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix} i \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$

$$= -i^2 \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix} = \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix} = -S$$

সঠিক উত্তর: ক.

 6. $\underline{A} = a\hat{i} + 2\hat{j} + 3\hat{k}$ ও $\underline{B} = 2\hat{i} - 4\hat{j} + b\hat{k}$ ভেক্টর দুটি

সমান্তরাল হলে a ও b এর মান যথাক্রমে —।

ক. -3, -7 খ. 1, 1 গ. 3, 7

ঘ. 2, 6 ঙ. -1, -6

 ব্যাখ্যা: ভেক্টরদ্বয় পরস্পর সমান্তরাল বলে $\underline{A} \times \underline{B} = 0$

$$\frac{a}{2} = \frac{2}{-4} = \frac{3}{b}$$

 তাহলে, $\frac{a}{2} = \frac{2}{-4} \Rightarrow a = -1$

 আবার, $\frac{3}{b} = \frac{2}{-4} \Rightarrow b = -6$

সঠিক উত্তর: ঙ.

 7. $2 \tan^{-1} \frac{1}{5} + \tan^{-1} \frac{1}{4} =$ কত?

 ক. $\tan^{-1} \frac{12}{13}$ খ. 60° গ. $\tan^{-1} \frac{72}{45}$

 ঘ. 45° ঙ. $\tan^{-1} \frac{32}{43}$

 ব্যাখ্যা: $2 \tan^{-1} \frac{1}{5} + \tan^{-1} \frac{1}{4} = \tan^{-1} \frac{2 \cdot \frac{1}{5}}{1 - \frac{1}{25}} + \tan^{-1} \frac{1}{4} = \tan^{-1} \frac{\frac{2}{5}}{\frac{24}{25}} + \tan^{-1} \frac{1}{4} = \tan^{-1} \frac{5}{12} + \tan^{-1} \frac{1}{4} = \tan^{-1} \frac{\frac{5}{12} + \frac{1}{4}}{1 - \frac{5}{12} \cdot \frac{1}{4}} = \tan^{-1} \frac{\frac{5+3}{12}}{\frac{12-5}{48}} = \tan^{-1} \frac{8}{7} = \tan^{-1} \frac{32}{43}$

সঠিক উত্তর: ঙ.

 8. $\int (\sec^2 \theta - \tan^2 \theta) d\theta =$ কত?

 ক. $\tan^{-1} \theta + \cos \theta + c$ খ. $\cot \theta - \sqrt{\tan \theta} + c$

 গ. θ ঘ. $\theta + c$

 ঙ. $\tan \theta - 2 \log \sec \theta + c$

 ব্যাখ্যা: $\int (\sec^2 \theta - \tan^2 \theta) d\theta = \int 1 d\theta = \theta + C$

সঠিক উত্তর: ঘ.

 9. $D = \begin{vmatrix} 15 & 16 & 17 \\ 18 & 19 & 20 \\ 21 & 22 & 23 \end{vmatrix}$ এর মান নির্ণয় কর।

ক. 342 খ. 127 গ. 185

ঘ. 526 ঙ. 0

ব্যাখ্যা: নির্ণায়কের মান নিম্নোক্ত কারণে শূন্য হয়—

(i) দুটি সারি বা দুটি কলাম সমান হলে।

(ii) একটি সারি বা একটি কলামের সকল উপাদান শূন্য হলে।

(iii) সারি বা কলামসমূহ সমান্তর বা গুনোত্তর শ্রেণীভুক্ত হলে।

 \therefore নির্ণায়কটি সমান্তর শ্রেণীভুক্ত বলে উত্তর 0।

সঠিক উত্তর: ঙ.

পানহোডি

CU: 2013 - 2014 (278)

10. $5x^2 + 6y^2 + 12y = 0$ সমীকরণটি নির্দেশ করে —।

- ক. অধিবৃত্ত খ. বৃত্ত গ. পরাবৃত্ত
ঘ. একজোড়া সরল রেখা ঙ. উপবৃত্ত

ব্যাখ্যা: জ্যামিতিক পরিচয় :

- বৃত্ত: x^2 ও y^2 সমন্বিত দ্বিঘাত সমীকরণ যেখানে xy সমন্বিত কোন পদ নেই এবং এর সহগ পরস্পর সমান ও একই চিহ্নযুক্ত।
 - পরাবৃত্ত: শুধুমাত্র x^2 বা y^2 সমন্বিত দ্বিঘাত সমীকরণ
 - উপবৃত্ত: x^2 ও y^2 সমন্বিত সমীকরণ, এদের সহগ অসমান ও একই চিহ্নযুক্ত।
 - অধিবৃত্ত: x^2 ও y^2 সমন্বিত সমীকরণ, এদের সহগ অসমান ও বিপরীত চিহ্নযুক্ত।
- ∴ $5x^2 + 6y^2 + 12y = 0$ সমীকরণটি উপবৃত্ত।

সঠিক উত্তর: ঙ.

11. $\int \frac{1}{\sqrt[3]{1-6x}} dx =$ কত?

- ক. $\frac{1}{6}(1-6x)^{3/2} + c$ খ. $\frac{1}{2}(1-6x)^{3/2} + c$
গ. $\frac{1}{4}(1-6x)^{3/2} + c$ ঘ. $-\frac{1}{4}(1-6x)^{2/3} + c$
ঙ. $\frac{1}{4}(1-6x)^{2/3} + c$

ব্যাখ্যা: $\int \frac{1}{\sqrt[3]{1-6x}} dx = \frac{(1-6x)^{-\frac{1}{3}+1}}{-\frac{1}{3}+1} \times \frac{1}{-6}$
 $= \frac{(1-6x)^{\frac{2}{3}}}{\frac{2}{3}} \times \frac{1}{-6} = -\frac{1}{4}(1-6x)^{\frac{2}{3}}$

সঠিক উত্তর: ঘ.

12. $x^3 + 7x^2 + cx + c = 0$ সমীকরণের একটি মূল 0 হলে c এর মান কত?

- ক. 3 খ. 4 গ. -1 ঘ. 0 ঙ. 2

ব্যাখ্যা: $x^3 + 7x^2 + cx + c = 0$ সমীকরণের একটি মূল 0 হলে, $0 + 0 + 0 + C = 0 \Rightarrow C = 0$

সঠিক উত্তর: ঘ.

13. ত্রিভুজের তিনটি শীর্ষ বিন্দুর স্থানাংক (3, 5), (-3, 3) এবং (-1, -1) হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

- ক. 20 খ. 18 গ. 16 ঘ. 14 ঙ. 12

ব্যাখ্যা: ক্ষেত্রফল $= \frac{1}{2} \begin{vmatrix} 3 & -3 & -1 & 3 \\ 5 & 3 & -1 & 5 \end{vmatrix}$
 $= \frac{1}{2} |(9+3-5) - (-15-3-3)| = 14$ বর্গ একক

সঠিক উত্তর: ঘ.

14. x -অক্ষ ও $(-5, -7)$ থেকে $(4, k)$ বিন্দুটির দূরত্ব সমান হলে k এর মান কত?

- ক. $\frac{50}{7}$ খ. $-\frac{65}{7}$ গ. $\frac{65}{7}$
ঘ. $-\frac{65}{70}$ ঙ. $\frac{7}{65}$

ব্যাখ্যা: x অক্ষ হতে $(4, k)$ এর দূরত্ব $= k$

$(-5, -7)$ বিন্দু হতে $(4, k)$ এর দূরত্ব $= \sqrt{(-5-4)^2 + (-7-k)^2}$
 $= \sqrt{81+49+14k+k^2} = \sqrt{k^2+14k+130}$

∴ $k = \sqrt{k^2+14k+130} \Rightarrow -14k = 130$

∴ $k = -\frac{65}{7}$

সঠিক উত্তর: খ.

15. একটি বাস্তব 5 টি সাদা এবং 8 টি লাল গোলক আছে। দৈবভাবে একটি গোলক উঠানো হলে গোলকটি সাদা হবার সম্ভাবনা কত?

- ক. $\frac{n}{5}$ খ. $\frac{5}{13}$ গ. $\frac{5}{18}$ ঘ. $\frac{6}{5}$ ঙ. $\frac{5}{12}$

ব্যাখ্যা: সাদা গোলক = 5 টি

লাল গোলক = 4 টি

তাহলে, মোট গোলক = $5 + 8 = 13$ টি

∴ গোলকটি সাদা হওয়ার সম্ভাবনা $= \frac{5}{13}$

সঠিক উত্তর: খ.

16. কোন লোক 12 মিনিটে 4800 ফুট পথ গেলে তার বেগ মাইল/ঘন্টা এককে কত?

- ক. $4\frac{5}{6}$ খ. $4\frac{5}{11}$ গ. $3\frac{6}{11}$ ঘ. $3\frac{5}{11}$ ঙ. $4\frac{6}{11}$

ব্যাখ্যা: ফুটকে মাইলে নিলে $4800 \text{ ft} = \frac{4800}{5280} \text{ mile}$

∴ বেগ, $V = \frac{S}{t} = \frac{4800/5280}{12/60} = 4\frac{6}{11} \text{ mile/hr.}$

সঠিক উত্তর: ঙ.

17. $\left(3x - \frac{2}{x^2}\right)^{15}$ এর বিস্তৃতিতে x বর্জিত পদ কন্টি?

- ক. 9 তম খ. 8 তম গ. 15 তম
ঘ. 6 তম ঙ. 7 তম

ব্যাখ্যা: $\left(3x - \frac{2}{x^2}\right)^{15}$ বিস্তৃতিতে, $r = \frac{1 \times 15}{1 - (-2)} = 5$

x বর্জিত পদটি $= (5 + 1) = 6$ তম

সঠিক উত্তর: ঘ.

18. A সেটটি সার্বিক সেট U এর উপসেট A', A এর পূরক সেট এবং ϕ ফাঁকা সেট হলে $U \cap A$ এর মান কত?

- ক. ϕ খ. U গ. A' ঘ. A ঙ. {0}

সঠিক উত্তর: ঘ.

19. 2, $\sqrt{5}$, 3 মানের তিনটি বল কোন একটি বিন্দুতে ক্রিয়াকর। তারা পরস্পর ভারসাম্য সৃষ্টি করলে প্রথমোক্ত বলদ্বয়ের মধ্যবর্তী কোণের মান কত?

- ক. 90° খ. 45° গ. 120° ঘ. 30° ঙ. 60°

ব্যাখ্যা: ব্যাখ্যা: একই বিন্দুতে তিনটি বল সাম্যাবস্থায় ক্রিয়া করলে প্রথম ২টি বল P ও Q এবং তৃতীয়টি R

∴ $P = 2, Q = \sqrt{5}, R = 3$

তাহলে, $3^2 = 2^2 + (\sqrt{5})^2 + 2 \cdot 2 \cdot \sqrt{5} \cos \alpha$

$\Rightarrow 9 = 4 + 5 + 4\sqrt{5} \cos \alpha \Rightarrow \cos \alpha = 0 \Rightarrow \cos \alpha = \cos 90^\circ$

• $\alpha = 90^\circ$

সঠিক উত্তর: ক.

সানসেডি

CU: 2013 - 2014 (279)

 20. $y^2 = 10x$ অধিবৃত্তে নাভিলম্বের দৈর্ঘ্য কত?

ক. 8 খ. 10 গ. 0 ঘ. 5 ঙ. 12

 ব্যাখ্যা : $y^2 = 10x$ অধিবৃত্তে নাভিলম্বের দৈর্ঘ্য = 10

সঠিক উত্তর: খ.

21. (3, 0) এবং (-4, 1) বিন্দুদ্বয় দিয়া অতিক্রমকারী বৃত্তের কেন্দ্র y অক্ষের উপর অবস্থিত হলে বৃত্তটির সমীকরণ —।

 ক. $x^2 + y^2 - 8y - 9 = 0$ খ. $x^2 + y^2 - 6y - 2 = 0$

 গ. $x^2 + y^2 - 5y + 9 = 0$ ঘ. $x^2 + y^2 - 8y - 1 = 0$

 ঙ. $x^2 + y^2 - 5y - 7 = 0$

ব্যাখ্যা : যে অপশনটি (3, 0) এবং (-4, 1) বিন্দু দ্বারা সিদ্ধ হয় সেটিই নির্ণয় উত্তর।

 (ক) অপশনটি (3, 0) দ্বারা $3^2 + 0^2 - 8 \times 0 - 9 = 0 \Rightarrow 0 = 0$

সঠিক উত্তর: ক.

 22. $\int \frac{(\cos x - x \sin x + 3x^2)}{x \cos x + x^3} dx =$ কত?

 ক. $\log \left(\frac{\sin x + x \cos x}{x^2 + x \sin x} \right) + c$ খ. $\log \left(\frac{\sin x + x \cos x}{x^2 + x \sin x} \right)$

 গ. $\frac{\sin x + x \cos x}{x \sin x + 3x} + c$ ঘ. $\log(x^3 + x \cos x) + c$

ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা : টেকনিক : সমাকলনে যদি হরকে অন্তরীকরণ করলে লব পাওয়া

 যায় $\int \frac{f'(x)}{f(x)} dx = \ln(f(x)) + c$
 $\therefore \int \frac{(\cos x - x \sin x + 3x^2)}{x \cos x + x^3} dx = \ln(x \cos x + x^3) + c$

সঠিক উত্তর: ঘ.

 23. নিচের কোনটি (4, -3) বিন্দু দিয়া যায় এবং $2x + 11y - 2 = 0$ রেখাটির সমান্তরাল?

 ক. $2x + 11y + 25 = 0$ খ. $2x + 5y + 25 = 0$

 গ. $2x + y + 25 = 0$ ঘ. $2x + 11y - 25 = 0$

 ঙ. $2x + 5y + 15 = 0$

 ব্যাখ্যা : $2x + 11y - 2 = 0$ এর সমান্তরাল রেখার সমীকরণ $2x + 11y + c = 0$ হবে। সুতরাং অপশন (খ) ও (ঘ) হতে (4, -3) দিয়ে যে অপশনটি সিদ্ধ হবে সেটিই উত্তর।

সঠিক উত্তর: ক.

 24. $\cos 15^\circ$ এর মান কত?

 ক. $\frac{\sqrt{3}-1}{2}$ খ. $\frac{\sqrt{3}+1}{2}$ গ. $\frac{\sqrt{3}+1}{2\sqrt{2}}$ ঘ. $\frac{\sqrt{3}}{2\sqrt{2}}$ ঙ. $\frac{\sqrt{3}-1}{2\sqrt{2}}$

ব্যাখ্যা : বিস্তারিত: F ইউনিট (২০১৬-১৭) এর (২৪) নং দেখ।

সঠিক উত্তর: গ.

 25. $a + ar + ar^2 + \dots + ar^{n-1} =$ কত?

 ক. $\frac{a(1-r^n)}{1-r}$ খ. $\frac{a(1-r^n)}{1-r^3}$ গ. $\frac{a^2(1-r^n)}{1-r^2}$

 ঘ. $\frac{a^2(1-r^n)}{1-r}$ ঙ. $\frac{a^2(1-r^n)}{1-r^4}$

ব্যাখ্যা : সমান্তর ধারা:

 $a + (a+d) + (a+2d) + \dots + n \text{ পদ} = \frac{n}{2} \{2a + (n-1)d\}$

সমানুপাতিক বা গুণোত্তর ধারা:

 $a + ar + ar^2 + \dots + ar^{n-1} \text{ পদ} = a \frac{1-r^n}{1-r} (r \neq 1)$

 অথবা, $a \frac{r^n - 1}{r - 1} (r > 1)$

সঠিক উত্তর: ক.

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (F Unit)

শিক্ষাবর্ষ: ২০১৩-১৪

বাংলা-১০

১. 'দেশে বিদেশে' ভ্রমণ কাহিনী কার লেখা?

ক. সুনীল গঙ্গোপাধ্যায়

খ. সৈয়দ মুজতবা আলী

গ. হুমায়ুন আহমেদ

ঘ. সৈয়দ শামসুল হক

ঙ. সৈয়দ ওয়ালীউল্লাহ

ব্যাখ্যা : বিভিন্ন ভ্রমণ কাহিনী -

মুহম্মদ আব্দুল হাই - বিলেতে সাড়ে সাতশ দিন।

জসীম উদ্দীন - চলে মুসফির

অনুদাশঙ্কর রায় - পথে ও প্রবাসে

সৈয়দ মুজতবা আলী - দেশে বিদেশে

রবীন্দ্রনাথ ঠাকুর - যুরোপ প্রবাসীর পত্র, রাশিয়ার চিঠি।

সঠিক উত্তর: খ.

২. এ বছর রবীন্দ্রনাথের নোবেল পুরস্কার প্রাপ্তির কত বছর পূর্ণ হল?

ক. ৭৫

খ. ৯০

গ. ১২৫

ঘ. ১০০

ঙ. ১৫০

ব্যাখ্যা : ১৯১৩ সালে রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পান।

• গীতাঞ্জলি এর ইংরেজ অনুবাদ - Song offerings

• গীতাঞ্জলি এর ইংরেজ অনুবাদ - W. B. Yeats.

• ২০১৩ সালে নোবেল পুরস্কার পাওয়ার ১০০ বছর পূর্ণ হয়।

সঠিক উত্তর: ঘ.

৩. তোমার যিনি বাপ, তার নাম কি? - এটি কোন ধরনের যৌগিক বাক্য?

ক. সরল বাক্য

খ. জটিল বাক্য

গ. যৌগিক বাক্য

ঘ. প্রশ্নবোধক বাক্য

ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা : • জটিল বা মিশ্র বাক্য চিনার সহজ উপায়: বাক্যে সব সময় সাপেক্ষ সর্বনাম ও নিত্যসম্বন্ধীয় অব্যয় যোগ করা হয়। যেমন:

সাপেক্ষ সর্বনাম: যে সে, যা তা, যিনি তিনি, যদি ... তবে, যারা তারা ইত্যাদি।

নিত্যসম্বন্ধীয় অব্যয়: যখন তখন, যেমন... তেমন ইত্যাদি।

• যৌগিক বাক্য চিনার সহজ উপায়: দুই বা ততোধিক খন্ডবাক্য সংযোজক, সংকোচক, বিরোজক ইত্যাদি প্রকারের অব্যয় দ্বারা যুক্ত থাকে, যেমন: কিন্তু, বরং, বা, অথবা, যদিও, এবং, নতুবা, নচৈঃ, তথাপি, সুতরাং ইত্যাদি।

• আর উপরের বৈশিষ্ট্যগুলোর কোনটিই না থাকলে একটি কর্তা ও একটি সমাপিকা জিন্মা থাকলে তা সরল বাক্য। যেমন: পাখিরা আকাশে উড়ে, শিঙাটি হাসছে।

সঠিক উত্তর: খ.

৪. সাধু ভাষা ও চলিত ভাষার প্রধান পার্থক্য -

ক. শব্দে ও বাক্যে

খ. ক্রিয়াপদে ও সর্বনামে

গ. কারক ও বিভক্তিতে ঘ. উচ্চারণে

ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা : সাধু ও চলিত ভাষার কয়েকটি পার্থক্য-

• সাধুরীতি ক্রিয়াপদ ও সর্বনাম পদের নিয়ম নীতি মেনে চলে, কিন্তু চলিত ভাষা ক্রিয়াপদ ও সর্বনাম পদের নিয়ম নীতি মেনে চলে না।

• সাধুরীতি গুরুগম্ভীর ও ভৎসম শব্দ বহুল। কিন্তু চলিত রীতি সহজ, সংক্ষিপ্ত ও তদ্বৎ শব্দ বহুল।

• সাধুরীতি অপরিবর্তনশীল, পদ বিন্যাস সু নিয়ন্ত্রিত কিন্তু চলিত রীতি পরিবর্তনশীল।

• সাধুরীতি নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী, কিন্তু চলিতরীতি ও ক্ষেত্রে উপযোগী।

সঠিক উত্তর: খ.

৫. বেগম রোকেয়ার জন্মস্থান কোথায়?

- ক. ঢাকা খ. কোলকাতা গ. রংপুর
ঘ. বরিশাল ঙ. চট্টগ্রাম

ব্যাখ্যা: বেগম রোকেয়া ১৮৮০ সালের ৯ ডিসেম্বর রংপুর জেলায় জন্ম গ্রহণ করেন এবং ১৯৩২ সালের ৯ ডিসেম্বর মৃত্যুবরণ করেন।

- বিখ্যাত গ্রন্থ: অবরোধ বাসিনী, পদ্মরাগ, মতিচূর।
 - "Sultana's Dream" নামে একটি ইংরেজী গ্রন্থ রচনা করেন পরে "সুলতানার স্বপ্ন" নামে তার বাংলা অনুবাদ করেন।
- সঠিক উত্তর: গ.

৬. 'ভারতে ভিক্ষু ও ধনবান - এই দুই দল লোক অলস;' উদ্ধৃতিটি কোথা থেকে উৎকলিত?

- ক. সাহিত্যে খেলা খ. যৌবনের গান গ. অর্ধাসী
ঘ. বিলাসী ঙ. অপরাহ্নের গল্প

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

সঠিক উত্তর: গ.

৭. 'জীবন বন্দনা' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?

- ক. সন্ধ্যা খ. অগ্নিবিধা গ. বিবের বাঁশী
ঘ. প্রলয় শিখা ঙ. চক্রবাক

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

সঠিক উত্তর: ক.

৮. কোনটি অব্যয়ীভাব সমাস?

- ক. নবরত্ন খ. ভবনদী গ. হস্তীমূর্খ
ঘ. সস্ত্রীক ঙ. অনুক্ষণ

ব্যাখ্যা: অব্যয়ীভাব সমাস - পূর্ব পদে থাকা অব্যয়ের প্রাধান্য পায়।
উদাহরণ:

- কঠোর সমীপে = উপকণ্ঠ; এরূপ - উপকূল।
- দিন দিন = প্রতিদিন, ক্রমে ক্রমে - অনুক্ষণ।
- জলের অভাব = নির্জল; এরূপ - নিরামিষ, নিরুৎসাহ।
- শহরের সদৃশ = উপশহর; এরূপ - উপগ্রহ, উপবন।
- সাধ্যকে অতিক্রম না করে = যথাসাধ্য; এরূপ - যথারীতি, যথাবিধি।
- বিরুদ্ধে কূল = প্রতিকূল; এরূপ - প্রতিবাদ।
- ইষৎ রক্তিম = আরক্তিম।

সঠিক উত্তর: ঙ.

৯. কোন বানানটি শুদ্ধ?

- ক. অনুবাদিত খ. অনুদিত গ. অনুদিত
ঘ. অণুদিত ঙ. অণুদিত

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ বানান-

রুদ্ধদায়	নিকুন্ডলা	অগ্নিবিধা	প্রাণবিদ্যা	মস্ত্রিপরিসদ
অন্তরাণ	নারোগ	শারীরিক	প্রতিদ্বন্দ্বিতা	অনুদিত

সঠিক উত্তর: গ.

১০. 'ঘুঘু চরানো' শব্দের অন্তর্নিহিত অর্থ কি?

- ক. অধিকতর বিপদ খ. অলীক বস্ত্র গ. মূলোচ্ছেদ করা
ঘ. সর্বনাশ করা ঙ. কু পরামর্শ দেওয়া

ব্যাখ্যা: ঘুঘু চরানো - সর্বনাশ করা; চক্ষুদান করা - চুরি করা,
ঘোড়ার ডিম - অবাস্তব; চিনির বলদ - ভারবাহী,
ঘোড়া রোগ সাধের অতিরিক্ত ব্যয়; ছা-পোষা - অত্যন্ত গরীব।
সঠিক উত্তর: ঘ.

!!! বের হয়েছে !!!

পানকোড়ি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর শতভাগ
ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক

- ♦ বিজ্ঞান - A Unit
- ♦ মানবিক - B Unit
- ♦ বিবিএ - E Unit
- ♦ বিজ্ঞান - D Unit
- ♦ মানবিক - C Unit
- ♦ আইবিএ

English-15

Choose the correct answer (A, B, C, D or E) that best fills in the blank in the following:

1. One of the major load shedding.

- A. problems are B. problem is C. problems be
D. problems is E. problem

ব্যাখ্যা: One of এর পরে Superlative থাকে তাহলে উহার পরের Noun টি Plural হয়।

Example: He is one of the tallest men I've ever seen.
অনুরূপভাবে, One of the major problems is load-shedding.

Ans: D.

2. The adjective of the word "heart" is

- A. heartful B. heartening C. hearten
D. heartfully E. heartfulness

Ans: B.

3. You had better harder, or you will fail the test.

- A. studied B. to study C. study
D. be studying E. not studied

ব্যাখ্যা:

Sub + { had better
should
ought to
be supposed to } + [verb in simple verb]

∴ You had better study harder or you fail in the test.

Ans: C.

4. I don't know so early in the morning.

- A. where could he go
B. where could he have gone
C. where would he have gone
D. where did he go
E. where he could have gone

Ans: E.

5. The marriage ceremony, the guests were going to the feast.

- A. was over B. as over C. has been over
D. being over E. after over

Ans: D.

6. She wanted to serve some coffee to her guests, however

- A. She had not many sugar
B. She did not have much sugar
C. She was lacking in amount of sugar
D. She lacked in sugar
E. there was not great amount of sugar

ব্যাখ্যা:

Countable noun	Uncountable noun
Many	Much
A large/great number of	A large amount of
few	Little

∴ যেহেতু Sugar Uncountable noun তাই, She did not have much sugar ই যথার্থ।

Ans: B.

7. I opened the door as soon as I the bell.
A. had heard B. have heard C. was hearing
D. heard E. could hear

Ans: D.

8. The doctor insisted that his patient
A. that he not work for three months
B. take it easy for three months
C. taking it easy for three months
D. to take some vacations for three months
E. did easy works for three months.

ব্যাখ্যা : 'Insist' Subjunctive Word তাই that এর পরে verb এর simple form হবে।

Subjunctive word - Advise, demand, require, ask, insist, stipulate, command, recommend, suggest, order, request, urge.

Ans: B.

9. Schizophrenia, a behavioral disorder typified by a fundamental break with reality, by genetic predisposition, stress, drugs, or infections.
A. may be triggered B. triggers
C. may trigger D. be triggered
E. triggered

Ans: A.

10. They asked us, Halim and, whether we thought that the statistics had been presented fairly and accurately.

A. I B. me C. my D. mine E. we

ব্যাখ্যা : Fill in the gaps এ me হবে কেননা Halim and me sentence এ object হিসেবে ব্যবহৃত হয়েছে।

Example: Halim and I went to the movies

এখানে subjective form 'I' হবে কেননা Halim এবং I উভয়ই subject.

আবার, Karim went to movies with Halim and me.

এখানে Objective form 'me' হবে কেননা Halim এবং me উভয়ই sentence এর Object.

Ans: B.

11. Do you enjoy football matches on TV?
A. for watching B. to watch C. having watched
D. watching E. watch

ব্যাখ্যা : দুটি verb পর পর বসলে শেষেরটি ing যুক্ত হয়। তবে উদ্দেশ্য বোঝালে to + verb বসে।

Ans: D.

12. If I knew the answer, tell you.
A. I can B. I may C. I'd
D. I'll E. I must

ব্যাখ্যা : এটি 2nd conditional এর উদাহরণ তাই Fill in the gap এ I would বসবে।

বিস্তারিত: G (২০১৫-২০১৬) এর (০১) নং দেখ।

Ans: C.

13. Which one is correct?
A. He will give the examination.
B. Can you repeat the sentence again?
C. He is devoted to drinking.
D. She is my cousin sister.
E. Look up the word in the dictionary

ব্যাখ্যা : Look up- খুঁজে বের করা

Ans: E.

14. Change the word "brevity" into adjective
A. brave B. bravely C. brief
D. bravely E. briefly

ব্যাখ্যা : • Brevity- noun

• Brief- Adjective

Ans: C.

15. Please translate: তার বুদ্ধি বড় মোটা।
A. He is blockheaded
B. He is a blockhead
C. His intelligence is thick
D. His intelligence is very bad
E. He is coarse headed

ব্যাখ্যা : Blockhead - নির্বোধ ব্যক্তি।

Ans: B.

উদ্ভিদ বিজ্ঞান- ২৫

১. টিস্যু কালচারের জনক কে?
ক. Mendel খ. Bateson গ. Morgan
ঘ. Strasburger ঙ. Haberlandt

ব্যাখ্যা :

বিষয়	জনক
উদ্ভিদবিজ্ঞানের জনক	থিওফ্রাসটাস
প্রাণীবিজ্ঞানের জনক	অ্যারিস্টটল
অণুজীব বিজ্ঞানের জনক	অ্যান্টনিভন লেভেন হুক
শরীর বিদ্যার জনক	উইলিয়াম হার্ভে
শ্রেণীবিন্যাস বিদ্যার জনক	কারোলাস লিনিয়াস
দ্বিপদ নামকরণের জনক	কারোলাস লিনিয়াস
রক্তচাপ পরিমাপের জনক	সিফেন হেলিস
বিস্তারিতবাদের জনক	চার্লস রবার্ট ডারউইন
বংশগতিবিদ্যা	গ্রেগর জোহান মেন্ডেল
সুপ্রজনন বিদ্যা	গ্রেগর জোহান মেন্ডেল
আধুনিক জীববিদ্যা	কার্ল আর্নস্ট বেরার
চিকিৎসা বিজ্ঞান	হিপোক্রেটিস
টিস্যু কালচার	Gottlieb Haberlandt
ফটোপরিয়াডিজম	গার্নার এবং অ্যালার্ড
প্রাণীর শ্রেণীবিন্যাস	অ্যারিস্টটল
জীববিশিষ্টতা	জর্জেস ক্যুভিয়ে
ব্যাাকটেরিওলাজের জনক	লিউয়েন হুক

সঠিক উত্তর: ঙ.

২. কোষ মতবাদ প্রবর্তন করেন-

ক. রবার্ট হুক খ. রবার্ট ব্রাউন গ. বিডল ও টটাম
ঘ. রেইডেন ও শোয়ান ঙ. থিওফ্রাস্টাস

ব্যাখ্যা: কোষতত্ত্ব (Cell Theory): কোষ সম্পর্কে বিভিন্ন তথ্য জানার পর ১৮৩৮-১৮৩৯ সালে জার্মান উদ্ভিদবিজ্ঞানী ম্যাথিয়াস স্লেইডেন (Mathias Jacob Schleiden) ও প্রাণীবিজ্ঞানী থিওডোর সোয়ান (Theodor Schwann) এবং পরে ১৮৫৫ সালে জার্মান চিকিৎসক ও জীববিজ্ঞানী রুডল্ফ ভিরচো (Rudolf Virchow) 'কোষতত্ত্ব' প্রদান করেন, যাতে বলা হয়-

- কোষ হলো জীবন্ত সত্ত্বার গাঠনিক, শারীরবৃত্তীয় ও সাংগঠনিক একক।
- কোষ হলো জীবনের মৌলিক একক।
- কোষ বংশগতির একক।
- সর্বপ্রকার জীবই এক বা একাধিক কোষ দ্বারা গঠিত এবং পূর্বসূরী কোষ থেকেই নতুন কোষের সৃষ্টি হয়।

সঠিক উত্তর: ঘ.

পানকৌড়ি

CU: 2013 - 2014 (282)

৩. পুষ্পক উদ্ভিদের বীজের শীস হলো-

- ক. হ্যাপ্রয়েড খ. ট্রিপ্লয়েড গ. ডিপ্লয়েড
ঘ. টেট্রাপ্লয়েড ঙ. কোনটিই নয়

ব্যাখ্যা :

নগ্নবীজ/অপুষ্পক/Gymnosperm	আবৃতবীজ/পুষ্পক/Angiosperm
গর্ভাশয় ও গর্ভদন্ড নেই	গর্ভাশয় ও গর্ভদন্ড আছে
গর্ভাশয় না থাকায় ফল হয় না	ফল হয়
বীজ নগ্ন অবস্থায় থাকে	বীজ আবৃত থাকে
দ্বি নিষেক হয়না	দ্বিনিষেক হয়
এন্ডোস্পার্ম হ্যাপ্রয়েড	এন্ডোস্পার্ম ট্রিপ্লয়েড
জাইলেমে সুগঠিত ভেসেল এবং ফ্লোয়েমে সঙ্গীকোষ নেই	জাইলেমে ভেসেল এবং ফ্লোয়েম সঙ্গীকোষ থাকে

সঠিক উত্তর: খ.

৪. কোনটি ঔষধি উদ্ভিদ?

- ক. বাসক খ. কালমেঘ গ. শতমূলী
ঘ. তুলসী ঙ. সবগুলো

ব্যাখ্যা : কতিপয় ঔষধি উদ্ভিদ :

বাসক (<i>Adhatoda vasica</i>)	ধুতুরা (<i>Datura metel</i>)
কালমেঘ (<i>Andrographis paniculata</i>)	কুরচী (<i>Holarrhena antidysenterica</i>)
ব্রাকী (<i>Bacopa moniera</i>)	ধানকুনি (<i>Centella asiatica</i>)
পুনর্নভা (<i>Boerhaavia repens</i>)	তুলসি (<i>Ocimum Sanctum</i>)
